# ঘটনাপঞ্জি
## ২০২২



প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

ঘটনাপঞ্জি ২০২২ • প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

978-984-35-4258-8
978-984-35-4258-8

# ঘটনাপঞ্জি ২০২২
## বাংলাদেশের সংবাদপত্রে প্রকাশিত জনগুরুত্বপূর্ণ সংবাদ

প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)
গবেষণা ও তথ্য সংরক্ষণ বিভাগ
৩ সার্কিট হাউস রোড, ঢাকা–১০০০

ঘটনাপঞ্জি ২০২২
বাংলাদেশের সংবাদপত্রে প্রকাশিত জনগুরুত্বপূর্ণ সংবাদ

প্রকাশক : জাফর ওয়াজেদ
মহাপরিচালক
প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

প্রথম প্রকাশ : মে ২০২৩

প্রচ্ছদ : সোহেল আশরাফ খান

বানান সমন্বয় : মো. তফাজ্জল হোসেন

কম্পিউটার বিন্যাস : ছৈয়দ মোহাম্মদ আবু সোহেল

মুদ্রণ : মিতু প্রিন্টিং প্রেস এন্ড প্যাকেজিং
১০/১ নয়া পল্টন, ঢাকা-১০০০

মূল্য : ৪২৫.০০ টাকা

গ্রন্থস্বত্ব : পিআইবি কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত

***Chronology 2022: Significant News Published in the Newspapers of Bangladesh***
Published by Press Institute Bangladesh (PIB), 3 Circuit House Road, Dhaka-1000.
Price : 425.00 Taka ■ $ 04 Only
ISBN : 978-984-35-4258-8
Phone: 9333403, 9330081-84, Fax: 880-02-48317458
E-mail: research@pib.gov.bd, Website: পিআইবি.বাংলা, http://www.pib.gov.bd
বইটি অনলাইনে পেতে হলে: www.rokomari.com

# ঘটনাপঞ্জি ২০২২

## বাংলাদেশের সংবাদপত্রে প্রকাশিত জনগুরুত্বপূর্ণ সংবাদ


**প্রধান সম্পাদক**

জাফর ওয়াজেদ
মহাপরিচালক
প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

**সম্পাদক**

ড. কামরুল হক
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
গবেষণা ও তথ্য সংরক্ষণ বিভাগ
প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

**গ্রন্থনা**

কামরুন নাহার, গবেষক, পিআইবি
কাজী ফাহমিদা আক্তার সুমী, গবেষক, পিআইবি

# মু|খ|ব|ন্ধ

সংবাদপত্র চলমান ঘটনার দর্পন। প্রতিদিনের সংবাদপত্রের পাতায় প্রতিবিম্বিত হয় দেশ, সমাজ ও  আন্তর্জাতিক বিশ্ব। কিন্তু রাত পেরিয়ে নতুন দিন আসার সাথে সাথে আগের দিনের সংবাদপত্র পুরোনো হয়ে যায়। তবে পেছনে ফেলে আসা সময়ের ঘটনাবলি কাগজের পৃষ্ঠায় ধরে রাখে সংবাদপত্র। পুরোনো ঘটনাবলি অনেক সময় অত্যন্ত প্রয়োজনীয় হয়ে দাঁড়ায়। কিন্তু পুরোনো সংবাদপত্র থেকে কোনো তথ্য খুঁজে বের করা খুব সহজ কাজ নয়। আর সন বা তারিখ জানা না থাকলে তা বেশ দুঃসাধ্য কাজ। এই কাজটিকে সহজ করে দেয়ার জন্য প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) সংবাদপত্রে প্রকাশিত জনগুরুত্বপূর্ণ সংবাদ নিয়ে বছরভিত্তিক ঘটনাপঞ্জি গ্রন্থনা করে বই আকারে প্রকাশ করে আসছে।

আগের ঘটনাপঞ্জির ধারাবাহিকতায় প্রকাশিত হলো 'ঘটনাপঞ্জি ২০২২ : বাংলাদেশের সংবাদপত্রে প্রকাশিত জনগুরুত্বপূর্ণ সংবাদ'। ২০২২ সালের সব গুরুত্বপূর্ণ ঘটনাই এই গ্রন্থে সন্নিবেশিত হয়েছে এমন দাবি আমরা করবো না। তবে আমরা উল্লিখিত সালের গুরুত্বপূর্ণ ঘটনাগুলো লিপিবদ্ধ করার আন্তরিক প্রচেষ্টা চালিয়েছি। ঘটনাপঞ্জি ২০২২ গ্রন্থনা করেছেন গবেষক কামরুন নাহার ও কাজী ফাহমিদা আক্তার সুমী। সম্পাদনা করেছেন গবেষণা ও তথ্য সংরক্ষণ বিভাগের পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) ড. কামরুল হক। তাদের সবাইকে আমি ধন্যবাদ জানাচ্ছি।

আগ্রহী পাঠক, গবেষক, সংবাদকর্মী ও সংশ্লিষ্ট অন্যদের জন্য এই গ্রন্থ কাজে লাগলে আমাদের শ্রম সার্থক হবে বলে মনে করি।

**জাফর ওয়াজেদ**
মহাপরিচালক

# সূচিপত্র


| | |
|---|---|
| জানুয়ারি | ৯ |
| ফেব্রুয়ারি | ৩২ |
| মার্চ | ৫২ |
| এপ্রিল | ৭৪ |
| মে | ৯০ |
| জুন | ১০৮ |
| জুলাই | ১২৫ |
| আগস্ট | ১৪৩ |
| সেপ্টেম্বর | ১৬২ |
| অক্টোবর | ১৮১ |
| নভেম্বর | ২০২ |
| ডিসেম্বর | ২২০ |
| ২০২২ সালের উল্লেখযোগ্য ঘটনা | ২৩৭ |
| ২০২২ সালে যাদের হারিয়েছি | ২৫২ |

## জানুয়ারি ২০২২

### ১ জানুয়ারি

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে রাজধানীর পূর্বাচলে নবনির্মিত বঙ্গবন্ধু বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশিপ এক্সিবিশন সেন্টারে বাণিজ্য মন্ত্রণালয় ও রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) আয়োজিত মাসব্যাপী '২৬তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা ২০২২' এর উদ্‌বোধন করেন। সূত্র: জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে রাজধানীর আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আয়োজিত অনুষ্ঠানে ভার্চুয়ালি পাঠ্যবই বিতরণ কার্যক্রম উদ্‌বোধন করেন। প্রধানমন্ত্রীর পক্ষ থেকে নতুন বছরের প্রথম দিনে শিক্ষার্থীদের হাতে বই তুলে দেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এবং প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী জাকির হোসেন। সূত্র: সমকাল
- একাত্তরে বাংলাদেশিদের ওপরে পাকিস্তানিদের নির্মম হত্যাযজ্ঞকে 'জেনোসাইড বা গণহত্যা' বলে স্বীকৃতি দিল বিশ্বে গণহত্যা নিয়ে কাজ করা যুক্তরাষ্ট্রের প্রতিষ্ঠান 'লেমকিন ইনস্টিটিউট ফর জেনোসাইড প্রিভেনশন।' সূত্র: সংবাদ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৫ হাজার ২১৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ৩৭০ জন। সুস্থ হয়েছে ২০৩ জন। ৪ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- পারমাণবিক স্থাপনার ও সুবিধাগুলোতে আক্রমণ নিষিদ্ধের তালিকা বিনিময় করল ভারত ও পাকিস্তান। সূত্র: যুগান্তর
- জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ের স্বীকৃতি হিসেবে যুক্তরাজ্যের অর্ডার অব দ্য ব্রিটিশ এম্পায়ার (ওবিই) অ্যাওয়ার্ডে মনোনীত বাংলাদেশের জলবায়ু বিশেষজ্ঞ অধ্যাপক সালিমুল হক। সূত্র: জনকণ্ঠ

### ২ জানুয়ারি

- জাতিসংঘের সাধারণ পরিষদে ২০২১ সালের ২৪ নভেম্বর বাংলাদেশের স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উত্তরণের স্বীকৃতি উদ্‌যাপন



উপলক্ষ্যে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অর্থ মন্ত্রণালয়ের অর্থনৈতিক সম্পর্ক বিভাগ আয়োজিত অনুষ্ঠানে ভার্চুয়ালি যুক্ত হন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: কালের কণ্ঠ

- মানবাধিকার লঙ্ঘনের অভিযোগে এলিট ফোর্স র‍্যাবের সাবেক ও বর্তমান সাত কর্মকর্তার ওপর যুক্তরাষ্ট্র যে নিষেধাজ্ঞা দিয়েছে তা পুনর্বিবেচনা করতে দেশটির পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিনকেনকে চিঠি দিল পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। সূত্র: ইত্তেফাক
- প্রবাসীদের পাঠানো রেমিটেন্সের ওপর আড়াই শতাংশ হারে নগদ সহায়তা দিতে ব্যাংকগুলোকে নির্দেশ দিয়ে বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রা নীতি বিভাগের নির্দেশনা জারি। সূত্র: জনকণ্ঠ
- করোনাভাইরাস মোকাবিলায় কোভ্যাক্সের আওতায় যুক্তরাষ্ট্রের আরও প্রায় ২৪ লাখ ৯১ হাজার ডোজ ফাইজারের টিকা দেশে পৌঁছায়। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৯ হাজার ১৩০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ৫৫৭ জন। সুস্থ হয়েছে ২৫৩ জন। ১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- মানবাধিকার লঙ্ঘনের অভিযোগ এবং সাম্প্রতিক সেনা অভ্যুত্থানের ঘটনায় আফ্রিকার তিন দেশ ইথিওপিয়া, মালি ও গিনির শুল্কমুক্ত বাণিজ্য সুবিধা বাতিল করল যুক্তরাষ্ট্র। সূত্র: যুগান্তর

### ৩ জানুয়ারি

- 'মাস্ক পরা বাধ্যতামূলক করা হয়েছে। রেস্টুরেন্টে খেতে হলে টিকা সনদ দেখাতে হবে।' মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষে আন্তঃমন্ত্রণালয় বৈঠক শেষে সাংবাদিকদের স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক। সূত্র: সমকাল
- আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্র, বাংলাদেশের (আইসিডিডিআরবি) করোনার অ্যান্টিবডির উপস্থিতি জরিপ। ঢাকা ও চট্টগ্রামে বস্তিসংলগ্ন এলাকার চেয়ে বস্তিতে বসবাস করা মানুষের শরীরে করোনার অ্যান্টিবডির উপস্থিতি বেশি। সূত্র: সংবাদ
- ঐতিহাসিক আগরতলা ষড়যন্ত্র মামলার সর্বশেষ বৈরী সাক্ষী আবুল হোসেন (৮৫)-এর ইন্তেকাল। সূত্র: সমকাল

- গত ২৪ ঘণ্টায় দেশে ১৯ হাজার ৯৮০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ৬৭৪ জন। সুস্থ হয়েছে ২১৪ জন। ৪ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- বিশ্বজুড়ে ২০২১ সালে ৪৫ জন সাংবাদিক হত্যাকাণ্ডের শিকার; ইন্টারন্যাশনাল ফেডারেশন অব জার্নালিস্ট (আইএফজে)-এর প্রতিবেদন। সূত্র: ইত্তেফাক
- মার্কিন যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের ইতিহাসে প্রথম বাংলাদেশি বংশোদ্ভূত ও একই সঙ্গে প্রথম মুসলমান কাউন্সিল উইম্যান হিসেবে পবিত্র কোরআন ছুঁয়ে শপথ নেন দেশটির ডেমোক্র্যাটিক পার্টি থেকে নির্বাচনে বিজয়ী শাহানা হানিফ। সূত্র: ইত্তেফাক

**৪ জানুয়ারি**

- এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় গণভবন থেকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভার্চুয়ালি সভাপতিত্ব করেন। সভায় সংশোধিত প্রকল্পে বাড়তি বরাদ্দ এবং নতুন প্রকল্পের বরাদ্দ মিলিয়ে সর্বমোট এগারো হাজার ২২১ কোটি ৪৪ লাখ টাকা ব্যয়ে ১০ প্রকল্পের অনুমোদন। সূত্র: ইত্তেফাক
- করোনাভাইরাস সংক্রমণ বেড়ে যাওয়ায় আগের মতো স্বাস্থ্যবিধি কার্যকর করতে সারাদেশে মাঠ প্রশাসনকে নির্দেশ সরকারের। পাশাপাশি বিমানবন্দর ও স্থলবন্দরে স্বাস্থ্য পরীক্ষা এবং যাত্রীদের কোয়ারেন্টাইনে রাখার প্রস্তুতি নিতেও বলা হয়েছে। সূত্র: কালের কণ্ঠ
- করোনাভাইরাসের নতুন ধরন ওমিক্রন ঠেকাতে সারাদেশে ১৫ দফা নির্দেশনা জারি করেছে স্বাস্থ্য অধিদপ্তর। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৯ হাজার ৯৩৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ৭৭৫ জন। সুস্থ হয়েছে ১৮৫ জন। ৬ জনের মৃত্যু। সূত্র: ইত্তেফাক
- করোনার অতিসংক্রামক ধরন ডেল্টা ও ওমিক্রনের পর ফ্রান্সে নতুন ধরন আইএইচইউ (ইহু) শনাক্ত। সূত্র: ইত্তেফাক
- করোনাভাইরাসের সবচেয়ে খারাপ প্রভাব মোকাবিলা পরিকল্পনার অংশ হিসেবে মার্কিন সরকার ফাইজারের নতুন থেরাপিউটিক পিল ক্রয় দ্বিগুণ করার ঘোষণা দিল দেশটির প্রেসিডেন্ট জো বাইডেন। সূত্র: ইত্তেফাক



- পরমাণু অস্ত্র প্রসার না করা এবং ভবিষ্যতে পরমাণু যুদ্ধে জড়িয়ে পড়া থেকে বিরত থাকতে একমত হয়ে শপথ গ্রহণ করল শক্তিশালী ফ্রান্স, চীন, রাশিয়া, যুক্তরাজ্য এবং আমেরিকা; রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সরকারি বাসভবন ক্রেমলিন থেকে পাঁচ দেশের যৌথ বিবৃতি। সূত্র: সংবাদ

**৫ জানুয়ারি**

- বাংলাদেশ ছাত্রলীগের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে রাজধানীর খামার বাড়ির বাংলাদেশ কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে ছাত্রলীগের মূল অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি অংশ নেন। সূত্র: ইত্তেফাক
- বাংলাদেশ পুলিশ সদস্যদের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করতে এবং করোনাভাইরাস-এর নতুন ভ্যারিয়েন্ট ওমিক্রন প্রতিরোধে পুলিশ সদস্যদের জন্য ২১ দফা নির্দেশনা জারি করা হয়েছে। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ২১ হাজার ২৫১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ৮৯২ জন। সুস্থ হয়েছে ২৫৩ জন। ৩ জনের মৃত্যু। সূত্র: সমকাল
- তুরস্কের কাছ থেকে ৩০টি অ্যাটাক হেলিকপ্টার ক্রয় চুক্তি থেকে সরে গেল পাকিস্তান; পাকিস্তান সামরিক বাহিনীর ইন্টারসার্ভিসেস পাবলিক রিলেশনসের মহাপরিচালক বাবর ইফতিখারের বিবৃতি। সূত্র: যুগান্তর
- নিউজিল্যান্ডের মাটিতে দেশটির বিপক্ষে ৮ উইকেটে প্রথম টেস্ট জয়লাভ করায় বাংলাদেশ ক্রিকেট দলের সব সদস্যসহ টিম ম্যানেজমেন্টকে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার অভিনন্দন। সূত্র: সংবাদ

**৬ জানুয়ারি**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মেলন কক্ষে মন্ত্রিসভার বৈঠক ভার্চুয়ালি অনুষ্ঠিত। বৈঠক শেষে মন্ত্রিপরিষদ সচিব খন্দকার আনোয়ারুল ইসলাম জানান, ১২ বছরের বেশি বয়সের শিক্ষার্থীরা অন্তত এক ডোজ টিকা না নিয়ে শিক্ষাপ্রতিষ্ঠানে যেতে পারবে না। সূত্র: ইত্তেফাক

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি রাজধানীর বিজয় সরণিতে 'বঙ্গবন্ধু সামরিক জাদুঘর' উদ্‌বোধন করেন। সূত্র: জনকণ্ঠ
- সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের জাতীয় বেতন স্কেল ১০ম গ্রেডে উন্নীত করে দ্বিতীয় শ্রেণির গেজেটেড কর্মকর্তার পদমর্যাদা দিয়ে হাইকোর্ট যে রায় দিয়েছিল তা বহাল রেখেছেন আপিল বিভাগ। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৩ হাজার ৪৩৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ১,১৪০ জন। সুস্থ হয়েছে ২১২ জন। ৭ জনের মৃত্যু। সূত্র: সমকাল
- এ বছর ব্রিটিশ রানি কর্তৃক মেম্বার অব দ্য মোস্ট এক্সিলেন্ট অর্ডার অব দ্য ব্রিটিশ এম্পায়ার (এমবিই) অর্জন করেছেন ব্রিটিশ বাংলাদেশি শেহরিন সেলিম রিপন ও ব্রিটিশ এম্পায়ার মেডেল (বিইএম) অর্জন করেছেন মোহাম্মদ আফরোজ। সূত্র: যুগান্তর
- পাকিস্তান হাইকোর্টের প্রথম নারী বিচারক আয়েশা মালিককে সুপ্রিম কোর্টে নিয়োগ দিল দেশটির বিচারক কমিশন। সূত্র: জনকণ্ঠ
- বিশ্বের বড় ফিল্ম ইন্ডাস্ট্রি হলিউডের প্রথম কৃষ্ণাঙ্গ তারকা অভিনেতা অস্কারজয়ী সিডনি পোয়াটি ৯৪ বছর বয়সে ক্যালিফোর্নিয়ার লস অ্যাঞ্জেলেসে শেষ নিশ্বাস ত্যাগ করেন। সূত্র: ইত্তেফাক

### ৭ জানুয়ারি

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা আওয়ামী লীগ সরকারের বর্তমান মেয়াদের ৩ বছর পূর্তি উপলক্ষ্যে জাতির উদ্দেশে ভাষণ দেন। প্রধানমন্ত্রীর ভাষণ বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার ও বেসরকারি টিভি চ্যানেলগুলো ও রেডিও স্টেশনগুলোতে সম্প্রচারিত হয়। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ২০ হাজার ২০৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ১,১৪৬ জন। সুস্থ হয়েছে ১৭০ জন। ১ জনের মৃত্যু। সূত্র: সংবাদ
- জাতিসংঘে ভারতের দূত টি এস তিরুমূর্তি ২০২২ সালে জাতিসংঘ নিরাপত্তা পরিষদের কাউন্টার টেরোরিজম কমিটির নতুন চেয়ারম্যান হিসেবে মনোনীত; নিরাপত্তা পরিষদের বিবৃতি। সূত্র: যুগান্তর



- মিয়ানমারের সেনাবাহিনী ক্ষমতা নিয়ন্ত্রণের পর দেশটির জান্তা সরকারের আমন্ত্রণে বিদেশি কোন নেতা হিসেবে প্রথমবারের মতো কম্বোডিয়ার প্রধানমন্ত্রী হুন সেন মিয়ানমার সফর করলেন। সূত্র: জনকণ্ঠ
- জেনেভাভিত্তিক সংগঠন প্রেস এমব্লেম ক্যাম্পেইন (পিইসি)-এর প্রতিবেদন; করোনাভাইরাসে ২০২০ সালের মার্চ থেকে এ পর্যন্ত বিশ্বের ৯৪টি দেশে প্রায় দুই হাজার সাংবাদিক মারা গেছেন। এর মধ্যে ২০২১ সালে মারা গেছেন অন্তত এক হাজার ৪০০ জন। বাংলাদেশে এ দুই বছরে করোনায় সাংবাদিক মারা গেছেন ৬৮ জন। সবচেয়ে বেশি সাংবাদিক মারা গেছেন দক্ষিণ আমেরিকার দেশ ব্রাজিলে। সূত্র: প্রথম আলো

### ৮ জানুয়ারি

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের লক্ষ্যে ঘোষিত মুজিববর্ষের সময় এবং 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় কমিটি' ও 'জাতীয় বাস্তবায়ন কমিটি'র মেয়াদ আগামী ৩১ মার্চ পর্যন্ত বাড়িয়ে মন্ত্রিপরিষদ থেকে প্রজ্ঞাপন জারি। সূত্র: জনকণ্ঠ
- কক্সবাজারের উখিয়ার রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন করল সফররত তুরস্কের স্বরাষ্ট্রমন্ত্রী সোলাইমান সায়লু। সূত্র: প্রথম আলো
- সন্ত্রাস দমন, নিরাপত্তা সহযোগিতা ও মাদক চোরাচালান রোধে সচিবালয়ে বৈঠকে সফররত তুরস্কের স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষর (এমওইউ) করেছে বাংলাদেশ স্বরাষ্ট্র মন্ত্রণালয়। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৯ হাজার ২৭৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ১১,০১৬ জন। সুস্থ হয়েছে ১৫৪ জন। ১ জনের মৃত্যু। সূত্র: সমকাল
- আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন নিউক্লিয়ার পদার্থবিদ ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. হিরন্ময় সেনগুপ্ত (৮৮)-এর মৃত্যু। সূত্র: সমকাল

- ক্ষমতা দখল করে আফগানিস্তানে সরকার গঠনের পর প্রথমবারের মতো ইরান সফর করল তালেবানের পররাষ্ট্রমন্ত্রী আমির খান মুত্তাকি। সূত্র: সমকাল
- বাংলাদেশের স্বাধীনতার ৫০ বছর উপলক্ষ্যে ৪৮ ঘণ্টা রিলে সাইক্লিং করে ১ হাজার ৬০০ কিলোমিটার অতিক্রমের মাধ্যমে গিনেস ওয়ার্ল্ড রেকর্ড করেছে টিমবিডিসি নামের বাংলাদেশের এমেচার সাইক্লিং টিম। সূত্র: ইত্তেফাক

**৯ জানুয়ারি**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে স্বাস্থ্য মন্ত্রণালয় আয়োজিত অনুষ্ঠানে ভার্চুয়ালি দেশের ৮টি বিভাগীয় শহরের মেডিক্যাল কলেজ হাসপাতালে ৪৬০ শয্যাবিশিষ্ট হার্ট, কিডনি ও ক্যান্সার চিকিৎসার সমন্বিত ইউনিটের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। সূত্র: ইত্তেফাক
- হাইকোর্টের চার বিচারপতিকে সুপ্রিম কোর্টের আপিল বিভাগের বিচারপতি হিসেবে নিয়োগ। আইন মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের প্রজ্ঞাপন জারি। সূত্র: ইত্তেফাক
- পাঁচ দশক ধরে বঙ্গবন্ধুর চিঠি সংরক্ষণকারী ধনবাড়ী উপজেলার পানকাতা গ্রামে শহিদ রমজান আলীর স্ত্রী ভিখারি ইফাতনের বাড়িতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার শুভেচ্ছা উপহার পৌঁছে দিলেন টাঙ্গাইলের জেলা প্রশাসক ড. আতাউল গনি। সূত্র: ইত্তেফাক
- হাতিরঝিল-আমুলিয়া-ডেমরা মহাসড়ককে চার লেনের এক্সপ্রেসওয়েতে উন্নীত করতে 'পাবলিক প্রাইভেট পার্টনারশিপের (পিপিপি)' কর্তৃপক্ষের সঙ্গে চায়না রোড অ্যান্ড ব্রিজ করপোরেশন (সিআরবিসি) ও চায়না কমিউনিকেশনস কনস্ট্রাকশন কোম্পানি লিমিটেডের (সিসিসিসি)-এর চুক্তি স্বাক্ষর। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২১ হাজার ৯৮০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ১,৪৯১ জন। সুস্থ হয়েছে ২১৭ জন। ৩ জনের মৃত্যু। সূত্র: সমকাল
- মাদার তেরেসার দাতব্যে বিদেশি তহবিল পেতে আবার অনুমতি দিল ভারত সরকার। সূত্র: ইত্তেফাক



**১০ জানুয়ারি**

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষ্যে বিটিভি আয়োজিত 'মুক্ত স্বদেশে জাতির পিতা' শীর্ষক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি অংশ নেন। সূত্র: জনকণ্ঠ
- করোনাভাইরাসের সংক্রমণ ঠেকাতে টিকা নেওয়ার জন্য ১২ থেকে ১৮ বছর বয়সীদের শুধু শিক্ষার্থী হিসেবে প্রমাণ থাকতে হবে। সচিবালয়ে সাংবাদিকদের শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। সূত্র: সমকাল
- দেশে করোনার নতুন ধরন ওমিক্রন ঠেকাতে ১১টি বিধিনিষেধ দিয়ে মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন জারি। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৬ হাজার ১৩৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ২,২৩১ জন। সুস্থ হয়েছে ২০৮ জন। ৩ জনের মৃত্যু। সূত্র: প্রথম আলো
- আফগানিস্তানের অন্তর্বর্তী তালেবান সরকার নিজেদের মধ্যে শুদ্ধি অভিযানের অংশ হিসেবে বিভিন্ন অপরাধে জড়িত থাকার দায়ে দুই হাজার ৫১৪ তালেবান সদস্যকে বরখাস্ত অথবা আটক করেছে । সূত্র: ইত্তেফাক
- অবৈধভাবে আমদানি করা ওয়াকিটকি রাখার অভিযোগে করা মামলায় মিয়ানমারের ক্ষমতাচ্যুত ও বন্দি নেত্রী অং সান সু চিকে চার বছরের কারাদণ্ড দিল দেশটির আদালত। সূত্র: সমকাল

**১১ জানুয়ারি**

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষ্যে কেন্দ্রীয় কার্যালয়ে আওয়ামী লীগ আয়োজিত আলোচনা সভায় ভার্চুয়ালি অংশগ্রহণ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: ইত্তেফাক
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইউরোপীয় পার্লামেন্টের প্রেসিডেন্ট ডেভিড সাসোলি (৬৫)-এর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেন। সূত্র: জনকণ্ঠ
- ব্যাংক ও ব্যাংক-বহির্ভূত আর্থিক প্রতিষ্ঠানগুলোর জন্য (এনবিএফআই) করপোরেট সামাজিক দায়বদ্ধতার (সিএসআর)-এর ৬০ শতাংশ শিক্ষা ও স্বাস্থ্য খাতে ব্যয়ের নতুন নীতিমালা জারি করেছে বাংলাদেশ ব্যাংক। সূত্র: জনকণ্ঠ

- জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত রাবাব ফাতিমা ২০২২ সালের জন্য সর্বসম্মতিক্রমে জাতিসংঘের নারী নির্বাহী বোর্ডের সভাপতি নির্বাচিত। সহ-সভাপতি নির্বাচিত হলেন জাতিসংঘে নিযুক্ত আর্জেন্টিনা, ইউক্রেন, আইসল্যান্ড এবং সিয়েরালিওনের স্থায়ী প্রতিনিধিগণ। সূত্রঃ ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৬ হাজার ১৪৩ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ২,৪৫৮ জন। সুস্থ হয়েছে ২০৮ জন। ২ জনের মৃত্যু। সূত্রঃ যুগান্তর
- সৌদি আরবে প্রথমবারের মতো উটের সৌন্দর্য প্রতিযোগিতায় উট নিয়ে অংশ নিল দেশটির নারীরা। সূত্রঃ সমকাল

**১২ জানুয়ারি**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি রাজধানীসহ দেশের বিভিন্ন স্থানে সড়ক ও জনপথ অধিদপ্তরের (সওজ) বিভিন্ন প্রকল্পের আওতায় নবনির্মিত চারটি প্রকল্প উদ্‌বোধন করেন। সূত্রঃ ইত্তেফাক
- বিদেশে বসে যারা রাষ্ট্রবিরোধী বক্তব্যসহ বিভিন্ন কর্মকাণ্ড করছেন তাদের তালিকা হবে। সে অনুযায়ী তাদের পাসপোর্ট বাতিল করা হবে। সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত আইনশৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে সিদ্ধান্ত। সূত্রঃ যুগান্তর
- যুক্তরাজ্যভিত্তিক প্রতিষ্ঠান দ্য হেনলি অ্যান্ড পার্টনারসের সম্প্রতি প্রকাশিত তথ্য: শক্তিশালী পাসপোর্টের তালিকায় পাঁচ ধাপ এগিয়েছে বাংলাদেশ। বাংলাদেশের সঙ্গে যৌথভাবে ১০৩তম অবস্থানে রয়েছে লিবিয়া ও কসোভো। সূত্রঃ সমকাল
- অনিয়ন্ত্রিত জাহাজ ও ইঞ্জিনচালিত নৌকার চলাচল, মাত্রাতিরিক্ত মৎস্যসম্পদ আহরণ, সমুদ্রে বর্জ্য ও ক্ষতিকারক রাসায়নিক পদার্থ নিক্ষেপ, প্রবাল উপনিবেশ ধ্বংস, জীববৈচিত্র্য হ্রাস ও জলবায়ু পরিবর্তন রোধে সেন্টমার্টিন দ্বীপ ও এর আশপাশের ১ হাজার ৭৪৩ বর্গকিলোমিটার এলাকা ও পাশাপাশি বঙ্গোপসাগরের ৭০ মিটার গভীর সমুদ্র যোগ হলো 'মেরিন প্রটেক্টেড এরিয়া'য়। এর আগে ১৯৯৯ সালে সেন্টমার্টিনের ৫৯০ হেক্টর এলাকাকে প্রতিবেশগত সংকটাপন্ন 'মেরিন প্রটেক্টেড এরিয়া' হিসেবে ঘোষণা করা হয়েছিল। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি। সূত্রঃ সংবাদ
- অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামালের সভাপতিত্বে ভার্চুয়ালি অনুষ্ঠিত অর্থনৈতিক বিষয় সংক্রান্ত ও সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় প্রায় ১১ হাজার কোটি টাকা ব্যয়ে ১৩টি প্রস্তাবের অনুমোদন। সূত্রঃ জনকণ্ঠ
- পশ্চিমবঙ্গের মঞ্চ ও সিনেমার প্রখ্যাত অভিনেত্রী শাঁওলি মিত্র ৭৪ বছর বয়সে শেষ নিশ্বাস ত্যাগ করেন। সূত্র : ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৪ হাজার ৯৬৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ২,৯১৬ জন। সুস্থ হয়েছে ২৬৬ জন। ৪ জনের মৃত্যু। সূত্রঃ যুগান্তর
- ক্ষেপণাস্ত্র পরীক্ষার পর পারমাণবিক কর্মসূচিতে উত্তর কোরিয়ার কর্মকর্তাদের বিরুদ্ধে প্রথমবার নিষেধাজ্ঞা দিল যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন প্রশাসন। সূত্রঃ সংবাদ
- সৌদি আরবে প্রথমবারের মতো যৌন হয়রানির অভিযোগে দোষী সাব্যস্ত ব্যক্তি ইয়াসির আল-আরাভির নাম প্রকাশ করার নির্দেশ দিল দেশটির ফৌজদারি আদালত। সূত্রঃ যুগান্তর

**১৩ জানুয়ারি**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি রাজধানীর আগারগাঁওয়ে নবনির্মিত 'জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি কমপ্লেক্স' উদ্‌বোধন করেন। সূত্রঃ সমকাল
- ১৯৭২ সালের ৮ জানুয়ারি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের যুক্তরাজ্য সফরের ৫০তম বার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে 'বঙ্গবন্ধু ইন ব্রিটেন : দ্য হিস্টোরিক ৮ জানুয়ারি' শীর্ষক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করে লন্ডনস্থ বাংলাদেশ হাইকমিশন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। সূত্রঃ জনকণ্ঠ
- কোভিড-১৯ টিকাদান কার্যক্রমে দেশের সব পর্যায়ে ভ্যাকসিন প্রাপ্তি সাপেক্ষে তৃতীয় ডোজ/বুস্টার ডোজ হিসেবে ফাইজারের পরিবর্তে

মডার্না কোভিড-১৯ ভ্যাকসিন প্রদানের জন্য নির্দেশনা দিয়ে স্বাস্থ্য অধিদপ্তরের বিজ্ঞপ্তি। সূত্র: জনকণ্ঠ

- বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী এবং ডেনমার্কের সঙ্গে কূটনৈতিক সম্পর্কের ৫০ বছরপূর্তি উপলক্ষ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে টেলিফোনে শুভেচ্ছা জানান ডেনিশ প্রধানমন্ত্রী মেটে ফ্রেডেরিকসেন। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৭ হাজার ৯২০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ৩,৩৫৯ জন। সুস্থ হয়েছে ৩০২ জন। ১২ জনের মৃত্যু। সূত্র: যুগান্তর
- জাতিসংঘ সনদ অনুযায়ী চাঁদা বাকির মাত্রা অতিক্রম করায় জাতিসংঘে ভোটাধিকার হারাল ১১ দেশ। সূত্র: যুগান্তর
- যুক্তরাষ্ট্রে ৯০ বছরের ইতিহাস বদলে দেশটির ২৫ সেন্টের কয়েনে প্রথমবার আফ্রো আমেরিকান বংশোদ্ভূত কবি, সাহিত্যিক ও আন্দোলনকারী মায়া অ্যাঞ্জেলুর ছবি ব্যবহার করে আমেরিকান মিন্ট (টাকশাল) কর্তৃপক্ষের আনুষ্ঠানিকভাবে মুদ্রাটির উদ্‌বোধন। সূত্র: ইত্তেফাক

**১৪ জানুয়ারি**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে বাংলাদেশের দ্বিতীয় স্যাটেলাইট ‘বঙ্গবন্ধু-২’ বানানোর প্রস্তাব দিয়ে ফ্রান্স ও রাশিয়ার চিঠি। সূত্র: যুগান্তর
- বাংলাদেশ নৌবাহিনীর সিনিয়র ডিরেকটিং স্টাফ রিয়ার অ্যাডমিরাল এম ময়েনুল হকের নেতৃত্বে ১৯৭১ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ে সংঘটিত গণহত্যার ঐতিহাসিক স্থান ও স্থাপনাগুলো ঘুরে দেখলেন ১৯ দেশের সেনাবাহিনীর অন্তত ৩০ জন ঊর্ধ্বতন কর্মকর্তা। সূত্র: সমকাল
- মাগুরার শিক্ষাবিদ ও ভাষাসৈনিক খান জিয়াউল হক (৯৫)-এর ইন্তেকাল। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩০ হাজার ৩৬৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ৪,৩৭৮ জন। সুস্থ হয়েছে ৩৫১ জন। ৬ জনের মৃত্যু। সূত্র: সমকাল
- করোনাভাইরাসের চিকিৎসায় নতুন দুই পদ্ধতির অনুমোদন দিল বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও)। গুরুতর অসুস্থতা ও মৃত্যু প্রতিরোধ করতে টিকার পাশাপাশি প্রয়োগ করা যাবে দুই চিকিৎসা পদ্ধতি। প্রথমটি



হচ্ছে, কর্টিকসটারয়েডস নামের একটি ওষুধের সঙ্গে আর্থরাইটিসের ওষুধ বারিসিটিনিব প্রয়োগ করলে ভেন্টিলেশনে নেওয়ার এবং মৃত্যুর ঝুঁকি কমে যায়। দ্বিতীয়টি হচ্ছে বয়স্ক ও রোগ প্রতিরোধ ক্ষমতা কম কিংবা ডায়াবেটিসের মতো কোনো রোগে ভুগছেন- এমন ব্যক্তিদের করোনায় আক্রান্ত হয়ে হাসপাতালে যাওয়ার ঝুঁকি কমাতে সিনথেটিক অ্যান্টিবডি চিকিৎসা পদ্ধতি। সূত্র: ইত্তেফাক

- যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন বড় কোম্পানিগুলোর কর্মীরা টিকা না নিলে তাদের জন্য সার্বক্ষণিক মাস্ক পরা ও প্রতি সপ্তাহে কোভিড শনাক্তকরণ পরীক্ষায় অংশ নেওয়ার যে নীতি ঘোষণা করেছিলেন তা আটকে দিল দেশটির সুপ্রিম কোর্ট। সূত্র: জনকণ্ঠ
- চীন এবং ইরান- দুই দেশের স্বাস্থ্যসেবা, অবকাঠামো নির্মাণ, সাইবার নিরাপত্তা এবং কৃষি ক্ষেত্রে সহযোগিতার লক্ষ্যে দুই পররাষ্ট্রমন্ত্রী (২৫ বছর পূর্বে স্বাক্ষরিত) সহযোগিতা চুক্তির বাস্তবায়ন শুরু। সূত্র: কালের কণ্ঠ
- আফগানিস্তানের ক্ষমতায় আসার পর প্রথম বাজেট অনুমোদন দিল দেশটির তালেবান সরকার। সূত্র: সমকাল

**১৫ জানুয়ারি**

- বাংলাদেশকে উপহার হিসেবে ফাইজারের আরও ৯৬ লাখ ডোজ টিকা দিল যুক্তরাষ্ট্র; ঢাকায় অবস্থিত মার্কিন দূতাবাসের সংবাদ বিজ্ঞপ্তি। সূত্র: কালের কণ্ঠ
- কাজী নজরুল ইসলামের ‘বিদ্রোহী’ কবিতার শতবর্ষ উদ্‌যাপন করল সত্যেন সেন শিল্পী গোষ্ঠী। সূত্র: জনকণ্ঠ
- রেইনবো চলচ্চিত্র সংসদের উদ্যোগে রাজধানীর শাহবাগের জাদুঘরের প্রধান মিলনায়তনে ২০তম ঢাকা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব উদ্‌বোধন। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৪ হাজার ২৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ৩,৪৪৭ জন। সুস্থ হয়েছে ২৯৪ জন। ৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- মেয়াদ দ্রুত ফুরিয়ে আসায় কোভ্যাক্সের ১০ কোটির ডোজেরও বেশি টিকা বাতিল করল ইউনিসেফ। সূত্র: সমকাল

- মিয়ানমারের ক্ষমতাচ্যুত নেত্রী অং সান সু চির বিরুদ্ধে নতুন আরও পাঁচটি অভিযোগ গঠন করল দেশটির সামরিক জান্তা সরকার। সূত্র: সংবাদ
- মস্কোর আগ্রাসনের আশঙ্কার প্রেক্ষাপটে মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন এবং রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে ত্রিপক্ষীয় আলোচনার প্রস্তাব দিল ইউক্রেন। সূত্র: ইত্তেফাক

**১৬ জানুয়ারি**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ একাদশ জাতীয় সংসদের (ষোড়শ অধিবেশন) নতুন বছরের প্রথম অধিবেশনে ভাষণ দেন। সূত্র: প্রথম আলো
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি রংপুরে নির্মিত ১০ তলা বিশিষ্ট অত্যাধুনিক বিভাগীয় সদর দপ্তর কমপ্লেক্স উদ্‌বোধন করেন। সূত্র: ইত্তেফাক
- মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এবং বিএনসিসি অধিদপ্তরের যৌথ উদ্যোগে বঙ্গবন্ধুর জীবন বৃত্তান্ত ও জীবনাদর্শ নিয়ে নির্মিত 'আমার বঙ্গবন্ধু' শীর্ষক গেমিং অ্যাপসের উদ্‌বোধন। সূত্র: জনকণ্ঠ
- সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির সাবেক সভাপতি, খ্যাতিমান সিনিয়র আইনজীবী ও সাবেক বিচারপতি তাফাজ্জাল হোসেন খানের (১০২) ইন্তেকাল। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৯ হাজার ৩০৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ৫,২২২ জন। সুস্থ হয়েছে ২৯৩ জন। ৮ জনের মৃত্যু। সূত্র: যুগান্তর

**১৭ জানুয়ারি**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে বঙ্গবভবনে নির্বাচন কমিশন গঠনসহ বেশ কিছু ইস্যুতে আওয়ামী লীগের সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন ১০ সদস্যের প্রতিনিধি দল সংলাপে অংশ নেন। সূত্র: সমকাল
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে জাতীয় সংসদ ভবনে মন্ত্রিসভা কক্ষে অনুষ্ঠিত বৈঠকে নির্বাচন কমিশন (ইসি) গঠনের লক্ষ্যে প্রধান নির্বাচন কমিশনার ও নির্বাচন কমিশনার নিয়োগ আইন, ২০২২ ও



মানবাধিকার লঙ্ঘনের প্রতিকারে 'বৈষম্যবিরোধী আইন, ২০২২' এবং জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল (জামুকা) আইনের খসড়ায় চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। সূত্র: জনকণ্ঠ

- গত ২৪ ঘণ্টায় দেশে ৩১ হাজার ৯৮০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ৬,৬৭৬ জন। সুস্থ হয়েছে ৪২৭ জন। ১০ জনের মৃত্যু। সূত্র: যুগান্তর
- সুইডেনের ক্যারোলিনস্কা ইনস্টিটিউটের বিশেষজ্ঞদের আন্তর্জাতিক দলের জিন শনাক্ত। বিভিন্ন ধরনের লোকজনের ওপর গবেষণা করে এই জিন চিহ্নিত করতে সক্ষম হন তারা। করোনার কারণে মানুষ গুরুতর আক্রান্ত হবে নাকি শুধু মৃদু অসুস্থতা দেখা দেবে তা এসব জিনের মাধ্যমে প্রভাবিত হয়। নেচার জেনেটিকস জার্নালে গবেষণা প্রকাশিত তথ্য। সূত্র: জনকণ্ঠ
- সৌদি আরবে উত্তর-পশ্চিমাঞ্চলে আল-উলা ও খাইবার এলাকায় প্রায় ৪ হাজার ৫০০ বছর পুরোনো রাজপথের সন্ধান পেয়েছে দেশটিতে স্থাপত্য নিয়ে বেশ কয়েক বছর ধরে গবেষণারত ইউনিভার্সিটি অব ওয়েস্টার্ন অস্ট্রেলিয়ার প্রত্নতত্ত্ববিদেরা; বিভিন্ন জায়গায় ছড়িয়ে ছিল এই প্রাচীন সমাধিগুলো। সেগুলো যুক্ত হয়েই তৈরি হয়েছে একটি রাজপথ। ওই রাজপথকে 'অন্ত্যেষ্টিক্রিয়ার সড়ক' হিসেবে চিহ্নিত করেন গবেষকেরা। গবেষকেরা খননকাজ পরিচালনা ও স্যাটেলাইট থেকে তোলা ছবি বিশ্লেষণসহ হেলিকপ্টার ব্যবহার করে আকাশ থেকে জরিপ করেন। সূত্র: ইত্তেফাক

**১৮ জানুয়ারি**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে তিন দিনব্যাপী বার্ষিক ডিসি সম্মেলনে বঙ্গভবন থেকে ভার্চুয়ালি অংশ নেন। সূত্র: সমকাল
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে ভার্চুয়ালি প্রধান অতিথি হিসেবে 'বাংলাদেশের জেলা প্রশাসন, মানুষের পাশে সর্বক্ষণ' শীর্ষক প্রতিপাদ্যে 'জেলা প্রশাসক (ডিসি) সম্মেলন-২০২২' উদ্‌বোধন করেন। সরকারি সেবা নিতে এসে সাধারণ

মানুষ যেন কোনোভাবে হয়রানির শিকার না হন তা নিশ্চিত করাসহ ২০৪১ সালের মধ্যে উন্নত বাংলাদেশ গঠনে জেলা প্রশাসকদের প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার ২৪ দফা নির্দেশনা। সূত্র: ইত্তেফাক ও জনকণ্ঠ।

- জনপ্রশাসন মন্ত্রণালয় নবম থেকে দ্বিতীয় গ্রেড পর্যন্ত সরকারি কর্মকর্তাদের বার্ষিক কর্মকৃতি মূল্যায়নে গোপন প্রতিবেদনের (এসিআর) পরিবর্তে অ্যানুয়াল পারফরম্যান্স অ্যাপ্রাইজাল রিপোর্ট-এপিএআর সংক্রান্ত খসড়া প্রকাশ। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩৫ হাজার ৫৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ৮,৪০৭ জন। সুস্থ হয়েছে ৪৭৫ জন। ১০ জনের মৃত্যু। সূত্র: ইত্তেফাক
- জাকার্তা থেকে রাজধানী স্থানান্তরে দেশটির রাজধানী দূরবর্তী বোর্নিও দ্বীপের কালিমানতানে স্থানান্তরিত করে বিল অনুমোদন করেছে ইন্দোনেশিয়ার পার্লামেন্ট। বোর্নিও দ্বীপ পালটে নতুন রাজধানী শহরের নাম হবে নুসান্তারা। সূত্র: যুগান্তর
- ভারতের বাংলা কমিকস জগতের উজ্জ্বল নক্ষত্র নারায়ণ দেবনাথ ৯৭ বছর বয়সে বেলভিউ হাসপাতালে শেষ নিশ্বাস ত্যাগ করেন। সূত্র: ইত্তেফাক

### ১৯ জানুয়ারি

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে মিরপুর সেনানিবাসে 'ডিফেন্স সার্ভিসেস কমান্ড অ্যান্ড স্টাফ কলেজ (ডিএসসিএসসি)' এর 'ডিএসসিএসসি কোর্স ২০২১-২০২২'-এর গ্র্যাজুয়েশন প্রদান অনুষ্ঠানে ভার্চুয়ালি অংশ নেন। সূত্র: সমকাল
- জাতিসংঘ মিশনে (ইউএন) বিসিএস প্রশাসন ক্যাডারের কর্মকর্তাদের অংশগ্রহণের সুযোগ চেয়ে চলমান জেলা প্রশাসক (ডিসি) সম্মেলন থেকে জনপ্রশাসন মন্ত্রণালয়ে লিখিত প্রস্তাব। সূত্র: ইত্তেফাক
- করোনার নতুন ধরন ওমিক্রন প্রতিরোধসহ সংক্রমণ রোধে জেলা প্রশাসকদের (ডিসি) সর্বোচ্চ সতর্ক থেকে কাজ করার নির্দেশ জনপ্রশাসন মন্ত্রণালয়ের। সূত্র: জনকণ্ঠ
- করোনা সংক্রমণ রোধে ৫টি সুপারিশ করে কোভিড-১৯ সংক্রান্ত জাতীয় কারিগরি পরামর্শক কমিটির বিজ্ঞপ্তি। সূত্র: ইত্তেফাক



- গত ২৪ ঘণ্টায় দেশে ৩৭ হাজার ৮৩০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ৯,৫০০ জন। সুস্থ হয়েছে ৪৭৩ জন। ১২ জনের মৃত্যু। সূত্র: ইত্তেফাক
- পাঠকপ্রিয় থ্রিলার সিরিজ 'মাসুদ রানা'র লেখক ও সেবা প্রকাশনীর প্রতিষ্ঠাতা কাজী আনোয়ার হোসেনের (৮৫) ইন্তেকাল। তিনি ছদ্মনাম হিসেবে বিদ্যুৎ মিত্র ও শামসুদ্দীন নওয়াব নামও ব্যবহার করতেন। সূত্র: জনকণ্ঠ
- ২০০৮ সালে ইন্দোনেশিয়ার বালি দ্বীপে বোমা হামলা চালিয়ে দুই শতাধিক মানুষকে হত্যার ঘটনার হোতা জুলকারনাইন (৫৮) নামের জঙ্গিকে ১৫ বছরের কারাদণ্ড দিয়েছেন দেশটির আদালত। সূত্র: যুগান্তর

### ২০ জানুয়ারি

- প্রথমবারের মতো যুক্তরাষ্ট্র থেকে কোভ্যাক্সের মাধ্যমে জনসন অ্যান্ড জনসন কোম্পানির তিন লাখ ৩৬ হাজার ডোজ করোনা প্রতিরোধী টিকা দেশে পৌঁছায়। সূত্র: ভোরের কাগজ
- জাতিসংঘের শান্তিরক্ষা মিশন থেকে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়নকে (র‍্যাব) নিষিদ্ধ করার দাবিতে ১২টি আন্তর্জাতিক মানবাধিকার সংস্থার চিঠি। হিউম্যান রাইটস ওয়াচের (এইচআরডব্লিউ) ওয়েবসাইটে চিঠির বিষয়টি প্রকাশ। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ৪১ হাজার ২৯২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ১০,৮৮৮ জন। সুস্থ হয়েছে ৫৭৭ জন। ৪ জনের মৃত্যু। সূত্র: সংবাদ
- মস্কোতে দু'দেশের আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয় নিয়ে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে বৈঠক ইরানের প্রেসিডেন্ট ইব্রাহিম রইসির। সূত্র: জনকণ্ঠ

### ২১ জানুয়ারি

- করোনার ক্রমবর্ধমান সংক্রমণ নিয়ন্ত্রণে আনতে ২১ জানুয়ারি থেকে আগামী ৬ ফেব্রুয়ারি পর্যন্ত দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ ঘোষণা। মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন জারি। সূত্র: যুগান্তর

- শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের নির্দেশনা অনুযায়ী দেশে শিক্ষক পদে নিয়োগে প্রাথমিক সুপারিশ দেওয়ার সাত মাস পর চূড়ান্ত সুপারিশ পেলেন ৩৪ হাজার ৭৩ জন প্রার্থী। শিক্ষা মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৪০ হাজার ১৩৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ১১,৪৩৪ জন। সুস্থ হয়েছে ৭৫২ জন। ১২ জনের মৃত্যু। সূত্র: সমকাল
- জেনেভায় যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিনকেনের সঙ্গে রাশিয়ার পররাষ্ট্রমন্ত্রী সের্গেই লাভরভের সঙ্গে চতুর্থবারের মতো বৈঠক অনুষ্ঠিত। সূত্র: ইত্তেফাক

**২২ জানুয়ারি**

- গত ২৪ ঘণ্টায় দেশে ৩৪ হাজার ৩১১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ৯,৬১৪ জন। সুস্থ হয়েছে ৪৮২ জন। ১৭ জনের মৃত্যু। সূত্র: ইত্তেফাক
- সেন্টমার্টিন দ্বীপের প্রাণবৈচিত্র্য রক্ষায় চারপাশে নতুন প্রতিষ্ঠিত সামুদ্রিক সুরক্ষিত অঞ্চলের জন্য টুইট করে বাংলাদেশ সরকার, স্থানীয় জনগোষ্ঠী ও বেসরকারি সংস্থাগুলোকে অভিনন্দন জানান হলিউড তারকা লিওনার্দো ডিক্যাপ্রিও। সূত্র: জনকণ্ঠ
- পশ্চিমা বিশ্বে ইউক্রেন ইস্যুতে উত্তেজনার মধ্যে দেশটিতে প্রায় ৯০ টন 'মারণাস্ত্র সহায়তা'র প্রথম চালান পাঠালো যুক্তরাষ্ট্র। সূত্র: ইত্তেফাক
- মিয়ানমারের নেত্রী অং সান সু চির দল ন্যাশনাল লিগ ফর ডেমোক্রেসির (এনএলডি) দুই কর্মীকে সন্ত্রাসবিরোধী আইনের অধীনে মৃত্যুদণ্ড দিয়েছে দেশটির সামরিক আদালত। সূত্র: সমকাল

**২৩ জানুয়ারি**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে রাজধানীর রাজারবাগ পুলিশ লাইনসের প্যারেড গ্রাউন্ডে ভার্চুয়ালি যুক্ত হয়ে 'পুলিশ সপ্তাহ'র উদ্‌বোধনী অনুষ্ঠানে অংশ নেন। সূত্র: ইত্তেফাক
- পৌর পরিষদের মেয়াদ শেষ হলে কার্যক্রম পরিচালনায় সরকারের প্রশাসক নিয়োগের বিধান রেখে স্থানীয় সরকার (পৌরসভা) (সংশোধন) বিল-২০২২ জাতীয় সংসদে উত্থাপন। সূত্র: যুগান্তর



- করোনার ভাইরাসজনিত পরিস্থিতি বিবেচনায় (২৫ জানুয়ারি থেকে ৬ ফেব্রুয়ারি পর্যন্ত) সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত, বেসরকারি অফিসসমূহ স্বাস্থ্যবিধি অনুসরণ করে অর্ধেক সংখ্যক কর্মকর্তা-কর্মচারী নিয়ে সব অফিস পরিচালনার নির্দেশ দিয়ে মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন জারি। সূত্র: জনকণ্ঠ
- দেশে পুলিশে প্রথমবারের মতো পদোন্নতিপ্রাপ্ত অতিরিক্ত আইজিপিরা তাদের স্ত্রীদের উপস্থিতিতে র‍্যাঙ্ক ব্যাজে ভূষিত হন। পুলিশ সদর দফতরে মহাপরিদর্শক ড. বেনজীর আহমেদ পদোন্নতিপ্রাপ্ত অতিরিক্ত আইজিপিদের ব্যাজ পরিয়ে দেন। সূত্র: জনকণ্ঠ
- 'বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার ২০২১' পুরস্কার ঘোষণা। এবার ১১ বিভাগে পুরস্কারপ্রাপ্তরা হলেন: কবিতায় আসাদ মান্নান ও বিমল গুহ, কথাসাহিত্যে ঝর্ণা রহমান ও বিশ্বজিৎ চৌধুরী, প্রবন্ধ/গবেষণায় হোসেনউদ্দীন হোসেন, অনুবাদে আমিনুর রহমান ও রফিক-উম-মুনীর চৌধুরী, নাটকে সাধনা আহমেদ, শিশুসাহিত্যে রফিকুর রশীদ, মুক্তিযুদ্ধভিত্তিক গবেষণায় পান্না কায়সার, বঙ্গবন্ধু-বিষয়ক গবেষণায় হারুন-অর-রশিদ, বিজ্ঞান/কল্পবিজ্ঞান/পরিবেশ বিজ্ঞানে শুভাগত চৌধুরী, আত্মজীবনী/স্মৃতিকথা/ভ্রমণকাহিনীতে সুফিয়া খাতুন ও হায়দার আকবর খান রনো এবং ফোকলোর বিভাগে আমিনুর রহমান সুলতান। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩৪ হাজার ৮৫৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ১০,৯০৬ জন। সুস্থ হয়েছে ৭৮২ জন। ১৪ জনের মৃত্যু। সূত্র: কালের কণ্ঠ
- জাতিসংঘে ইরানের বকেয়া থাকা ১ কোটি ৮০ লাখ ডলার ইরানের ব্যাংক তহবিল ব্যবহার করে পরিশোধ করল দক্ষিণ কোরিয়া। সূত্র: ইত্তেফাক
- রাজনৈতিক ইস্যু ছাড়াও দ্বিপক্ষীয় বিভিন্ন বিষয় নিয়ে ইসরাইলের পররাষ্ট্রমন্ত্রী ইয়ার ল্যাপিডের সঙ্গে প্রথমবারের মতো বৈঠকের পর ফিলিস্তিনের সিভিল অ্যাফেয়ার মন্ত্রী হুসেইন আল শেখের টুইট বার্তা। সূত্র: যুগান্তর

## ২৪ জানুয়ারি

- জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠকে 'প্রধান নির্বাচন কমিশনার ও নির্বাচন কমিশনার নিয়োগ বিল ২০২২' পরীক্ষা-নিরীক্ষা শেষে সুপারিশ চূড়ান্ত করার পর সংসদে উত্থাপন করেন আইনমন্ত্রী আনিসুল হক। সূত্র: জনকণ্ঠ
- ঢাকা ও মস্কো কূটনৈতিক সম্পর্কের ৫০তম বার্ষিকীতে বাংলাদেশকে রাশিয়া শুভেচ্ছা জানিয়েছে। ঢাকায় রুশ দূতাবাসের সংবাদ বিজ্ঞপ্তি। সূত্র: জনকণ্ঠ
- বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে ব্রিটেনে বাংলাদেশি-অধ্যুষিত টাওয়ার হ্যামলেটস কাউন্সিলের নির্বাহী মেয়র জন বিগস সংবাদ সম্মেলনে পাঁচ বিশিষ্ট বাঙালির নামে পাঁচটি নতুন ভবন নামকরণের ঘোষণা করেন। পাঁচ বিশিষ্ট বাঙালি হলেন: কবি সুফিয়া কামাল, সমাজসেবক তাসাদ্দুক আহমেদ এমবিই, আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক সৈয়দ আশরাফুল ইসলাম এবং লন্ডনের প্রয়াত সাংবাদিক শাহাবউদ্দিন আহমেদ বেলাল। এছাড়া পূর্ব লন্ডনে বর্ণবাদবিরোধী আন্দোলনের প্রতীক আলতাব আলীর নামেও একটি ভবনের নামকরণ করা হচ্ছে। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ৪৫ হাজার ৮০৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ১৪,৮২৮ জন। সুস্থ হয়েছে ৯৯৮ জন। ১৫ জনের মৃত্যু। সূত্র: যুগান্তর
- পাকিস্তানের বিচার বিভাগের ইতিহাসে প্রথমবারের মতো সুপ্রিম কোর্টের নারী বিচারপতি হিসেবে শপথ নিয়েছেন আয়েশা মালিক (৫৫)। সূত্র: যুগান্তর

## ২৫ জানুয়ারি

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গণভবন থেকে রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) ভার্চুয়াল সভা অনুষ্ঠিত। মোট ৪ হাজার ৬২১ কোটি ৩৪ লাখ টাকা ব্যয়ে ১০ প্রকল্পের অনুমোদন।



বৈঠকে প্রধানমন্ত্রী হাওড় এলাকায় সড়ক নির্মাণের ক্ষেত্রে উড়াল সড়ক নির্মাণের নির্দেশ দেন। সূত্র: জনকণ্ঠ ও ইত্তেফাক।

- গত ২৪ ঘণ্টায় দেশে ৪৯ হাজার ৮৯২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ১৬,০৩৩ জন। সুস্থ হয়েছে ১,০৯৫ জন। ১৮ জনের মৃত্যু। সূত্র: ইত্তেফাক
- থাইল্যান্ডের প্রধানমন্ত্রী প্রায়ুথ চান-ওচা দুইদিনের রাষ্ট্রীয় সফরে সৌদি আরবে পৌছান। সূত্র: ইত্তেফাক

## ২৬ জানুয়ারি

- নির্বাচন কমিশন (ইসি) গঠনে করা আইনের খসড়ায় দুটি পরিবর্তনের সুপারিশসহ জাতীয় সংসদে প্রতিবেদন জমা দিয়েছে আইন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি। সূত্র: যুগান্তর
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভারতের ৭৩তম প্রজাতন্ত্র দিবস উপলক্ষ্যে দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে শুভেচ্ছা জানান। সূত্র: যুগান্তর
- এনজিও ফ্রেন্ডশিপের তৈরি 'বিশ্বের সেরা নতুন ভবন' হিসেবে 'যুক্তরাজ্যের রয়্যাল ইনস্টিটিউট অব ব্রিটিশ আর্কিটেক্টস-রিবা আন্তর্জাতিক পুরস্কার ২০২১' স্বীকৃতি পেল বাংলাদেশের সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলায় প্রত্যন্ত গ্রামের ৮০ শয্যার ফ্রেন্ডশিপ হাসপাতাল। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৪৯ হাজার ৭৩ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ১৫,৫২৭ জন। সুস্থ হয়েছে ১,০৫২ জন। ১৭ জনের মৃত্যু। সূত্র: সংবাদ
- ভারত সরকারের দেয়া পদ্মশ্রী ও পদ্মভূষণ খেতাব প্রত্যাখ্যান করেছেন ভারতের জনপ্রিয় সঙ্গীতশিল্পী সন্ধ্যা মুখোপাধ্যায় এবং পশ্চিমবঙ্গের সাবেক মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য। সূত্র: জনকণ্ঠ

## ২৭ জানুয়ারি

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা একাদশ জাতীয় সংসদের ষোড়শ অধিবেশনের সমাপনী ভাষণ দেন। সূত্র: সমকাল
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে বঙ্গবন্ধু জাতীয় আবৃত্তি উৎসব এবং বঙ্গবন্ধু শেখ মুজিব জাতীয় আবৃত্তি পদক প্রদান অনুষ্ঠানে ভার্চুয়ালি যোগ দেন। সূত্র: সমকাল

- গত ২৪ ঘণ্টায় দেশে ৪৯ হাজার ৪২৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ১৫,৫০৭ জন। সুস্থ হয়েছে ১,০৩২ জন। ১৫ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) দেশগুলোতে করোনা চিকিৎসায় প্রথমবারের মতো মার্কিন ওষুধ নির্মাতা প্রতিষ্ঠান ফাইজারের মুখে খাওয়া বড়ি 'প্যাক্সলোভিডে'র অনুমোদন দিয়েছে ইইউয়ের ওষুধ নিয়ন্ত্রক সংস্থা ইউরোপিয়ান মেডিসিন এজেন্সি (ইএমএ)। সূত্র: সমকাল
- স্লোভাকিয়ার হাইব্রিড গাড়ি নির্মাতা ক্লেইন ভিশনের তৈরি 'এয়ারকার' নামের বাহনটি ওড়ানোর অনুমোদন দিল দেশটির সরকার। সূত্র: যুগান্তর
- হন্ডুরাসে প্রথম নারী প্রেসিডেন্ট হিসেবে শপথ নিলেন বামপন্থি নেত্রী সিওমারা কাস্ত্রো (৬২)। সূত্র: ইত্তেফাক

**২৮ জানুয়ারি**

- ইউনেস্কো ঘোষিত বিশ্ব ঐতিহ্য সাড়ে ৬শ' বছরের বাগেরহাটের খানজাহান আলীর (র.) বসতভিটা খনন শুরু করেছে প্রত্নতত্ত্ব অধিদপ্তর। মাটির নিচে পাওয়া বিভিন্ন প্রত্নবস্তু পরীক্ষা-নিরীক্ষা শেষে রেজিস্ট্রেশন করে বিভিন্ন জাদুঘরে রাখা হবে। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৪৬ হাজার ২৬৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ১৫,৪৪০ জন। সুস্থ হয়েছে ১,৩২৬ জন। ২০ জনের মৃত্যু। সূত্র: কালের কণ্ঠ
- যুক্তরাষ্ট্রে বিশ্বের প্রথম স্বাস্থ্যবান ও এইচআইভি নেগেটিভ ৫৬ জন স্বেচ্ছাসেবীকে এইচআইভি টিকার ট্রায়াল শুরু। মডার্না ও ইন্টারন্যাশনাল এইডস ভ্যাকসিন ইনিশিয়েটিভস (আএভিআই) এর যৌথ বিবৃতি। সূত্র: জনকণ্ঠ
- জাতীয় নিরাপত্তা ইস্যু ও গুপ্তচরবৃত্তির অভিযোগ এনে টেলিকম কোম্পানি চায়না ইউনিকমকে নিষিদ্ধ করেছে যুক্তরাষ্ট্র। সূত্র: যুগান্তর

**২৯ জানুয়ারি**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ একাদশ জাতীয় সংসদের ষোড়শ অধিবেশনে পাস হওয়া নির্বাচন কমিশন (ইসি) গঠনে প্রধান নির্বাচন কমিশনার ও অন্যান্য নির্বাচন কমিশনার নিয়োগ বিল ২০২২-এ সম্মতি দেন। পরে নির্বাচন কমিশন



(ইসি) গঠনে প্রধান নির্বাচন কমিশনার ও অন্যান্য নির্বাচন কমিশনার নিয়োগ বিল ২০২২ এর গেজেট প্রকাশ করে সরকার। সূত্র: সমকাল

- গত ২৪ ঘণ্টায় দেশে ৩৩ হাজার ৩৭৩ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ১০,৩৮৭ জন। সুস্থ হয়েছে ১,১০৯ জন। ২১ জনের মৃত্যু। সূত্র: প্রথম আলো
- স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের প্রথম মহিলা ইংরেজি সংবাদ পাঠিকা পারভীন হোসেন (৯৩) করোনায় আক্রান্ত হয়ে যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় (২৩ জানুয়ারি) ইন্তেকাল করেন। সূত্র: সমকাল
- মিসরের চলমান মানবাধিকার লঙ্ঘনের ঘটনায় 'উদ্‌বেগ' থেকে দেশটির জন্য ঘোষিত ১৩ কোটি ডলারের সামরিক সহায়তা স্থগিত করেছে যুক্তরাষ্ট্র। সূত্র: যুগান্তর

**৩০ জানুয়ারি**

- কোভিড-১৯ এর সার্বিক পরিস্থিতি ও ভ্যাকসিন কার্যক্রম সংক্রান্ত বিষয়াদি নিয়ে প্রেস ব্রিফিংয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী জাহিদ মালেক বলেন, এখন থেকে ৪০ বছরের ঊর্ধ্বে সবাই বুস্টার ডোজ গ্রহণ করতে পারবেন। একই সঙ্গে ১২ বছরের ঊর্ধ্বে স্কুলগামী বা অন্য সকল শিশুকেও টিকা প্রদান করা হবে। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৪৩ হাজার ৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ১২,১৮৩ জন। সুস্থ হয়েছে ২,১৬৭ জন। ৩৪ জনের মৃত্যু। সূত্র: সংবাদ
- কঙ্গোতে জাতিসংঘের দুইজন বিশেষজ্ঞকে অপহরণের পর হত্যায় জড়িত থাকার দায়ে ৫১ জন মিলিশিয়া সদস্যকে মৃত্যুদণ্ড দিয়েছে কঙ্গোর সামরিক আদালত। সূত্র: সমকাল
- ইসলামিক স্টেটে নারী বাহিনীর সদস্য সংগ্রহ এবং তাদের নেতৃত্ব দেওয়ার অভিযোগে আমেরিকার অ্যালিসন ফ্লুকে একরেন নামে নারীকে গ্রেপ্তার। সূত্র: জনকণ্ঠ

**৩১ জানুয়ারি**

- সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত মেজর সিনহা মো. রাশেদ খান হত্যা মামলায় বরখাস্তকৃত ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) প্রদীপ দাশ ও বাহারছড়া

পিআইসির বরখাস্ত পরিদর্শক লিয়াকত আলীর বিরুদ্ধে মৃত্যুদণ্ডের রায় দিয়েছেন আদালত। সূত্র: ভোরের কাগজ

- করোনা মোকাবিলায় বাংলাদেশকে আরও এক কোটি ডোজ ফাইজারের কোভিড টিকা অনুদান হিসেবে দিয়েছে যুক্তরাষ্ট্র। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৪৫ হাজার ৩৫৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ১৩,৫০১ জন। সুস্থ হয়েছে ২,৫৬৮ জন। ৩১ জনের মৃত্যু। সূত্র: সমকাল
- ব্রিটেনে ৫ থেকে ১১ বছর বয়সী শিশুদের জন্য করোনা টিকার অনুমোদন দিয়েছে দেশটির ন্যাশনাল হেলথ সার্ভিস। সূত্র: জনকণ্ঠ
- রাশিয়া-ইউক্রেন যুদ্ধ ইস্যুতে বেলারুশ থেকে মার্কিন সরকারি কর্মচারীদের পরিবারের সদস্যদের দেশটি ছেড়ে চলে আসার নির্দেশ দিয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র। সূত্র: ইত্তেফাক



## ফেব্রুয়ারি

### ১ ফেব্রুয়ারি

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'জাতীয় নিরাপদ খাদ্য দিবস ২০২২' উপলক্ষ্যে বাণী দিয়েছেন। বাণীতে প্রধানমন্ত্রী বলেন, নিরাপদ খাদ্য প্রাপ্তি মানুষের সাংবিধানিক অধিকার। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ৪৫ হাজার ৯৩ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ১৩,১৫৪ জন। সুস্থ হয়েছে ২,৭০২১ জন। ৩১ জনের মৃত্যু। সূত্র: সমকাল
- মিয়ানমারের ক্ষমতা দখলকারী সামরিক বাহিনী দেশটিতে জরুরী অবস্থার মেয়াদ আগামী ৩১ জুলাই পর্যন্ত বাড়িয়েছে। দেশটির জাতীয় প্রতিরক্ষা ও নিরাপত্তা কাউন্সিলের বিবৃতি। সূত্র: জনকণ্ঠ
- মিয়ানমারে গত এক বছরে অভ্যুত্থানবিরোধী বিক্ষোভ চলাকালে নিরাপত্তা বাহিনীর দমন-পীড়নে ১৫শ' জন নিহত হয়েছে। জেনেভায় ব্রিফিংয়ে জাতিসংঘের মানবাধিকার বিষয়ক মুখপাত্র রবিনা শামদাসানি তথ্য জানান। সূত্র: যুগান্তর

### ২ ফেব্রুয়ারি

- মহাকাশে বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ উৎক্ষেপণের জন্য রাশিয়ার কোম্পানি গ্লাভকসমসের সঙ্গে ঢাকায় বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেডের (বিএসসিএল) কার্যালয়ে সমঝোতা স্মারক স্বাক্ষর। সূত্র: যুগান্তর
- সর্বসম্মতিক্রমে ২০২২ সালের জন্য জাতিসংঘ শান্তিবিনির্মাণ কমিশনের (পিবিসি)-এর প্রথম নারী সভাপতি হিসেবে নির্বাচিত হয়েছেন জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত রাবাব ফাতিমা। সূত্র: সংবাদ
- গফরগাঁওয়ের প্রাক্তন আওয়ামী লীগ দলীয় সংসদ সদস্য ও ভাষাসৈনিক আবুল হাসেম (৯৪)-এর ইন্তেকাল। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৪৪ হাজার ৪৫১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ১২,১৯৩ জন। সুস্থ হয়েছে ৪,২০৩ জন। ৩৬ জনের মৃত্যু। সূত্র: সমকাল

- শ্রীলঙ্কাকে জ্বালানি সংকট মোকাবিলায় দুই সপ্তাহের আলোচনার পর জরুরিভিত্তিতে তেল কিনতে ৫০০ মিলিয়ন ডলারের ঋণ দিয়েছে ভারত। সূত্র: ইত্তেফাক
- টোকিওর সাবেক গভর্নর দেশটির ডানপন্থি রাজনীতিবিদ ও ঔপন্যাসিক শিনতারো ইশিহারা (৮৯)-এর মৃত্যু। সূত্র: ইত্তেফাক

**৩ ফেব্রুয়ারি**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে বঙ্গভবনে প্রধান বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকী সৌজন্য সাক্ষাৎ করেন। সূত্র: জনকণ্ঠ
- একাত্তরে মুক্তিযুদ্ধে বাংলাদেশিদের ওপরে পাকিস্তানিদের নির্মম হত্যাযজ্ঞের ৫০ বছর পূর্তিতে 'জেনোসাইড বা গণহত্যা' বলে স্বীকৃতি দিয়ে বিশ্বে গণহত্যা নিয়ে কাজ করা আন্তর্জাতিক সংস্থা জেনোসাইড ওয়াচের প্রতিষ্ঠাতা সভাপতি জর্জ এইচ স্ট্যানটন সংস্থার ওয়েবসাইটে ঘোষণা দেন। বাংলাদেশের শহিদ সাংবাদিক সিরাজুদ্দীন হোসেনের ছেলে তৌহিদ রেজা নূরের আবেদনের প্রেক্ষিতে স্বীকৃতি দেওয়া হয়। সূত্র: যুগান্তর
- করোনা মোকাবিলায় স্কুল-কলেজের চলমান ছুটি আগামী ২১ ফেব্রুয়ারি পর্যন্ত বৃদ্ধি করে মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন জারি। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৪৪ হাজার ৮৪৩ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ১১,৫৯৬ জন। সুস্থ হয়েছে ৫,৯৫৫ জন। ৩৩ জনের মৃত্যু। সূত্র: সংবাদ
- লন্ডনভিত্তিক দি ইকোনমিস্ট গ্রুপের বৈশ্বিক টেকসই খাদ্য সূচক বা ফুড সাসটেইনেবিলিটি ইনডেক্স (এফএসআই) ২০২১-এ ৭৮টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ৪৪তম। বিশ্বব্যাপী টেকসই খাদ্য নিরাপত্তায় মধ্যম মাত্রার ঝুঁকিতে বাংলাদেশ। সূত্র: যুগান্তর

**৪ ফেব্রুয়ারি**

- বাংলাদেশ ও অস্ট্রিয়ার মধ্যে কূটনৈতিক সম্পর্কের সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অস্ট্রিয়ার চ্যান্সেলর কার্ল নেহামারের টেলিফোন। সূত্র: যুগান্তর



- গত ২৪ ঘণ্টায় দেশে ৩৯ হাজার ৪৪৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ৯,০৫২ জন। সুস্থ হয়েছে ৬,২৮২ জন। ৩০ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- আপিল বিভাগে শপথ নেওয়ার আগেই বিচারপতি এফ আর এম নাজমুল আহাসানের মৃত্যু। তার মৃত্যুতে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার শোক প্রকাশ। সূত্র: জনকণ্ঠ
- চীনের বেইজিংয়ে আইকনিক বার্ডস নেস্ট স্টেডিয়ামে প্রবেশের পর ২৪তম শীতকালীন অলিম্পিকের পর্দা উঠল। সূত্র: সমকাল
- রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন চীনে শীতকালীন অলিম্পিকের উদ্‌বোধনী অনুষ্ঠানে অংশ নেন। একইসঙ্গে রাশিয়া চীনকে অতিরিক্ত ১০ বিলিয়ন ঘনমিটার প্রাকৃতিক গ্যাস সরবরাহের চুক্তি স্বাক্ষর করে। সূত্র: ইত্তেফাক

**৫ ফেব্রুয়ারি**

- 'প্রধান নির্বাচন কমিশনার ও অন্যান্য কমিশনার নিয়োগ আইন ২০২২' অনুসারে রাষ্ট্রপতির আদেশক্রমে মন্ত্রিপরিষদ বিভাগ ৬ সদস্যের সার্চ কমিটি গঠন করে প্রজ্ঞাপন জারি। কমিটির সভাপতি আপিল বিভাগের বিচারপতি ওবায়দুল হাসান। কমিটির অন্য ৫ সদস্য হলেন হাইকোর্ট বিভাগের বিচারপতি এস এম কুদ্দুস জামান, মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক মুসলিম চৌধুরী, সরকারি কর্ম কমিশনের (পিএসসি) চেয়ারম্যান সোহরাব হোসাইন, সাবেক নির্বাচন কমিশনার মুহাম্মদ ছহুল হোসাইন এবং কথাসাহিত্যিক অধ্যাপক আনোয়ারা সৈয়দ হক। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩৫ হাজার ৭৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ৮,৩৫৯ জন। সুস্থ হয়েছে ৭,০১৭ জন। ৩৬ জনের মৃত্যু। সূত্র: ইত্তেফাক
- 'বাংলাদেশ প্রতিদিন'র নির্বাহী সম্পাদক বিশিষ্ট সাংবাদিক, রাজনৈতিক বিশ্লেষক ও কলামিস্ট পীর হাবিবুর রহমান (৫৮)-এর মৃত্যু। তার মৃত্যুতে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার শোক প্রকাশ। সূত্র: যুগান্তর

- ২০১৫ সালে ইরানের সঙ্গে সম্পাদিত পরমাণু চুক্তিতে ফিরে আসার পদক্ষেপের অংশ হিসেবে দেশটির বেসামরিক পরমাণু কর্মসূচির ওপর নিষেধাজ্ঞা প্রত্যাহার করেছে যুক্তরাষ্ট্র। সূত্র: কালের কণ্ঠ

**৬ ফেব্রুয়ারি**

- উপমহাদেশের কিংবদন্তি কণ্ঠশিল্পী লতা মুঙ্গেশকরের (৯২)-এর মৃত্যু। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার শোক প্রকাশ। সূত্র: ইত্তেফাক
- নির্বাচন কমিশন পুনর্গঠনের লক্ষ্যে প্রধান নির্বাচন কমিশনার ও অন্যান্য নির্বাচন কমিশনার পদে নিয়োগের জন্য রাজনৈতিক দল এবং ব্যক্তিগত পর্যায়ে আগ্রহী যোগ্যতাসম্পন্ন ব্যক্তিদের নাম আহ্বান করেছে সার্চ কমিটি। সূত্র: সমকাল
- বাংলাদেশ রেলওয়ের জন্য ৪২০টি ব্রডগেজ ওয়াগন কেনার লক্ষ্যে রেলভবনে সরবরাহকারী প্রতিষ্ঠান ভারতের হিন্দুস্তান ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ইন্ডাস্ট্রিজ লিমিটেডের সঙ্গে সরকারের চুক্তি স্বাক্ষর। সূত্র: ইত্তেফাক
- দেশজুড়ে করোনাভাইরাসের গণটিকা দেওয়া শুরুর পর গত এক বছরে প্রথম ডোজের টিকা নিয়েছে প্রায় ১০ কোটি মানুষ, যা দেশের মোট জনসংখ্যার প্রায় ৫৮ শতাংশ। সরকারের লক্ষ্য দেশের মোট জনসংখ্যার ৭০ শতাংশকে করোনার টিকার আওতায় আনা। এই লক্ষ্য পূরণে জটিলতা এড়াতে নিবন্ধন ছাড়াও অনেককে টিকা দেওয়া হচ্ছে। স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিবেদন। সূত্র: কালের কণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩৮ হাজার ৮২১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ৮,৩৪৫ জন। সুস্থ হয়েছে ৮,১৫৯ জন। ২৯ জনের মৃত্যু। সূত্র: যুগান্তর
- ইউক্রেন সংকট নিয়ে চলমান উত্তেজনার মধ্যে যুক্তরাষ্ট্রের সামরিক সরঞ্জাম পোল্যান্ডে পৌঁছানো শুরু। সূত্র: সমকাল

**৭ ফেব্রুয়ারি**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার ভার্চুয়াল বৈঠকে ব্যক্তি মালিকানায় থাকা গাছসহ সব ধরনের বন সংরক্ষণের বিধান রেখে



'বাংলাদেশ বনশিল্প উন্নয়ন করপোরেশন আইন ২০২২' এর খসড়া অনুমোদন। সূত্র: সংবাদ

- বাংলাদেশ ও জাপানের কূটনৈতিক সম্পর্ক প্রতিষ্ঠার ৫০তম বার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভিডিয়ো বার্তা। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ৪৪ হাজার ৪৭১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ৯,৩৬৯ জন। সুস্থ হয়েছে ৯,৫০৭ জন। ৩৮ জনের মৃত্যু। সূত্র: সংবাদ
- শহিদ বুদ্ধিজীবী শহীদুল্লা কায়সার এবং চলচ্চিত্র নির্মাতা জহির রায়হানের বোন ভাষাসৈনিক নাফিসা কবীর (৯০)-এর মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- বাংলাদেশ সংবাদ সংস্থার (বাসস) সাবেক নগর সম্পাদক শামসুল আলম বেলাল (৬৩)-এর মৃত্যু। সূত্র: যুগান্তর
- সুইজারল্যান্ডের জেনেভায় জাতিসংঘ মানবাধিকার কাউন্সিলের গুম বিষয়ক ওয়ার্কিং গ্রুপের পাঁচ দিনব্যাপী বৈঠক শুরু। সূত্র: যুগান্তর

**৮ ফেব্রুয়ারি**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) ভার্চুয়াল সভায় ৩৭ হাজার ৫শ' কোটি টাকা ব্যয়ে ১১ প্রকল্পের অনুমোদন। সূত্র: জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সভা অনুষ্ঠিত। সূত্র: ইত্তেফাক
- করোনাভাইরাস মোকাবিলায় বাংলাদেশকে আরও ৬০ লাখ ডোজ ফাইজারের টিকা উপহার দিয়েছে যুক্তরাষ্ট্র। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ৪১ হাজার ৬৯৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ৮,৩৫৪ জন। সুস্থ হয়েছে ১০,৮০০ জন। ৪৩ জনের মৃত্যু। সূত্র: সমকাল
- চীনের সঙ্গে চলমান উত্তেজনার মধ্যেই তাইওয়ানের সঙ্গে সামরিক সরঞ্জাম ও পরিষেবায় ১০ কোটি ডলারের চুক্তির অনুমোদন দিল বাইডেন প্রশাসন। সূত্র: জনকণ্ঠ

**৯ ফেব্রুয়ারি**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে ভার্চুয়ালি যুক্ত হয়ে নারায়ণগঞ্জ সিটি করপোরেশনের তৃতীয়বারের মতো নির্বাচিত মেয়র ডা. সেলিনা হায়াৎ আইভীকে শপথবাক্য পাঠ করান। সূত্র: যুগান্তর
- নতুন প্রধান নির্বাচন কমিশনার ও অন্য কমিশনারের নাম চেয়ে রাজনৈতিক দলগুলোর কাছে চিঠি পাঠিয়েছে সার্চ কমিটি। সূত্র: জনকণ্ঠ
- করোনা পরিস্থিতিতে সংক্ষিপ্ত পরিসরে স্বাস্থ্যবিধি মেনে নাটোরে উত্তরা গণভবনের সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন। ১৯৭২ সালের ৯ ফেব্রুয়ারি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আনুষ্ঠানিকভাবে দিঘাপাতিয়া রাজবাড়ীকে উত্তরা গণভবন হিসেবে নামকরণ করেন। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৪২ হাজার ৫৬৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ৮,০১৬ জন। সুস্থ হয়েছে ১০,৭২৫ জন। ৩৩ জনের মৃত্যু। সূত্র: সমকাল
- সিরিয়ার বিভিন্ন অবস্থান লক্ষ্য করে ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে ইসরাইল। সূত্র: ইত্তেফাক

**১০ ফেব্রুয়ারি**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে গাজীপুরের সফিপুর আনসার ভিডিপি একাডেমিতে আয়োজিত বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ৪২তম জাতীয় সমাবেশে ভার্চুয়ালি অংশ নেন। সূত্র: সমকাল
- অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামালের সভাপতিত্বে অনুষ্ঠিত সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ভার্চুয়াল সভায় ৩৪১ কোটি টাকা ব্যয়ে সাতটি ক্রয় প্রস্তাবের অনুমোদন। সূত্র: কালের কণ্ঠ
- ইকোনমিক ইনটেলিজেন্স ইউনিটের (ইআইইউ) পর্যালোচনায় বিশ্বের ১৬৫টি দেশ ও দুটি অঞ্চলের গণতান্ত্রিক পরিস্থিতি বিচার করে ২০২১ সালে বৈশ্বিক গণতন্ত্র সূচকে একধাপ এগিয়ে ৭৫তম স্থানে বাংলাদেশ। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ৪২ হাজার ৮৬৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ৭,২৬৪ জন। সুস্থ হয়েছে ১১,০৪১ জন। ৪১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ



- ১০ দিনের রাশিয়া ও বেলারুশের যৌথ সামরিক মহড়া শুরু। সূত্র: ইত্তেফাক
- সৌদি বাদশাহ সালমান বিন আবদুল আজিজ আল সৌদের সঙ্গে ফোনালাপ মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের। ফোনালাপে সৌদি বাদশাহ সন্ত্রাসবাদ ও এর অর্থায়ন মোকাবিলায় পারস্পরিক নিরাপত্তা সহযোগিতা জোরদার করার ওপর গুরুত্বারোপ করেন। সূত্র: ইত্তেফাক

**১১ ফেব্রুয়ারি**

- নতুন নির্বাচন কমিশন গঠনে ৩২৯ জনের নামের তালিকা পেল সার্চ কমিটি; মন্ত্রিপরিষদ সচিব খন্দকার আনোয়ারুল ইসলাম। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩৪ হাজার ৬৬৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ৫,০৬৮ জন। সুস্থ হয়েছে ১১,৩৫৩ জন ও ২৭ জনের মৃত্যু। সূত্র: যুগান্তর
- জীবাশ্ম জ্বালানির ওপর নির্ভরতা কমানো এবং ২০৫০ সাল নাগাদ ফ্রান্সকে কার্বন নিরপেক্ষ দেশ গড়ার লক্ষ্যে নতুন করে ১৪টি পারমাণবিক চুল্লি নির্মাণের ঘোষণা দিল দেশটির প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁ। সূত্র: ইত্তেফাক
- যুক্তরাষ্ট্রে আটকে রয়েছে আফগানিস্তানের ৭০০ কোটি মার্কিন ডলার (৫৯ হাজার ৫০০ কোটি টাকা) অর্থ। কিন্তু পুরো অর্থ আফগানদের ফেরত না দিয়ে সম্পদের অর্ধেক ৯/১১ সন্ত্রাসী হামলায় ক্ষতিগ্রস্তদের মধ্যে বিলিয়ে দেওয়ার পরিকল্পনা ওয়াশিংটনের। বাকি অর্ধেক যুদ্ধবিধ্বস্ত আফগানিস্তানে মানবিক সহায়তায় ব্যবহার করা হবে মর্মে নির্বাহী আদেশ জারি করেছে মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। সূত্র: ইত্তেফাক

**১২ ফেব্রুয়ারি**

- দেশের ২০ জন বিশিষ্ট নাগরিকের সঙ্গে সুপ্রিম কোর্টের কনফারেন্স রুমে প্রথম বৈঠকে অংশ নেন নির্বাচন কমিশন (ইসি) সংক্রান্ত সার্চ কমিটি। সূত্র: ইত্তেফাক

- গত ২৪ ঘণ্টায় দেশে ৩০ হাজার ৪৪৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ৫,০২৩ জন। সুস্থ হয়েছে ৮,৮২১ জন। ২০ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ১৯৪৭ সালে স্বাক্ষরিত ঐতিহাসিক পেংলং চুক্তির স্মরণে 'ইউনিয়ন ডে' উপলক্ষ্যে কারাগার থেকে ৮১৪ জন বন্দিকে মুক্তি দেওয়ার ঘোষণা দিয়ে মিয়ানমারের জান্তাপ্রধান মিন অং হ্লাইং'র বিবৃতি। সূত্র: সংবাদ
- ভারতের ইতিহাসে প্রথমবারের মতো ইন্ডিয়ান পেনকাক সিলাট ফেডারেশন (আইপিএসএফ) এবং জম্মু ও কাশ্মীরের পেনকাক সিলাট অ্যাসোসিয়েশন (পিএসএজেকে) ক্রীড়া বিভাগে মার্শাল আর্ট গুরু ও আন্তর্জাতিক কোচ ফয়সাল আলী দারকে সম্মানজনক পদ্মশ্রী পুরস্কারে ভূষিত। সূত্র: যুগান্তর

**১৩ ফেব্রুয়ারি**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে বঙ্গভবনে প্রধান নির্বাচন কমিশনার কে এম নুরুল হুদার নেতৃত্বে নির্বাচন কমিশনারদের সঙ্গে বিদায়ী সাক্ষাৎ। সূত্র: সমকাল
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে আয়োজিত ২০২১ সালের এইচএসসি ও সমমানের পরীক্ষার ফল প্রকাশ অনুষ্ঠানে ভার্চুয়ালি যুক্ত হন। করোনার কারণে সংক্ষিপ্ত সিলেবাসে পরীক্ষায় অংশ নেয়া ১৩ লাখ ৭১ হাজার ৬৮১ জন শিক্ষার্থীর মধ্যে পাস করে ১৩ লাখ ৬ হাজার ৭১৮ জন। পাসের হার ৯৫ দশমিক ২৬ শতাংশ। এদের মধ্যে জিপিএ-৫ পেল মোট ১ লাখ ৮৯ হাজার ১৬৯ জন শিক্ষার্থী। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩২ হাজার ৫৭৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ৪,৪৩৮ জন। সুস্থ হয়েছে ১৩,৮৫৩ জন। ২৮ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- মালয়েশিয়ায় গ্রেপ্তার হওয়া ১৯৭৫ সালের জেল হত্যায় অভিযুক্ত বাংলাদেশের সাবেক হাইকমিশনার খায়রুজ্জামানকে বাংলাদেশের কাছে হস্তান্তরের ওপর সাময়িক নিষেধাজ্ঞা দিয়েছে মালয়েশিয়ার আদালত। সূত্র: সংবাদ



**১৪ ফেব্রুয়ারি**

- নতুন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) ও নির্বাচন কমিশনার নিয়োগে যোগ্য ব্যক্তি বাছাইয়ে ৩২২ জনের নামের তালিকা মন্ত্রিপরিষদ বিভাগ ও তথ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করেছে সার্চ কমিটি। সূত্র: ইত্তেফাক
- অষ্টমবারের মতো মোংলা বন্দরে মেট্রোরেলের আরও একটি চালান নিয়ে পানামার পতাকাবাহী এম হরিজন-৯ জাহাজটি পৌঁছাল। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩৪ হাজার ৬৮৯ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ৪,৬৯২ জন। সুস্থ হয়েছে ১৩,২৩৭ জন। ১৯ জনের মৃত্যু। সূত্র: ইত্তেফাক
- গুম বিষয়ক জাতিসংঘের ওয়ার্কিং গ্রুপের ১২৬তম অধিবেশনে বাংলাদেশসহ বিভিন্ন দেশের গুমের ১৭টি অভিযোগ গুরুত্বের সঙ্গে খতিয়ে দেখেছে ওয়ার্কিং গ্রুপ। সূত্র: সমকাল
- জাতীয় নিরাপত্তার কথা উল্লেখ করে আবার চীনের ৫৪টি মোবাইল অ্যাপ বন্ধের আদেশ দিয়েছে ভারত সরকার। সূত্র: কালের কণ্ঠ

**১৫ ফেব্রুয়ারি**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি বাংলা একাডেমিতে 'অমর একুশে বইমেলা ২০২২' এর উদ্‌বোধন করেন। উদ্‌বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষ থেকে '২০২১ সালের বাংলা একাডেমি সাহিত্য' পুরস্কারপ্রাপ্ত ১৫ লেখককে পুরস্কার প্রদান করা হয়। পুরস্কারপ্রাপ্তরা হলেন: কবিতায় আসাদ মান্নান ও বিমল গুহ, কথাসাহিত্যে ঝর্ণা রহমান ও বিশ্বজিৎ চৌধুরী, প্রবন্ধ ও গবেষণা বিভাগে হোসেনউদ্দীন হোসেন, অনুবাদে আমিনুর রহমান ও রফিক-উম-মুনীর চৌধুরী, নাটকে সাধনা আহমেদ, শিশুসাহিত্যে রফিকুর রশীদ, মুক্তিযুদ্ধভিত্তিক গবেষণায় পান্না কায়সার, বঙ্গবন্ধু-বিষয়ক গবেষণায় হারুন-অর-রশিদ, বিজ্ঞান, কল্পবিজ্ঞান ও পরিবেশ বিজ্ঞান বিভাগে শুভাগত চৌধুরী, আত্মজীবনী, স্মৃতিকথা ও ভ্রমণকাহিনি বিভাগে সুফিয়া খাতুন ও হায়দার আকবর খান রনো এবং ফোকলোর বিভাগে আমিনুর রহমান সুলতান। সূত্র: ইত্তেফাক

- ভারতের জনপ্রিয় সংগীতশিল্পী সন্ধ্যা মুখোপাধ্যায় (৯০)-এর মৃত্যু। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার শোক প্রকাশ। সূত্র: জনকণ্ঠ
- ভারতের জনপ্রিয় সংগীতশিল্পী ও সুরকার বাপ্পী লাহিড়ী ৬৯ বছর বয়সে মুম্বাইয়ের একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিশ্বাস ত্যাগ করেন। সূত্র: ইত্তেফাক
- রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তন ভার্চুয়ালি যুক্ত হয়ে বীর নারী মুক্তিযোদ্ধাদের সম্মাননা স্মারক তুলে দেন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩৪ হাজার ৪৫৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ৪,৭৪৬ জন। সুস্থ হয়েছে ১১,৪১৭ জন। ৩৪ জনের মৃত্যু। সূত্র: সমকাল
- ইসরাইলি প্রধানমন্ত্রী নাফতালি বেনেট দ্বিপক্ষীয় উন্নয়নের লক্ষ্যে প্রথমবারের মতো বাহরাইন সফর। সূত্র: সংবাদ
- কানাডায় করোনাভাইরাস সংক্রান্ত বিধিনিষেধের বিরুদ্ধে 'চলমান আন্দোলন' ইস্যুতে ৫০ বছরের মধ্যে প্রথমবারের মতো দেশজুড়ে জরুরি অবস্থা জারি করেছে প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো। সূত্র: সংবাদ

### ১৬ ফেব্রুয়ারি

- মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে কেন্দ্রীয় শহিদ মিনারে ফুল দিতে করোনা প্রতিরোধী টিকা গ্রহণের সনদ সঙ্গে রাখতে হবে। যথাযথভাবে স্বাস্থ্যবিধি অনুসরণ, সামাজিক দূরত্ব বজায় রেখে ও মাস্ক পরে শহিদ মিনার এলাকায় প্রবেশ করতে হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আব্দুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাসরুমে অনুষ্ঠিত সমন্বয় কমিটি এবং বিভিন্ন উপকমিটির যৌথসভায় সিদ্ধান্ত। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩২ হাজার ২০৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ৩,৯২৯ জন। সুস্থ হয়েছে ১২,৭৫৭ জন। ১৫ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- মাদক পাচারের অভিযোগে হন্ডুরাসের সাবেক প্রেসিডেন্ট জোয়ান অরল্যান্ডো হার্নান্দেজকে গ্রেপ্তার করেছে দেশটির পুলিশ। সূত্র: সমকাল



- মালয়েশিয়ায় গ্রেপ্তার হওয়া ১৯৭৫ সালের জেল হত্যাকাণ্ডের অন্যতম আসামি এম খায়রুজ্জামানকে মুক্তি দিয়েছে সে দেশের অভিবাসন কর্তৃপক্ষ। সূত্র: যুগান্তর

### ১৭ ফেব্রুয়ারি

- অর্থ বিভাগের সিনিয়র সচিব আব্দুর রউফ তালুকদার গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপস্থিতিতে ষাটোর্ধ্বদের জন্য 'সর্বজনীন পেনশন ব্যবস্থা' বিষয়ে প্রণীত কৌশলপত্রের ওপর উপস্থাপনা প্রদান করেন। সর্বজনীন পেনশন ব্যবস্থা প্রবর্তনের লক্ষ্যে জরুরি ভিত্তিতে এ বিষয়ে আইন প্রণয়নের উদ্যোগ নিতে অর্থ বিভাগকে নির্দেশ দেন প্রধানমন্ত্রী। সূত্র: ইত্তেফাক
- বাংলাদেশ নৌবাহিনীর ব্যবস্থাপনায় প্রত্যাবাসন না হওয়া পর্যন্ত সাময়িক বসবাসের জন্য স্বেচ্ছায় ভাসানচর গেল আরও ১৯০৪ রোহিঙ্গা। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩৪ হাজার ৪৪৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ৩,৫৩৯ জন। সুস্থ হয়েছে ১১,৮০০ জন। ২০ জনের মৃত্যু। সূত্র: যুগান্তর
- ব্রাজিলের পেট্রোপলিস শহরে প্রবল বর্ষণে সৃষ্ট বন্যা এবং ভূমিধসে ৯৪ জনের মৃত্যু। ক্ষতিগ্রস্ত শহরে জরুরি অবস্থা জারি করেছে শহরটির মেয়র। সূত্র: সমকাল

### ১৮ ফেব্রুয়ারি

- বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) নতুন মহাপরিচালক হিসেবে মেজর জেনারেল সাকিল আহমেদকে নিয়োগ দিয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন জারি। সূত্র: সংবাদ
- দেশের দেওয়ানি ও ফৌজদারি দণ্ডবিধি, সাক্ষ্য ও তামাদি আইনের মতো মৌলিক আইনের বাংলায় অনূদিত নির্ভরযোগ্য পাঠ প্রণয়ন ও প্রকাশ করতে আইন সচিব, বাংলাদেশ আইন কমিশনের চেয়ারম্যান, বাংলা একাডেমির মহাপরিচালক ও সুপ্রিম কোর্টের রেজিস্ট্রার জেনারেলকে আইনি নোটিস পাঠাল সুপ্রিম কোর্টের ১০ জন আইনজীবী। সূত্র: সংবাদ

- বাংলাদেশ ও ভারতের দ্বিপক্ষীয় সম্পর্কের ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে 'ইন্ডিয়া-বাংলাদেশ ফ্রেন্ডশিপ ডায়ালগ' নামে আয়োজিত দুই দেশের উচ্চপর্যায়ের প্রতিনিধিদের নিয়ে হিমাচলের সিমলাতে দুইদিনের মৈত্রী সংলাপ শুরু। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৭ হাজার ৭৬৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ২,৫৮৪ জন। সুস্থ হয়েছে ৯,৯৮৮ জন। ২৪ জনের মৃত্যু। সূত্র: ইত্তেফাক
- মাইক্রোসফট সহপ্রতিষ্ঠাতা বিল গেটস প্রথমবারের মতো পাকিস্তান সফর করেন। সূত্র: যুগান্তর
- ভারতের আহমেদাবাদে ২০০৮ সালে বিস্ফোরণের ঘটনায় মোট ৫৬ জন নিহতের মামলায় অভিযুক্ত ৪৯ জনের মধ্যে ৩৮ জনকে মৃত্যুদণ্ড ও ১১ জনকে যাবজ্জীবন দণ্ড দেওয়ার নির্দেশ দিয়েছে দেশটির আদালত। সূত্র: সমকাল

**১৯ ফেব্রুয়ারি**

- ক্ষতিগ্রস্ত তিস্তা নদীর বাংলাদেশ অংশের নীলফামারীর ডিমলায় ও ভারতের পশ্চিমবঙ্গের কোচবিহার জেলার মেখলিগঞ্জ ও কুচলিবাড়ির মধ্যকার আন্তর্জাতিক সীমানা পিলারগুলো পুনর্নির্মাণ ও মেরামতের লক্ষ্যে নীলফামারী সার্কিট হাউসে দুই দেশের ৫ দিনব্যাপী যৌথ বৈঠক শুরু। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৪ হাজার ৬৯৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ২,১৫০ জন। সুস্থ হয়েছে ৭,৪৭৮ জন। ১৩ জনের মৃত্যু। সূত্র: সংবাদ
- কানাডার রাজধানী অটোয়ায় কোভিড ভ্যাকসিন ও বিধিনিষেধের বিরোধিতায় গত তিন সপ্তাহ ধরে চলা আন্দোলন-বিক্ষোভ দমাতে জরুরি অবস্থা জারির পর শতাধিক বিক্ষোভকারীকে আটক করল দেশটির প্রশাসন। সূত্র: যুগান্তর
- রাশিয়া-ইউক্রেন যুদ্ধ ইস্যুতে ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি মিউনিখ নিরাপত্তা সম্মেলনে প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে বৈঠকের আগ্রহ প্রকাশ। সূত্র: সমকাল



**২০ ফেব্রুয়ারি**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গণভবন থেকে সচিবালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার ভার্চুয়াল বৈঠকে 'জয় বাংলা'কে জাতীয় স্লোগান করার সিদ্ধান্ত। সূত্র: কালের কণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় আয়োজিত 'একুশে পদক ২০২২' বিতরণী অনুষ্ঠানে ভার্চুয়ালি অংশ নেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর পক্ষে ২৪ বিশিষ্ট নাগরিকের হাতে পদক ও ক্রেস্ট তুলে দেন মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক। একুশে পদকপ্রাপ্তরা হলেন: ভাষা আন্দোলনে মোস্তফা এম এ মতিন (মরণোত্তর) ও মির্জা তোফাজ্জল হোসেন মুকুল (মরণোত্তর), মুক্তিযুদ্ধ বিভাগে অধ্যক্ষ মো. মতিউর রহমান, সৈয়দ মোয়াজ্জেম আলী (মরণোত্তর), কিউ এ বি এম রহমান ও আমজাদ আলী খন্দকার, নৃত্যে জিনাত বরকতুল্লাহ, সংগীতে নজরুল ইসলাম বাবু (মরণোত্তর), ইকবাল আহমেদ ও মাহমুদুর রহমান বেনু, অভিনয়ে খালেদ মাহমুদ খান (মরণোত্তর), আফজাল হোসেন ও মাসুম আজিজ, সাংবাদিকতায় এম এ মালেক, বিজ্ঞান ও প্রযুক্তিতে মো. আনোয়ার হোসেন এবং শিক্ষায় অধ্যাপক ডা. গৌতম বুদ্ধ দাস, সমাজসেবায় এস এম আব্রাহাম লিংকন ও সংঘরাজ ডা. জ্ঞানশ্রী মহাথেরো; ভাষা ও সাহিত্যে কবি কামাল চৌধুরী ও ঝর্ণা দাস পুরকায়স্থ; গবেষণায় অধ্যাপক ডা. মো. আব্দুস সাত্তার মণ্ডল, ডা. মো. এনামুল হক, ডা. শাহানাজ সুলতানা এবং ডা. জান্নাতুল ফেরদৌস। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৫ হাজার ৪০৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ১,৯৮৭ জন। সুস্থ হয়েছে ৯,২৫২ জন। ২১ জনের মৃত্যু। সূত্র: সমকাল
- একুশে পদকপ্রাপ্ত কবি ও সাবেক সংসদ সদস্য কাজী রোজী (৭৩)-এর মৃত্যু। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার শোক প্রকাশ। সূত্র: ইত্তেফাক
- ভারত ও সংযুক্ত আরব আমিরাত এই অঞ্চলে শান্তি ও নিরাপত্তা রক্ষণাবেক্ষণে অবদান রেখে সামুদ্রিক সহযোগিতা বাড়াতে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও আবুধাবির ক্রাউন প্রিন্স শেখ মোহাম্মদ বিন জায়েদ আল নাহিয়ান দুই দেশের মধ্যে অনুষ্ঠিত ভার্চুয়াল সম্মেলনে সম্মত। সূত্র: যুগান্তর

**২১ ফেব্রুয়ারি**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে আয়োজিত 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২' ও 'মহান শহিদ দিবস' উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠান ভার্চুয়ালি উদ্‌বোধন করেন। সূত্র: জনকণ্ঠ
- সর্বস্তরে বাংলা ভাষা চালুর প্রক্রিয়ায় সর্বোচ্চ আদালতে বাংলায় রায় লেখা শুরু। এর পরিপূর্ণ বাস্তবায়নে আলাদা শাখা চালু হয়েছে। মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে ঢাকায় কেন্দ্রীয় শহিদ মিনারে ভাষা শহিদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন শেষে সাংবাদিকদের প্রধান বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকী। সূত্র: যুগান্তর
- নির্বাচন কমিশন (ইসি) গঠনের জন্য গঠিত সার্চ কমিটি প্রস্তাবিত নাম থেকে ১২/১৩ জনের তালিকা চূড়ান্ত করেছে। এই তালিকা থেকে ১০ জনের নামের তালিকা চূড়ান্ত করা হবে। তবে নামের তালিকা সার্চ কমিটি প্রকাশ করবে না। সুপ্রিম কোর্টের জাজেস লাউঞ্জে অনুষ্ঠিত সার্চ কমিটির ষষ্ঠ বৈঠক শেষে সাংবাদিকদের কমিটির প্রধান ও আপিল বিভাগের বিচারপতি ওবায়দুল হাসান। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৮ হাজার ৯৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ১,৯৫১ জন। সুস্থ হয়েছে ৮,৬৭৪ জন। ৯ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- রোহিঙ্গা গণহত্যার মামলায় জাতিসংঘের সর্বোচ্চ আদালত ইন্টারন্যাশনাল কোর্ট অব জাস্টিসে (আইসিজে) মিয়ানমারের সামরিক জান্তার তোলা আপত্তির ওপর গাম্বিয়ার মামলার শুনানি শুরু। সূত্র: সংবাদ
- রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন পূর্ব ইউক্রেনে রুশপন্থি বিদ্রোহীদের নিয়ন্ত্রিত দোনেৎস্ক পিপলস রিপাবলিক ও লুহানস্ক পিপলস রিপাবলিক নামের বিচ্ছিন্ন দুই অঞ্চলকে স্বীকৃতি দিয়েছে। সূত্র: ইত্তেফাক
- ভারতের জনতা দলের (আরজেডি) প্রধান লালু প্রসাদ যাদবকে পশুখাদ্য নিয়ে রাষ্ট্রীয় কোষাগার থেকে ১৩৯ কোটি রুপি আত্মসাতের দুর্নীতি মামলায় অভিযুক্ত করে পাঁচ বছরের কারাদণ্ড ও ৬০ লাখ রুপি জরিমানা করেছে দেশটির আদালত। সূত্র: যুগান্তর
- পশ্চিমবঙ্গের সুরকার অভিজিৎ বন্দোপাধ্যায় (৯০) বার্ধক্যজনিত নানা জটিলতায় মৃত্যুবরণ করেন। সূত্র: ভোরের কাগজ



**২২ ফেব্রুয়ারি**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) ভার্চুয়াল সভায় ৮ হাজার ৮০৪ কোটি ১০ লাখ টাকা ব্যয়ে ১০টি প্রকল্পের অনুমোদন। সূত্র: জনকণ্ঠ
- করোনা মোকাবিলায় কোভ্যাক্সের মাধ্যমে বাংলাদেশকে ফাইজারের তৈরি আরও ৬২ লাখ ডোজ করোনা প্রতিরোধী টিকা অনুদান দিয়েছে যুক্তরাষ্ট্র। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৩ হাজার ২৭৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ১,২৯৮ জন। সুস্থ হয়েছে ৮,০৭২ জন। ৫ জনের মৃত্যু। সূত্র: সমকাল

**২৩ ফেব্রুয়ারি**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে রাজধানীর হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের বলাকা ভবনে 'বিমান বাংলাদেশ এয়ারলাইনস্ লিমিটেডে'র সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে ভার্চুয়ালি যুক্ত হন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বিমান বাংলাদেশ এয়ারলাইনসের সেবার গুণগত মান উন্নয়নের ওপর গুরুত্বারোপ করে অন্যের ওপর নির্ভরতা কমাতে এবং নতুন প্রযুক্তি শেখা ও গ্রহণে মনোযোগী হওয়ার আহ্বান জানান। সূত্র: ইত্তেফাক
- তথ্য ও সম্প্রচারমন্ত্রী ড. হাছান মাহমুদ ভারতের ত্রিপুরা রাজ্যের রাজধানী আগরতলায় বাংলাদেশের সহকারী হাইকমিশন আয়োজিত 'দ্বিতীয় বাংলাদেশ চলচ্চিত্র উৎসব' উদ্‌বোধন করেন। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৩ হাজার ৫৪৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ১,৫৯৫ জন। সুস্থ হয়েছে ৮,৩৬৭ জন। ১৬ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন রাশিয়ার বিরুদ্ধে নতুন করে নিষেধাজ্ঞা আরোপের ঘোষণা দিয়েছে। সংক্ষিপ্ত ভাষণে বাইডেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের লুহানস্ক ও দোনেৎস্ককে স্বাধীন রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেওয়া এবং উভয় অঞ্চলে শান্তিরক্ষায় সেনা মোতায়েনের সিদ্ধান্তের নিন্দা জানান। সূত্র: ইত্তেফাক

- চট্টগ্রাম জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়ামে আফগানিস্তানের বিরুদ্ধে তিন ম্যাচ সিরিজের প্রথম ওয়ানডেতে ৪ উইকেটে জয়লাভ করেছে বাংলাদেশ ক্রিকেট দল। প্রধানমন্ত্রী শেখ হাসিনার অভিনন্দন। সূত্র: জনকণ্ঠ

**২৪ ফেব্রুয়ারি**

- রাষ্ট্রপতির মো. আবদুল হামিদের কাছে বঙ্গভবনে নির্বাচন কমিশনের জন্য সুপারিশকৃত ১০ জনের নামের তালিকা হস্তান্তর করেছে সার্চ কমিটি। সূত্র: জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে মুজিববর্ষ উপলক্ষ্যে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি প্রকাশিত গ্রন্থসমূহের প্রকাশনা উৎসব এবং একই অনুষ্ঠানে 'বঙ্গবন্ধু স্কলারস' বৃত্তি প্রদান ও বঙ্গবন্ধু শেখ মুজিব কুইজের চূড়ান্ত পুরস্কার বিতরণ অনুষ্ঠানে যুক্ত হন। সূত্র: সমকাল
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা চট্টগ্রামের কর্ণফুলী নদীর তলদেশে নির্মাণাধীন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেলের বোরিং কার্যক্রমের উদ্‌বোধন করেন। সূত্র: প্রথম আলো
- বাংলাদেশের সঙ্গে যুক্তরাষ্ট্রের সম্পর্কোন্নয়নে মাসে ২০ হাজার মার্কিন ডলার চুক্তিতে যুক্তরাষ্ট্রে 'নেলসন মুলিন্স' নামে প্রতিষ্ঠানকে লবিস্ট ফার্ম নিয়োগ করেছে সরকার। পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের এই তথ্য জানান পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৭ হাজার ৪৩৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ১,৫১৬ জন। সুস্থ হয়েছে ৬,৪৫৯ জন। ১০ জনের মৃত্যু। সূত্র: সংবাদ
- রাশিয়া ইউক্রেনে সামরিক অভিযান শুরু করে। সূত্র: জনকণ্ঠ
- মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন হোয়াইট হাউসে ইউক্রেনে রুশ আক্রমণের ইস্যু আলোচনা করার জন্য জাতীয় নিরাপত্তা পরিষদের সঙ্গে বৈঠক করেন। সূত্র: সমকাল
- রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ইউক্রেনের বিচ্ছিন্নতাবাদী নিয়ন্ত্রিত দনবাস অঞ্চলে রুশ সামরিক অভিযান শুরুর নির্দেশ দেওয়ার পর ইউক্রেনে সামরিক শাসন জারি করেন দেশটির প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি। সূত্র: ইত্তেফাক



**২৫ ফেব্রুয়ারি**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঢাকা মেট্রোপলিটন পুলিশের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে বাণীতে বলেন, জনগণের সেবা করাই পুলিশ বাহিনীর প্রতিটি সদস্যের পবিত্র দায়িত্ব। সেখানে কোনো ধরনের অনুরাগ বা বিরাগের সুযোগ নেই। সূত্র: যুগান্তর
- 'দ্য লোকাল গভর্নমেন্ট কোভিড-১৯ রেসপন্ড অ্যান্ড রিকভারি প্রজেক্ট' এর আওতায় বাংলাদেশকে ৩০ কোটি ডলার ঋণ অনুমোদন দিয়েছে বিশ্বব্যাংক। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৫ হাজার ৬৬৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ১,৪০৬ জন। সুস্থ হয়েছে ৬,৯৩৬ জন। ১১ জনের মৃত্যু। সূত্র: সমকাল
- ভারতে বিশ্বব্যাংকের কান্ট্রি ডিরেক্টর জুনায়েদ কামাল আহমদ প্রথম বাংলাদেশি হিসেবে বিশ্বব্যাংক গ্রুপের প্রতিষ্ঠান 'মাল্টিল্যাটারাল ইনভেস্টমেন্ট গ্যারান্টি এজেন্সি'র (মিগা) ভাইস প্রেসিডেন্ট (অপারেশন্স) পদে নিয়োগ পেয়েছেন। সূত্র: সমকাল
- মিরপুর শেরে বাংলা জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠিত সফরকারী আফগানিস্তানের বিপক্ষে ওয়ানডে সিরিজে ৮৮ রানে বিজয়ী হয়েছে বাংলাদেশ ক্রিকেট দল। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার অভিনন্দন। সূত্র: ইত্তেফাক

**২৬ ফেব্রুয়ারি**

- আগামী পাঁচ বছর প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) হিসেবে সাবেক আইন ও প্রতিরক্ষা সচিব কাজী হাবিবুল আউয়াল এবং নির্বাচন কমিশনার হিসেবে জেলা ও দায়রা জজ (অব.) বেগম রাশিদা সুলতানা, ব্রিগেডিয়ার (অব.) আহসান হাবিব খান, সিনিয়র সচিব (অব.) মো. আলমগীর ও সিনিয়র সচিব (অব.) আনিসুর রহমানকে নিয়োগ দিয়ে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে এ বিষয়ে প্রজ্ঞাপন জারি। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৮ হাজার ৩০৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ৭৫৯ জন। সুস্থ হয়েছে ৭,৩৪৩ জন। ৮ জনের মৃত্যু। সূত্র: ইত্তেফাক

- প্রবীণ সাংবাদিক এ এম মুফাজ্জাল (৮৯)-এর ইন্তেকাল। সূত্র: যুগান্তর
- ইউক্রেন ও রাশিয়া যুদ্ধের ইস্যুতে বিশ্বের প্রধান আর্থিক লেনদেনের বার্তা আদান-প্রদানকারী আন্তর্জাতিক প্রতিষ্ঠান সুইফট পেমেন্ট নেটওয়ার্ক থেকে রাশিয়াকে নিষিদ্ধ করার সিদ্ধান্ত নিয়েছে জার্মানি, যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র, ফ্রান্স, কানাডা, ইতালি এবং ইউরোপীয় কমিশন। এছাড়া ধনী রাশিয়ানদের গোল্ডেন পাসপোর্টও সীমিত করার সিদ্ধান্ত। সূত্র: সমকাল
- ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি ইউক্রেন-রাশিয়া যুদ্ধ ইস্যুতে ইউক্রেনকে সামরিক, প্রযুক্তিগত ও মানবিক সহায়তার জন্য সুইডেনকে টুইটারের মাধ্যমে ধন্যবাদ জানিয়েছেন। সূত্র: কালের কণ্ঠ

**২৭ ফেব্রুয়ারি**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি জাতীয় জাদুঘরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে জাতীয় বাস্তবায়ন কমিটি আয়োজিত 'বঙ্গবন্ধু শেখ মুজিব : মহাজীবনের মহাপট' শীর্ষক একটি স্ক্রল পেইন্টিংয়ের পক্ষকালব্যাপী প্রদর্শনীর উদ্‌বোধন করেন। সূত্র: সমকাল
- সুপ্রিম কোর্টের জাজেস লাউঞ্জে প্রধান বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকী প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) হিসেবে কাজী হাবিবুল আউয়ালসহ চার কমিশনারকে শপথ পাঠ করান। সূত্র: সমকাল
- নতুন ভোটার হওয়ার জন্য অনলাইনে আবেদন করে বসে আছেন ১১ লাখ ১৪ হাজার ৩৩ জন। নির্বাচন কমিশনের (ইসি) কেন্দ্রীয় সার্ভারে এসব মানুষের আবেদন অনিষ্পন্ন অবস্থায় আছে। আবেদন নিষ্পত্তি না হওয়ায় তারা জাতীয় পরিচয়পত্র (এনআইডি) পাচ্ছেন না। সবচেয়ে বেশি আবেদন ঝুলে আছে ঢাকা, কুমিল্লা ও ময়মনসিংহ অঞ্চলের জেলাগুলোয়। এছাড়া তালিকায় আছেন ১ লাখ ৭৯ হাজার ৮৩৮ জন দ্বৈত ভোটার। নির্বাচন কমিশনের মাসিক সমন্বয় সভায় নির্বাচন কমিশনের সচিব মো. হুমায়ুন কবীর খোন্দকার এই তথ্য প্রকাশ করেন। সূত্র: যুগান্তর



- গত ২৪ ঘণ্টায় দেশে ২১ হাজার ৫৪৩ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ৮৬৪ জন। সুস্থ হয়েছে ৬,২৬৪ জন। ৯ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনকে ইউক্রেন ও রাশিয়া যুদ্ধের ইস্যুতে আন্তর্জাতিক জুডো ফেডারেশন (আইজেএফ)-এর সভাপতি ও রাষ্ট্রদূতের পদ থেকে বরখাস্ত করেছে। সূত্র: যুগান্তর
- ইউক্রেন ও রাশিয়া যুদ্ধের ইস্যুতে রাশিয়ার কিছু ব্যাংককে আর্থিক লেনদেনের বার্তা আদান-প্রদানকারী আন্তর্জাতিক প্রতিষ্ঠান সুইফট থেকে বাদ দেওয়ার সিদ্ধান্ত নেওয়ায় পশ্চিমা মিত্র দেশগুলোকে ধন্যবাদ জানিয়েছেন ইউক্রেনের প্রধানমন্ত্রী ড্যানিস শিমহাল। সূত্র: জনকণ্ঠ

**২৮ ফেব্রুয়ারি**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে সচিবালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার ভার্চুয়াল বৈঠকে দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়া এবং বঙ্গোপসাগর উপকূলের দেশগুলোর মধ্যে প্রযুক্তিগত ও অর্থনৈতিক ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতার প্ল্যাটফর্ম 'বিমসটেক' সনদের খসড়ায় অনুমোদন। এছাড়া বৈঠকে শিশুদের শ্রমে নিয়োজিত করার সর্বনিম্ন বয়স সংক্রান্ত আইএলও'র কনভেনশন অনুসমর্থনের প্রস্তাব, হালাল পণ্য, ফ্রিল্যান্সিং, করোনার প্রেক্ষাপটে মেডিক্যাল ও ব্যক্তিগত সুরক্ষা সামগ্রীকে অন্তর্ভুক্ত করে 'রপ্তানি নীতি আদেশ ২০২১-২০২৪' এর খসড়ায় অনুমোদন দেওয়া হয়। সূত্র: জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্র থেকে এ পর্যন্ত বাংলাদেশ মোট ৬ কোটি ১০ লাখ (৬১ মিলিয়ন) ডোজ করোনা টিকার সর্বোচ্চ অনুদান পেয়েছে। ঢাকায় যুক্তরাষ্ট্র দূতাবাসের বিজ্ঞপ্তি। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৪ হাজার ৬০৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত হয়েছে ৮৯৭ জন। সুস্থ হয়েছে ৭,৯৭৬ জন। ৪ জনের মৃত্যু। সূত্র: যুগান্তর
- ইউক্রেন-রাশিয়া যুদ্ধের ইস্যুতে জাতিসংঘে নিযুক্ত রাশিয়ার মিশনের ১২ কূটনীতিককে বহিষ্কার করেছে যুক্তরাষ্ট্র। সূত্র: সমকাল

- মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন মার্কিন কংগ্রেস সদস্যদের উদ্দেশে দেওয়া স্টেট অব দ্য ইউনিয়ন ভাষণে চলমান ইউক্রেন-রাশিয়া ইস্যুতে রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনকে স্বৈরশাসক হিসেবে আখ্যা দেন। সূত্র: ইত্তেফাক
- সাবেক রুশ উপপররাষ্ট্রমন্ত্রী আন্দ্রেই ফেদরোভ আলজাজিরাকে দেওয়া সাক্ষাৎকারে জানান, ইউক্রেন-রাশিয়া যুদ্ধের ইস্যুতে রাশিয়ার প্রেসিডেন্ট পুতিন ২ মার্চের মধ্যেই জয় দিয়ে অভিযান শেষ করতে চান। সূত্র: সংবাদ



## মার্চ

### ১ মার্চ

- পিএসসি চেয়ারম্যান মো. সোহরাব হোসাইনের নেতৃত্বে পাঁচ সদস্যের প্রতিনিধি দল বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের কাছে কমিশনের বার্ষিক প্রতিবেদন ২০২১ পেশ করে। এ সময় রাষ্ট্রপতি বিভিন্ন নিয়োগ কার্যক্রম দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করতে সরকারি কর্ম কমিশনকে (পিএসসি) নির্দেশ দেন। সূত্র: সমকাল
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি ‘জাতীয় বীমা দিবস ২০২২’ উদ্‌যাপন উপলক্ষ্যে রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে (বিআইসিসি) অর্থ মন্ত্রণালয় এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (আইডিআরএ) আয়োজিত অনুষ্ঠানে অংশ নেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, বীমা খাতকে সম্পূর্ণভাবে ডিজিটালাইজড এবং অটোমেশনে আনতে হবে। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৩ হাজার ৮৮৩ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৭৯৯। সুস্থ ৭,৪৬০ জন ও ৮ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন স্টেট অব দ্য ইউনিয়ন ভাষণে রাশিয়া-ইউক্রেনের যুদ্ধ ইস্যুতে তার দেশের আকাশসীমায় রাশিয়ার বিমান চলাচলের ওপর নিষেধাজ্ঞা জারি করেন। সূত্র: ইত্তেফাক
- জেনেভায় অবস্থিত জাতিসংঘের সদর দপ্তরে মানবাধিকার কাউন্সিল এবং নিরস্ত্রীকরণ বিষয়ক সম্মেলনে রাশিয়ার পররাষ্ট্রমন্ত্রী সের্গেই ল্যাভরভকে বয়কট করে কূটনীতিকরা। সূত্র: ইত্তেফাক

### ২ মার্চ

- মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী ‘জয় বাংলা’কে জাতীয় স্লোগান করে মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন জারি। প্রজ্ঞাপনে সাংবিধানিক পদাধিকারীগণ, দেশে ও দেশের বাইরে সরকারি, স্বায়ত্তশাসিত, সংবিধিবদ্ধ সংস্থার কর্মকর্তা-কর্মচারীরা সকল জাতীয় দিবস উদ্‌যাপন ও

অন্য রাষ্ট্রীয় অনুষ্ঠানে, সব শিক্ষাপ্রতিষ্ঠানে প্রাত্যহিক সমাবেশ সমাপ্তির পর এবং সভা-সেমিনারে বক্তব্যের শেষে শিক্ষক ও ছাত্র-ছাত্রীরা বক্তব্যের শেষে জয় বাংলা স্লোগান উচ্চারণ করবেন। সূত্রঃ ইত্তেফাক

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গণভবন থেকে রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে ভার্চুয়ালি অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় মূল এডিপি থেকে প্রায় ৮ শতাংশ কমিয়ে দুই লাখ সাত হাজার ৫৫০ কোটি টাকা উন্নয়ন বাজেট বা সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) চূড়ান্তভাবে অনুমোদন। সূত্রঃ সংবাদ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে গোপালগঞ্জের কোটালীপাড়ায় ২০০০ সালে হত্যাচেষ্টা মামলায় মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামি ও নিষিদ্ধ ঘোষিত জঙ্গী সংগঠন হরকাতুল জিহাদের (হুজি) নেতা আজিজুল হক রানা শাহনেওয়াজ ওরফে রুমানকে (৪৪) রাজধানীর খিলক্ষেত বাজার এলাকা থেকে ২১ বছর পর গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তার করে ঢাকা মেট্রোপলিটন পুলিশের কাউন্টার টেরোরিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম ইউনিটের (সিটিটিসি) ট্রান্সন্যাশনাল ক্রাইম বিভাগ। সূত্রঃ জনকণ্ঠ
- করোনা মহামারি মোকাবিলায় বাংলাদেশকে যুক্তরাজ্যের দেওয়া আরও ১০ লাখ ডোজ অক্সফোর্ড-অ্যাস্ট্রাজেনেকার টিকা ঢাকা পৌঁছায়। সূত্রঃ জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২২ হাজার ৭১৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৭৩২। সুস্থ ৪,৮২৪ জন ও ৮ জনের মৃত্যু। সূত্রঃ ভোরের কাগজ
- রাশিয়া-ইউক্রেনের যুদ্ধ ইস্যুতে সেনাদের বিরুদ্ধে লড়াইয়ে অংশ নিতে ৮০ হাজার ইউক্রেনীয় নাগরিক দেশে ফিরেছেন। ইউক্রেনের স্বরাষ্ট্র মন্ত্রণালয়। সূত্রঃ সমকাল
- ইউক্রেনে রাশিয়ার সামরিক হামলার প্রতিবাদ ও নিন্দায় জাতিসংঘ সাধারণ পরিষদে ডাকা তিন দিন আলোচনা-বিতর্কের পর জাতিসংঘের ১৯৩ সদস্য দেশের মধ্যে ১৪১টি দেশের ভোটে রাশিয়ার সেনা প্রত্যাহারের প্রস্তাব পাস। সূত্রঃ সমকাল



**৩ মার্চ**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ, এনএসটি ফেলোশিপ এবং বিশেষ গবেষণা অনুদান প্রদান অনুষ্ঠানে অংশ নেন। সূত্রঃ ভোরের কাগজ
- ইউক্রেন আক্রমণের জেরে দেশটির বন্দরে আটকে পড়া 'এমভি বাংলার সমৃদ্ধি' জাহাজে আটকেপড়া বাংলাদেশি ২৮ নাবিককে উদ্ধার করে নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া হয়েছে; গণমাধ্যমে ভিডিয়ো বার্তায় পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম। সূত্রঃ সংবাদ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২২ হাজার ৫৮৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৬৫৭। সুস্থ ৪,৬২৮ জন ও ৫ জনের মৃত্যু। সূত্রঃ সমকাল
- প্রভাবশালী মার্কিন সাময়িকী টাইমের সর্বশেষ প্রচ্ছদে ইউক্রেনীয় ভাষায় ইউরোপীয় ইউনিয়ন পার্লামেন্টে দেওয়া ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির ভাষণের 'ভলোদিমির জেলেনস্কি এবং ইউক্রেনের নায়করা' উক্তিটি ইংরেজিতে লিখে প্রেসিডেন্ট জেলেনস্কি ও দেশটির নায়কদের প্রতি শ্রদ্ধা জানাল সাময়িকীটি। সূত্রঃ জনকণ্ঠ

**৪ মার্চ**

- শ্রীলঙ্কা কর্তৃক বাংলাদেশকে স্বীকৃতির ঐতিহাসিক সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে ভার্চুয়াল অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভিডিয়ো বার্তা। সূত্রঃ সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৮ হাজার ৯৬৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৬০৪। সুস্থ ৪,৪০৩ জন ও ৬ জনের মৃত্যু। সূত্রঃ জনকণ্ঠ
- ইউক্রেনে বাংলার সমৃদ্ধি জাহাজে হামলায় নিহত জাহাজের থার্ড ইঞ্জিনিয়ার হাদিসুর রহমানের মরদেহ বাংলাদেশ সরকারের কাছে হস্তান্তর। সূত্রঃ সমকাল
- ইউক্রেনের সঙ্গে যুদ্ধ পরিস্থিতিতে গুজব ঠেকাতে নিজ দেশে ফেসবুক, টুইটার ও ইউটিউব নিষিদ্ধ ঘোষণা করল রাশিয়া। সূত্রঃ সংবাদ

**৫ মার্চ**

- জনপ্রশাসন মন্ত্রণালয় সরকারি কর্মচারীদের সম্পদের হিসাব দেওয়ার নতুন নির্দেশনা দিয়ে সব মন্ত্রণালয় ও বিভাগের সিনিয়র সচিব ও সচিবদের কাছে চিঠি দিয়েছে। এতে বলা হয়, 'সরকারি চাকরি আইন, ২০১৮' এর আওতাভুক্ত সব সরকারি কর্মকর্তা তাদের নিয়ন্ত্রণকারী প্রশাসনিক মন্ত্রণালয়ে সম্পদ বিবরণী দাখিল, উক্ত সম্পদ বিবরণী ডাটাবেজ তৈরি ও নিয়ন্ত্রণকারী সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয় থেকে স্থাবর সম্পত্তি অর্জন বা বিক্রয়ের বিষয়ে 'সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯' এর ১১, ১২ ও ১৩ বিধি প্রতিপালন পূর্বক এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো। সূত্র: জনকণ্ঠ
- নয়াদিল্লিতে বাংলাদেশ-ভারত বাণিজ্য সচিব পর্যায়ের বৈঠকে পাটজাত পণ্যের ওপর থেকে অ্যান্টিডাম্পিং ডিউটি তুলে নেওয়া এবং বাণিজ্য বাধা দূর করার জন্য ভারতের কাছে বাংলাদেশের অনুরোধ। সূত্র: কালের কণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৭ হাজার ৪৬৩ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩৬৮। সুস্থ ৪,০১৮ জন ও ১৩ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ইউক্রেনে-রুশ যুদ্ধ ইস্যুতে আলোচনার জন্য মস্কোয় রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে বৈঠক করল ইসরাইলের প্রধানমন্ত্রী নাফতালি বেনেট। সূত্র: ইত্তেফাক
- যুদ্ধকালীন পরিস্থিতিতে রুশ সামরিক বাহিনী নিয়ে ভুল সংবাদ পরিবেশন করলেই যে কাউকে জেলহাজতে পুরে দেওয়ার নতুন আইন পাস রাশিয়ার। এমন পরিস্থিতিতে অস্থায়ীভাবে রাশিয়া থেকে সাংবাদিকদের প্রত্যাহার করে নিল ব্রিটিশ গণমাধ্যম বিবিসি। সূত্র: সমকাল

**৬ মার্চ**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে চট্টগ্রামের মেরিন ফিশারিজ অ্যাকাডেমির ৪১তম ব্যাচ ক্যাডেটদের প্যারেড অনুষ্ঠানে ভার্চুয়ালি যুক্ত হন। সূত্র: ইত্তেফাক



- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে 'ঢাকা উত্তর সিটি করপোরেশনে (ডিএনসিসি) অন্তর্ভুক্ত ১৮টি ওয়ার্ডের সড়ক অবকাঠামো ও ড্রেনেজ ব্যবস্থার নির্মাণ ও উন্নয়ন (ফেজ-১)' শীর্ষক প্রকল্পের কাজের উদ্‌বোধনী অনুষ্ঠানে ভার্চুয়ালি অংশ নেন। এ সময় প্রধানমন্ত্রী ঢাকা মহানগরীর ফুটপাতগুলো দখলমুক্ত রাখতে এবং পথচারীদের চলাচলের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দেন। গুলশাল, বনানী, বারিধারার মতো এলাকার বর্জ্য ব্যবস্থাপনার আরও উন্নয়নের জন্য তিনি সংশ্লিষ্ট মেয়রকে নির্দেশ দেন। সূত্র: যুগান্তর
- নয়াদিল্লিতে অনুষ্ঠিত বাংলাদেশ-ভারতের বাণিজ্য সচিব পর্যায়ের বৈঠকে দু'দেশের মধ্যে ট্রেনে পণ্য পরিবহণ বাড়ানোর সিদ্ধান্ত। এ জন্য বাংলাদেশে দুটি কন্টেইনার ডিপো, একটি লোডিং-আনলোডিং প্ল্যাটফর্ম ও ৯০০ মিটার রেললাইন স্থাপন বিষয়েও সিদ্ধান্ত হয়। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ২০ হাজার ১৩২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৫২৯। সুস্থ ৩,৩৪০ জন ও ৮ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- মিয়ানমারের ক্ষমতাচ্যুত রাষ্ট্রীয় উপদেষ্টা আউং সান সুচির নেতৃত্বাধীন সাবেক বেসামরিক প্রশাসন ও বর্তমান ছায়া সরকারের কয়েক জনের নাগরিকত্ব বাতিল করল জান্তা সরকার। সূত্র: জনকণ্ঠ
- ভারতীয় শিক্ষার্থীদের নিরাপদে সরিয়ে নেওয়ার জন্য সহযোগিতা চেয়ে ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির সঙ্গে ফোনালাপ ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির। এ সময় ইউক্রেনে চলমান সংঘাত এবং এর ফলে সৃষ্ট মানবিক সংকট নিয়ে ভারতের প্রধানমন্ত্রীর উদ্‌বেগ প্রকাশ। সূত্র: ইত্তেফাক

**৭ মার্চ**

- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ মার্চ ২০২২ উদ্‌যাপন উপলক্ষ্যে রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে সংস্কৃতি মন্ত্রণালয় আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি যুক্ত হন। সূত্র: জনকণ্ঠ

- ইউনেস্কোর ইন্টারন্যাশনাল সেন্টার ফর ডকুমেন্টারি হেরিটেজ (আইসিডিএইচ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ মার্চের ভাষণকে 'মেমোরি অব দ্য ওয়ার্ল্ড' হিসেবে স্বীকৃতি দেওয়ার পর আরেক তাৎপর্যপূর্ণ পদক্ষেপ হিসেবে সচিত্র গ্রন্থ 'মেমোরি অব দ্য ওয়ার্ল্ড ফিল্ড উইথ কালার' প্রকাশ করল। রাজধানীর মুক্তিযুদ্ধ জাদুঘরের প্রধান মিলনায়তনে প্রকাশনা অনুষ্ঠানে বক্তব্য দেন ডা. সারওয়ার আলী, সাবেক সিনিয়র সচিব আবুল কালাম আজাদ, আইসিডিএইচের পক্ষে সিউং চিউল লি এবং বইটির সম্পাদক আনজি কিম প্রমুখ। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ২০ হাজার ৭৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৪৩৬। সুস্থ ৩,৫৪৬ জন ও ৪ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ইউক্রেনে-রুশ যুদ্ধ ইস্যুতে আলোচনার জন্য ব্রিটিশ রানি দ্বিতীয় এলিজাবেথ উইন্ডসর প্রাসাদে সফররত কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডোর সঙ্গে বৈঠক করল। সূত্র: ইত্তেফাক

**৮ মার্চ**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা পাঁচ দিনের সরকারি সফরে সংযুক্ত আরব আমিরাতে পৌছান। তিনি আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে সংযুক্ত আরব আমিরাতের দুবাই এক্সপো-২০২০ এর মহিলা প্যাভিলিয়নে অনুষ্ঠিত 'রিডিফাইনিং দ্য ফিউচার অব উইমেন' শীর্ষক উচ্চপর্যায়ের প্যানেল আলোচনায় অংশ নেন। সূত্র: প্রথম আলো
- ঢাকায় বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের নিকট তথ্য কমিশনের বার্ষিক প্রতিবেদন ২০২০ পেশ করেন প্রধান তথ্য কমিশনার জনাব মরতুজা আহমদ। সূত্র: ইত্তেফাক
- ঢাকায় হোটেল ইন্টারকন্টিনেন্টালে বাংলাদেশের আয়োজনে প্রথমবারের মতো চার দিনব্যাপী জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার (এফএও) ৩৬তম এশিয়া ও প্যাসিফিক আঞ্চলিক সম্মেলন শুরু। সূত্র: জনকণ্ঠ
- বাংলাদেশ পুলিশের কাছে তথ্য অধিকার আইনে চাওয়া তথ্য আগামী ২০ দিনের মধ্যে আবেদনকারীকে সরবরাহের আদেশ দিল তথ্য কমিশন। সূত্র: সমকাল



- ইউক্রেনে রাশিয়ার সামরিক অভিযানের নিন্দা করে জাতিসংঘের সাধারণ পরিষদে ভোটদানে বিরত থাকায় বাংলাদেশকে করোনার উপহারের টিকা দেওয়ার সিদ্ধান্ত বাতিল করল লিথুয়ানিয়া। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৯ হাজার ৯৬৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৪৪৬। সুস্থ ৩,০৬২ জন ও ৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ইউক্রেন-রুশ যুদ্ধ ইস্যুতে ব্রিটিশ পার্লামেন্ট হাউস অব কমন্সে ভার্চুয়ালি ভাষণ দিল ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি। সূত্র: ইত্তেফাক
- ইউক্রেনে-রুশ যুদ্ধ ইস্যুতে যুক্তরাষ্ট্রে রাশিয়ার তেল, গ্যাস ও কয়লা আমদানির ওপর সম্পূর্ণ নিষেধাজ্ঞা আরোপ করল মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। সূত্র: সমকাল

**৯ মার্চ**

- দুবাই এক্সিবিশন সেন্টারে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং সংযুক্ত আরব আমিরাতের উপরাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী মোহাম্মদ বিন রশিদ আল মাকতুমের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক অনুষ্ঠিত। বৈঠকে উচ্চশিক্ষা, বৈজ্ঞানিক গবেষণা ও কূটনৈতিক প্রশিক্ষণসহ বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা বাড়াতে চারটি সমঝোতা স্মারকে স্বাক্ষর। সূত্র: সমকাল
- চলমান যুদ্ধ পরিস্থিতিতে ইউক্রেন থেকে বন্ধু দেশ ভারতের 'অপারেশন গঙ্গা'র মাধ্যমে নয় বাংলাদেশি নাগরিককে উদ্ধার করায় দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে ধন্যবাদ জানাল প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: সমকাল
- ইউক্রেনে যুদ্ধ পরিস্থিতিতে অলভিয়া বন্দরে রকেট হামলায় ক্ষতিগ্রস্ত 'এমভি বাংলার সমৃদ্ধি'র ২৮ নাবিক দেশে ফিরল। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৬ হাজার ৩৭০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩২৩। সুস্থ ২,৮২৪ জন ও ১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ

- শান্তি, ন্যায়বিচার, মানবাধিকার, লৈঙ্গিক সমতা এবং নারীর ক্ষমতায়নে ভূমিকা রাখায় যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের 'আন্তর্জাতিক সাহসী নারী পুরস্কার' (ইন্টারন্যাশনাল উইমেন অব কারেজ অ্যাওয়ার্ড) পেলেন বাংলাদেশ পরিবেশ আইনবিদ সমিতির (বেলা) প্রধান নির্বাহী সৈয়দা রিজওয়ানা হাসান। ঢাকায় মার্কিন দূতাবাসের সংবাদ বিজ্ঞপ্তি। সূত্র: যুগান্তর
- ইউক্রেনে রুশ সামরিক অভিযানের প্রতিবাদে যুক্তরাষ্ট্রভিত্তিক টেক জায়ান্ট থেকে ফুড জায়ান্ট কোম্পানি ম্যাকডোনাল্ডস, স্টারবাকস, কোকাকোলা ও পেপসির রাশিয়ায় ব্যবসা স্থগিতের ঘোষণা। সূত্র: সমকাল
- ইউক্রেন-রুশ যুদ্ধ ইস্যুতে 'বন্ধু নয়' এমন দেশের তালিকা প্রকাশ রাশিয়ার। এসব দেশের প্রতিষ্ঠান ও ব্যক্তিদের সঙ্গে যে কোনো চুক্তি করতে এখন থেকে রুশ সরকারের অনুমতি লাগবে। এ জন্য অর্থ পরিশোধ করতে হবে রুবলে। রাশিয়ার কেন্দ্রীয় ব্যাংকের নির্দেশনা। দেশগুলো হলো- আলবেনিয়া, অ্যান্ডোরা, অস্ট্রেলিয়া, যুক্তরাজ্য, ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশগুলো, আইসল্যান্ড, কানাডা, লিশটেনস্টাইন, মাইক্রোনেশিয়া, মনাকো, নিউজিল্যান্ড, নরওয়ে, দক্ষিণ কোরিয়া, সান মারিনো, উত্তর মেসিডোনিয়া, সিঙ্গাপুর, যুক্তরাষ্ট্র, তাইওয়ান, ইউক্রেন, মন্টেনিগ্রো, সুইজারল্যান্ড ও জাপান। এ ছাড়া ব্রিটিশশাসিত জার্সি দ্বীপপুঞ্জ, অ্যাঙ্গোলা, ব্রিটিশ ভার্জিন দ্বীপপুঞ্জ, জিব্রালটার অঞ্চলও আছে নিষেধাজ্ঞার আওতায়। সূত্র: সংবাদ

**১০ মার্চ**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা সংযুক্ত আরব আমিরাত থেকে ঢাকার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার (এফএও) এশিয়া ও প্যাসিফিক অঞ্চলের মন্ত্রী পর্যায়ের ৩৬তম সম্মেলনের উদ্‌বোধনী অনুষ্ঠানে অংশ নেন। এ সময় প্রধানমন্ত্রী বলেন, দক্ষিণ এশিয়ার প্রায় ৩০ কোটি ৫৭ লাখ মানুষ এখনও ক্ষুধায় কষ্ট পাচ্ছে। আমরা সবাই আন্তরিকভাবে চেষ্টা করলে তাদের জন্য সহজেই খাবারের ব্যবস্থা করতে পারি। জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থাভুক্ত এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে সদস্য রাষ্ট্রগুলোকে কৃষি খাতে অর্থায়ন ও সহায়তায় বিশেষ তহবিল গঠন, প্রযুক্তি বিনিময় ও গবেষণা বাড়ানোর প্রস্তাব দেন। সূত্র: সংবাদ



- নয়াদিল্লিতে দু'দিনব্যাপী চার দেশীয় আঞ্চলিক গ্রুপ বিবিআইএনের (বাংলাদেশ, ভুটান, ভারত ও নেপাল) বৈঠক অনুষ্ঠিত। বৈঠকে 'পাইলট অপারেশন' হিসেবে বাংলাদেশ, ভারত ও নেপাল ছয় মাসের মধ্যে যাত্রী ও পণ্যবাহী যানবাহনের রুট খোলার পরিকল্পনা নিয়ে এগিয়ে যাওয়ার সিদ্ধান্তে একমত প্রকাশ। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৭ হাজার ১০৩ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩২৭। সুস্থ ২,৪৭৯ জন ও ৩ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- দক্ষিণ কোরিয়ার নতুন প্রেসিডেন্ট হিসেবে সাবেক শীর্ষ প্রসিকিউটর ইয়ুন সুক ইওল (৬১) নির্বাচিত হয়েছেন। সূত্র: যুগান্তর

**১১ মার্চ**

- সংযুক্ত আরব আমিরাতের রাস আল খাইমায় বঙ্গবন্ধু ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন দেশটিতে সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৩ হাজার ৮০১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৫৭। সুস্থ ২,৩৯৯ জন ও ৫ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- যুক্তরাজ্য প্রবাসী বাংলাদেশিদের সম্মানে প্রথমবারের মতো লন্ডনের হোয়াইট চ্যাপেল স্টেশনের নাম ইংরেজির পাশাপাশি বাংলা ভাষায় লিখেছে দেশটির কর্তৃপক্ষ। সূত্র: সংবাদ
- যুদ্ধবিধ্বস্ত ইউক্রেন এবং ইউরোপীয় মিত্রদের জন্য এক হাজার ৩৬০ কোটি ডলারের সামরিক ও মানবিক সহায়তা প্যাকেজ অনুমোদন দিল মার্কিন কংগ্রেস। সূত্র: ইত্তেফাক

**১২ মার্চ**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা সংযুক্ত আরব আমিরাতে পাঁচ দিনের সরকারি সফর শেষে দেশে পৌঁছেছেন। সূত্র: ইত্তেফাক

- গত ২৪ ঘণ্টায় দেশে ১২ হাজার ৩৬৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৩৩। সুস্থ ১,৪১৭ জন ও ৩ জনের মৃত্যু। সূত্র: ইত্তেফাক
- ইউক্রেনের দক্ষিণ-পূর্বাঞ্চলীয় শহর মোলিতোপোলের মেয়র ইভান ফেদোরভকে গুম করার অভিযোগ রাশিয়ার বিরুদ্ধে। আগের মেয়রের স্থলে নতুন মেয়র হিসেবে সিটি কাউন্সিলের সাবেক ডেপুটি গ্যালিনা ড্যানিলচেঙ্কোকে নিয়োগ দিয়েছেন দেশটির প্রশাসন। সূত্র: জনকণ্ঠ

**১৩ মার্চ**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার (এফএও) মহাপরিচালক (ডিজি) কু ডংইউ'র সৌজন্য সাক্ষাৎ। এ সময় এফএও-কে একটি আন্তর্জাতিক বীজ (সিড) ব্যাংক প্রতিষ্ঠার প্রস্তাব দিয়ে প্রধানমন্ত্রী বলেন, বীজ ব্যাংক প্রতিষ্ঠা করা হলে শতবর্ষে যে কোনো প্রাকৃতিক দুর্যোগে খাদ্য সংকট মোকাবিলায় সহায়ক হতে পারে। সূত্র: ইত্তেফাক
- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে সুইজারল্যান্ড ও বাংলাদেশের কূটনৈতিক সম্পর্কের ৫০ বছর অতিক্রম উপলক্ষ্যে সুইজারল্যান্ডের প্রেসিডেন্ট ইগনাজি ওকাসিস শুভেচ্ছা জানিয়েছেন। সূত্র: জনকণ্ঠ
- নিত্যপণ্যের দ্রব্যমূল্য পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালের সভাপতিত্বে সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগে বৈঠক অনুষ্ঠিত। বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি, কৃষিমন্ত্রী আব্দুর রাজ্জাক, ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী এবং বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বৈঠক অংশ নেন। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৩ হাজার ৬৬৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৩৯। সুস্থ ১,৯২২ জন ও ১ জনের মৃত্যু। সূত্র: ইত্তেফাক
- বিশিষ্ট সাংবাদিক বীর মুক্তিযোদ্ধা আখতার হোসেন রাজার (৭৩) ইন্তেকাল। সূত্র: সংবাদ
- ইউক্রেন-রুশ যুদ্ধ চলাকালে কিয়েভ শহরের উত্তর-পূর্বাঞ্চলীয় এলাকায় ইরপিনে গুলিবিদ্ধ হয়ে মার্কিন সাংবাদিক ব্রেন্ট রেনড (৫০) নিহত। সূত্র: ইত্তেফাক



**১৪ মার্চ**

- মন্ত্রিসভার নিয়মিত বৈঠক ভার্চুয়ালি অনুষ্ঠিত। গণভবন থেকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বৈঠকে সভাপতিত্ব করেন। মন্ত্রিসভার সদস্যরা সচিবালয় থেকে অংশ নেন। বৈঠকে 'এভিডেন্স (অ্যামেন্ডমেন্ট) অ্যাক্ট, ২০২২'এর খসড়ায় নীতিগত ও 'বাংলাদেশ সুপ্রিম কোর্টের বিচারক (ছুটি, পেনশন ও বিশেষাধিকার) আইন, ২০২২' এর খসড়ার চূড়ান্ত এবং যুদ্ধাপরাধীর বাড়ি বা সম্পত্তি আদালত বাজেয়াপ্ত করলে তা পরিত্যক্ত সম্পত্তি হিসেবে বিবেচিত করার বিধান রেখে 'পরিত্যক্ত সম্পত্তির বাড়ি (সম্পূরক বিধান) আইন, ২০২২' এর খসড়া চূড়ান্ত অনুমোদন হয়েছে। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৪ হাজারের বেশি করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২১৭। সুস্থ ১,৬০০ জন। সূত্র: সমকাল
- 'ইউক্রেন-রুশ' যুদ্ধ চলাকালে ইউক্রেনের অলভিয়া বন্দরে রকেট হামলায় বাংলাদেশি জাহাজ 'বাংলার সমৃদ্ধি'তে কর্মরত নিহত প্রকৌশলী হাদিসুর রহমানের লাশ দেশে পৌঁছাল। সূত্র: যুগান্তর
- খ্যাতিমান চলচ্চিত্র নির্মাতা আজিজুর রহমান ৮১ বছর বয়সে কানাডায় একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। সূত্র : প্রথম আলো
- হ্যামিল্টনে ওয়ানডে বিশ্বকাপে প্রথমবারের মতো খেলতে গিয়ে পাকিস্তানকে ৯ রানে পরাজিত করে জয়লাভ করেছে বাংলাদেশ জাতীয় নারী ক্রিকেট দল। প্রধানমন্ত্রী শেখ হাসিনার অভিনন্দন। সূত্র: ইত্তেফাক

**১৫ মার্চ**

- জাতীয় পর্যায়ে গৌরবোজ্জ্বল ও কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতি হিসেবে ১০ ব্যক্তি ও এক প্রতিষ্ঠানকে রাষ্ট্রের সর্বোচ্চ মর্যাদা স্বাধীনতা পুরস্কারের জন্য মনোনীত করেছে সরকার। মন্ত্রিপরিষদ বিভাগ এক আদেশে পুরস্কারের জন্য মনোনীতদের নাম প্রকাশ করেছে। স্বাধীনতা ও মুক্তিযুদ্ধে অসামান্য অবদানের জন্য বীর মুক্তিযোদ্ধা ইলিয়াস আহমেদ চৌধুরী, শহিদ কর্নেল খন্দকার নাজমুল হুদা (বীর বিক্রম), আব্দুল জলিল, সিরাজ উদ্দীন আহমেদ, মোহাম্মদ ছহিউদ্দিন বিশ্বাস,

সিরাজুল হক মনোনীত হয়েছেন। চিকিৎসাবিদ্যায় অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া ও অধ্যাপক ডা. কামরুল ইসলাম পাচ্ছেন এ পুরস্কার। সাহিত্যে মো. আমির হামজা ও স্থাপত্যে স্থপতি সৈয়দ মইনুল হোসেন মরণোত্তর পুরস্কারের জন্য মনোনীত হয়েছেন। আর প্রাতিষ্ঠানিকভাবে পুরস্কারের জন্য মনোনীত হয়েছে বিদ্যুৎ বিভাগ ও বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট (বিডব্লিউএমআরআই)। সূত্র: যুগান্তর

- বাংলাদেশ ও সৌদি আরবের মধ্যে রাজনৈতিক, সামরিক এবং বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে সৌদি আরবের পররাষ্ট্রমন্ত্রী প্রিন্স ফয়সাল বিন ফারহান আল সৌদ দুদিনের সফরে ঢাকা পৌঁছেছেন। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৩ হাজার ১৭৯ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১৮২। সুস্থ ১,১৯২ জন। সূত্র: ইত্তেফাক
- মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন কংগ্রেসে ইউক্রেনে মানবিক ও সামরিক সহায়তায় এক হাজার ৩৬০ কোটি ডলারের প্যাকেজের একটি বিলে স্বাক্ষর করেন । সূত্র: ভোরের কাগজ
- অর্গানাইজেশন অব ইসলামিক কো-অপারেশন (ওআইসি)-এর পক্ষ থেকে পাকিস্তানের প্রস্তাবের প্রেক্ষিতে জাতিসংঘ সাধারণ পরিষদে (ইউএনজিএ) সর্বসম্মতিক্রমে ১৫ মার্চকে ইসলামোফোবিয়ার বিরুদ্ধে লড়াইয়ের জন্য আন্তর্জাতিক দিবস হিসেবে ঘোষণা করেছে। সূত্র: ইত্তেফাক

**১৬ মার্চ**

- গণভবন থেকে ভার্চুয়ালি প্রধানমন্ত্রী শেখ হাসিনা যশোরে বিমানবাহিনী ঘাঁটি বীরশ্রেষ্ঠ মতিউর রহমানে আয়োজিত অনুষ্ঠানে বাংলাদেশ বিমানবাহিনীর বিমানবহরে 'গ্রোব-১২০ টিপি' প্রশিক্ষণ বিমান সংযোজন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে অংশ নেন। সূত্র: যুগান্তর
- গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সফররত সৌদি পররাষ্ট্রমন্ত্রী ফয়সাল বিন ফারহান আল সৌদ সৌজন্য সাক্ষাৎ করেন। এ সময় প্রধানমন্ত্রী বিশেষ অর্থনৈতিক অঞ্চলে সৌদি আরবকে বড় ধরনের বিনিয়োগের আহ্বান জানিয়েছেন। সূত্র: ভোরের কাগজ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৩ হাজার ৭৯১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১৮২। সুস্থ ১,১৬১ জন। সূত্র: সমকাল



- সিলেট-৬ (গোলাপগঞ্জ-বিয়ানীবাজার) আসনের সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা ড. সৈয়দ মকবুল হোসেন (৭৬)-এর ইন্তেকাল। সূত্র: সমকাল
- গত ২৫ ফেব্রুয়ারি ইউক্রেন আক্রমণের পর রাশিয়ার সদস্যপদ স্থগিত করে স্ট্রাসবার্গভিত্তিক মহাদেশের নেতৃস্থানীয় মানবাধিকার পর্যবেক্ষক কাউন্সিল অব ইউরোপ। সংস্থার পক্ষ থেকে রাশিয়াকে চূড়ান্ত বহিষ্কারের আগেই আনুষ্ঠানিকভাবে সংস্থাটি ছেড়েছে রাশিয়া। সূত্র: যুগান্তর
- যুক্তরাষ্ট্রের সিনেটে সর্বসম্মতভাবে ইউক্রেন যুদ্ধ ইস্যুতে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনকে 'যুদ্ধাপরাধী' হিসেবে চিহ্নিত করেছে। সূত্র: সমকাল

**১৭ মার্চ**

- গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় 'হৃদয়ে পিতৃভূমি' শীর্ষক মুজিববর্ষের সমাপনী অনুষ্ঠান উপলক্ষ্যে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে শ্রদ্ধা নিবেদন করেছেন। সূত্র: সমকাল
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী নিয়ে নির্মিত সিনেমার নাম শুরুতে এ সিনেমার নাম 'বঙ্গবন্ধু' রাখা হলেও পরে পরিবর্তন করে সিনেমার নাম রাখা হয়েছে 'মুজিব'। বঙ্গবন্ধুর জন্মদিন উপলক্ষ্যে বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন করপোরেশনে (বিএফডিসি) আয়োজিত সংবাদ সম্মেলনে তথ্য প্রকাশ। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৩ হাজার ৭৯১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৩৩। সুস্থ ১,৫৬১ জন। কোনো মৃত্যু নেই। সূত্র: ভোরের কাগজ
- ইউক্রেন সেনার হাতে আটক ৯ রুশ সেনার বিনিময়ে মেলিটোপোল শহরের মেয়র ইভান ফেডোরোভকে মুক্তি দিয়েছে রাশিয়া। সূত্র: ভোরের কাগজ

**১৮ মার্চ**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০২তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু

দিবস উপলক্ষ্যে বাংলাদেশ আওয়ামী লীগ আয়োজিত অনুষ্ঠানে জাতির পিতার সমাধিসৌধ কমপ্লেক্সে ভার্চুয়ালি যুক্ত হন। সূত্র: ইত্তেফাক

- বিতর্ক ও সমালোচনার মুখে স্বাধীনতা পুরস্কারের তালিকা থেকে সাহিত্যে পুরস্কারপ্রাপ্ত প্রয়াত মো. আমির হামজার নাম বাদ দিয়ে নতুন তালিকা প্রকাশ করেছে মন্ত্রিপরিষদ বিভাগ। সংশোধিত তালিকা অনুযায়ী ৯ ব্যক্তি ও এক প্রতিষ্ঠানকে এ পুরস্কারের জন্য মনোনীত করে। ফলে সাহিত্য ক্যাটাগরিতে কেউ এবার স্বাধীনতা পুরস্কার পাচ্ছেন না। স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ ক্যাটাগরিতে পদক পাচ্ছেন বীর মুক্তিযোদ্ধা ইলিয়াস আহমেদ চৌধুরী, শহিদ কর্নেল খন্দকার নাজমুল হুদা (বীর বিক্রম), আব্দুল জলিল, সিরাজ উদ্দীন আহমেদ, মরহুম মোহাম্মদ ছহিউদ্দিন বিশ্বাস, মরহুম সিরাজুল হক। চিকিৎসাবিদ্যায় অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া ও অধ্যাপক ডা. মো. কামরুল ইসলাম; স্থাপত্যে প্রয়াত স্থপতি সৈয়দ মাইনুল হোসেন পুরস্কার পাচ্ছেন। প্রতিষ্ঠান হিসেবে এবার পুরস্কার পাবে বিদ্যুৎ বিভাগ ও বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট (বিডব্লিউএমআরআই)। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৭ হাজার ৪৫১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৬২ জনের। সুস্থ ১,০১৪ জন। কোনো মৃত্যু নেই। সূত্র: ইত্তেফাক
- ঢাকা রিপোর্টার্স ইউনিটির (ডিআরইউ) সাবেক প্রচার ও প্রকাশনা সম্পাদক ও জাতীয় প্রেসক্লাবের স্থায়ী সদস্য আবুল বাশার নুরুর (৫৩) ইন্তেকাল। সূত্র: জনকণ্ঠ
- দেশের মানুষের মানসিক সুখ, অর্থনৈতিক সচ্ছলতা ও সামাজিক তথ্যাদির ভিত্তিতে ওয়ার্ল্ড হ্যাপিনেস রিপোর্টে বিশ্বের সুখী দেশের তালিকায় ৭ ধাপ এগিয়ে বাংলাদেশের অবস্থান এখন ৯৪তম। সূত্র: ইত্তেফাক
- থাইল্যান্ডে এশিয়া কাপ আর্চারি স্টেজ-১ এ রোমান সানা-নাসরিন আক্তার জুটি ৫-৩ সেটে মিশ্র দলগত ইভেন্টের ফাইনালে ও নারী রিকার্ভে ভারতকে হারিয়ে দুই স্বর্ণ জয়লাভ করল বাংলাদেশ। সূত্র: যুগান্তর



**১৯ মার্চ**

- সাবেক রাষ্ট্রপতি ও প্রধান বিচারপতি সাহাবুদ্দীন আহমদের (৯২) মৃত্যু। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার শোক প্রকাশ। সূত্র: ইত্তেফাক
- জাতিসংঘ সমর্থিত সংস্থা মেডিসিন প্যাটেন্ট পুলের (এমপিপি) পক্ষ থেকে কোভিড-১৯ প্রতিষেধক ফাইজারের জেনেরিক সংস্করণ উৎপাদনের সাব-লাইসেন্স পেল দেশের ওষুধ উৎপাদনকারী প্রতিষ্ঠান বেক্সিমকো ফার্মাসিউটিক্যাল। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ৯ হাজার ৮২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৮২। সুস্থ ৮৩৭ জন ও ৩ জনের মৃত্যু। সূত্র: ইত্তেফাক
- ডলারের স্বল্পতার কারণে কাগজ আমদানি করতে না পারায় শ্রীলঙ্কা সরকার দেশটির লাখ লাখ স্কুল শিক্ষার্থীর পরীক্ষা অনির্দিষ্টকালের জন্য বাতিল করল। সূত্র: সমকাল
- একশ' বছরের ইতিহাসে প্রথমবার বিশ্বের বৃহত্তম ও ইন্দোনেশিয়ার ইসলামিক সংগঠন নাহদাতুল উলামার (এনইউ) কেন্দ্রীয় বোর্ডে ১১ জন নারী পাঁচ বছর মেয়াদের জন্য নিয়োগ পেল। সূত্র: জনকণ্ঠ

**২০ মার্চ**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনা অনুযায়ী ভর্তুকি মূল্যে সারাদেশে ১ কোটি পরিবারের মাঝে ট্রেডিং করপোরেশন অব বাংলাদেশের (টিসিবি) পণ্য বিক্রয় কার্যক্রম শুরু। সূত্র: জনকণ্ঠ
- ঢাকায় রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় সফররত যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের রাজনৈতিক বিষয়ক আন্ডার সেক্রেটারি ভিক্টোরিয়া নুল্যান্ডের সঙ্গে 'বাংলাদেশ-যুক্তরাষ্ট্র' আনুষ্ঠানিক বৈঠক অনুষ্ঠিত। সূত্র: কালের কণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১০ হাজার ৮৯৯ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১১৬। সুস্থ ১,১৪০ জন। সূত্র: ইত্তেফাক
- ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি 'ইউক্রেন-রুশ' যুদ্ধ চলাকালে রাশিয়ান সরকারের সঙ্গে সম্পৃক্ত থাকাসহ বিভিন্ন অভিযোগে দেশটির ১১টি রাজনৈতিক দলের ওপর নিষেধাজ্ঞা আরোপ। সূত্র: ইত্তেফাক

২১ মার্চ

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা পটুয়াখালীর কলাপাড়ায় ১ হাজার ৩২০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন পায়রা তাপবিদ্যুৎ কেন্দ্রের প্রথম পর্যায়ের উদ্‌বোধন করেন। তিনি পায়রা বিদ্যুৎ কেন্দ্র স্থাপনে সহযোগিতার জন্য চীনের প্রেসিডেন্টসহ সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানান। সূত্র: ইত্তেফাক
- দেশে প্রথমবারের মতো বাংলাদেশ পুলিশের এভিয়েশন উইং চালু হলো। বাংলাদেশ পুলিশের এভিয়েশন উইং চালুর অনুমতি প্রদানের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি বিশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন করেন পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) ড. বেনজীর আহমেদ। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১০ হাজার ৯৪৯ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১২১। সুস্থ ১,২৩৪ জন। সূত্র: জনকণ্ঠ
- মারিওপোলে পরাজয় স্বীকার করে সেনা ও শহর কর্তৃপক্ষকে আত্মসমর্পণ করতে রাশিয়ার প্রস্তাব প্রত্যাখ্যান করল ইউক্রেন। এদিকে ইউক্রেনের রাজধানী কিয়েভে কার্ফু জারি করেছেন শহরটির মেয়র ভিতালি ক্লিতসচকো। সূত্র: জনকণ্ঠ
- মিয়ানমারে রোহিঙ্গাদের ওপর চালানো নিপীড়নকে প্রথমবারের মতো জেনোসাইড বা 'গণহত্যা' হিসেবে স্বীকৃতি দিল মার্কিন প্রশাসন। সূত্র: যুগান্তর

২২ মার্চ

- রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে ভার্চুয়ালি অনুষ্ঠিত হয় জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভা। সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে সভাপতিত্ব করেন। সভায় ১৫ হাজার ৭৪৪ কোটি ৫৬ লাখ টাকা ব্যয়ে ১২ প্রকল্প অনুমোদন। সূত্র: সংবাদ
- কচুয়া-বেতাগী-পটুয়াখালী-লোয়ালিয়া-কালাইয়া সড়কে পায়রা নদীর ওপর সেতু নির্মাণের লক্ষ্যে রাজধানীর সেতু ভবনে দক্ষিণ কোরিয়ান সামহোয়ান করপোরেশন এবং বাংলাদেশের মীর আখতারের মধ্যে চুক্তি স্বাক্ষর। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ১০ হাজার ৫২১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১৩৪। সুস্থ ৯২১ জন ও ১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ



- ইউক্রেনের যুদ্ধ নিয়ে তাদের ওপর নিষেধাজ্ঞা দিয়ে 'প্রকাশ্যে অবন্ধুসুলভ' আচরণের অভিযোগে জাপানের নিষেধাজ্ঞার পাল্টা পদক্ষেপ হিসেবে দেশটির সঙ্গে দ্বিতীয় বিশ্বযুদ্ধ আনুষ্ঠানিকভাবে শেষ করা নিয়ে দ্বিপক্ষীয় শান্তি চুক্তি আলোচনা থেকে সরে গেল রাশিয়া। সূত্র: ইত্তেফাক
- রাশিয়া ও ইউক্রেন যুদ্ধ চলাকালে প্রথমবারের মতো বন্দি বিনিময় চুক্তি করল দেশ দুটি। এর আওতায় রাশিয়ার নয় কর্মীকে মুক্তি দিল ইউক্রেন। রুশ মানবাধিকার কমিশনার তাতিয়ানা মস্কালকভার তথ্য প্রকাশ। সূত্র: ইত্তেফাক
- ইউক্রেনের শরণার্থীদের সহায়তার জন্য নিজের নোবেল পদক নিলামে তুলছেন রুশ সাংবাদিক দিমিত্রি মুরাকভ। সূত্র: প্রথম আলো

২৩ মার্চ

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি সংযুক্ত হয়ে রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের হল অব ফেম মিলনায়তনে চলচ্চিত্র শিল্পে বিশেষ অবদানের জন্য 'জাতীয় চলচ্চিত্র পুরস্কার ২০২০' পুরস্কার প্রদান করেন। সূত্র: ইত্তেফাক
- সচিবালয়ে অনুষ্ঠিত ক্রয় কমিটির ভার্চুয়াল সভায় চাহিদা পূরণে পাঁচটি ভাড়াভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রের মেয়াদ ২ বছর করে বাড়ানোসহ মোট প্রায় ৭ হাজার ৫৭২ কোটি ৭৩ লাখ টাকা ব্যয়ে ১১টি ক্রয় প্রস্তাবের অনুমোদন। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১২ হাজার ১১১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৯২। সুস্থ ১,১১৪ জন। সূত্র: ইত্তেফাক
- স্বাগতিক দক্ষিণ আফ্রিকার বিপক্ষে প্রথমবারের মতো ৯ উইকেটে জয়লাভ করেছে বাংলাদেশ ক্রিকেট দল। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার অভিনন্দন। সূত্র: সমকাল

২৪ মার্চ

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা তেজগাঁওয়ের নিজ কার্যালয়ে 'স্বাধীনতা পুরস্কার-২০২২' প্রদান করেন। জাতীয় পর্যায়ে গৌরবোজ্জ্বল ও কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ ৯ বিশিষ্ট ব্যক্তি ও দুই প্রতিষ্ঠানকে স্বাধীনতা পুরস্কার দেওয়া হয়। পুরস্কারজয়ীরা হলেন: স্বাধীনতা ও মুক্তিযুদ্ধে

অসামান্য অবদানের জন্য এবার বীর মুক্তিযোদ্ধা ইলিয়াস আহমেদ চৌধুরী (মরণোত্তর) শহিদ কর্নেল খন্দকার নাজমুল হুদা (বীর বিক্রম) (মরণোত্তর) ছাড়াও মোহাম্মদ ছহিউদ্দিন বিশ্বাস এবং সিরাজুল হক (মরণোত্তর) 'স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ' ক্যাটাগরিতে পুরস্কার পেয়েছেন। 'চিকিৎসাবিদ্যায়' পুরস্কার পেয়েছেন অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া ও অধ্যাপক ডা. মো. কামরুল ইসলাম এবং 'স্থাপত্যে' ক্যাটাগরিতে প্রয়াত স্থপতি সৈয়দ মইনুল হোসেন স্বাধীনতা পুরস্কার পেয়েছেন। এ ছাড়াও 'মুজিববর্ষে' বাংলাদেশকে শতভাগ বিদ্যুতায়নে সাফল্যের জন্য বিদ্যুৎ বিভাগ এবং বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউটকে 'গবেষণা ও প্রশিক্ষণ' বিভাগে স্বাধীনতা পুরস্কার দেওয়া হয়। পুরস্কারপ্রাপ্ত প্রত্যেক ব্যক্তিকে স্বর্ণপদক, সার্টিফিকেট এবং সম্মানী চেক প্রদান করা হয়। সূত্র: যুগান্তর

- ইউক্রেনে রুশ আগ্রাসনের জেরে সৃষ্ট মানবিক সংকট নিরসনে দ্রুত ব্যবস্থা নেওয়া প্রশ্নে জাতিসংঘের সাধারণ পরিষদে আনা প্রস্তাবের পক্ষে ইউক্রেনকে ভোট দিয়েছে বাংলাদেশ। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ৯ হাজার ৯৩২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১০২। সুস্থ ১,২৬৮ জন। সূত্র: ইত্তেফাক
- যুক্তরাষ্ট্রের প্রথম নারী পররাষ্ট্রমন্ত্রী মেডেলিন অলব্রাইট ৮৪ বছর বয়সে ক্যান্সারে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন। সূত্র : প্রথম আলো
- ইউক্রেন-রুশ যুদ্ধ ইস্যুতে ইউরোপীয় ইউনিয়ন ইউক্রেনকে ১০০ কোটি ইউরোর সামরিক সাহায্য দিয়েছে। সূত্র: ভোরের কাগজ
- ইউক্রেনের রাজধানী কিয়েভে রুশ বাহিনীর বোমা হামলায় ওকসানা বাউলিনা নামে রাশিয়ান সাংবাদিক নিহত হয়েছেন। সূত্র: জনকণ্ঠ

**২৫ মার্চ**

- 'মুজিববর্ষে' শতভাগ বিদ্যুতায়ন সফলভাবে সম্পন্ন করার স্বীকৃতি হিসেবে বিদ্যুৎ বিভাগের পাওয়া 'স্বাধীনতা পুরস্কার-২০২২' প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে তার কার্যালয়ে তুলে দেওয়া হয়েছে। সূত্র: কালের কণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৭ হাজার ৩৩৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৬৫। সুস্থ ১,২৬৮ জন। সূত্র: ইত্তেফাক



- রাশিয়ার গ্যাসের ওপর ইউরোপের দেশগুলোর নির্ভরশীলতা কমাতে যুক্তরাষ্ট্রের কাছ থেকে বিপুল পরিমাণ তরলীকৃত প্রাকৃতিক গ্যাস কেনার চুক্তি করেছে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)। সূত্র : সমকাল
- মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন ইউক্রেন-রুশ যুদ্ধ শুরুর পর পোল্যান্ডের রাজধানী ওয়ারশতে ইউক্রেনের দুই মন্ত্রী ও কিয়েভের শীর্ষ কর্মকর্তাদের সঙ্গে প্রথমবারের মতো বৈঠক করেছেন। সূত্র: ইত্তেফাক
- সাধারণ মানুষের ওপর নৃশংস দমন-পীড়নের অভিযোগে মিয়ানমারের সশস্ত্র বাহিনী দিবসের আগে দেশটির সেনাবাহিনীর ওপর নতুন নিষেধাজ্ঞা দিয়েছে যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র ও কানাডা। সূত্র: জনকণ্ঠ

**২৬ মার্চ**

- স্বাধীনতা দিবস উপলক্ষ্যে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। সূত্র: সমকাল
- মহান স্বাধীনতা দিবসে ঢাকা-টরন্টো-ঢাকা রুটে বাংলাদেশ বিমানের ফ্লাইট বিজি ৩০৫ পরীক্ষামূলক প্রথমবারের মতো যাত্রা শুরু করে। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ৭ হাজার ৯৯৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৪৩। সুস্থ ৬৭৩ জন। সূত্র: যুগান্তর

**২৭ মার্চ**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর কার্যালয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির বৈঠকে অংশ নেন। ধানমণ্ডিতে অবস্থিত বঙ্গবন্ধুর ৩২ নম্বর বাড়িতে বড় পরিসরে ই-লাইব্রেরি ভিত্তিক একটি পৃথক লাইব্রেরি স্থাপনের পরিকল্পনার কথা জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, বিশ্বের সব দেশের মানুষ গবেষণার জন্য এই লাইব্রেরিতে বিভিন্ন দলিল ও তথ্য পাবেন। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ৭ হাজার ৯৭১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৪৩। সুস্থ ৬৭৩ জন। সূত্র: জনকণ্ঠ
- রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে ফোনালাপকালে তুর্কি প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ান রাশিয়া ও ইউক্রেন চলমান যুদ্ধ ইস্যুতে শান্তি আলোচনায় অংশ নেওয়ার জন্য অনুরোধ জানান। সূত্র: ইত্তেফাক

**২৮ মার্চ**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তার কার্যালয়ে সশরীরে মন্ত্রিসভার বৈঠক অনুষ্ঠিত। বৈঠকে 'আনসার ব্যাটালিয়ন আইন, ২০২২' এবং 'মুজিবনগর বিশ্ববিদ্যালয়, মেহেরপুর আইন, ২০২২' এর খসড়ার নীতিগত অনুমোদন দেওয়া হয়। সূত্র: যুগান্তর
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি রাজধানীতে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব) সদর দপ্তরে র‍্যাবের ১৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে অংশ নেন। প্রধানমন্ত্রী একই অনুষ্ঠানে র‍্যাবের ২, ১০, ১৩ ও ১৪-এর ব্যাটালিয়ন সদর দপ্তর, র‍্যাব ফোর্সেস ট্রেনিং স্কুল, 'মুজিব কর্নার' সংবলিত র‍্যাব হেরিটেজ মিউজিয়াম উদ্‌বোধন। সূত্র: ইত্তেফাক
- বাংলাদেশ-ভারত গভর্নমেন্টাল লাইনস অব ক্রেডিটের (এলওসি) অধীন প্রকল্পসমূহ পর্যালোচনার জন্য ঢাকায় অর্থ মন্ত্রণালয়ের অর্থনৈতিক সম্পর্ক বিভাগে উচ্চ পর্যায়ের প্রকল্প মনিটরিং কমিটির দ্বিতীয় সভা অনুষ্ঠিত। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ৯ হাজার ৩৯৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৮১। সুস্থ ৯৯৩ জন ও ১ জনের মৃত্যু। সূত্র: সমকাল
- রাশিয়া ও ইউক্রেন চলমান যুদ্ধ ইস্যুতে তুরস্কে অনুষ্ঠিতব্য শান্তি আলোচনায় নিরপেক্ষ অবস্থান গ্রহণ করে শান্তি চুক্তির বিষয়ে আলোচনা করতে আগ্রহ প্রকাশ ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির। সূত্র: সংবাদ

**২৯ মার্চ**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি যুক্ত হয়ে শরীয়তপুরের জাজিরায় শেখ রাসেল সেনানিবাসের উদ্‌বোধন করেন। সূত্র: ইত্তেফাক
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি শেখ হাসিনা ন্যাশনাল ইনস্টিটিউট অব বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি (এসএইচএনআইবিপিএস)-এ সিক্সথ ইন্টারন্যাশনাল কনফারেন্স অন প্লাস্টিক সার্জারি-২০২২ এবং 'মুজিব কর্নার' ও 'বঙ্গবন্ধু গ্যালারি' উদ্বোধনী অনুষ্ঠানে অংশ নেন। সূত্র: ইত্তেফাক



- দেশের সব নাগরিককে পেনশনের আওতায় আনতে 'সার্বজনীন পেনশন' ব্যবস্থা চালুর লক্ষ্যে জাতীয় পেনশন কর্তৃপক্ষ আইনের খসড়া প্রকাশ করল অর্থ মন্ত্রণালয়। সূত্র: সমকাল
- দেশের সড়ক নিরাপত্তায় ৩৫ দশমিক ৮ কোটি ডলার (তিন হাজার ৭৮ কোটি টাকা) অনুমোদন দিল বাংলাদেশের অন্যতম উন্নয়ন সহযোগী বিশ্বব্যাংক। বিশ্বব্যাংকের ঢাকা কার্যালয়ের সংবাদ বিজ্ঞপ্তি। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৯ হাজার ২০০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৬৯। সুস্থ ৭৪৭ জন ও ১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- তুরস্কের ইস্তাম্বুলে ইউক্রেন ও রাশিয়ার মধ্যে অনুষ্ঠিত শান্তি আলোচনায় 'উল্লেখযোগ্য অগ্রগতি'। ইউক্রেনের রাজধানী কিয়েভের আশপাশ ও উত্তরাঞ্চলীয় শহর চেরনিহিভে সামরিক অভিযান কমানোর প্রতিশ্রুতি মস্কোর। সংলাপের পর তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী এই তথ্য প্রকাশ করেন। সূত্র: যুগান্তর

**৩০ মার্চ**

- জাদুঘরের নিদর্শন ধ্বংস বা ক্ষতি করলে সর্বোচ্চ ১০ বছরের কারাদণ্ডের বিধান রেখে সংস্কৃতি প্রতিমন্ত্রী কে এম খালিদের প্রস্তাবিত 'বাংলাদেশ জাতীয় জাদুঘর বিল-২০২২' সংসদে কণ্ঠভোটে পাস। সূত্র: সমকাল
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা শ্রীলঙ্কার রাজধানী কলম্বোতে অনুষ্ঠিত পঞ্চম বিমসটেক শীর্ষ সম্মেলনে গণভবন থেকে ভার্চুয়ালি যুক্ত হন। সূত্র: যুগান্তর
- সৌদি রাষ্ট্রদূত মোহাম্মদ ঈসা বিন ইউসুফ আল দুহাইলান প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সংসদ ভবনে সৌজন্য সাক্ষাৎ করেন। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ৮ হাজার ৭৩ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৭২। সুস্থ ৮৭৬ জন ও ২ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- রাশিয়া ও ইউক্রেন চলমান যুদ্ধ ইস্যুতে গুপ্তচরবৃত্তির অভিযোগে আয়ারল্যান্ড, বেলজিয়াম, নেদারল্যান্ডস এবং চেক রিপাবলিক থেকে রাশিয়ার ৪৩ কূটনীতিককে বহিষ্কার। সূত্র: ইত্তেফাক
- রাশিয়া ও ইউক্রেন চলমান যুদ্ধ ইস্যুতে রাশিয়া থেকে কয়লা আমদানি নিষিদ্ধ করতে খসড়া আইন অনুমোদন দিল পোল্যান্ড সরকার। সূত্র: ইত্তেফাক

**৩১ মার্চ**

- জাতীয় সংসদে 'স্থানীয় সরকার (পৌরসভা) সংশোধন বিল-২০২২' গৃহীত। সূত্র: ভোরের কাগজ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে জাতিসংঘ সাধারণ পরিষদের (ইউএনজিএ) বাংলাদেশকে উন্নয়নশীল দেশ হিসেবে স্বীকৃতি প্রদানের আনুষ্ঠানিক উদ্‌যাপনের অংশ হিসেবে কক্সবাজারে অনুষ্ঠিত 'উন্নয়নের নতুন জোয়ার : বদলে যাও কক্সবাজার' কর্মসূচিতে ভার্চুয়ালি যোগ দেন। সূত্র: জনকণ্ঠ
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও ভারতের সঙ্গে কূটনৈতিক সম্পর্কের ৫০তম বছর উপলক্ষ্যে নয়াদিল্লীতে বাংলাদেশ হাইকমিশনের সার্বিক সহযোগিতায় ভারতের পাঞ্জাব রাজ্যের চন্ডিগড় ও লাভলি প্রফেশনাল বিশ্ববিদ্যালয়ে 'বঙ্গবন্ধু কর্নার' স্থাপন করা হয়েছে। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৭ হাজার ৪১৩ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৮১। সুস্থ ৮৯৩ জন। সূত্র: সমকাল
- প্রত্যাবাসন না হওয়া পর্যন্ত সাময়িক বসবাসের জন্য স্বেচ্ছায় নোয়াখালীর হাতিয়ার ভাসানচরে গেল আরও এক হাজার ৭১৩ রোহিঙ্গা। সূত্র: জনকণ্ঠ
- শ্রীলঙ্কায় প্রেসিডেন্ট গোটাবায়া রাজাপাকসের বাসভবনের সামনে খাদ্য, তেল ও বিদ্যুতের ভয়াবহ সংকটের প্রতিবাদে ব্যাপক বিক্ষোভের পর কারফিউ জারি করেছে দেশটির পুলিশ। সূত্র: ইত্তেফাক



## এপ্রিল

**১ এপ্রিল**

- আবৃত্তিশিল্পী ও সম্মিলিত সাংস্কৃতিক জোটের সাধারণ সম্পাদক হাসান আরিফের (৫৭) মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৬ হাজার ৩৬৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৫৬ জন। সুস্থ ৭১৭ জন। সূত্র: ইত্তেফাক
- ওয়াশিংটন বিশ্ববিদ্যালয়ের হাওয়ার্ড হিউস মেডিক্যাল ইনস্টিটিউটের গবেষক দলের প্রধান ইভান ইচলারের তথ্য প্রকাশ; প্রথমবারের মতো মানব জিনের পূর্ণাঙ্গ বিন্যাস উন্মোচন করতে সক্ষম হয়েছেন বিজ্ঞানীরা। প্রায় দুই দশকের প্রচেষ্টার পর টেলিমোর টু টেলিমোর (টি২টি) কনসোর্টিয়ামের প্রায় ১০০ বিজ্ঞানীর একটি দল এটি পুরোপুরি বিশ্লেষণ করল। সূত্র: যুগান্তর
- মধ্যপ্রাচ্যের কাতারে ইতিহাসে প্রথমবারের মতো অনুষ্ঠিত হতে যাওয়া ফুটবলের সর্বোচ্চ নিয়ন্ত্রক সংস্থা (ফিফা) এর বিশ্বকাপের থিম সং 'হায়া হায়া (বেটার টুগেদার)' মুক্তি দিল ফিফা কর্তৃপক্ষ। সূত্র: ইত্তেফাক
- বিবিসির প্রতিবেদন: ইউক্রেন-রাশিয়ার যুদ্ধে ইউক্রেনে রাশিয়ার এলিট ৩৩১ রেজিমেন্টের ৩৯ জন নিহত। সূত্র: সমকাল

**২ এপ্রিল**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে (বিআইসিসি) সমাজকল্যাণ মন্ত্রণালয়ের উদ্যোগে 'বিশ্ব অটিজম সচেতনতা দিবস' উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে অংশ নেন। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ৬ হাজার ৩৬৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৫৬ জন। সুস্থ ৭১৭ জন। সূত্র: ইত্তেফাক
- শ্রীলঙ্কায় চলমান অর্থনৈতিক সংকটকে কেন্দ্রে করে দেশজুড়ে জ্বালানিসহ অন্যান্য নিত্যপ্রয়োজনীয় পণ্যের অভাব, সহিংস ও বিক্ষোভ: প্রেসিডেন্ট গোটাবায়া রাজাপাকসে দেশে জরুরি অবস্থা জারি করেন। সূত্র: সংবাদ

**৩ এপ্রিল**

- জাতীয় সংসদে পেটেন্ট মালিকের স্বত্ব ১৬ বছরের বদলে ২০ বছরের জন্য সংরক্ষিত রাখার বিধান রেখে 'বাংলাদেশ পেটেন্ট বিল ২০২১' পাস। সূত্র: জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি রাজধানীর শাহবাগস্থ বিসিএস প্রশাসন অ্যাকাডেমিতে ১২১, ১২২ ও ১২৩ আইন এবং প্রশাসন কোর্সের সনদ বিতরণ ও সমাপনী অনুষ্ঠানে অংশ নেন। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ৭ হাজার ৭৮৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৬১ জন। সুস্থ ৮৪২ জন। ১ জনের মৃত্যু। সূত্র: যুগান্তর
- শ্রীলঙ্কায় অর্থনৈতিক সংকট চলমান পরিস্থিতিতে প্রধানমন্ত্রী মাহিন্দা রাজাপাকসের কাছে দেশটির মন্ত্রিসভার সদস্যরা পদত্যাগপত্র জমা দেন। সূত্র: যুগান্তর
- চলমান সংকটাপন্ন পরিস্থিতিতে শ্রীলঙ্কায় প্রথমবারের জন্য খাবার ও জ্বালানি সরবরাহ করে সাহায্য পৌঁছে দিল ভারত। সূত্র: ইত্তেফাক

**৪ এপ্রিল**

- বাংলাদেশ-যুক্তরাষ্ট্র কূটনৈতিক সম্পর্কের ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেনের চিঠি। সূত্র: সমকাল
- 'বিশ্ব পানি দিবস ২০২২' উপলক্ষ্যে রাজধানীর গ্রিন রোডের পানি ভবনে পানিসম্পদ মন্ত্রণালয় আয়োজিত মূল অনুষ্ঠানে গণভবন থেকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভার্চুয়ালি যোগ দেন। প্রধানমন্ত্রী অনুষ্ঠানে পানির অপচয় বন্ধ করতে সবার প্রতি আহ্বান জানিয়ে বলেন, আমাদের বিপুল পানি সম্পদের সঠিক ব্যবহার নিশ্চিত করতে পারলে দেশবাসী কখনোই নিরাপদ খাবার পানির সংকটে পড়বে না। বরং বিশ্বে নিরাপদ পানি সরবরাহ করা যাবে। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ৬ হাজার ৮৮৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩৬ জন। সুস্থ ৮৯৯ জন। সূত্র: সমকাল
- শ্রীলঙ্কায় চলমান অর্থনৈতিক সংকটের মধ্যে পদত্যাগ করলেন দেশটির কেন্দ্রীয় ব্যাংকের গভর্নর অজিথ নিভার্ড ক্যাবরাল। সূত্র: জনকণ্ঠ



- হাঙ্গেরির সাধারণ নির্বাচনে বিপুল ভোটে জয়ী হয়ে চতুর্থবারের মতো নির্বাচিত হয়েছেন দেশটির জাতীয়তাবাদী প্রধানমন্ত্রী ভিক্টর অরবান (৫৮)। সূত্র : কালের কণ্ঠ

**৫ এপ্রিল**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) ভার্চুয়াল সভায় ১২ হাজার ১৬ কোটি ৮৮ লাখ টাকার ১২টি প্রকল্পের অনুমোদন। সূত্র: সংবাদ
- বাংলাদেশ-যুক্তরাষ্ট্রের কূটনৈতিক সম্পর্কের ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে ওয়াশিংটনে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী এ কে আবদুল মোমেন ও যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি জে ব্লিনকেনের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক অনুষ্ঠিত। সূত্র: সমকাল
- জাতীয় সংসদে বাণিজ্য সংগঠনে প্রশাসক বসানোর বিধান এবং বিদেশি ব্যবসায়ীদের নিয়ে দেশে যৌথ বাণিজ্য সংগঠন তৈরির সুযোগ রেখে 'বাণিজ্য সংগঠন বিল ২০২২' পাস। সূত্র: কালের কণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৫ হাজার ৯১৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩৬ জন। সুস্থ ৭৮৫ জন। সূত্র: যুগান্তর
- রাশিয়া ও ইউক্রেনের চলমান যুদ্ধ ইস্যুতে ইউক্রেনের বুচায় নৃশংসতার অভিযোগে জার্মানে নিযুক্ত ৪০ রুশ কূটনীতিককে বহিষ্কার করল দেশটির প্রশাসন। সূত্র: যুগান্তর

**৬ এপ্রিল**

- 'জয় বাংলা' জাতীয় স্লোগান হিসেবে প্রতিষ্ঠায় বলিষ্ঠ ভূমিকার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তার মন্ত্রিপরিষদকে ধন্যবাদ জানিয়ে জাতীয় সংসদে প্রস্তাব পাস। সূত্র: যুগান্তর
- ওয়াশিংটনে বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যে অষ্টম রাউণ্ডের নিরাপত্তা সংলাপ শুরু হয়েছে। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৬ হাজার ৭৪৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৪৪ জন। সুস্থ ৬২৭ জন। সূত্র: ইত্তেফাক

- ইউক্রেনের বুচা শহরে যুদ্ধাপরাধের অভিযোগ ওঠার পর রাশিয়ার বিভিন্ন ব্যাংক, গুরুত্বপূর্ণ সরকারি আর্থিক প্রতিষ্ঠান ও বিনিয়োগ খাতকে নিষেধাজ্ঞা আরোপ করেছে যুক্তরাষ্ট্র। সূত্র: কালের কণ্ঠ

**৭ এপ্রিল**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে ডিজিটাল বাংলাদেশ টাস্কফোর্সের বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে ডিজিটাল বাংলাদেশ টাস্কফোর্সের নাম পরিবর্তন করে 'স্মার্ট বাংলাদেশ টাস্কফোর্স' করার সিদ্ধান্ত হয়। সূত্র: ইত্তেফাক
- বাংলাদেশ স্কাউটের সুবর্ণজয়ন্তী ও বাংলাদেশ স্কাউটস ডে ২০২২ উপলক্ষ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবনে স্মারক ডাকটিকিট অবমুক্ত করেন। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ৬ হাজার ২৩৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৪৮ জন। সুস্থ ৬৬০ জন। সূত্র: ইত্তেফাক
- রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের দুই মেয়ে মারিয়া ভোরোনৎসোভা এবং কাতেরিনা তিখোনোভার সম্পদ জব্দ এবং ভ্রমণ নিষিদ্ধের ঘোষণা দিয়েছে যুক্তরাজ্যের বরিস জনসন সরকার। সূত্র: জনকণ্ঠ
- ওয়াশিংটন পোস্টের কলামিস্ট জামাল খাসোগি হত্যাকাণ্ডের বিচার বাতিল করে দিয়েছে তুরস্কের আদালত। সূত্র: যুগান্তর
- ইউক্রেনে ক্রমবর্ধমান হামলার পরিপ্রেক্ষিতে জাতিসংঘের সাধারণ পরিষদ (ইউএনজিএ) জাতিসংঘ মানবাধিকার কাউন্সিল থেকে রাশিয়ার সদস্যপদ স্থগিত করেছে। সূত্র: যুগান্তর

**৮ এপ্রিল**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা জার্মানি এবং ভ্যাকসিন অ্যালায়েন্স গ্যাভি আয়োজিত '২০২২ গ্যাভি কোভ্যাক্স এএমসি সামিট : ব্রেক কোভিড নাও' শীর্ষক ভার্চুয়াল সম্মেলনে ভিডিয়ো বার্তা দিয়েছেন। বার্তায় প্রধানমন্ত্রী যে সব দেশ এখনো টিকা দেওয়ার লক্ষ্য থেকে অনেক দূরে রয়েছে তাদের সহায়তা করতে আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানিয়েছেন। সূত্র: ভোরের কাগজ



- গত ২৪ ঘণ্টায় দেশে ৬ হাজার ৭৮০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৪৪ জন। সুস্থ ৬২৭ জন। সূত্র: ইত্তেফাক
- ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির সঙ্গে লন্ডনস্থ ইউক্রেনের দূতাবাসে বৈঠকে করেন ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসন। সূত্র: সমকাল

**৯ এপ্রিল**

- গত ২৪ ঘণ্টায় দেশে ৫ হাজার ২৪৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৪২ জন। সুস্থ ৭০৭ জন। সূত্র: ইত্তেফাক
- রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ইউক্রেন অভিযানের উদ্দেশ্যে যুদ্ধের কৌশল পাল্টাতে দেশটির সামরিক বাহিনী পুনর্গঠন করেছেন। সূত্র: যুগান্তর
- পাকিস্তানে প্রথমবারের মতো পার্লামেন্টের নিম্নকক্ষে জাতীয় পরিষদে অনাস্থা ভোটে হেরে বিদায় নিয়েছেন দেশটির প্রধানমন্ত্রী ইমরান খান। সূত্র: সমকাল

**১০ এপ্রিল**

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে রাজারবাগে বাংলাদেশ পুলিশ অডিটরিয়ামে দেশের ৬৫৯টি থানায় স্থাপিত 'সার্ভিস ডেস্ক'র উদ্‌বোধন এবং গৃহহীনদের জন্য পুলিশের নির্মিত ৪০০টি ঘর হস্তান্তর অনুষ্ঠানে ভার্চুয়ালি যুক্ত হন। সূত্র: যুগান্তর
- অর্থনীতিবিদ অধ্যাপক ড. আতিউর রহমান বাংলা একাডেমি প্রবর্তিত 'রবীন্দ্র পুরস্কার-২০২১' এ ভূষিত। বাংলা একাডেমির শহিদ মুনীর চৌধুরী সভাকক্ষে তাকে সনদ, সম্মাননা স্মারক ও পুরস্কারের চেক তুলে দেন বাংলা একাডেমির সভাপতি কথাসাহিত্যিক সেলিনা হোসেন ও মহাপরিচালক কবি মুহম্মদ নূরুল হুদা। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৬ হাজার ২৩৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৪৪ জন। সুস্থ ৫৯০ জন। সূত্র: ইত্তেফাক
- যুক্তরাষ্ট্রের ২৪ কর্মকর্তার ওপর 'সন্ত্রাসবাদ' এবং ইরানের জনগণের ওপর মানবাধিকার লঙ্ঘনের অভিযোগ এনে নিষেধাজ্ঞা আরোপ করল ইরান। সূত্র: জনকণ্ঠ

**১১ এপ্রিল**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার নিজ কার্যালয়ের কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভা করেন। এ সময় প্রধানমন্ত্রী কোভিড-১৯ ও রাশিয়া-ইউক্রেন যুদ্ধের কারণে বিশ্ব পরিস্থিতি নিয়ে মতবিনিময় করেন। সূত্র: যুগান্তর
- রাজধানীর ঢাকা রিপোর্টার্স ইউনিটির নসরুল হামিদ মিলনায়তনে 'বঙ্গবন্ধুর দেশে' গ্রন্থের প্রকাশনা উৎসব ও আলোচনা সভা অনুষ্ঠিত। সূত্র: ভোরের কাগজ
- ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে পাকিস্তানী হানাদার বাহিনীর নারকীয় গণহত্যায় নিহতদের উদ্ধার হওয়া দেহাবশেষসমূহের অবশিষ্টাংশ সেনাবাহিনী প্রধান জেনারেল এস এম শফিউদ্দিন আহমেদের উপস্থিতিতে মিরপুর শহিদ বুদ্ধিজীবী কবরস্থানে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন। সূত্র: সংবাদ
- গত ২৪ ঘণ্টায় দেশে প্রায় ৬ হাজার জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২২ জন। সুস্থ ৩৭৫ জন। সূত্র: যুগান্তর
- মুসলিম লীগ-নওয়াজ (পিএমএল-এন) এর প্রেসিডেন্ট শাহবাজ শরীফ ২৩তম প্রধানমন্ত্রী হিসেবে পাকিস্তানের জাতীয় সংসদের নিম্নকক্ষ জাতীয় পরিষদে নির্বাচিত। সূত্র: জনকণ্ঠ
- মার্কিন যুক্তরাষ্ট্র-ভারতের বিভিন্ন দ্বিপক্ষীয় বিষয়ে সহযোগিতার জন্য মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের সঙ্গে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ভার্চুয়াল বৈঠক অনুষ্ঠিত। সূত্র: সমকাল

**১২ এপ্রিল**

- গণভবনে 'অফশোর ট্যাক্স অ্যামনেস্টি' এবং 'শ্রীলঙ্কার অর্থনৈতিক সংকটের পটভূমিতে বাংলাদেশের সামষ্টিক অর্থনীতির পর্যালোচনা' বিষয়ে উপস্থাপনা অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, বাংলাদেশের বৈদেশিক ঋণের পরিমাণ এখনো ঝুঁকি সীমার অনেক নিচে রয়েছে। ভবিষ্যতে ঋণের বর্তমান এই অবস্থান ধরে রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট সবাইকে নির্দেশ দেন তিনি। সূত্র: ইত্তেফাক



- প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেসের টেলিফোন। প্রধানমন্ত্রীকে খাদ্য, শক্তি ও অর্থ বিষয়ক গ্লোবাল ক্রাইসিস রেসপন্স গ্রুপ (জিসিআরজি)-তে যোগদানের আমন্ত্রণ জানান জাতিসংঘ মহাসচিব। সূত্র: ইত্তেফাক
- বাংলাদেশ ব্যাংক থেকে ২০১৯ সালে সাইবার হ্যাকিংয়ের মাধ্যমে রিজার্ভের চুরি যাওয়া অর্থের বড় একটি অংশ উদ্ধারে ২০২০ সালে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের আদালতে করা মামলা খারিজ করে দিল নিউইয়র্কের আদালত। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে প্রায় ৫ হাজার ৮৬১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩১ জন। সুস্থ ৩৭৫ জন। সূত্র: জনকণ্ঠ
- আর্থিক সংকটে শ্রীলঙ্কা বৈদেশিক ঋণের ৫ হাজার ১০০ কোটি ডলারের (৪ লাখ ৪৮ হাজার ৮০০ কোটি টাকা) পরিশোধ করতে অপারগতার মধ্য দিয়ে দেশটি নিজেকে ঋণখেলাপি ঘোষণা করল। সূত্র: ইত্তেফাক
- রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের দুই মেয়েসহ ৩৯৮ রুশ নাগরিক এবং দেশটির ২৮টি প্রতিষ্ঠানের ওপর নিষেধাজ্ঞা আরোপের ঘোষণা দিল জাপান। সূত্র: যুগান্তর

**১৩ এপ্রিল**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি কুষ্টিয়া, খুলনা, জামালপুর, নারায়ণগঞ্জ, পাবনা, মানিকগঞ্জ, মৌলভীবাজার ও রংপুর জেলায় নবনির্মিত শিল্পকলা একাডেমি ভবনের উদ্‌বোধন করেন। সূত্র: যুগান্তর
- জাতিসংঘ সদর দপ্তরে অনুষ্ঠিত ইকোসক ম্যানেজমেন্ট বৈঠকে বাংলাদেশ সর্বসম্মতিক্রমে ২০২৩-২০২৭ মেয়াদে জাতিসংঘ সামাজিক উন্নয়ন কমিশনের (সিসকিড) সদস্য নির্বাচিত। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ৬ হাজার ৭০৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩৫ জন। সুস্থ ২০৫ জন। সূত্র: ইত্তেফাক
- ইউক্রেনে রাশিয়ার আগ্রাসনের কারণে মস্কোর ওপর নিষেধাজ্ঞা আরোপ করেছে যুক্তরাষ্ট্রসহ পশ্চিমা রাষ্ট্রগুলো। এর প্রেক্ষিতে পাল্টা ব্যবস্থা নিতে মার্কিন কংগ্রেসের ৩৯৮ সদস্যের ওপর নিষেধাজ্ঞা আরোপ করেছে রাশিয়া সরকার। সূত্র: ইত্তেফাক

**১৪ এপ্রিল**

- 'সপ্তম আওয়ার ওশান কনফারেন্স'র দ্বিতীয় দিনে পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আবদুল মোমেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের জলবায়ু বিষয়ক বিশেষ দূত জন কেরির সঙ্গে দ্বিপক্ষীয় সম্পর্ক উন্নয়নে বৈঠক করেন। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ৪ হাজার ১৯৩ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৭ জন। সুস্থ ১৮০ জন। সূত্র: সমকাল
- রাশিয়ার সামরিক হামলাকে 'গণহত্যা' হিসেবে স্বীকৃতি দেওয়ার প্রস্তাব দিয়েছে ইউক্রেনের পার্লামেন্ট। সূত্র: ইত্তেফাক

**১৫ এপ্রিল**

- গত ২৪ ঘণ্টায় দেশে ৩ হাজার ৯৯৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৫১ জন। সুস্থ ২৫২ জন। সূত্র: ইত্তেফাক
- চট্টগ্রাম উত্তর জেলা আওয়ামী লীগের সাবেক সদস্য এবং সাংবাদিক মোস্তফা কামাল পাশার (৬৮) মৃত্যু। তার মৃত্যুতে শোক প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: সমকাল
- রাশিয়ার সঙ্গে 'অবন্ধুসুলভ আচরণ' এর প্রতিক্রিয়া হিসেবে ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) ১৮ কূটনীতিককে 'অবাঞ্ছিত' ঘোষণা করেছে দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়। সূত্র: সমকাল

**১৬ এপ্রিল**

- গত ২৪ ঘণ্টায় দেশে ৪ হাজার ৮৯৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৫১ জন। সুস্থ ৩২৬ জন। সূত্র: জনকণ্ঠ
- ইউক্রেন যুদ্ধে যুক্তরাজ্যের 'শত্রুতাপূর্ণ' অবস্থানের অভিযোগে দেশটির প্রধানমন্ত্রী বরিস জনসনের ওপর নিষেধাজ্ঞা আরোপ করেছে রাশিয়া। সূত্র: ইত্তেফাক
- ইউক্রেনীয় বাহিনী 'ইউক্রেন-রাশিয়ার যুদ্ধ ইস্যু'তে রাশিয়ার সৈন্যদের ঠেকাতে কৃষ্ণসাগর, আজভসাগর ও ভূমধ্যসাগরে মাইন পেতে রাখায় দেশটির বিভিন্ন বন্দরে ১৮টি দেশের ৭৬টি জাহাজকে বন্দর ত্যাগের নির্দেশ দিচ্ছে না ইউক্রেনের বন্দর কর্তৃপক্ষ। সূত্র: যুগান্তর



**১৭ এপ্রিল**

- টেলিফোন ও উচ্চগতির ইন্টারনেট সার্ভিসের জন্য প্রথমবারের মতো প্রিপেইড সেবা চালু করল বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল)। সূত্র: ইত্তেফাক
- জেলা পরিষদগুলোর মেয়াদ প্রথম সভার তারিখ হতে পাঁচ বছর উত্তীর্ণ হওয়ায় সারাদেশের ৬১টি জেলা পরিষদকে বিলুপ্ত করেছে সরকার। একইসঙ্গে জেলা পরিষদে ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা নিয়োগ দিয়ে স্থানীয় সরকার বিভাগ থেকে প্রজ্ঞাপন জারি করেছে। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ৫ হাজার ৪০৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৫০ জন। সুস্থ ৩৫৫ জন। ২ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- নতুন বছর উদ্‌যাপন উপলক্ষ্যে মিয়ানমারে ১,৬১৯ জন কারাবন্দিকে সাধারণ ক্ষমা করে মুক্তির ঘোষণা দিয়েছে দেশটির জান্তা সরকার। সূত্র: সমকাল

**১৮ এপ্রিল**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তার কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে খাদ্যদ্রব্যের অবৈধ মজুদে সর্বোচ্চ ৫ বছর কারাদণ্ড ও ১০ লাখ টাকা জরিমানার বিধান রেখে 'খাদ্যদ্রব্যের উৎপাদন, মজুদ, স্থানান্তর, পরিবহণ, সরবরাহ, বিতরণ ও বিপণন (ক্ষতিকর কার্যক্রম প্রতিরোধ) আইন ২০২২' এর খসড়া নীতিগত অনুমোদন। সূত্র: জনকণ্ঠ
- করোনা মহামারির প্রভাবে ক্ষতিগ্রস্ত শিল্প, কৃষি খাত ও রপ্তানিমুখি শিল্পে প্রণোদনা এবং খাদ্য ও সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতা বাড়াতে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) সম্মেলন কক্ষে বিশ্ব ব্যাংকের সঙ্গে ইআরডির ঋণ চুক্তি স্বাক্ষরিত। সূত্র: ইত্তেফাক
- কক্সবাজারে রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন করল যুক্তরাষ্ট্রের ধর্মীয় স্বাধীনতা বিষয়ক বিশেষ দূত রাশেদ হোসাইনের নেতৃত্বে ৭ সদস্যের প্রতিনিধি দল। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ৫ হাজার ৪০৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৫০ জন। সুস্থ ৩৫৫ জন। সূত্র: জনকণ্ঠ
- শ্রীলঙ্কায় ১৭ সদস্যকে মন্ত্রিসভায় নিয়োগ দিল দেশটির প্রেসিডেন্ট গোটাবায়া রাজাপাকসে। সূত্র: যুগান্তর

**১৯ এপ্রিল**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) ভার্চুয়াল সভায় ৪ হাজার ৫৪১ কোটি ৮১ লাখ টাকার ১১টি প্রকল্পের অনুমোদন। সূত্র: সংবাদ
- ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও বিশ্ব স্বাস্থ্য সংস্থার মহাপরিচালক ড. তেদ্রোস গেব্রিয়াসেস যৌথভাবে ভারতের গুজরাটে গ্লোবাল সেন্টার ফর ট্র্যাডিশনাল মেডিসিনের (জিসিটিএম) উদ্‌বোধন করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা অনুষ্ঠানে ভার্চুয়ালি অংশ নেন। এ সময় প্রধানমন্ত্রী শেখ হাসিনা, সবার জন্য মৌলিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে আধুনিক ওষুধের পাশাপাশি সনাতনী ওষুধ ব্যবহারের প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করে পারস্পরিক স্বার্থে গ্লোবাল সেন্টারের সঙ্গে যৌথ মেডিক্যাল গবেষণার প্রস্তাব দিয়েছেন। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ৫ হাজার ৯৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৮ জন। সুস্থ ৫৪৬ জন ও ১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- জাতীয় দলের সাবেক ক্রিকেটার মোশাররফ হোসেন রুবেলের (৪০) ইন্তেকাল। সূত্র: সমকাল
- পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরীফের সঙ্গে পেশাগত বিভিন্ন বিষয় ও জাতীয় নিরাপত্তা ইস্যু নিয়ে প্রথমবারের মতো দেশটির সেনাপ্রধান কামার জাভেদ বাজওয়া বৈঠক করেন। সূত্র: সমকাল
- মুসলিম ও ইহুদি উভয়ের পবিত্র স্থান জেরুজালেমের আল-আকসা মসজিদ চত্বরে সপ্তাহান্তে সহিংসতায় ১৭০ জন আহত হওয়ার ঘটনার বিষয়ে জাতিসংঘ নিরাপত্তা পরিষদের বৈঠক অনুষ্ঠিত। সূত্র: ইত্তেফাক

**২০ এপ্রিল**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে কৃষিবিদ ইনস্টিটিউট মিলনায়তনে কৃষক লীগের ৫০তম প্রতিষ্ঠাবার্ষিকীর আলোচনা অনুষ্ঠানে ভার্চুয়ালি অংশ নেন। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে প্রায় ৬ হাজার জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৪৫ জন। সুস্থ ৩৬৯ জন। সূত্র: সমকাল



- ইউক্রেন-রাশিয়া যুদ্ধ ইস্যুতে ইউরোপের তিনটি দেশের আরও ৩১ কূটনীতিককে বহিষ্কার করল রাশিয়া। সূত্র: ইত্তেফাক
- শ্রীলঙ্কায় সরকারবিরোধী বিক্ষোভে পুলিশের গুলিতে বেসামরিক এক ব্যক্তির প্রাণহানির পর সহিংসতা ঠেকাতে শ্রীলঙ্কার রামবুক্কানা শহরে কার্ফু জারি। সূত্র: জনকণ্ঠ
- উইকিলিকসের প্রতিষ্ঠাতা জুলিয়ান অ্যাসাঞ্জকে যুক্তরাষ্ট্রের হাতে তুলে দিতে অনুমতি লন্ডনের ম্যাজিস্ট্রেট আদালতের। সূত্র: প্রথম আলো

**২১ এপ্রিল**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ঢাকার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ভার্চুয়ালি নরসিংদী জেলার 'ঘোড়াশাল পলাশ ইউরিয়া ফার্টিলাইজার প্রকল্পের' ভিত্তিপ্রস্তর স্থাপন এবং শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বিটাক, বিসিক ও বিএসইসির সমাপ্ত চারটি প্রকল্পের উদ্‌বোধন করেন। প্রধানমন্ত্রী একই অনুষ্ঠানে শিল্প মন্ত্রণালয়ের প্রকাশিত শিল্পায়ন বিষয়ে 'বঙ্গবন্ধুর শিল্পদর্শন ও শিল্পায়নে উত্তরণ' গ্রন্থের মোড়ক উন্মোচন করেন। সূত্র: জনকণ্ঠ
- দেশে করোনাভাইরাসে গত ২৪ ঘণ্টায় নমুনা পরীক্ষা হয়েছে ৩ হাজার ৯১৬ জনের, শনাক্ত হয়েছে ২১ জনের, সুস্থ হয়েছে ৩৭৩ জন। সূত্র: ইত্তেফাক
- পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী ও তেহরিক-ই-ইনসাফের (পিটিআই) চেয়ারম্যান ইমরান খান সামাজিক যোগাযোগমাধ্যম টুইটারে সমাবেশ করে বিশ্ব রেকর্ড করলেন। সূত্র: যুগান্তর
- ইউক্রেন-রাশিয়া যুদ্ধ ইস্যুতে আঞ্চলিক কূটনীতির জন্য বিশ্বের প্রাচীনতম ফোরাম দ্য অর্গানাইজেশন অব আমেরিকান স্টেটস (ওএএস) রাশিয়ার স্থায়ী পর্যবেক্ষক রাষ্ট্রের মর্যাদা স্থগিত করেছে। ইউক্রেনের প্রতি দেশটি তার 'প্রতিকূল আচরণ বন্ধ না করা পর্যন্ত' এ সিদ্ধান্ত বহাল থাকবে। সূত্র: সমকাল

**২২ এপ্রিল**

- স্থানীয় সরকার বিভাগ পৌরসভার 'সচিব' পদের নাম 'পৌর নির্বাহী কর্মকর্তা' হিসেবে প্রতিস্থাপন করে প্রজ্ঞাপন জারি করেছে। সূত্র: জনকণ্ঠ

- গত ২৪ ঘণ্টায় দেশে ৪ হাজার ৭০৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৬ জন। সুস্থ ৩১৫ জন। সূত্র: জনকণ্ঠ
- আফগানিস্তানে মসজিদে হামলায় ১২ জন মুসল্লি নিহতের ঘটনায় আব্দুলা হামিদ সাঙ্গারিয়ার নামে আইএস সদস্যকে প্রধান আসামি করে গ্রেপ্তার করেছে দেশটির তালেবান সরকার। সূত্র: যুগান্তর

**২৩ এপ্রিল**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি জাপানের কুমামোটো শহরে 'টেকসই উন্নয়নের জন্য পানির সর্বোত্তম ব্যবহার এবং পরবর্তী প্রজন্ম' প্রতিপাদ্য নিয়ে অনুষ্ঠিত দুই দিনব্যাপী পানি সম্মেলনে অংশ নেন। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৫ হাজার ৮৮৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৪ জন। সুস্থ ৩২৯ জন। সূত্র: ইত্তেফাক
- ইউক্রেন-রাশিয়া যুদ্ধ ইস্যুতে মার্কিন ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস ও ফেসবুকের প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) মার্ক জাকারবার্গের ওপর ভ্রমণ নিষেধাজ্ঞা দিয়েছে রাশিয়া। সূত্র: জনকণ্ঠ
- আফগানিস্তানে তালেবান সরকার প্রায় চার হাজার মহিলা পুলিশ সদস্যের মধ্যে অল্পসংখ্যক সদস্যকে মহিলা কারাগার চালানোর জন্য রেখে বাকিদের চাকরিচ্যুত করেছে; গার্ডিয়ানে দেওয়া আফগান পুলিশের ডেপুটি ডিরেক্টর জেনারেল গুলফারোজ ইবতেখারের সাক্ষাৎকারে এ তথ্য প্রকাশ। সূত্র: যুগান্তর

**২৪ এপ্রিল**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্স সদর দপ্তরে ভার্চুয়ালি যুক্ত হয়ে দেশের ২৫টি জেলায় নবনির্মিত ৪০টি ফায়ার স্টেশন উদ্‌বোধন করেন। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ৬ হাজার ২৫১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৭ জন। সুস্থ ২৯৯ জন। সূত্র: সমকাল
- ৩৭০ ধারা বিলোপের পর প্রথমবার ভারত শাসিত জম্মু ও কাশ্মীর সফরে দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সূত্র: সমকাল



- ফ্রান্সের প্রেসিডেন্ট নির্বাচনের দ্বিতীয় রাউন্ডে কট্টর ডানপন্থি মেরি লা পেনকে হারিয়ে দ্বিতীয়বারের মতো প্রেসিডেন্ট নির্বাচিত হলেন ইমানুয়েল ম্যাক্রোঁ। সূত্র: ইত্তেফাক

**২৫ এপ্রিল**

- বাংলাদেশ সফররত ডেনমার্কের রাজকুমারী ম্যারি এলিজাবেথ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে সৌজন্য সাক্ষাৎ করেন। সূত্র: যুগান্তর
- বাংলাদেশ ও ডেনমার্ক নিজেদের মধ্যে জলবায়ু ও পরিবেশবান্ধব রূপান্তরে অংশীদারত্ব জোরদার করতে রাজধানীর একটি হোটেলে পররাষ্ট্রমন্ত্রী এ কে আব্দুল মোমেন ও ডেনমার্কের উন্নয়ন সহযোগিতা বিষয়ক মন্ত্রী ফ্লেমিং মোলার মরটেনসেন টেকসই ও পরিবেশবান্ধব রূপরেখার দলিল স্বাক্ষর করেন। সূত্র: প্রথম আলো
- গত ২৪ ঘণ্টায় দেশে ৫ হাজার ২৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১৯ জন। সুস্থ ৩৬৪ জন। সূত্র: ইত্তেফাক
- টাঙ্গাইল-১ (মধুপুর ও ধনবাড়ী) আসনের সাবেক সংসদ সদস্য, জেলার ধনবাড়ীর নওয়াব এস্টেটের বর্তমান মোতাওয়াল্লি, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অন্যতম প্রতিষ্ঠাতা নবাব বাহাদুর সৈয়দ নওয়াব আলী চৌধুরীর দৌহিত্রী ও নবাবজাদা হাসান আলী চৌধুরীর একমাত্র মেয়ে সৈয়দা আশিকা আকবর ইন্তেকাল করেন। সূত্র: সমকাল
- মিয়ানমারের ক্ষমতাচ্যুত নেত্রী অং সান সুচির দুর্নীতির বিচারের প্রথম রায় স্থগিত করল দেশটির সামরিক আদালত। সূত্র: যুগান্তর
- সুইডেন ভিত্তিক শীর্ষস্থানীয় প্রতিরক্ষা গবেষণা প্রতিষ্ঠান স্টকহোম ইন্টারন্যাশনাল পিস রিসার্চ ইনস্টিটিউটের (সিআইপিআরআই) প্রতিবেদন : বেশি সামরিক ব্যয়ের দিক থেকে বিশ্বে প্রথম ও দ্বিতীয় অবস্থানে রয়েছে যুক্তরাষ্ট্র ও চীন, ভারতের অবস্থান তৃতীয় এবং চতুর্থ ও পঞ্চম অবস্থানে যুক্তরাজ্য ও রাশিয়া। ২০২১ সালে বিশ্বজুড়ে সামরিক ব্যয় পৌঁছেছে ২ দশমিক ১ ট্রিলিয়ন ডলারে, যা এ খাতে সর্বকালের সর্বোচ্চ ব্যয়। সূত্র: যুগান্তর

**২৬ এপ্রিল**

- আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় তৃতীয় ধাপে ভূমিহীন ও গৃহহীন ৩২ হাজার ৯০৪টি পরিবারকে ঘর হস্তান্তর অনুষ্ঠানে গণভবন থেকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভার্চুয়ালি যুক্ত হন। সূত্র: সমকাল
- কক্সবাজারে রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন করেন সফররত ডেনমার্কের রাজকুমারী ম্যারি এলিজাবেথ ডোনাল্ডসন। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৪ হাজার ৬২২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১৯ জন। সুস্থ ৩৬৩ জন। সূত্র: ইত্তেফাক
- ইউক্রেনের অর্থনীতিকে সমর্থন করার জন্য ও প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির সরাসরি অনুরোধের প্রেক্ষিতে দেশটিতে সকল পণ্যের ওপর শুল্ক প্রত্যাহার এবং রাশিয়ার পণ্য ও প্রযুক্তি রপ্তানির ওপর নিষেধাজ্ঞা আরোপ করার ঘোষণা দিল ব্রিটিশ সরকার। সূত্র: সমকাল
- দুর্নীতির অভিযোগে দায়ের করা প্রথম মামলায় মিয়ানমারে সামরিক অভ্যুত্থানে ক্ষমতাচ্যুত নেত্রী অং সান সুচিকে দোষী সাব্যস্ত করে ৫ বছরের কারাদণ্ডাদেশ দিল দেশটির সামরিক জান্তার আদালত। সূত্র: ইত্তেফাক
- ইউক্রেন-রাশিয়া যুদ্ধ ইস্যুতে ব্রিটিশ পার্লামেন্টের ২৮৭ জন এমপির ওপর নিষেধাজ্ঞা জারি করেছে রাশিয়া। সূত্র: ইত্তেফাক

**২৭ এপ্রিল**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি বঙ্গবন্ধু শেখ মুজিব ভ্রাম্যমাণ রেল জাদুঘর এবং উন্নয়ন প্রকল্পের আওতায় সংগৃহীত ৩০টি মিটার গেজ ও ১৬টি ব্রডগেজ লোকোমোটিভ (ইঞ্জিন) উদ্‌বোধন করেন। সূত্র: ভোরের কাগজ
- দেশে গোলাপগঞ্জ কৈলাশটিলা গ্যাসক্ষেত্রের ৭ নম্বর কূপটিতে নতুন করে গ্যাসস্তর আবিষ্কার করেছে বাপেক্স। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৪ হাজার ৯৩১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৩ জন। সুস্থ ৩৩৪ জন। সূত্র: ভোরের কাগজ
- বিএনপি ভাইস-চেয়ারম্যান সাবেক মন্ত্রী ও গাজীপুর সিটি করপোরেশনের মেয়র অধ্যাপক এম এ মান্নান (৭২) ইন্তেকাল করেন। সূত্র: জনকণ্ঠ



**২৮ এপ্রিল**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস. জয়শঙ্কর সৌজন্য সাক্ষাৎ করেন। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ৪ হাজার ৭৫৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩০ জন। সুস্থ ৩২৬ জন। সূত্র: সমকাল
- জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস ইউক্রেন-রাশিয়া যুদ্ধ ইস্যুতে বেসামরিক মানুষদের উদ্ধার নিয়ে আলোচনা করতে ইউক্রেনের রাজধানী কিয়েভ পৌঁছান। সূত্র: সমকাল
- পূর্ব আফ্রিকার দেশ ইথিওপিয়ায় সশস্ত্র গ্রুপের হামলা ও সেখান থেকে ছড়িয়ে পড়া সংঘর্ষে ২০ জন নিহত হয়েছেন। সূত্র: জনকণ্ঠ

**২৯ এপ্রিল**

- ৬ দশমিক ১৫ কিলোমিটার দীর্ঘ পদ্মা সেতুর মূল অংশের কার্পেটিং এর কাজ শেষ হয়েছে। সূত্র: জনকণ্ঠ
- বাংলাদেশকে আরও ৩০ লাখ ফাইজারের টিকা দিচ্ছে যুক্তরাষ্ট্র। ঢাকার মার্কিন দূতাবাস তার ভেরিফায়েড ফেসবুকে এ তথ্য জানায়। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২ হাজার ৯৩৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১৭ জন। সুস্থ ২৫৮ জন। সূত্র: ইত্তেফাক
- তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ান রাষ্ট্রীয় সফরে সৌদি আরবে পৌঁছানোর পর জেদ্দার লোহিত সাগর তীরবর্তী আল-সালাম প্রাসাদে আয়োজিত সরকারি একটি অনুষ্ঠানে দেশটির বাদশাহ সালমানের সঙ্গে সাক্ষাৎ করেন। সূত্র: জনকণ্ঠ

**৩০ এপ্রিল**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঈদুল ফিতর উপলক্ষ্যে দেশবাসী ও বিশ্বের সব মুসলমানকে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন। সূত্র: যুগান্তর
- সাবেক অর্থমন্ত্রী, খ্যাতনামা অর্থনীতিবিদ, রাজনীতিবিদ, লেখক ও ভাষাসৈনিক আবুল মাল আবদুল মুহিত (৮৮) ইন্তেকাল করেন। তাঁর মৃত্যুতে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা শোক প্রকাশ করেন। সূত্র: ইত্তেফাক

- গত ২৪ ঘণ্টায় দেশে ২ হাজার ৬৪৩ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৫ জন। সুস্থ ২৯৩ জন। সূত্র: ইত্তেফাক
- বঙ্গবন্ধুর একনিষ্ঠ সহচর, মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক, ময়মনসিংহ বার কাউন্সিলের সাবেক সভাপতি, নেত্রকোনা-৩ আসনের (কেন্দুয়া-আটপাড়া) সাবেক চার বারের সংসদ সদস্য অ্যাডভোকেট এম জুবেদ আলী (৮০)-এর ইন্তেকাল। সূত্র: ভোরের কাগজ
- ইতালির বিরুদ্ধে নাৎসি আমলের যুদ্ধাপরাধ সংক্রান্ত মামলা ও তার ক্ষতিপূরণের রায় নিয়ে নেদারল্যান্ডসে আন্তর্জাতিক ন্যায়বিচার আদালত (আইসিজে)-এ মামলা করেছে জার্মানি। সূত্র: জনকণ্ঠ
- ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির সঙ্গে কিয়েভে তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ানের মুখপাত্র ইব্রাহিম কলিন সাক্ষাৎ করেছেন। সূত্র: সমকাল



## মে

### ১ মে

- কিশোরগঞ্জ জেলা আওয়ামী লীগের সভাপতি ও বীর মুক্তিযোদ্ধা অ্যাডভোকেট কামরুল আহসান শাহজাহান (৮৫) বার্ধক্যজনিত কারণে ইন্তেকাল করেন। তার মৃত্যুতে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা শোক প্রকাশ করেন। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ২ হাজার ৪৭৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১০ জন। সুস্থ ৩০৪ জন। সূত্র: জনকণ্ঠ
- ইউক্রেনে চালানো রাশিয়ার সামরিক অভিযানে ৩,১৫৩ জনের বেশি বেসামরিক নাগরিক নিহত হয়েছে; জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাইকমিশনের (ওএইচসিএইচআর) তথ্য প্রকাশ। সূত্র: সমকাল

### ২ মে

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বঙ্গভবনের দরবার হলে পরিবারের সদস্য ও কয়েকজন কর্মকর্তাসহ ঈদুল ফিতরের নামাজ আদায় করেন। এ সময় রাষ্ট্রপতি দেশকে করোনামুক্ত রাখতে স্বাস্থ্যবিধি মেনে ঈদ উৎসব পালনের আহ্বান জানান। কোভিড-১৯ মহামারির কারণে গত দুই বছর বঙ্গভবনেই ঈদের নামাজ আদায় করেন রাষ্ট্রপতি। সূত্র: জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজধানীতে দুর্বৃত্তের গুলিতে নিহত কলেজছাত্রী সামিয়া আফরান প্রীতির পরিবারকে ২০ লাখ টাকা অনুদান দিয়েছেন। সূত্র: ভোরের কাগজ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১ হাজার ৬৮৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৭ জন। সুস্থ ২৮৭ জন। সূত্র: ইত্তেফাক
- ইউক্রেনে-রাশিয়ার চলমান যুদ্ধ ইস্যুতে রাশিয়ার গ্যাস ও তেল বিক্রি বন্ধ করতে ব্রাসেলসে ইইউর এনার্জি সংশ্লিষ্ট মন্ত্রীরা বৈঠক করেন। সূত্র: ইত্তেফাক

**৩ মে**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের ঈদ উপহার পাঠিয়েছেন। সূত্র: সমকাল
- বিশ্ব গণমাধ্যমের সূচকে ১০ ধাপ পিছিয়ে ১৬২তম হয়েছে বাংলাদেশ। বিশ্ব মুক্ত গণমাধ্যম দিবসে রিপোর্টার্স উইদাউট বর্ডারস (আরএসএফ) ২০২২ সালের সূচক প্রকাশ। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ১ হাজার ৬৫৩ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১০ জন। সুস্থ ২৫২ জন। সূত্র: সমকাল
- প্রশাসন রুশবিরোধী প্রচার এবং রুশ ফেডারেশনের বিরুদ্ধে অপবাদ এবং সরাসরি হুমকিসহ অগ্রহণযোগ্য বক্তব্যে সায় দেওয়ার অভিযোগে জাপানের প্রধানমন্ত্রী ফুমিও কিশিদাসহ ৬৩ জাপানি নাগরিকের ওপর অনির্দিষ্টকালের ভ্রমণ নিষেধাজ্ঞা দিয়েছে রাশিয়া। সূত্র: জনকণ্ঠ

**৪ মে**

- গত ২৪ ঘণ্টায় দেশে ২ হাজার ২১২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৭ জন। সুস্থ ২৫৭ জন। সূত্র: সমকাল
- ১৯৮৬ মেক্সিকো বিশ্বকাপের ফুটবলার ডিয়েগো ম্যারাডোনার পরিহিত জার্সিটি লন্ডনের সোথেবিস-এ আয়োজিত নিলামে ৭১ লাখ ৪২ হাজার ৫০০ পাউন্ডে বিক্রি হয়েছে (বাংলাদেশি টাকায় ৭৭ কোটি ৪৩ লাখ ৯৪ হাজার ৬৭২ টাকায়)। সূত্র: সমকাল
- ম্যাচ কম খেলার কারণে টি-টোয়েন্টি র‍্যাংকিং তালিকা থেকে সহযোগী ১৯টি সদস্য দেশকে বাদ দিয়ে বার্ষিক হালনাগাদে সর্বশেষ টি-টোয়েন্টি র‍্যাংকিং তালিকা প্রকাশ করেছে ক্রিকেটের নিয়ন্ত্রক সংস্থা ইন্টারন্যাশনাল ক্রিকেট কাউন্সিল (আইসিসি)। সূত্র: ইত্তেফাক

**৫ মে**

- শ্রীলঙ্কায় চলমান অর্থনৈতিক সংকটে রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় বাংলাদেশের পক্ষ থেকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী জাহিদ মালেক



ঢাকায় নিযুক্ত শ্রীলঙ্কার হাইকমিশনার প্রফেসর সুদর্শন সেনেভিরাত্নের হাতে উপহারের ২০ কোটি টাকার জরুরি ওষুধ তুলে দেন। সূত্র: সমকাল

- জাপানভিত্তিক প্রতিষ্ঠান নিকেই কোভিড-১৯ আরোগ্য সূচক প্রতিবেদনে করোনা থেকে সেরে ওঠার সূচকে আট ধাপ এগিয়ে বিশ্বের ১২১ দেশের মধ্যে ৫ম অবস্থানে এবং দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে করোনা মোকাবিলায় নেতৃত্বের দিক থেকে ৮০ পয়েন্ট পেয়ে ১ম স্থান পেয়েছে বাংলাদেশ। সূত্র: ভোরের কাগজ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩ হাজার ৪৫৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১৯ জন। সুস্থ ২৫৮ জন। সূত্র: জনকণ্ঠ
- দ্বন্দ্ব অবসানের লক্ষ্যে জার্মান প্রেসিডেন্ট ফ্র্যাঙ্ক-ওয়াল্টার স্টেনমেইয়ার ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদমির জেলেনস্কির সঙ্গে ফোনালাপ করেন। সূত্র: যুগান্তর

**৬ মে**

- সুইডেনের স্টকহোমস্থ বাংলাদেশ দূতাবাসে বাংলাদেশ-সুইডেনের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্কের ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে 'বাংলাদেশ সন্ধ্যা' উদ্‌যাপন করা হয়েছে। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ২ হাজার ৬৮৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১০ জন। সুস্থ ২১৭ জন। সূত্র: ইত্তেফাক
- শ্রীলঙ্কায় চলমান অর্থনৈতিক সংকটে রাজনীতিকদের দায়ী করে দেশব্যাপী সরকারবিরোধী বিক্ষোভের জন্য জরুরী অবস্থা জারি করলেন দেশটির প্রেসিডেন্ট গোটাবায়া রাজাপাকসে। সূত্র: জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন ইউক্রেনে অতিরিক্ত ১৫০ মিলিয়ন মার্কিন ডলারের সহায়তা অনুমোদন করেন। রাশিয়া আগ্রাসন শুরুর পর থেকে ইউক্রেনকে ৩.৮ বিলিয়ন মার্কিন ডলারের সামরিক সহায়তা দিয়েছে যুক্তরাষ্ট্র; দেশটির পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিনকেন। সূত্র: সমকাল
- রাশিয়া-ইউক্রেন যুদ্ধের দুই মাসেরও বেশি সময় অতিক্রান্ত হওয়ার পর প্রথমবারের মতো এ বিষয়ে বিবৃতি দিয়েছে জাতিসংঘের নিরাপত্তা পরিষদ। সূত্র: জনকণ্ঠ

- উজবেকিস্তানের রাজধানী তাসখন্দে অলিম্পিক কমিটি অব এশিয়ার (ওসিএ) সভার সিদ্ধান্তে চীনে কোভিড সংক্রমণ আবারও বেড়ে যাওয়ায় '২০২২ এশিয়ান গেমস' ২০২৩ সাল পর্যন্ত স্থগিত করা হয়েছে। সূত্র: যুগান্তর

**৭ মে**

- করোনাকালের দীর্ঘ আড়াই বছর পর প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার সভাপতিত্বে গণভবনে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের বৈঠক অনুষ্ঠিত। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ৫ হাজার ৫৯৯ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৩ জন। সুস্থ ২৬৩ জন। সূত্র: সমকাল
- ব্রাহ্মণবাড়িয়া-৫ আসনের সাবেক সংসদ সদস্য ও ট্যাক্সেস বার অ্যাসোসিয়েশনের সাবেক সভাপতি অ্যাডভোকেট শাহ জিকরুল আহমেদ (৭৩) ইন্তেকাল করেন। সূত্র: সমকাল
- ইউক্রেনের পূর্বাঞ্চলীয় লুহানস্ক অঞ্চলের বিলোহোরিভকার স্কুলে রুশ বাহিনীর বোমা হামলায় ৬০ জন নিহত হয়েছেন; রয়টার্সকে লুহানস্ক অঞ্চলের গভর্নর সেরহি হাইদাই। সূত্র: জনকণ্ঠ

**৮ মে**

- বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে মহান মে দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় আয়োজিত মূল অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি যুক্ত হন। সূত্র: ইত্তেফাক
- বাণিজ্য মন্ত্রণালয় তিন বছর মেয়াদে ২০২১-২৪ সালের জন্য নতুন আমদানি নীতি অনুযায়ী চিংড়ি, ঘন চিনি, কৃত্রিম সরিষার তেলসহ ২৬ শ্রেণির পণ্য আমদানি নিষিদ্ধ করে প্রজ্ঞাপন জারি। সূত্র: জনকণ্ঠ
- বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রার মজুত (রিজার্ভ) থেকে প্রতিবেশী দেশ শ্রীলঙ্কাকে ২০ কোটি ডলার ঋণ দিয়েছিল বাংলাদেশ। বাংলাদেশ ব্যাংকের বোর্ড সভার সিদ্ধান্তে তা পরিশোধের জন্য দেশটিকে আরও এক বছর সময় বাড়াল। সূত্র: জনকণ্ঠ



- গীতিকার, কবি, সাংবাদিক ও কলামিস্ট কে জি মোস্তফার (৮৬) ইন্তেকাল। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ৭ হাজার ৪৫৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩০ জন। সুস্থ ২৭২ জন। সূত্র: ইত্তেফাক
- নেপালী শেরপা কামি রিতা ২৬ বারের মতো বিশ্বের সর্বোচ্চ পর্বতশৃঙ্গ মাউন্ট এভারেস্টের চূড়ায় আরোহণ করে নতুন বিশ্ব রেকর্ড করল। সূত্র: জনকণ্ঠ
- শ্রীলঙ্কায় চলমান অর্থনৈতিক সংকটকে কেন্দ্র করে আন্দোলনে পদত্যাগের সিদ্ধান্ত নিল দেশটির প্রধানমন্ত্রী মাহিন্দা রাজাপাকসে। সূত্র: সমকাল

**৯ মে**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে এডিবির ভাইস প্রেসিডেন্ট (অপারেশনস-১) শিঝিন চেনের সৌজন্য সাক্ষাৎ। এ সময় প্রধানমন্ত্রী ডেল্টা প্ল্যান ২১০০ বাস্তবায়নে এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) সহায়তা চেয়েছেন। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ৭ হাজার ৪৯০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২২৬ জন। সুস্থ ২৬৫ জন। সূত্র: ইত্তেফাক
- অর্থনৈতিক সংকটকে কেন্দ্র করে শ্রীলঙ্কায় চলমান আন্দোলনের মুখে পদত্যাগ করল দেশটির প্রধানমন্ত্রী মাহিন্দা রাজাপাকসে। সূত্র: সমকাল
- মার্কিন ফার্স্টলেডি জিল বাইডেনের ইউক্রেন সফর। সফরকালে মার্কিন ফার্স্টলেডি ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির স্ত্রী ওলেনার সঙ্গে সাক্ষাৎ। সূত্র: যুগান্তর
- পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির নামাঙ্কিত 'রিট্রিভার্সিপ' পুরস্কার চালুর প্রথম বছরে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে তার 'কবিতা বিতান' কাব্যগ্রন্থের জন্য এই পুরস্কার দেওয়া হলো। সূত্র: কালের কণ্ঠ

**১০ মে**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত ভার্চুয়ালি অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় ৫ হাজার ৮২৫ দশমিক ৭৪ কোটি টাকার ১১টি প্রকল্পের অনুমোদন। সূত্র: সংবাদ

- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) সাময়িক হিসাব অনুযায়ী দেশের মানুষের মাথাপিছু আয় বেড়ে এখন দুই হাজার ৮২৫ মার্কিন ডলার। চলতি ২০২১-২২ অর্থবছরের সাময়িক হিসাব অনুযায়ী মাথাপিছু আয় এক বছরের ব্যবধানে বেড়েছে ২৩৪ ডলার। জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভা শেষে সাংবাদিকদের পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ৬ হাজার ১৮২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩৩ জন। সুস্থ ২৪৯ জন। সূত্র: সমকাল
- ভারতের কিংবদন্তি সন্তুরবাদক শিবকুমার শর্মার (৮৪) মৃত্যু। সূত্র: সমকাল
- শ্রীলঙ্কার প্রেসিডেন্ট গোটাবায়া রাজাপাকসে দেশটিতে চলমান অর্থনৈতিক সংকট ইস্যুতে কাউকে সরকারি সম্পত্তি লুটপাট বা মানবজীবনের ক্ষতি করতে দেখলে নিরাপত্তা বাহিনীকে সহিংসতাকারীদের গুলি করার নির্দেশ দিয়েছেন। সূত্র: ইত্তেফাক
- যুক্তরাষ্ট্রের ওয়াশিংটনে ২০২১ সালের ৬ জানুয়ারি ক্যাপিটল হিলে তৎকালীন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সমর্থকদের হামলার ঘটনা স্পষ্টভাবে তুলে ধরার জন্য ২০২২ সালের পুলিৎজার পুরস্কার পেল মার্কিন সংবাদমাধ্যম ওয়াশিংটন পোস্ট। এ ছাড়া ভারতে করোনা মহামারির চিত্র তুলে ধরে ফিচার ফটোগ্রাফি বিভাগে পুরস্কৃত হয়েছে বার্তা সংস্থা রয়টার্স। পাশাপাশি নিজ দেশে চলমান যুদ্ধের সংবাদ প্রকাশে 'সাহসিকতা, সহনশীলতা ও সত্যনিষ্ঠতার প্রতি অঙ্গীকারবদ্ধ' থাকায় ইউক্রেন যুদ্ধে নিহত ১২ সাংবাদিকের বিশেষ বিভাগে সম্মান জানিয়েছে পুলিৎজার বোর্ড। সূত্র: সমকাল

**১১ মে**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় আয়োজিত মূল অনুষ্ঠানে যুক্ত হন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর পক্ষে যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী ৮৫ গুণী খেলোয়াড় ও ক্রীড়া সংগঠককে ২০১৩ হতে ২০২০ সালের জাতীয় ক্রীড়া পুরস্কার দেওয়া হয়। সূত্র: জনকণ্ঠ



- শ্রীলঙ্কায় অবস্থানরত বাংলাদেশিদের জন্য জরুরি পরিস্থিতিতে যোগাযোগের জন্য হটলাইন চালু করে দেশটিতে বাংলাদেশ হাইকমিশন। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ৫ হাজার ৭৩৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৫১ জন। সুস্থ ২৯১ জন। সূত্র: জনকণ্ঠ

**১২ মে**

- গত ২৪ ঘণ্টায় দেশে ৪ হাজার জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১৮ জন। সুস্থ ৩২৭ জন। সূত্র: ইত্তেফাক
- শ্রীলঙ্কায় পাঁচবারের সাবেক প্রধানমন্ত্রী ও দেশটির ইউনাইটেড ন্যাশনাল পার্টি (ইউএনপি) নেতা রনিল বিক্রমাসিংহে নতুন প্রধানমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন। সূত্র: সমকাল
- উত্তর কোরিয়া প্রথমবারের মতো একজন করোনায় আক্রান্ত হওয়ার পরই দেশজুড়ে লকডাউনের সিদ্ধান্ত নিয়েছেন দেশটির সর্বোচ্চ নেতা কিম জং উন। সূত্র: যুগান্তর

**১৩ মে**

- বিশ্বব্যাংকের 'অভিবাসন ও উন্নয়ন' শীর্ষক প্রতিবেদন : ২০২১ সালে প্রবাসী আয়ে বিশ্বে সপ্তম অবস্থানে রয়েছে বাংলাদেশ (১০ মে ২০২২ প্রকাশিত)। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩ হাজার ৯৬৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২২ জন। সুস্থ ২০২ জন। সূত্র: ইত্তেফাক
- সংযুক্ত আরব আমিরাতের প্রেসিডেন্ট এবং আবুধাবির শাসক শেখ খলিফা বিন জায়েদ আল নাহিয়ানের (৭৩) মৃত্যুতে এক দিনের রাষ্ট্রীয় শোক পালনের সিদ্ধান্ত নিয়েছে দেশটির সরকার। সূত্র: সমকাল

**১৪ মে**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা ধানমণ্ডি ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্টে 'মুজিব পাঠাগার'-এর ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে অংশ নেন। সূত্র: সমকাল

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা তরুণদের ক্ষমতায়ন ও উদ্বুদ্ধকরণে দেশের সবচেয়ে বড় সংগঠন 'ইয়ং বাংলা'র সদস্য হয়েছেন। সূত্র: ইত্তেফাক
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা সংযুক্ত আরব আমিরাতের (ইউএই) প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করায় শেখ মোহাম্মদ বিন জায়েদ আল-নাহিয়ানকে অভিনন্দন জানিয়েছেন। সূত্র: সমকাল
- দেশের সব আন্তর্জাতিক ও অভ্যন্তরীণ বিমানবন্দরগুলোতে বিটিভি, বিটিভি ওয়ার্ল্ড, সংসদ বিটিভি ও বিটিভি চট্টগ্রাম প্রদর্শনের জন্য বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের (বেবিচক) চেয়ারম্যানকে চিঠি দিয়েছে বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩ হাজার ৮১৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৮ জন। সুস্থ ২৬৯ জন। সূত্র: ইত্তেফাক
- অস্ট্রেলিয়ার সাবেক ক্রিকেটার অ্যান্ড্রু সাইমন্ডসের (৪৬) সড়ক দুর্ঘটনায় মৃত্যু। সূত্র: সমকাল

**১৫ মে**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে 'টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) বাস্তবায়ন পর্যালোচনা বিষয়ক দ্বিতীয় জাতীয় সম্মেলন'-এ যুক্ত হন। সূত্র: যুগান্তর
- ড্রাগ কন্ট্রোল কমিটির ২৫৩তম সভার সিদ্ধান্তে মানুষ ও পশুচিকিৎসায় ব্যবহৃত আট ধরনের ওষুধের নিবন্ধন বাতিল করেছে বাংলাদেশ ঔষধ প্রশাসন অধিদপ্তর। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৪ হাজার ৭৯০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩৭ জন। সুস্থ ২২০ জন। সূত্র: জনকণ্ঠ
- ইউক্রেন-রাশিয়ার যুদ্ধ শুরুর পর থেকে এ পর্যন্ত ২৭ হাজার ৪০০ রুশ সেনা নিহত হয়েছেন বলে দাবি করে গণমাধ্যমকে এ তথ্য জানিয়েছে ইউক্রেন সেনাবাহিনী। সূত্র: যুগান্তর
- বিশ্বের বৃহত্তম বার্গার চেইন ম্যাকডোনাল্ডস ইউক্রেন-রাশিয়ার যুদ্ধ ইস্যুতে মানবিক বিপর্যয় ও ব্যবসা চালানোর অবস্থা না থাকায় রাশিয়ায় ৩ দশকের ব্যবসা বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। সূত্র: যুগান্তর



**১৬ মে**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বাংলাদেশ ও স্পেনের দ্বিপক্ষীয় কূটনৈতিক সম্পর্কের ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে শুভেচ্ছা বার্তা পাঠান স্পেনের সরকার প্রধান পেড্রো সানচেজ। সূত্র: ইত্তেফাক
- বৈদেশিক মুদ্রার ব্যয় সাশ্রয়ে সংবিধিবদ্ধ, রাষ্ট্রায়ত্ত, স্বায়ত্তশাসিত, আধা-সরকারি এবং রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানি ও আর্থিক প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল ব্যয়ের মাধ্যমে সব ধরনের বিদেশ ভ্রমণ স্থগিত করে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের পরিপত্র জারি। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ৪ হাজার ২৯০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩২ জন। সুস্থ ২৫৮ জন। সূত্র: যুগান্তর
- উত্তর কোরিয়ার নেতা কিম জং উন করোনা মোকাবিলায় লকডাউন ঘোষণার পর দেশটির রাজধানী পিয়ংইয়ংয়ের ফার্মেসিগুলোতে জরুরি ওষুধের সরবরাহ স্বাভাবিক রাখতে সেনা মোতায়েনের নির্দেশ দিয়েছেন। সূত্র: ইত্তেফাক
- রাশিয়ান সীমান্ত থেকে ৬০ কিলোমিটার দূরে মোট ১৪টি দেশের ১৫ হাজার সেনা অংশগ্রহণে এস্তোনিয়ায় সামরিক মহড়া শুরু করেছে সামরিক জোট ন্যাটো। সূত্র: সমকাল

**১৭ মে**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে ভার্চুয়ালি অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) আওতায় ২০২২-২৩ অর্থবছরে ১ হাজার ৪৩৫টি প্রকল্পের জন্য ২ লাখ ৪৬ হাজার ৬৬ কোটি টাকা অনুমোদন। সূত্র: জনকণ্ঠ
- বাংলাদেশের ভৌগোলিক নির্দেশক পণ্য হিসেবে বিশ্ববাজারে বাগদা চিংড়িকে জিআই স্বীকৃতি দিয়ে পেটেন্ট ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরের গেজেট প্রকাশ। সূত্র: ইত্তেফাক
- পদ্মা সেতু পারাপারে বিভিন্ন পরিবহনের জন্য আলাদা আলাদা টোল হার নির্ধারণ করে সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন জারি। সূত্র: ইত্তেফাক

- গত ২৪ ঘণ্টায় দেশে ৫ হাজার ১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২২ জন। সুস্থ ২৪১ জন। সূত্র: যুগান্তর
- ফ্রান্সে ৩০ বছর পর শ্রম ও কর্মসংস্থান বিষয়ক মন্ত্রী এলিজাবেথ বর্নিকে দেশটির নতুন প্রধানমন্ত্রী হিসেবে নিয়োগ দিয়েছেন দেশটির প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁ। সূত্র: সমকাল
- আফগানিস্তানের বাড়তি খরচ বাঁচাতে মানবাধিকার কমিশনকে 'অপ্রয়োজনীয়' চিহ্নিত করে বিলুপ্ত করলো দেশটির রক্ষণশীল তালেবান সরকার। সূত্র: যুগান্তর

**১৮ মে**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত 'দক্ষিণ এশিয়ায় জলবায়ু পরিবর্তন ও খাদ্য নিরাপত্তা বিষয়ক আন্তর্জাতিক সম্মেলন'-এর উদ্‌বোধনী অধিবেশনে বঙ্গভবন থেকে ভার্চুয়ালি যুক্ত হন। সূত্র: জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষ্যে আওয়ামী লীগ আয়োজিত অনুষ্ঠানে ভার্চুয়ালি অংশগ্রহণ করেন। সূত্র: জনকণ্ঠ
- দেশে অ্যান্টিবায়োটিক চিহ্নিতকরণ সহজ করতে রাজধানীর হোটেল ওয়েস্টিনে অ্যাসোসিয়েশন অব ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রিজ (বিএপিআই) ও ঔষধ প্রশাসন অধিদপ্তরের সভায় ওষুধের মোড়ক (প্যাকেট) লাল চিহ্ন ব্যবহারের সিদ্ধান্ত। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৫ হাজার ৮৬৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩৫ জন। সুস্থ ২১৬ জন। সূত্র: যুগান্তর
- ইউক্রেন-রাশিয়া যুদ্ধ ইস্যুতে ফ্রান্সের ৩৪ কূটনীতিককে বহিষ্কার করল রাশিয়া। সূত্র: সংবাদ

**১৯ মে**

- ভাষাসৈনিক, কালজয়ী একুশের গানের রচয়িতা, সাংবাদিক ও লেখক আবদুল গাফফার চৌধুরীর (৮৮) মৃত্যু। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার শোক প্রকাশ। সূত্র: ইত্তেফাক



- ফ্রান্সে বিশ্বখ্যাত কান ফিল্ম ফেস্টিভ্যালের ৭৫তম আসরের তৃতীয় দিন ভারতীয় প্যাভিলিয়নে বাংলাদেশ-ভারত যৌথ উদ্যোগে নির্মিত 'বঙ্গবন্ধু' বায়োপিকের ট্রেলার উদ্‌বোধন করেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী ড. হাছান মাহমুদ এবং ভারতের তথ্য ও সম্প্রচার এবং যুব ও ক্রীড়ামন্ত্রী অনুরাগ সিং ঠাকুর। সূত্র: জনকণ্ঠ
- বাংলাদেশের অন্যতম মহাকাশ বিজ্ঞানী ও দুর্যোগ পূর্বাভাস বিশেষজ্ঞ ড. এ এম চৌধুরী বার্ধক্যজনিত কারণে (৮১) ইন্তেকাল করেছেন। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ৬ হাজার ৩১৩ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৫০ জন। সুস্থ ২২১ জন। সূত্র: ইত্তেফাক
- বিশ্ব ফুটবলের নিয়ন্ত্রক সংস্থা ফিফা কাতারে অনুষ্ঠেয় আসরে বিশ্বকাপের ৯২ বছরের ইতিহাসে প্রথমবারের মতো নারী রেফারি এবং সহকারী নারী রেফারির নাম ঘোষণা করেছে। সূত্র: সমকাল
- মার্কিন কর্তৃপক্ষের উদ্যোগে ইউক্রেন-রাশিয়া যুদ্ধ ইস্যু ও দুই দেশের দ্বিপক্ষীয় বিভিন্ন বিষয়ে রাশিয়া এবং মার্কিন যুক্তরাষ্ট্রের সেনাপ্রধানের মধ্যে ফোনালাপ হয়েছে। সূত্র: যুগান্তর

**২০ মে**

- মহামারি করোনাভাইরাস সংক্রমণ শেষ না হতেই বিশ্বের ১২টি দেশে ছড়িয়ে পড়া নতুন সংক্রমণ 'মাঙ্কিপক্স' প্রতিরোধে দেশের সব বিমান ও স্থলবন্দরগুলোতে সতর্কতা জারি করেছে স্বাস্থ্য অধিদপ্তর। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩ হাজার ৯২৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১৬ জন। সুস্থ ১৭২ জন। সূত্র: সমকাল
- দক্ষিণ কোরিয়ায় সফররত মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন সিউলে বসেই রুশ আগ্রাসন থেকে বাঁচাতে ইউক্রেনের সামরিক, অর্থনৈতিক ও মানবিক সহায়তার জন্য চার হাজার কোটি ডলারের সহায়তা প্যাকেজে স্বাক্ষর করেছেন। সূত্র: যুগান্তর
- প্রতিবেশী দেশ ফিনল্যান্ড গ্যাসের আমদানির দাম রাশিয়ান মুদ্রায় পরিশোধ না করায় গ্যাস সরবরাহ বন্ধ করে দিয়েছে রাশিয়া। সূত্র: ইত্তেফাক

**২১ মে**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি জাতিসংঘ মহাসচিবের সঙ্গে 'চ্যাম্পিয়নস গ্রুপ অব গ্লোবাল ক্রাইসিস রেসপন্স ফর ফুড, এনার্জি অ্যান্ড ফাইন্যান্স'-এর বৈঠকে অংশ নেন। এ সময় প্রধানমন্ত্রী রাশিয়া-ইউক্রেন যুদ্ধের প্রভাবে নিত্যপণ্যের ঊর্ধ্বগতি নিয়ন্ত্রণে বিপর্যস্ত সরবরাহ ব্যবস্থায় পরিবর্তন আনতে বিশ্ব নেতাদের সমন্বিত পদক্ষেপ গ্রহণের আহ্বান জানান। একইসঙ্গে প্রধানমন্ত্রী বৈশ্বিক সংকট কাটিয়ে ওঠার লক্ষ্যে ৪টি প্রস্তাব উত্থাপন করেন। সূত্র: ইত্তেফাক
- ভারতের বেঙ্গালুরুতে বাংলাদেশি নারীকে সংঘবদ্ধ ধর্ষণের ঘটনায় ১১ বাংলাদেশিকে কারাদণ্ড দিয়েছে দেশটির আদালত। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩ হাজার ৭৩৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৯ জন। সুস্থ ২১৭ জন। সূত্র: ইত্তেফাক
- শ্রীলঙ্কার প্রেসিডেন্ট গোটাবায়া রাজাপাকসে দেশটির অর্থনৈতিক সংকটে বিপর্যস্ত মন্ত্রিসভায় ৯ জন নতুন মন্ত্রী নিয়োগ দিয়েছেন। সূত্র: সমকাল
- ইউক্রেন-রাশিয়া যুদ্ধ ইস্যুতে রাশিয়াকে সমর্থন না করায় প্রেসিডেন্ট জো বাইডেনসহ যুক্তরাষ্ট্রের ৯৬৩ জনের ওপর ভ্রমণ নিষেধাজ্ঞা দিয়েছে রাশিয়া। সূত্র: যুগান্তর

**২২ মে**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার কার্যালয়ে অনুষ্ঠিত 'বাংলাদেশ ডেল্টা প্ল্যান-২১০০' বাস্তবায়নে গঠিত ডেল্টা গভর্নেন্স কাউন্সিলের প্রথম সভায় অংশ নেন। সভায় প্রধানমন্ত্রী দেশের বিভিন্ন এলাকার প্রকৃতিগত পার্থক্যের উল্লেখ করে অঞ্চল ভিত্তিক যথাযথ উন্নয়ন পরিকল্পনা গ্রহণের নির্দেশ দেন। সূত্র: ইত্তেফাক
- মুজিববর্ষের ৩৮ হাজার ৬৯৭টি স্থিরচিত্র, ১০৫ ঘণ্টার ভিডিও, ১২টি টিভিসি, ৩০টি প্রামাণ্যচিত্রের কপি ও অনুলিপি বঙ্গবন্ধু মেমোরিয়াল ট্রাস্টের কাছে হস্তান্তর করল জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি। সূত্র: ভোরের কাগজ



- দেশে নারী মুক্তিযোদ্ধারা (বীরাঙ্গনা) ছাড়া আর কোন ক্যাটাগরির মুক্তিযোদ্ধার গেজেটভুক্তির আবেদন গ্রহণ করবে না সরকার। তবে যে সব আবেদন এরই মধ্যে গৃহীত হয়েছে এবং যাচাই-বাছাই বা আপীল পর্যায়ে রয়েছে, সেগুলো নিষ্পন্ন করার কাজ যথারীতি চলমান থাকবে; জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের ৭৯তম সভায় সিদ্ধান্ত। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৪ হাজার ৬৫৯ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩১ জন। সুস্থ ১৯৩ জন। সূত্র: সমকাল
- সৌদি আরবে প্রথমবারের মতো সব নারী ক্রু নিয়ে ফ্লাইট পরিচালনা করল দেশটির বিমান সংস্থা ফ্লাইডিল। সূত্র: জনকণ্ঠ
- শ্রীলঙ্কায় অর্থনৈতিক সংকট এবং সরকারবিরোধী তীব্র আন্দোলনের মুখে জরুরি অবস্থা জারির দুই সপ্তাহ পর তা প্রত্যাহার করল দেশটির সরকার। সূত্র: ভোরের কাগজ

**২৩ মে**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা ব্যাংককের জাতিসংঘ সম্মেলন কেন্দ্রে শুরু হওয়া 'জাতিসংঘের এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের অর্থনৈতিক ও সামাজিক কমিশনের (এসকাপ)' এর ৭৮তম অধিবেশনে ভিডিয়ো বার্তা প্রদান করেন। এই বার্তায় কোভিড ১৯ মহামারি এবং রাশিয়া-ইউক্রেন সংঘাতের পটভূমিতে আঞ্চলিক সংকট মোকাবিলায় অর্থনৈতিক সহযোগিতা জোরদারে পাঁচ প্রস্তাব দেন। সূত্র: জনকণ্ঠ
- বাংলাদেশ-ভারত বিভিন্ন সীমান্ত দিয়ে ভারত থেকে রোহিঙ্গারা বাংলাদেশে অনুপ্রবেশের পরিপ্রেক্ষিতে রোহিঙ্গা অনুপ্রবেশ বন্ধ ও উদ্বেগ প্রকাশ করে ভারতীয় কর্তৃপক্ষকে চিঠি দিলো বাংলাদেশ পররাষ্ট্র মন্ত্রণালয়। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ৪ হাজার ৩২৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩৪ জন। সুস্থ ২২৮ জন। সূত্র: জনকণ্ঠ
- ইউক্রেনীয় নিরস্ত্র এক বেসামরিক নাগরিককে হত্যা করায় প্রথমবারের মতো যুদ্ধাপরাধের দায়ে রাশিয়ান ট্যাঙ্ক কমান্ডার ভাদিম শিশিমারিন (২১) নামে সেনা সদস্যকে যাবজ্জীবন কারাদণ্ড দিলো ইউক্রেনের আদালত। সূত্র: ভোরের কাগজ

**২৪ মে**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে জাতিসংঘের শরণার্থী বিষয়ক হাইকমিশনার (ইউএনএইচসিআর) ফিলিপ্পো গ্র্যান্ডির সৌজন্য সাক্ষাৎ। প্রধানমন্ত্রী এ সময় বলেন, প্রত্যাবাসনের দীর্ঘস্থায়ী অনিশ্চয়তায় রোহিঙ্গারা অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িত হচ্ছে। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ৪ হাজার ৬১৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩০ জন। সুস্থ ২১৫ জন। সূত্র: সমকাল
- বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) মহাসচিব হিসেবে আরও পাঁচ বছরের জন্য পুনর্নির্বাচিত হলেন তেদ্রোস আধানম গেব্রিয়াসেস। সূত্র: সমকাল
- ইউক্রেন-রাশিয়া যুদ্ধ ইস্যুতে ইউক্রেনে রাশিয়ার হামলাকে অপরাধ মন্তব্য করে পদত্যাগ করল জাতিসংঘে নিযুক্ত রুশ কূটনীতিক বরিস বোনদারেভ। সূত্র: সমকাল
- সব ডিভিশনের কোচদের ভোটে লিগ ম্যানেজার্স অ্যাসোসিয়েশনের (এলএমএ) বর্ষসেরা কোচ ও ইংলিশ প্রিমিয়ার লিগের মৌসুম সেরা ম্যানেজার নির্বাচিত হয়েছেন অ্যানফিল্ডের জার্মান কোচ জার্গেন ক্লপ (৫৪)। সূত্র: সমকাল

**২৫ মে**

- বাংলাদেশ থেকে ঘানার কাছে 'ক্লাইমেট ভালনারেবল ফোরাম (সিভিএফ)' সভাপতির দায়িত্ব হস্তান্তর অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি ভাষণ দেন। সূত্র: ভোরের কাগজ
- প্রধানমন্ত্রী শেখ হসিনাকে ২০০০ সালের ২০ জুলাই গোপালগঞ্জের কোটালীপাড়ায় বোমা পুঁতে হত্যাচেষ্টা ও ২০০১ সালে রমনা বটমূলে বোমা হামলা মামলায় মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামি, হরকাতুল জিহাদের প্রতিষ্ঠাতা আমির মুফতি আব্দুল হাইকে নারায়ণগঞ্জের ফতুল্লা থেকে গ্রেপ্তার করেছে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)। সূত্র: সমকাল
- বাংলাদেশের জনপ্রশাসনের সক্ষমতা বৃদ্ধি ও শক্তিশালী করার লক্ষ্যে গভর্নেন্স ইনোভেশন ইউনিট (জিআইইউ) এবং হার্ভার্ড কেনেডি স্কুলের অ্যাশ সেন্টার ফর ডেমোক্র্যাটিক গভর্ন্যান্স অ্যান্ড ইনোভেশন-এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। সূত্র: সমকাল



- গত ২৪ ঘণ্টায় দেশে ৪ হাজার ৩২৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১৯৫ জন। সুস্থ ২৭২ জন। সূত্র: ইত্তেফাক
- মুসলিমদের তৃতীয় পবিত্র স্থান জেরুজালেমের আল-আকসা মসজিদে ইহুদিদের প্রার্থনায় দেশটির নিম্ন আদালতের দেওয়া রায় বাতিল করে দিয়েছেন ইসরাইলেরই আপিল আদালত। সূত্র: সমকাল
- ইউক্রেনের বিপক্ষে পুতিনের ঘোষিত 'বিশেষ সামরিক অভিযানে' অংশ নিতে অস্বীকৃতি জানানোয় রাশিয়ার ১১৫ ন্যাশনাল গার্ড সেনাকে বহিষ্কার করার বিষয়টি নিশ্চিত করেছে রাশিয়ার সামরিক আদালত। সূত্র: যুগান্তর

**২৬ মে**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে 'বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০ আন্তর্জাতিক সম্মেলন : সমস্যা ও বাস্তবায়নের চ্যালেঞ্জ' শীর্ষক দুই দিনব্যাপী সম্মেলনের উদ্‌বোধনী অনুষ্ঠানে অংশ নেন। সূত্র: ইত্তেফাক
- জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে কর্তব্যরত অবস্থায় আত্মোৎসর্গকারী মরণোত্তর 'দ্যাগ হ্যামারশোল্ড' মেডেল পেলেন বাংলাদেশি দুই শান্তিরক্ষী মেজর এ কে এম মাহমুদুল হাসান ও ল্যান্স কর্পোর‍্যাল মো. রবিউল মোল্লা। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩ হাজার ৮৮৯ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৩ জন। সুস্থ ২২১ জন। সূত্র: ইত্তেফাক
- ইরাকের কোনো সংস্থা বা ব্যক্তি ইসরাইলের সঙ্গে কোনো রকম সম্পর্কে গেলে তার বিরুদ্ধে ফৌজদারি মামলা করা হবে। অপরাধ প্রমাণিত হলে যাবজ্জীবন কারাদণ্ড পর্যন্ত হতে পারে বলে আইন পাস হয়েছে ইরাকের পার্লামেন্টে। সূত্র: ইত্তেফাক

**২৭ মে**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাপানের রাজধানী টোকিওতে দুদিনব্যাপী এশিয়ার ভবিষ্যৎ বিষয়ক ২৭তম আন্তর্জাতিক নিক্কেই সম্মেলনে ভিডিয়ো বার্তা দিয়েছেন। বার্তায় প্রধানমন্ত্রী সহজে স্বল্পোন্নত দেশ

থেকে উন্নয়নশীল দেশে উত্তরণের পাশাপাশি ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে জাপান ও ওইসিডির দেশগুলোর সহযোগিতা চেয়েছেন। সূত্র: সমকাল

- গত ২৪ ঘণ্টায় দেশে ৩ হাজার ৮৯৯ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৮ জন। সুস্থ ১৯১ জন। সূত্র: ইত্তেফাক
- যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অব সাউথ আলাব্যামার ফ্যাকাল্টি সিনেটের প্রেসিডেন্ট পদে প্রথম বাংলাদেশি হিসেবে নির্বাচিত হয়েছেন এ বিশ্ববিদ্যালয়ের যোগাযোগ বিভাগের ডিজিটাল সাংবাদিকতার সহযোগী অধ্যাপক ড. দেলোয়ার হোসেন আরিফ। সূত্র: সমকাল
- প্রথমবার ভারতীয় লেখক গীতাঞ্জলি শ্রী হিন্দি ভাষায় লেখা 'রেত সামাধি' উপন্যাসের অনুবাদ 'টুম্ব অফ স্যান্ড' জন্য আন্তর্জাতিক বুকার পুরস্কার পেয়েছেন। পুরস্কারের অর্থ গীতাঞ্জলি শ্রী এবং বইয়ের আমেরিকান অনুবাদক ডেইজি রকওয়েলের মধ্যে ভাগ করে দেওয়া হবে। সূত্র: সমকাল

**২৮ মে**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা আন্তর্জাতিক জাতিসংঘ শান্তিরক্ষী দিবস উপলক্ষ্যে বাণী দিয়েছেন। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ৫ হাজার ৫৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৪০ জন। সুস্থ ২১৫ জন। সূত্র: যুগান্তর
- ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে আয়োজিত সেমিনারে মাঙ্কিপক্স ভাইরাসে আক্রান্ত ব্যক্তির সংস্পর্শে আসা ব্যক্তিদের বিশ্ব স্বাস্থ্য সংস্থার গাইডলাইন অনুসরণে অন্তত তিন সপ্তাহ কোয়ারেন্টাইনে থাকার পরামর্শ। সূত্র: যুগান্তর
- দক্ষিণ প্রশান্ত মহাসাগরীয় দ্বীপরাষ্ট্র ভানুয়াতুর আইনসভায় জলবায়ু জরুরি অবস্থা ঘোষণার প্রস্তাব গ্রহণ। পাশাপাশি দেশটির প্রধানমন্ত্রী বব লগম্যান জলবায়ু পরিবর্তনের প্রভাবজনিত পরিস্থিতি প্রশমনে ১২০ কোটি ডলার তহবিল অনুমোদন করেন। সূত্র: কালের কণ্ঠ



**২৯ মে**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে গণভবনে পল্লী উন্নয়নে অবদানে জন্য সেন্টার অন ইন্টিগ্রেটেড রুরাল ডেভেলপমেন্ট ফর এশিয়া অ্যান্ড দ্য প্যাসিফিক' (সিরডাপ) কর্তৃক 'আজিজুল হক পল্লী উন্নয়ন পদক ২০২১' তুলে দেন সিরডাপের মহাপরিচালক ডা. চেরদসাক ভিরাপা। সূত্র: ইত্তেফাক
- পদ্মা নদীর ওপর নির্মিত সেতুর নাম 'পদ্মা সেতু' চূড়ান্ত করে প্রজ্ঞাপন জারি। সূত্র: সমকাল
- বাংলা একাডেমি প্রবর্তিত 'নজরুল পুরস্কার ২০২২' এ ভূষিত হলেন অধ্যাপক সিরাজুল ইসলাম চৌধুরী। সূত্র: যুগান্তর
- জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের ৭৮তম সভার সুপারিশে আরও ছয় বীরাঙ্গনা পেল বীর মুক্তিযোদ্ধার স্বীকৃতি। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৫ হাজার ৩৭০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩৪ জন। সুস্থ ১৬৯ জন। সূত্র: যুগান্তর
- ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি খারকিভ অঞ্চলের যুদ্ধক্ষেত্র পরিদর্শন করলেন। সূত্র: সমকাল

**৩০ মে**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপস্থিতিতে ঢাকা সেনানিবাসের সেনা সদর দপ্তরের মাল্টিপারপাস কমপ্লেক্সে 'আর্মি সিলেকশন বোর্ড ২০২২' এর বৈঠক অনুষ্ঠিত। সূত্র: সমকাল
- ঢাকায় পরিশোধিত পানিতে করোনাভাইরাসের কোনো অস্তিত্ব পাওয়া যায়নি। তবে পয়োনিষ্কাশনের ড্রেনের পানি এবং কর্দমাক্ত স্থানে করোনার জীবাণুর অস্তিত্ব মিলেছে। আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্র, বাংলাদেশ ও ঢাকা ওয়াসার গবেষণায় তথ্য প্রকাশ। সূত্র: সংবাদ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৪ হাজার ১৯৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৬ জন। সুস্থ ১৬৯ জন। সূত্র: ইত্তেফাক
- জাতির উদ্দেশে দেওয়া ভাষণে শ্রীলঙ্কার প্রধানমন্ত্রী রনিল বিক্রমাসিংহে দেশটির সংকটময় পরিস্থিতি সামাল দিতে ন্যাশনাল কাউন্সিল গঠনের প্রস্তাব। সূত্র: ইত্তেফাক

**৩১ মে**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) বৈঠকে ২ হাজার ৬৬৫ কোটি ২১ লাখ টাকা ব্যয় সংবলিত ৯টি প্রকল্প অনুমোদন। সূত্র: যুগান্তর
- ডিজিটাল ভূমি (উন্নয়ন) কর ব্যবস্থাপনার জন্য ভূমি মন্ত্রণালয়ের ওয়ার্ল্ড সাবমিট অন দি ইনফরমেশন সোসাইটি (উইসিসি) প্রতিযোগিতায় পুরস্কার ২০২২ পেয়েছে। সুইজারল্যান্ডের জেনেভায় আন্তর্জাতিক টেলিযোগাযোগ ইউনিয়নের (আইটিইউ) সদর দপ্তরের পোপভ সভা কক্ষে আয়োজিত অনুষ্ঠানে ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী এ পুরস্কার গ্রহণ করেন। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ৫ হাজার ৩৫৩ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩৪ জন। সুস্থ ৩৫৭ জন। সূত্র: ইত্তেফাক
- ইউক্রেনের পূর্বাঞ্চলীয় উপত্যকা দনবাসে রুশ বাহিনীর বোমা হামলায় ইউক্রেনে কর্তব্যরত ফরাসি বিএফএম টেলিভিশন নিউজ চ্যানেলের সাংবাদিক ফ্রেডেরিক লেক্লার্ক ইমহফ (৩২) নিহত হয়েছেন। সূত্র: ভোরের কাগজ
- ব্রাসেলসে অনুষ্ঠিত সম্মেলনে রাশিয়া থেকে তেল আমদানি নিষিদ্ধের বিষয়ে একমত হয়েছেন ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) নেতারা। সূত্র: যুগান্তর
- যুদ্ধাপরাধের দায়ে দুই রুশ সেনাসদস্যকে সাড়ে ১১ বছর কারাদণ্ড দিয়েছে ইউক্রেনের কোতেলেভস্কার আদালত। সূত্র: যুগান্তর



## জুন

**১ জুন**

- আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গণভবনে ২০১৯ সালে আওয়ামী লীগের ২১তম জাতীয় সম্মেলনের পর আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের প্রথম সভায় অংশ নেন। সূত্র: যুগান্তর
- রাশিয়া-ইউক্রেন যুদ্ধের জেরে সৃষ্ট সংকট কাটাতে বিশ্বের কয়েকটি দেশ ভারতের কাছে ১৫ লাখ টনের বেশি গম কেনার প্রস্তাব দিয়েছে। এদের মধ্যে সবচেয়ে বেশি পরিমাণ ক্রয় করবে বাংলাদেশ। সূত্র: যুগান্তর
- ৫৭ বছর পর চিলাহাটি-হলদিবাড়ি রুটে নিউ জলপাইগুড়ি স্টেশন থেকে ঢাকার উদ্দেশে যাত্রা শুরু করল প্রথম যাত্রীবাহী ট্রেন মিতালী এক্সপ্রেস। সূত্র: যুগান্তর
- রানী দ্বিতীয় এলিজাবেথের জন্মদিন উপলক্ষ্যে বাংলাদেশসহ দক্ষিণ এশিয়া ও যুক্তরাজ্যের শিল্পকলায় পৃষ্ঠপোষকতার স্বীকৃতি হিসেবে বাংলাদেশি বংশোদ্ভূত নাদিয়া সামদানিকে 'মেম্বার অব দ্য মোস্ট এপিলেন্ট অর্ডার' (এমবিই) ২০২২ প্রদান। এটি ব্রিটিশ রাজপরিবারের তৃতীয় সর্বোচ্চ সম্মাননা। সূত্র: সমকাল
- ইউক্রেনে চলমান যুদ্ধে রাশিয়ার বিরুদ্ধে প্রায় ১৫ হাজার যুদ্ধাপরাধের অভিযোগের তদন্ত শুরু করেছে দেশটির প্রশাসন। সূত্র: ভোরের কাগজ
- তিউনিসিয়ার প্রেসিডেন্ট কায়েস সাঈদ দুর্নীতি ও সন্ত্রাসীদের রক্ষার অভিযোগে একসঙ্গে দেশটির ৫৭ জন বিচারককে বরখাস্ত করেছেন। সূত্র: যুগান্তর

**২ জুন**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে মালয়েশিয়ার মানবসম্পদ মন্ত্রী দাতুক সেরি এম সারাভানান সৌজন্য সাক্ষাৎ করেন। সূত্র: সমকাল
- এশিয়া-প্যাসিফিক স্টিভি অ্যাওয়ার্ডের নবম আসরে বাংলাদেশ ডাক বিভাগের মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস 'নগদ' 'এক্সিলেন্স ইন ইনোভেশন ইন ফাইন্যান্সিয়াল ইন্ডাস্ট্রিজ' শ্রেণিতে স্বর্ণপদক লাভ করেছে। সূত্র: সমকাল

- ভেজাল প্যারাসিটামল সেবনের অভিযোগে শিশুমৃত্যুর ঘটনায় ঔষধ প্রশাসন অধিদপ্তরকে দেশে মোট ১০৪ শিশুর প্রত্যেকের পরিবারকে ১৫ লাখ টাকা করে ক্ষতিপূরণ দেওয়ার নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। সূত্র: ইত্তেফাক
- রাশিয়ান সরবরাহের ওপর নির্ভরতা বন্ধ করার লক্ষ্যে দেশটির সব পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রে জ্বালানি সরবরাহ করার জন্য মার্কিন পরমাণবিক বিদ্যুৎ কোম্পানি ওয়েস্টিং হাউসের সঙ্গে চুক্তিতে স্বাক্ষর করেছে ইউক্রেন। সূত্র: যুগান্তর
- ইউক্রেনে-রাশিয়ার চলমান যুদ্ধ ইস্যুতে কলম্বোর বাণিজ্যিক আদালতের নির্দেশে কলম্বোর বন্দরনায়েক আন্তর্জাতিক বিমানবন্দরে রাশিয়ার বিমান সংস্থা অ্যারোফ্লোটের ২০০ আরোহীসহ উড়োজাহাজটি আটকে দিয়েছে শ্রীলঙ্কা। সূত্র: যুগান্তর
- তুরস্কর নাম পরিবর্তন করে নতুন নাম তুর্কিয়ের (টার্কিয়ে) স্বীকৃতি দিয়েছে জাতিসংঘ। সূত্র: সমকাল (৬ জুন প্রকাশিত)

**৩ জুন**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি রাজধানীর আশকোনায় হজ অফিসে হজযাত্রীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় এবং হজ কার্যক্রম ২০২২ এর উদ্‌বোধন করেছেন। সূত্র: যুগান্তর
- বাংলাদেশের পঞ্চগড়ের তরুণ লেখক শাহ জালাল জোনাকের বাংলা ভাষায় লেখা 'মহাবিশ্বের মহাকাশ ফাড়ি' বইটি আন্তর্জাতিক মহাকাশ স্টেশনের লাইব্রেরিতে স্থান করে নিয়েছে। সূত্র: ইত্তেফাক
- সৌদি আরব হজ মন্ত্রণালয় করোনাভাইরাস মহামারির পর হজ যাত্রীদের প্রথম ব্যাচকে স্বাগত জানিয়েছে। সূত্র: ইত্তেফাক
- ইউক্রেনে-রাশিয়ার চলমান যুদ্ধের নিন্দা জানানো রাশিয়ার কড়া সমালোচক বিখ্যাত সাংবাদিক আলেক্সান্ডার নেভজোরভকে নাগরিকত্ব দিয়েছে ইউক্রেন। সূত্র: যুগান্তর

**৪ জুন**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা চট্টগ্রামের সীতাকুণ্ডের ভাটিয়ারি এলাকার বিএম কনটেনার ডিপোতে অগ্নিকাণ্ড ও বিস্ফোরণে হতাহতের ঘটনায় শোক



প্রকাশ করেছেন। প্রধানমন্ত্রী এ ঘটনায় ক্ষতিগ্রস্তদের সর্বাত্মক সহযোগিতা করতে সরকারের পাশাপাশি দলীয় নেতাকর্মীদের এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন। সূত্র: যুগান্তর

- পদ্মা সেতুতে প্রথমবারের মতো মুন্সীগঞ্জ প্রান্তে ১২ নম্বর স্প্যানের ল্যাম্পপোস্টগুলো পরীক্ষামূলক প্রজ্বলিত করা হয়েছে। সূত্র: ইত্তেফাক
- সারাদেশে করোনা টিকার সপ্তাহব্যাপী বিশেষ বুস্টার ডোজ কার্যক্রম শুরু হয়েছে। সূত্র: ইত্তেফাক
- ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মতো ২০২১-২২ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষায় অংশ নিয়েছেন ট্রান্সজেন্ডার এক শিক্ষার্থী। সূত্র: ভোরের কাগজ
- মিয়ানমারের সামরিক জান্তা দেশটির উত্তরাঞ্চলে গত তিনদিনের অভিযানে প্রায় দুই শতাধিক বাড়িঘর পুড়িয়ে দিয়েছে। সূত্র: যুগান্তর
- শ্রীলঙ্কায় চলমান সহায়তার ধারাবাহিকতার অংশ হিসেবে দেশটির জাফনা টিচিং হাসপাতালে (জেটিএইচ) দুই ট্রাক জীবন রক্ষাকারী ওষুধ ও সরঞ্জাম দিয়েছে ভারত। সূত্র: যুগান্তর

**৫ জুন**

- জাতীয় সংসদে রাজাকার, আলবদর, আলশামস বাহিনীসহ স্বাধীনতাবিরোধীদের তালিকা তৈরির বিধান রেখে 'জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল বিল ২০২২' উত্থাপন করেন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক। সূত্র: যুগান্তর
- চলতি বছরের প্রাথমিক শিক্ষা সমাপনী এবং ইবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষা না নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। সূত্র: সমকাল
- কার্ডিফে ফাইনাল প্লে অফে ১-০ গোলে ইউক্রেনকে হারিয়ে কাতার বিশ্বকাপে খেলার যোগ্যতা অর্জন করেছে। সূত্র: ইত্তেফাক

**৬ জুন**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় আয়োজিত মূল অনুষ্ঠানে ভার্চুয়ালি যুক্ত হন। সূত্র: ইত্তেফাক

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে মহাখালীতে বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস অ্যান্ড সার্জনস (বিসিপিএস)-এর সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন ও ১৪তম সমাবর্তন ২০২২-এর অনুষ্ঠানে ভার্চুয়ালি অংশ নেন। সূত্র: যুগান্তর
- একাদশ জাতীয় সংসদের ১৮তম (বাজেট) অধিবেশনে পরমাণু শক্তি কমিশনের দুটি পদবি পরিবর্তন করতে 'বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন (সংশোধন) বিল ২০২২' উত্থাপন করেন বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী ইয়াফেস ওসমান। সূত্র: জনকণ্ঠ
- বাংলাদেশই প্রথম স্বয়ংক্রিয় ও দ্রুত ইমিগ্রেশন প্রক্রিয়া শেষ করার জন্য রাজধানীর হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ই-গেট চালু হয়েছে। সূত্র: ভোরের কাগজ
- ইউক্রেনে চালানো রাশিয়ান সামরিক অভিযান নিয়ে 'ভুয়া' কনটেন্ট ছড়ানোর অভিযোগে যুক্তরাষ্ট্র সরকারের অর্থে চলা প্রচার মাধ্যম রেডিও লিবার্টি ও রেডিও ফ্রি ইউরোপকে (আরএল ও আরএফই) ২০ মিলিয়ন রুবল (৩ লাখ ২৫ হাজার ২১৪ মার্কিন ডলার) জরিমানা করেছে মস্কোর আদালত। সূত্র: সমকাল

**৭ জুন**

- পরমাণু জ্বালানির শান্তিপূর্ণ ব্যবহার সংক্রান্ত প্রশিক্ষণ ও শিক্ষার ক্ষেত্রে সহযোগিতার বিষয়ে বুদাপেস্টে বাংলাদেশ ও হাঙ্গেরির মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। সূত্র: ইত্তেফাক
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা করোনাকালে বিগত দুই বছরে এক হাজার ছয়শ'টি ডিজিটাল বৈঠকে উপস্থিত থেকে বিশ্বের ইতিহাসে নতুন রেকর্ড সৃষ্টি করেছেন। একাদশ জাতীয় সংসদের অষ্টাদশ অধিবেশনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক এই তথ্য প্রকাশ করেন। সূত্র: যুগান্তর
- ইউক্রেনে-রাশিয়ার চলমান যুদ্ধ ইস্যুতে অর্থ ও জ্বালানি মন্ত্রীসহ নতুন করে আরও ৬১ মার্কিন কর্মকর্তার বিরুদ্ধে নিষেধাজ্ঞা জারি করেছে রাশিয়া। সূত্র: যুগান্তর
- ইউক্রেনে-রাশিয়ার চলমান যুদ্ধে নিহত ২১০ ইউক্রেনীয় সৈন্যের লাশ কিয়েভে পাঠিয়েছে রাশিয়া। সূত্র: যুগান্তর



**৮ জুন**

- কাতারে অনুষ্ঠিত ২০২২ বিশ্বকাপ উপলক্ষ্যে ফিফা বিশ্বকাপ ট্রফির বিশ্বভ্রমণের অংশ হিসেবে বাংলাদেশে এসে পৌঁছেছে 'বিশ্বকাপ ট্রফি'। বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদকে ও গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বিশ্বকাপের ট্রফি প্রদর্শন করা হয়। সূত্র: সমকাল
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে পদ্মা সেতু উদ্‌বোধন উপলক্ষ্যে দক্ষিণাঞ্চলের জনপ্রতিনিধিদের সঙ্গে মতবিনিময় সভা করেন। সূত্র: যুগান্তর
- কৃষিতে কার্বন নিঃসরণ কমাতে কৃষকদের ওপর করারোপের পরিকল্পনা করছে নিউজিল্যান্ড। সূত্র: যুগান্তর
- চীন ও রাশিয়ার বিরোধিতা সত্ত্বেও আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থার (আইএইএ) নির্বাহী বোর্ডের ত্রৈমাসিক সভায় ইরানবিরোধী প্রস্তাব পাস হয়েছে। সূত্র: যুগান্তর

**৯ জুন**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে জাতীয় সংসদের মন্ত্রিসভার কক্ষে মন্ত্রিসভার বিশেষ বৈঠকে ২০২২-২০২৩ অর্থবছরের জন্য ৬ লাখ ৭৮ হাজার ৬৪ কোটি টাকার প্রস্তাবিত বাজেট অনুমোদন। সূত্র: ভোরের কাগজ
- জাতীয় সংসদে অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল ২০২২-২৩ অর্থবছরের প্রস্তাবিত বাজেট উত্থাপন করেছেন। সূত্র: ইত্তেফাক
- দৈনিক ইত্তেফাকের সাবেক বিজনেস রিপোর্টার সিনিয়র সাংবাদিক গিয়াসউদ্দিন আহমেদ (৭০) ইন্তেকাল করেছেন। সূত্র: ইত্তেফাক
- জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাবাব ফাতিমাকে 'হাই রিপ্রেজেন্টেটিভ' হিসেবে নিয়োগ দিয়েছেন সংস্থাটির মহাসচিব আন্তোনিও গুতেরেস। সূত্র: যুগান্তর

**১০ জুন**

- দেশে প্রথমাবারে মতো থ্রাইভিং স্কিলস-এর আয়োজনে ৩০টি প্রতিষ্ঠানের দুই শতাধিক প্রতিনিধির অংশগ্রহণে ভার্চুয়ালি বাংলাদেশ ব্লকচেইন সামিট ২০২২ অনুষ্ঠিত হয়েছে। সূত্র: ইত্তেফাক

- পদ্মা সেতু উদ্‌বোধনের আগে মাওয়া প্রান্তে পরীক্ষামূলকভাবে ৬২টি সড়কবাতি জ্বলেছে। সূত্র: ভোরের কাগজ
- ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সভাপতিত্বে কেন্দ্রীয় মন্ত্রিসভা স্বাস্থ্য খাতে ভারত ও যুক্তরাষ্ট্র সরকারের মধ্যে সমঝোতা স্মারকের অনুমোদন দিয়েছে। সূত্র: যুগান্তর
- চীনের আমুর নদীর ওপর উত্তর চীনের হেইহের সঙ্গে পূর্ব রাশিয়ার ব্লাগোভেশচেনস্কের মধ্যে সংযোগ স্থাপন করতে চীন-রাশিয়ার মধ্যে সড়ক সেতু চালু হয়েছে। সূত্র: যুগান্তর
- চীন প্রথমবারের মতো সামুদ্রিক যুদ্ধ মিশনে অংশ নিতে সক্ষম মনুষ্যবিহীন ২০ নটিক্যাল মাইলের বেশি গতি সম্পন্ন ২০০ টন ভারি ড্রোন জাহাজ সমুদ্রে ভাসিয়েছে। সূত্র: যুগান্তর

**১১ জুন**

- জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (এফএও) থেকে প্রকাশিত 'গ্লোবাল ফুড আউটলুক : জুন ২০২২' শীর্ষক প্রতিবেদনে টানা চার বছর বিশ্বে তৃতীয় স্থান ধরে রেখেছে বাংলাদেশ। চলতি বছর উৎপাদনে শীর্ষে চীন ও দ্বিতীয় অবস্থানে ভারত। সূত্র: যুগান্তর
- জাতিসংঘের সাধারণ পরিষদের বৈশ্বিক যোগাযোগ শাখা নন-অফিসিয়াল ভাষা হিসেবে যোগাযোগ উন্নয়নের লক্ষ্যে সংস্থাটির কার্যক্রম সম্পর্কিত যাবতীয় তথ্য বাংলাতে পাওয়ার বিষয়ে ৭৬তম অধিবেশনে প্রস্তাব পাস হয়েছে। সূত্র: যুগান্তর
- উত্তর কোরিয়ায় প্রথমাবারে মতো নারী পররাষ্ট্রমন্ত্রী হিসেবে চোয়েন সোন হুইকে নিয়োগ দেওয়া হয়েছে। সূত্র: ইত্তেফাক
- ইউরোপীয় ইউনিয়নে (ইইউ) যোগদানের জন্য প্রার্থিতার মর্যাদা পাওয়ার বিষয়ে প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির সঙ্গে আলোচনা করতে ইইউ প্রধান উরসুলা ভন ডার লিয়েন ইউক্রেন সফর করেন। সূত্র: ইত্তেফাক
- রাশিয়ার দখলে থাকা ইউক্রেনের খেরসন ও মারিউপোল শহরের বাসিন্দাদের প্রথমবারের মতো ২৩ খেরসন বাসিন্দার হাতে পাসপোর্ট দিয়েছে রুশ সরকার। সূত্র: যুগান্তর



**১২ জুন**

- ইয়েল ও কলাম্বিয়া বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর ইন্টারন্যাশনাল আর্থ সায়েন্স ইনফরমেশন নেটওয়ার্ক ডব্লিউইএফ-এর 'এনভায়রনমেন্টাল পারফরম্যান্স ইনডেক্স (ইপিআই) ২০২২' শীর্ষক প্রতিবেদনে পরিবেশ রক্ষা সূচকে বিশ্বের ১৮০টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ১৭৭তম। সূত্র: যুগান্তর
- যুক্তরাজ্য ভিত্তিক আর্টিকেল নাইনটিন-এর প্রতিবেদন: বাংলাদেশে ২০২২ সালের জানুয়ারি থেকে মে পর্যন্ত ১১৮ জন সাংবাদিক নির্যাতনের শিকার হয়েছেন। সূত্র: সমকাল
- যুক্তরাষ্ট্রে বন্দুকধারীদের গুলিতে একের পর এক হত্যাকাণ্ডের ঘটনার পর অস্ত্র নিয়ন্ত্রণে আইন প্রণয়নে একমত হয়েছে সিনেটে ডেমোক্র্যাট ও রিপাবলিকানদের নিয়ে গঠিত একটি আন্তঃদলীয় গ্রুপ। সূত্র: যুগান্তর

**১৩ জুন**

- পদ্মা সেতুর মাওয়া প্রান্তে বিদ্যুৎ সংযোগের মাধ্যমে প্রথমবারের মতো একসঙ্গে ২০৭টি বাতি জ্বালানোর মাধ্যমে আলোকিত হলো। সূত্র: ইত্তেফাক
- প্রধানমন্ত্রী কার্যালয়ের নথি জালিয়াতি মামলায় ফাতেমা খাতুনের জামিন বিষয়ে রুল খারিজ করেছেন বিচারপতি মো. নজরুল ইসলাম তালুকদার ও বিচারপতি কাজী মো. ইজারুল হক আকন্দের হাইকোর্ট বেঞ্চ। সূত্র: যুগান্তর
- ভাষাসংগ্রামী, মুক্তিযুদ্ধের সংগঠক ও মৌলভীবাজারের কুলাউড়ার বর্ষীয়ান রাজনীতিক আবদুল মালিক (৮৮) ইন্তেকাল করেছেন। সূত্র: সমকাল
- যুক্তরাষ্ট্রের ইলগা ওয়ার্ল্ড বোর্ডের নির্বাচনে ট্রান্সজেন্ডার স্টিয়ারিং কমিটির চেয়ার নির্বাচিত হয়েছেন বাংলাদেশের প্রথম ট্রান্সজেন্ডার সংবাদ উপস্থাপক তাসনুভা আনান শিশির। সূত্র: যুগান্তর
- উইকিপিডিয়াকে ইউক্রেন যুদ্ধ নিয়ে 'ভুল তথ্য' প্রচার করার অভিযোগে জরিমানা করেছে রাশিয়ার আদালত। সূত্র: ইত্তেফাক

**১৪ জুন**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে এনইসি সম্মেলন কক্ষে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) ভার্চুয়াল সভায় ১০ হাজার ৮৫৫ কোটি ৬০ লাখ টাকা ব্যয়ে ১০টি প্রকল্প অনুমোদন। প্রধানমন্ত্রী সভায় পদ্মা সেতু এলাকায় 'জাদুঘর' নির্মাণের নির্দেশনা দিয়েছেন। সূত্র: সমকাল ও যুগান্তর।
- পদ্মা সেতুতে বিদ্যুৎ সংযোগের মাধ্যমে মুন্সীগঞ্জের লৌহজং উপজেলার মাওয়া প্রান্ত থেকে শরীয়তপুরের জাজিরা উপজেলার নাওডোবা প্রান্ত পর্যন্ত পুরো সেতুর ৪১৫টি বাতির সবগুলো একসঙ্গে জ্বালানোর মাধ্যমে আলোকিত হলো পুরো পদ্মা সেতু। সূত্র: ইত্তেফাক
- শ্রীলঙ্কায় অর্থনৈতিক সমস্যা ও জ্বালানি সংকটে বিপর্যস্ত দেশটির মন্ত্রিসভায় সরকারি কর্মচারীদের জন্য 'সরকারি সাপ্তাহিক বন্ধ' দুইদিনের বদলে তিন দিন অনুমোদন করেছে। সূত্র: ইত্তেফাক

**১৫ জুন**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)-এর সপ্তাহব্যাপী ষষ্ঠ 'জনশুমারি ও গৃহগণনা ২০২২' কার্যক্রম উদ্‌বোধন করেছেন। সূত্র: ইত্তেফাক
- বাংলাদেশের সীমান্ত বাণিজ্যের পরিমাণ, দক্ষতা, সম্ভাব্যতা এবং নিরাপত্তা ব্যবস্থার উন্নয়নে এশীয় উন্নয়ন ব্যাংক এবং বাংলাদেশ সরকারের মধ্যে ১৪৩ মিলিয়ন মার্কিন ডলারের পলিসি ভিত্তিক ঋণ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। সূত্র: ইত্তেফাক
- ইন্টারন্যাশনাল চেম্বার অব কমার্সের (আইসিসি)-এর সর্বসম্মতিক্রমে প্রথম নারী হিসেবে চেয়ার নির্বাচিত হয়েছেন আইসিসির ভাইস চেয়ারের দায়িত্ব পালনরত মারিয়া ফেরনান্দা গার্জা। সূত্র: সমকাল
- মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন ইউক্রেনের জন্য অস্ত্র ও গোলাবারুদ সরবরাহে ১০০ কোটি ডলারের নতুন প্যাকেজ ঘোষণা করেছেন। সূত্র: ইত্তেফাক
- সৌদি আরবের মানবসম্পদ ও সামাজিক উন্নয়ন বিষয়ক মন্ত্রণালয় কর্মীদের সুস্থতা ও নিরাপত্তার দিক বিবেচনা করে মধ্য দুপুরে সূর্যের আলোয় কাজ করার ওপর নিষেধাজ্ঞা জারি করেছে। সূত্র: ইত্তেফাক



- শিশু এবং প্রাক-বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য মডার্না ও ফাইজারের করোনা টিকার প্রথম ডোজ অনুমোদন দিয়েছেন যুক্তরাষ্ট্রের খাদ্য ও ওষুধ বিষয়ক প্রধান নিয়ন্ত্রক সংস্থা 'ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন' (এফডিএ)। সূত্র: যুগান্তর
- ওয়াশিংটনের স্থানীয় সরকার কর্তৃপক্ষ সৌদি দূতাবাসের সামনের সড়কের একটি ব্লকের নাম পরিবর্তন করে সৌদি রাজপরিবারের কট্টর সমালোচক ও ওয়াশিংটন পোস্টের নিহত সাংবাদিক 'জামাল খাসোগি ওয়ে' নামকরণ করেছে। সূত্র: যুগান্তর

**১৬ জুন**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি পল্লী জনপদ, রংপুর এবং বঙ্গবন্ধু দারিদ্র বিমোচন ও পল্লী উন্নয়ন অ্যাকাডেমি (বাপার্ড), কোটালিপাড়া, গোপালগঞ্জের উদ্‌বোধনী অনুষ্ঠানে অংশ নেন। সূত্র: ইত্তেফাক
- অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) সচিব ফাতিমা ইয়াসমিনকে অর্থ বিভাগের সিনিয়র সচিব নিয়োগ দিয়ে প্রজ্ঞাপন জারি করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়। সূত্র: ইত্তেফাক
- হাইকোর্টের নির্দেশনা অনুযায়ী সংবিধানের পঞ্চম তফসিলে অন্তর্ভুক্ত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ মার্চের ভাষণে মোট ১০৯টি 'অসম্পূর্ণতা' ও 'অমিল' চিহ্নিত করেছে তথ্য মন্ত্রণালয় গঠিত উচ্চ পর্যায়ের তদন্ত কমিটি। সূত্র: সমকাল
- যুক্তরাষ্ট্রের উদ্যোগে আগামী জুলাই মাসে ভার্চুয়ালি ভারত, ইসরাইল, সংযুক্ত আরব আমিরাতকে (ইউএই) নিয়ে প্রথমবারের মতো চতুর্দেশীয় শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হওয়ার লক্ষ্যে 'আই২ইউ২' নামের নতুন জোট গঠিত হয়েছে। সূত্র: ইত্তেফাক
- ইউক্রেন-রাশিয়ার চলমান যুদ্ধে ইউরোপীয়দের পক্ষ থেকে সংহতি জানাতে কিয়েভ সফর করেছেন ইউরোপীয় শীর্ষ চার নেতা ফ্রান্সের প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁ, জার্মান চ্যান্সেলর ওলাফ শুলৎজ, ইতালির প্রধানমন্ত্রী মারিও দ্রাঘি। দেশটির প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির সঙ্গে সাক্ষাৎ করেছেন ইউরোপীয় শীর্ষ নেতারা। সূত্র: সমকাল

- রাশিয়া-ইউক্রেন যুদ্ধ ইস্যুতে অস্ট্রেলিয়ার শীর্ষ সাংবাদিক, প্রতিরক্ষা কর্মকর্তা, ব্যবসায়ীসহ ১২১ জনের ওপর নিষেধাজ্ঞা দিয়েছে রাশিয়া। সূত্র: ইত্তেফাক

**১৭ জুন**

- বাংলাদেশ-জাইকা সহযোগিতার ৫০তম বার্ষিকীতে রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁ হোটেলের অনুষ্ঠানে ভিডিয়ো শুভেচ্ছা বার্তা প্রদান করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: যুগান্তর
- পদ্মা সেতুতে আগামী ২৫ জুন উদ্‌বোধনের আগে প্রথমবারের মতো পরীক্ষামূলকভাবে টোল দিয়ে পার হলো সেতু প্রকল্পের কয়েকটি গাড়ি। সূত্র: যুগান্তর
- নেদারল্যান্ডসের হেগে অবস্থিত আন্তর্জাতিক অপরাধ আদালতে (আইসিসি) অনুপ্রবেশের চেষ্টায় সেরগেই ভ্লাদিমিরোভিচ চেরকারসভ (৩৬) নামে রুশ নাগরিককে আটক করেছে দেশটির প্রশাসন। সূত্র: যুগান্তর
- পর্তুগাল এবং যুক্তরাজ্য বিশ্বের প্রাচীন জোট হিসেবে ৬৫০ বছরের সম্পর্ক উদ্‌যাপন উপলক্ষ্যে যুক্তরাজ্যে সফররত পর্তুগালের প্রধানমন্ত্রী আন্তোনিও কস্তা এবং যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী বরিস জনসনের মধ্যে দ্বিপক্ষীয় বিভিন্ন বিষয় নিয়ে চুক্তি স্বাক্ষরিত হয়। সূত্র: যুগান্তর

**১৮ জুন**

- দেশের সার্বিক বন্যা পরিস্থিতির অবনতি হওয়ার কারণে ১৯ জুন থেকে অনুষ্ঠিতব্য সারাদেশের শিক্ষা বোর্ডের এসএসসি জেনারেল, এসএসসি ভোকেশনাল এবং দাখিল পরীক্ষা স্থগিত করেছে শিক্ষা মন্ত্রণালয়। সূত্র: সমকাল
- গোপালগঞ্জের কোটালীপাড়ায় বোমা পুতে রেখে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হত্যার চেষ্টা মামলায় মৃত্যুদণ্ডপ্রাপ্ত পলাতক আসামি শেখ মো. এনামুল হককে গ্রেপ্তার করেছে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)। সূত্র: ইত্তেফাক



- যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী বরিস জনসন রাশিয়া-ইউক্রেন যুদ্ধ চলাকালে পূর্ব ঘোষণা ছাড়াই কিয়েভ সফর করেছেন। এ সময় বরিস জনসন দেশটির প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির সঙ্গে সাক্ষাৎ করেন। সূত্র: সমকাল
- ইউক্রেনে ২৪ ফেব্রুয়ারি রাশিয়ার আক্রমণ শুরুর পর প্রথমবারের মতো যুদ্ধবিধ্বস্ত দক্ষিণাঞ্চলীয় শহর মাইকোলাইভ পরিদর্শন করেন দেশটির প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি। সূত্র: যুগান্তর
- শ্রীলঙ্কায় জ্বালানি সংকটের কারণে দুই সপ্তাহের জন্য সরকারি অফিস ও স্কুল বন্ধের ঘোষণা দিল দেশটির সরকার। সূত্র: জনকণ্ঠ

**১৯ জুন**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবনে সাফের শিরোপাজয়ী অনূর্ধ্ব-১৯ নারী দলকে সংবর্ধনা ও অর্থ সম্মাননা প্রদান করেন। সূত্র: সমকাল
- ভারতের নয়াদিল্লীতে বাংলাদেশ-ভারতের দ্বিপক্ষীয় বিভিন্ন বিষয় নিয়ে ৭ম ‘যৌথ পরামর্শ কমিটি’র (জেসিসি) বৈঠক অনুষ্ঠিত হয়েছে। সূত্র: ইত্তেফাক
- সিলেটে বন্যাকবলিত এলাকায় ব্যাংকের শাখা, এটিএম বুথ, এজেন্ট ব্যাংকিং আউটলেট, এমএফএস এজেন্ট পয়েন্টগুলো পানিতে ডুবে যওয়ায় জরুরি আর্থিক লেনদেন বিকল্প পদ্ধতিতে অব্যাহত রাখার নির্দেশ দিয়েছে বাংলাদেশ ব্যাংক। সূত্র: সমকাল
- জ্বালানি সংকট সামনে রেখে দুই সপ্তাহের জন্য সরকারি অফিস ও স্কুল বন্ধ ঘোষণা করেছে শ্রীলঙ্কার সরকার। আগামী সোমবার থেকে সব সরকারি দপ্তর, প্রতিষ্ঠান ও স্থানীয় কাউন্সিলগুলোকে ন্যূনতম পরিষেবা চালু রাখার নির্দেশ দিয়েছে দেশটির সরকার। সূত্র: যুগান্তর
- প্রথমবারের মতো কলম্বিয়ার বোগোটা শহরের সাবেক মেয়র, সাবেক গেরিলা নেতা ও প্রথম কৃষ্ণাঙ্গ নারী গুস্তাভো পেত্রো দেশটির প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছেন। সূত্র: সমকাল

**২০ জুন**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তার কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিপরিষদ বৈঠকে ‘সর্বজনীন পেনশন ব্যবস্থাপনা আইন ২০২২’ এর খসড়ার নীতিগত অনুমোদন। সূত্র: যুগান্তর

- জাতিসংঘে বাংলাদেশের রাষ্ট্রদূত ও স্থায়ী প্রতিনিধি হিসেবে পেশাদার কূটনীতিক আবদুল মুহিতকে নিয়োগ দিয়েছে সরকার। সূত্র: ইত্তেফাক
- পররাষ্ট্র মন্ত্রণালয়ের অবসরপ্রাপ্ত সচিব, রাষ্ট্রদূত ও মুক্তিযোদ্ধা মহিউদ্দিন আহমেদ (৭৮) ইন্তেকাল করেন। তার মৃত্যুতে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও পররাষ্ট্রমন্ত্রী এ কে আবদুল মোমেন শোক প্রকাশ করেছেন। সূত্র: সমকাল
- শ্রীলঙ্কায় চলমান অর্থনৈতিক সংকটে প্রেসিডেন্ট গোটাবায়া রাজাপাকসের ক্ষমতা সীমিত করে আনার একটি সাংবিধানিক সংস্কার প্রস্তাব অনুমোদন করেছে দেশটির মন্ত্রিসভা। সূত্র: ভোরের কাগজ

**২১ জুন**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা হেলিকপ্টারযোগে নেত্রকোনা, সুনামগঞ্জ ও সিলেট জেলার বন্যা পরিস্থিতি পরিদর্শন করছেন। সূত্র: ইত্তেফাক
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি পদ্মা সেতুর মুন্সীগঞ্জের মাওয়া প্রান্তে ও শরীয়তপুরের জাজিরা প্রান্তে পদ্মা সেতু উত্তর ও পদ্মা সেতু দক্ষিণ নামে দুটি থানা উদ্‌বোধন করেন। সূত্র: ইত্তেফাক
- আফগানিস্তানের সংস্কৃতি ও তথ্য বিভাগের প্রতিবেদন; দেশটির দক্ষিণ-পূর্বাঞ্চলে ভূমিকম্পে নিহতের সংখ্যা এক হাজার, আর আহত দেড় হাজার জন। সূত্র: জনকণ্ঠ
- সুইজারল্যান্ডের নিওনে অনুষ্ঠিত ফিকা নির্বাহী কমিটির বৈঠকে ফেডারেশন অব ইন্টারন্যাশনাল ক্রিকেটার্স অ্যাসোসিয়েশনসের (ফিকা) প্রথম নারী প্রেসিডেন্ট হলেন সাবেক অস্ট্রেলিয়ান ক্রিকেটার লিসা স্টালেকার। সূত্র: যুগান্তর

**২২ জুন**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার কার্যালয়ে দেশের চলমান সার্বিক পরিস্থিতি নিয়ে সংবাদ সম্মেলন করেন। সূত্র: সমকাল
- পদ্মা সেতুর শতভাগ নির্মাণ কাজ শেষ হওয়ার পর ঠিকাদার আনুষ্ঠানিকভাবে সেতুর দায়িত্ব প্রকল্প কর্তৃপক্ষকে বুঝিয়ে দিয়েছে। এর আগে প্রকল্প কর্তৃপক্ষ সেতুর সব কাজ বুঝে নিয়ে ঠিকাদারকে টেকিং ওভার সার্টিফিকেট দিয়েছে। সূত্র: সমকাল



- যুক্তরাষ্ট্রে আইন প্রণেতাদের একটি দ্বিদলীয় গ্রুপ ৩০ বছরের মধ্যে প্রথমবারের মতো আগ্নেয়াস্ত্র নিয়ন্ত্রণ আইন নিয়ে একমত পোষণ করেছে সিনেটে। সূত্র: জনকণ্ঠ
- মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন ভারতীয় বংশোদ্ভূত আমেরিকান ড. আরতি প্রভাকরকে হোয়াইট হাউসের পরবর্তী বৈজ্ঞানিক উপদেষ্টা পদে মনোনয়ন দিয়েছে। সূত্র: সমকাল
- রুশ সাংবাদিক দিমিত্রি মুরাতভ ২০২১ সালে পাওয়া তার শান্তিতে নোবেল পদকটি যুদ্ধবিধ্বস্ত ইউক্রেনের জন্য বিক্রি করে দিয়েছেন। সূত্র: সমকাল

**২৩ জুন**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তার জাতীয় সংসদ ভবন কার্যালয়ে ভারতের হাইকমিশনার বিক্রম দোরাইস্বামী সৌজন্য সাক্ষাৎ করেন। সূত্র: সমকাল
- চীনের উদ্যোগে প্রেসিডেন্ট শি জিনপিংয়ের সভাপতিত্বে ব্রাজিল, রাশিয়া, ভারত, চীন ও দক্ষিণ আফ্রিকা পাঁচ সদস্য দেশ নিয়ে ভার্চুয়ালি দুই দিনব্যাপী 'ব্রিকস' সম্মেলন শুরু হয়েছে। সম্মেলনে ব্রিকসের মধ্যে সম্পর্ক জোরদারের আহ্বান জানিয়েছেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। সূত্র: যুগান্তর
- অর্থনৈতিক সংকটে থাকা শ্রীলঙ্কায় অপ্রয়োজনীয় জ্বালানি ব্যবহার এড়াতে 'বৃহস্পতি ও শুক্রবার' সংসদ অধিবেশন বন্ধ ঘোষণা করেছে দেশটির কর্তৃপক্ষ। সূত্র: সমকাল

**২৪ জুন**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ 'পদ্মা সেতু' উদ্‌বোধন উপলক্ষ্যে বাণী দিয়েছেন। বাণীতে রাষ্ট্রপতি বলেছেন, পদ্মা সেতু বাস্তবায়ন বিশ্ব দরবারে দেশ ও জনগণকে আত্মবিশ্বাসের সঙ্গে মাথা উঁচু করে দাঁড়ানোর সাহস এনে দিয়েছে। তিনি এ প্রকল্প বাস্তবায়নের সঙ্গে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানান। সূত্র: সমকাল

- পদ্মা সেতুর উদ্‌বোধন উপলক্ষ্যে বাংলাদেশকে অভিনন্দন জানিয়ে ঢাকায় মার্কিন দূতাবাসের বিবৃতি। সূত্র: ইত্তেফাক
- মহিলা পরিষদের খুলনা জেলা শাখার সাবেক সভানেত্রী ও ভাষাসৈনিক রোকেয়া খাতুন (৮৭) ইন্তেকাল করেন। সূত্র: সমকাল
- যুক্তরাষ্ট্রের প্রায় ৫০ বছরের পুরোনো 'গর্ভপাত অধিকার আইন' বাতিল করে দিয়েছে দেশটির সুপ্রিম কোর্ট। সূত্র: ইত্তেফাক
- গুজরাটে ২০০২ সালের ভয়াবহ সাম্প্রদায়িক দাঙ্গার ঘটনায় তৎকালীন রাজ্যের মুখ্যমন্ত্রী ভারতের বর্তমান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে দায় মুক্তি দিয়েছে দেশটির সুপ্রিম কোর্ট। সূত্র: ইত্তেফাক

**২৫ জুন**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'পদ্মা সেতু'র শুভ উদ্‌বোধন করেন। সূত্র: সমকাল
- মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের সঙ্গে হোয়াইট হাউসের ওভাল অফিসে বাংলাদেশের রাষ্ট্রদূত মো. শহিদুল ইসলাম সাক্ষাৎ করেন। এ সময় রাষ্ট্রদূত প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষে ঢাকা সফরের জন্য মার্কিন প্রেসিডেন্টকে আমন্ত্রণ জানিয়েছেন। সূত্র: যুগান্তর
- চীনকে টেক্কা দিতে যুক্তরাষ্ট্র, অস্ট্রেলিয়া, জাপান, নিউজিল্যান্ড এবং যুক্তরাজ্য প্যাসিফিক দ্বীপ দেশগুলোর সঙ্গে অর্থনৈতিক ও কূটনৈতিক সম্পর্ক বাড়াতে 'পার্টনারস ইন দ্য ব্লু-প্যাসিফিক (পিবিপি)' নামের নতুন জোটের অনানুষ্ঠানিক কার্যক্রম শুরু করেছে যুক্তরাষ্ট্র। সূত্র: যুগান্তর
- যুক্তরাষ্ট্রজুড়ে বন্দুক হামলা বেড়ে যাওয়ায় মার্কিন সিনেটে 'আগ্নেয়াস্ত্র নিয়ন্ত্রণ বিল' পাস হওয়ার পর বিলটিতে স্বাক্ষর করেছেন দেশটির প্রেসিডেন্ট জো বাইডেন। সূত্র: যুগান্তর
- বাংলা সাহিত্যের জনপ্রিয় লেখক ও সাহিত্যিক শীর্ষেন্দু মুখোপাধ্যায়ের হাতে ভারতের সর্বোচ্চ সাহিত্য সম্মান 'ফেলোশিপ' তুলে দেন কলকাতা সাহিত্য অ্যাকাডেমির সভাপতি চন্দ্রশেখর কাম্বার। সূত্র: যুগান্তর

**২৬ জুন**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি যুক্ত হয়ে রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে 'বঙ্গবন্ধু সৃজনশীল



মেধা অন্বেষণ ২০২২'-এ সেরা মেধাবীদের পুরস্কার বিতরণ করেন। সূত্র: সমকাল

- পদ্মা সেতু উদ্‌বোধনের পর প্রথমদিনেই ৫১ হাজার ৩১৬টি যানবাহন চলাচল করেছে আর এসব যানবাহন থেকে টোল আদায় করা হয়েছে ২ কোটি ৯ লাখ ৪০ হাজার ৩০০ টাকা। সূত্র: সমকাল
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা দিনাজপুরে যাওয়ার সময় ১৯৯৪ সালে পাবনার ঈশ্বরদী রেলস্টেশনে হামলা ও গুলিবর্ষণের মাধ্যমে হত্যাচেষ্টা মামলায় মৃত্যুদণ্ডপ্রাপ্ত পলাতক আসামি জাকারিয়া পিন্টুকে গ্রেপ্তার করেছে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব-২)। সূত্র: যুগান্তর
- প্রথমবারের মতো বিদেশি ঋণের ১০০ মিলিয়ন অর্থ পরিশোধ করতে ব্যর্থ হলো রাশিয়া। সূত্র: যুগান্তর
- চীনের মাল্টিট্রিলিয়ন ডলারের বেল্ট অ্যান্ড রোড প্রকল্প ঠেকাতে জার্মানিতে অনুষ্ঠিত সম্মেলনে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন এবং জি৭ এর অন্য নেতারা পাঁচ বছরে ৬০০ বিলিয়ন মার্কিন ডলারের সরকারি ও বেসরকারি 'পার্টনারশিপ ফর গ্লোব্যাল ইনফ্রাস্ট্রাকচার অ্যান্ড ইনভেস্টমেন্ট' প্রকল্প ঘোষণা করেন। সূত্র: ইত্তেফাক

**২৭ জুন**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্তদের সাহায্যার্থে বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিলে আর্থিক অনুদান প্রদান অনুষ্ঠানে যুক্ত হন। সূত্র: ভোরের কাগজ
- যুক্তরাষ্ট্রের বাইরে অস্ট্রেলিয়ায় অবস্থিত বিশ্বের প্রথম ও একমাত্র বাণিজ্যিক মালিকানাধীন নর্দান টেরিটোরির সীমান্ত এলাকায় আর্নহেম স্পেস সেন্টার থেকে প্রথমবারের মতো রকেট উৎক্ষেপণ করেছে নাসা। সূত্র: সমকাল
- ইউক্রেন-রাশিয়া যুদ্ধের কারণে সারা পৃথিবী খাদ্য (ফুড), জ্বালানি (ফুয়েল) এবং সার (ফার্টিলাইজার); এই 'ট্রিপল এফ' সংকটের মুখোমুখি বলে সতর্ক করেছে বিশ্ব খাদ্য কর্মসূচি (ডব্লিউএফপি)। সূত্র: যুগান্তর

- অর্থনৈতিক চলমান সংকটে শ্রীলঙ্কায় স্বাস্থ্যসেবা ও খাদ্যপণ্য সরবরাহের কাজে নিয়োজিত পরিবহণ ছাড়া আগামী দুই সপ্তাহ কোনো ধরনের যানবাহনে জ্বালানি কেনায় নিষেধাজ্ঞা দিয়েছে দেশটির সরকার। সূত্র: সমকাল
- যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেনের স্ত্রী ও মেয়ে অ্যাশলে বাইডেনসহ ২৫ জন ব্যক্তির ওপর নিষেধাজ্ঞা আরোপ করেছে রাশিয়া। সূত্র: যুগান্তর

**২৮ জুন**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে এনইসি সম্মেলন কক্ষে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) বৈঠকে মোট ২ হাজার ২১৬ কোটি ৭৫ লাখ টাকার ১০ প্রকল্প অনুমোদন দিয়েছে। সূত্র: যুগান্তর
- দেশের প্রথম মেট্রোরেল লাইন নির্মাণ প্রকল্পের কাজ বাস্তবায়নে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) সিনিয়র সচিব ফাতিমা ইয়াসমিন বাংলাদেশে নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত আইটিও নাওকির সঙ্গে বিনিময় নোট এবং জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (জাইকা) অফিসের চিফ রিপ্রেজেন্টেটিভ ইউহো হায়াকাওয়া নিজ নিজ দেশের পক্ষে ১১ হাজার ৪০০ কোটি টাকার ঋণচুক্তি স্বাক্ষর করেন। সূত্র: ইত্তেফাক
- কলম্বিয়ায় দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় টুলুয়া কারাগারে দাঙ্গার সময় আগুন লেগে ৫১ কয়েদি নিহত ও আহত হয়েছেন কারারক্ষীসহ ৩০ জন। সূত্র: ইত্তেফাক
- ফ্রান্সের ইতিহাসে প্রথম নারী স্পিকার নির্বাচিত হয়েছেন দেশটির পার্লামেন্ট সদস্য ইয়েল ব্রন-পিভেট। সূত্র: ইত্তেফাক
- ইউক্রেনের দক্ষিণ-পূর্বাঞ্চলীয় অঙ্গরাজ্য মাইকোলাইভে রুশ হামলায় ইউক্রেনীয় ৪০ সেনা নিহত হয়েছেন। সূত্র: যুগান্তর

**২৯ জুন**

- জাতীয় সংসদে অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামালের প্রস্তাবিত কয়েকটি সংশোধনীসহ 'অর্থ বিল ২০২২' পাস করা হয়েছে। সূত্র: ইত্তেফাক
- যুক্তরাষ্ট্রভিত্তিক প্রতিষ্ঠান মার্সার 'কস্ট অভ লিভিং সার্ভে-২০২২' শীর্ষক প্রতিবেদন : বিশ্বের চারটিরও বেশি শহরের দুই শতাধিক পণ্য ও সেবার মূল্যের ভিত্তিতে বিদেশি কর্মীদের বসবাসের জন্য দক্ষিণ এশিয়ায় ৯৮তম ব্যয়বহুল শহর ঢাকা। সূত্র: ভোরের কাগজ



- ইউক্রেনের সঙ্গে চলমান যুদ্ধের মধ্যেই বন্দি বিনিময়ের মাধ্যমে দেশটির ১৪৪ সেনাকে মুক্তি দিয়েছে রাশিয়া। সূত্র: যুগান্তর
- ব্রিটিশ উপনিবেশ থেকে হংকংকে চীনের কাছে হস্তান্তরের ২৫ বছর পূর্তি উপলক্ষ্যে দেশটির প্রেসিডেন্ট শি জিন পিং নিজেদের বিশেষ প্রশাসনিক অঞ্চল হংকং সফরে গেছেন। সূত্র: সমকাল
- মাদ্রিদে ন্যাটোর বার্ষিক সম্মেলনে প্রথমবারের মতো 'চীনের লক্ষ্য এবং তাদের দমনমূলক নীতি ন্যাটোর স্বার্থ, নিরাপত্তা এবং মূল্যায়নের ক্ষেত্রে হুমকি' ও একই সঙ্গে রাশিয়াকে 'সবচেয়ে বড় বিপদ' হিসেবে ঘোষণা দিয়েছে ন্যাটো প্রধান। সূত্র: ইত্তেফাক

**৩০ জুন**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামীকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১০১তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে বাণী দিয়েছেন। বাণীতে প্রধানমন্ত্রী বলেছেন, ইতিহাস-ঐতিহ্য সম্পর্কিত জ্ঞান ও বিজ্ঞানের নিবিড় চর্চা এবং দেশের আর্থ-সামাজিক উন্নয়নে ঢাকা বিশ্ববিদ্যালয় সক্রিয় ভূমিকা রাখার পাশাপাশি 'বাংলাদেশ' নামক একটি জাতিরাষ্ট্র সৃষ্টিতে এ প্রতিষ্ঠানটির অনবদ্য অবদান চিরকাল স্মরণীয় হয়ে থাকবে। সূত্র: ভোরের কাগজ
- যুক্তরাষ্ট্রের ২৩৩ বছরের ইতিহাসে সুপ্রিম কোর্টের প্রথম কৃষ্ণাঙ্গ নারী বিচারপতি হিসেবে শপথ নিয়েছেন কেতানিজ ব্রাউন জ্যাকসন (৫১)। সূত্র: ইত্তেফাক
- যুক্তরাষ্ট্রের পরিবেশগত সুরক্ষা সংস্থা (ইপিএ) গ্রিন হাউস গ্যাসের নির্গমন হ্রাস করতে মার্কিন সুপ্রিম কোর্টের এক ঐতিহাসিক রুলে ক্ষমতা কমলো বাইডেন প্রশাসনের। সূত্র: ইত্তেফাক
- অর্থনীতিবিদ ও উন্নয়ন বিশেষজ্ঞ মার্টিন রাইসারকে বিশ্বব্যাংকের দক্ষিণ এশিয়া অঞ্চলের নতুন ভাইস প্রেসিডেন্ট হিসেবে নিয়োগ দিয়েছে কর্তৃপক্ষ। ভাইস প্রেসিডেন্ট হিসেবে রাইসার বাংলাদেশ, আফগানিস্তান, ভুটান, ভারত, মালদ্বীপ, নেপাল, পাকিস্তান ও শ্রীলঙ্কার সঙ্গে ব্যাংকিং সম্পর্ক পরিচালনা করবেন। সূত্র: সমকাল

## জুলাই

### ১ জুলাই

- পবিত্র হজে আরাফাত দিবসে আরবি ভাষার খোতবাটি বাংলাসহ মোট ১৪টি ভাষায় অনুবাদ আকারে সৌদি আরবের সরকারি ওয়েবসাইট থেকে সরাসরি সম্প্রচার করবে হজ কর্তৃপক্ষ। সূত্র: জনকণ্ঠ
- বাংলাদেশের তরুণ সামাজিক উদ্যোক্তা ফায়েজ বেলাল তার প্রতিষ্ঠিত উদ্যোগ 'বিওয়াইএস'-এর মাধ্যমে বিভিন্ন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকার জন্য স্বীকৃতিস্বরূপ ব্রিটিশ রাজপরিবার থেকে সম্মানজনক 'ডায়না অ্যাওয়ার্ড-২০২২' পেয়েছেন। সূত্র: ইত্তেফাক
- অস্ট্রিয়ার রাজধানী ভিয়েনায় অনুষ্ঠিত আলোচনা সভায় ২৮ বছর পর তুরস্ক ও আর্মেনিয়ার নাগরিকদের জন্য স্থলসীমান্ত খুলতে সম্মত হয়েছে দু'দেশের সরকার। সূত্র: যুগান্তর
- সৌদি আরবে বসবাসকারী ভিন্ন ধর্মের বিদেশি স্ত্রী ও নাবালক সন্তানদের সৌদিতে বসবাসের জন্য স্বাধীন ইকামা বাধ্যতামূলক করেছে দেশটির কর্তৃপক্ষ। সূত্র: যুগান্তর

### ২ জুলাই

- সুইডেনের বিজ্ঞানীদের তৈরি নাক দিয়ে নেওয়ার করোনাভাইরাস প্রতিরোধী টিকা বাংলাদেশে ক্লিনিক্যাল ট্রায়ালের অনুমোদন দিয়েছে বাংলাদেশ মেডিক্যাল রিসার্চ কাউন্সিল (বিএমআরসি)। সূত্র: জনকণ্ঠ
- একাত্তরে যুদ্ধাপরাধ ও মানবতাবিরোধী অপরাধে মৃত্যুদণ্ডপ্রাপ্ত আলবদর নেতা কে এম আমিনুল হক ওরফে রজব আলীকে (৬২) রাজধানীর কলাবাগান থেকে গ্রেপ্তার করেছে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)। সূত্র: সমকাল
- আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের সদস্য বীর মুক্তিযোদ্ধা মুকুল বোসের (৬৮) মৃত্যু। সূত্র: সমকাল
- নারীর বিরুদ্ধে সব ধরনের বৈষম্য বিলোপ সনদ সংক্রান্ত (সিডও) জাতিসংঘ কমিটির সাবেক চেয়ারপারসন ও নারী অধিকারকর্মী সালমা খান (৮০) ইন্তেকাল করেছেন। সূত্র: ইত্তেফাক



- ভারতে পরিবেশ দূষণের লাগাম টানতে ১৯ ধরনের প্লাস্টিক পণ্যের ওপর নিষেধাজ্ঞা আরোপ করেছে দেশটির সরকার। সূত্র: যুগান্তর
- চতুর্থবারের মতো সাউথ এশিয়ান ফুটবল ফেডারেশনের (সাফ)-এর সভাপতি নির্বাচিত হয়েছেন কাজী মো. সালাউদ্দিন। সূত্র: ভোরের কাগজ

### ৩ জুলাই

- সচিবালয়ে মন্ত্রিসভার বৈঠক অনুষ্ঠিত। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে বৈঠকে ভার্চুয়ালি সভাপতিত্ব করেন। সূত্র: যুগান্তর
- স্পেনে 'ভ্যালেন্সিয়া আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব সিনেমা জোভ'-এর ৩৭তম আসরে বাংলাদেশের আবদুল্লাহ মোহাম্মদ সাদ পরিচালিত 'রেহানা মরিয়ম নূর' সিনেমাটি সেরা চলচ্চিত্রের পুরস্কার জিতেছে। সূত্র: ভোরের কাগজ
- ডমিনিকায় ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে সিরিজের দ্বিতীয় টি-টোয়েন্টিতে ২ হাজার রান ও ১০০ উইকেট নিয়ে বিশ্বরেকর্ড করেছে অলরাউন্ডার সাকিব আল হাসান সাকিব। সূত্র: জনকণ্ঠ
- আসন্ন ২০২২-২৩ মৌসুমের জন্য সিরিএ লিগে প্রথম নারী রেফারি হিসেবে মারিয়া সোলে ফেরিয়েরি কাপুতিকে (৩১) নিয়োগ দিয়েছে কর্তৃপক্ষ। সূত্র: যুগান্তর

### ৪ জুলাই

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ২৫ জুন উদ্‌বোধনের পর প্রথমবারের মতো পদ্মা সেতু পাড়ি দিয়ে সড়কপথে গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় তাঁর পৈত্রিক নিবাস পরিদর্শন করেন এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিসৌধে প্রার্থনা করেন। সূত্র: জনকণ্ঠ
- সাহিত্যে অবদানের জন্য বাংলা একাডেমির 'জেমকন সাহিত্য পুরস্কার ২০২১' প্রাপ্তদের নাম ঘোষণা। এবার এই পুরস্কার পেয়েছেন কথাসাহিত্যিক আফসানা বেগম, তরুণ কথাসাহিত্যিক সঞ্জয় পাল, কবি মারুফা মিতা ও দিপন দেবনাথ। সূত্র: সমকাল
- ভারতের বাংলা সিনেমার পরিচালক তরুণ মজুমদারের (৯২) মৃত্যু। সূত্র: জনকণ্ঠ

- শিকাগো শহরে যুক্তরাষ্ট্রে স্বাধীনতা দিবসের কুচকাওয়াজের অনুষ্ঠানে বন্দুকধারীর গুলি চালানোর ঘটনায় ৬ জন নিহত ও ৫৭ জন আহত হয়েছে। সূত্রঃ যুগান্তর
- ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির সঙ্গে কিয়েভে সুইডেনের প্রধানমন্ত্রী মাগদালেনা অ্যান্ডারসন সৌজন্য সাক্ষাৎ করেন। এ সময় দ্বিপক্ষীয় সম্পর্কের ইতিহাসে প্রথম প্রতিরক্ষা ও জ্বালানি সহযোগিতা বিষয়ে যৌথ বিবৃতিতে স্বাক্ষর করেন তারা। সূত্রঃ জনকণ্ঠ
- ইউক্রেনের লুহানস্ক অঞ্চলে 'বিজয়ী' হওয়ার জন্য রুশ সেনাদের অভিনন্দন জানিয়েছেন দেশটির প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। সূত্রঃ সমকাল

**৫ জুলাই**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ঢাকা সেনানিবাসের প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্টের (পিজিআর) সদর দপ্তরে পিজিআর-এর ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠানে ভার্চুয়ালি যুক্ত হন। সূত্রঃ যুগান্তর
- ভূমিকম্পে বিধ্বস্ত আফগানিস্তানে শুকনো খাবার, কম্বল, তাঁবু ও ওষুধ সামগ্রী পাঠিয়েছে বাংলাদেশ সরকার। সূত্রঃ ইত্তেফাক
- জাতীয় সংসদের সংরক্ষিত মহিলা আসনের (ঝিনাইদহ-মাগুরা) সাবেক এমপি ও বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য শাহানা রহমান (৬৫) ইন্তেকাল করেন। সূত্রঃ সমকাল
- ইতালিতে ৭০ বছরের ইতিহাসে অতি খরার কারণে উত্তরের পাঁচটি অঞ্চলে জরুরি অবস্থা জারি। সূত্রঃ সমকাল
- যুক্তরাজ্যের মন্ত্রিসভা থেকে পদত্যাগ করেছেন অর্থমন্ত্রী ঋষি সুনাক ও স্বাস্থ্যমন্ত্রী সাজিদ জাভিদ। সূত্রঃ সমকাল

**৬ জুলাই**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে বঙ্গভবনে সাক্ষাৎ করেছেন বেলজিয়ামে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মাহবুব হাসান সালেহ। সাক্ষাৎকালে রাষ্ট্রদূত দায়িত্ব পালনে রাষ্ট্রপতির দিক নির্দেশনা এবং সার্বিক সহযোগিতা কামনা করেন।



- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে 'শেখ কামাল আইটি বিজনেস ইনকিউবেটর'র উদ্‌বোধন করেন। সূত্রঃ জনকণ্ঠ
- ইউনেস্কোর অপরিমেয় সাংস্কৃতিক ঐতিহ্য (ইন্টেনজিবল কালচারাল হেরিটেজ-আইসিএইচ) বিষয়ক এশীয়-প্রশান্ত মহাসাগরীয় ইন্টারগভর্নমেন্টাল কমিটিতে (২০২২-২০২৬ মেয়াদে) নির্বাচিত হয়েছে বাংলাদেশ। সূত্রঃ জনকণ্ঠ
- বাংলাদেশের উত্তর এবং উত্তর-পূর্বাঞ্চলে বন্যাদুর্গত এলাকায় মানুষের সহায়তায় গ্লোবাল ব্র্যান্ড ইমো ও ইমো ব্যবহারকারীরা 'ডাকছে আমার দেশ' উদ্যোগের মাধ্যমে ৫০ হাজার মার্কিন ডলার অনুদান দিয়েছে। সূত্রঃ জনকণ্ঠ
- ইন্দোনেশিয়ার বালিতে জি-২০ জোটের পররাষ্ট্রমন্ত্রীদের সম্মেলনে যোগ দিতে সফররত চীনের পররাষ্ট্রমন্ত্রী ওয়াং উই ও রাশিয়ার পররাষ্ট্রমন্ত্রী সের্গেই লাভরভ দ্বিপক্ষীয় বৈঠক করেছেন। সূত্রঃ যুগান্তর

**৭ জুলাই**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি পররাষ্ট্র মন্ত্রণালয়ের নবনির্মিত ৮তলা ভবন উদ্‌বোধন করেন এবং 'বঙ্গবন্ধু কূটনৈতিক উৎকর্ষ পদক' প্রদান অনুষ্ঠানে যুক্ত হন। সূত্রঃ যুগান্তর
- ঢাকার গুরুত্বপূর্ণ ছয়টি হাটে সব ধরনের ডিজিটাল পেমেন্টের মাধ্যমে কোরবানির পশু কেনার উদ্যোগ নেওয়া হয়। বাংলাদেশ ব্যাংক ও ঢাকা উত্তর সিটি করপোরেশনের যৌথ উদ্যোগে বিকাশে কোরবানির পশুর মূল্য ও হাসিল পরিশোধের সুযোগ পাবেন গ্রাহকরা। সূত্রঃ যুগান্তর
- জেনেভায় জাতিসংঘের মানবাধিকার পরিষদের ৫০তম অধিবেশনে বাংলাদেশের উদ্যোগে ইসলামিক সম্মেলন সংস্থার (ওআইসি) সদস্য দেশগুলোর পক্ষ থেকে 'রোহিঙ্গা মুসলিম ও মিয়ানমারের অন্য সংখ্যালঘুদের মানবাধিকার পরিস্থিতি' শীর্ষক প্রস্তাব গৃহীত হয়েছে। সূত্রঃ সমকাল
- ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসন তার নিজ দল কনজারভেটিভ পার্টির প্রধান নেতার পদ থেকে পদত্যাগ করেছেন। সূত্রঃ ইত্তেফাক

- ব্রিটিশ পার্লামেন্টে একদিনে চল্লিশ জন মন্ত্রী পদত্যাগ করেছেন। সূত্রঃ ভোরের কাগজ

**৮ জুলাই**

- বাংলা গানের খ্যাতিমান সুরকার ও সংগীত পরিচালক আলম খান (৭৮) ইন্তেকাল করেছেন। সূত্রঃ ইত্তেফাক
- মঞ্চ, টেলিভিশন নাটক ও চলচ্চিত্রের জনপ্রিয় অভিনয়শিল্পী শর্মিলী আহমেদ (৭৫) ইন্তেকাল করেছেন। সূত্রঃ যুগান্তর
- জাপানের কিয়োতোর নিকটবর্তী নারা শহরে নির্বাচনী প্রচারণা সভায় বক্তব্য দেওয়ার সময় গুলিবিদ্ধ হয়ে হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু হয় জাপানের সাবেক প্রধানমন্ত্রী শিনজো আবে (৬৭) এর। সূত্রঃ যুগান্তর
- কাতারে আসন্ন ২০২২ বিশ্বকাপের হোম ম্যাচের জার্সি পরা মেসির ছবি সামাজিক যোগাযোগমাধ্যমে পোস্ট করেছে আর্জেন্টাইন ফুটবল অ্যাসোসিয়েশন (এএফএ)। সূত্রঃ সমকাল
- শ্রীলঙ্কার অর্থনৈতিক ও রাজনৈতিক সমস্যা সমাধানে রাজনৈতিক দলের নেতাদের সঙ্গে আলোচনার পর পদত্যাগে সম্মত হয়েছেন দেশটির প্রধানমন্ত্রী রনিল বিক্রমাসিংহে। সূত্রঃ যুগান্তর
- করোনা মহামারির কারণে দুই বছর পর এবার আবার বৃহৎ পরিসরে পবিত্র হজ পালিত হবে। সূত্রঃ যুগান্তর

**৯ জুলাই**

- পবিত্র ঈদুল আজহা উপলক্ষ্যে এক বাণীতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিজ নিজ অবস্থান থেকে জনকল্যাণমুখী কাজে অংশ নিয়ে বৈষম্যহীন, সুখী, সমৃদ্ধ ও শান্তিপূর্ণ বাংলাদেশ গড়ে তোলার আহ্বান জানিয়েছেন। সূত্রঃ সমকাল
- জাপানের সাবেক প্রধানমন্ত্রী শিনজো আবের মৃত্যুতে দেশে রাষ্ট্রীয় শোক পালন। সূত্রঃ জনকণ্ঠ
- ইউক্রেনে ভারত, জার্মানি, চেক রিপাবলিক, নরওয়ে এবং হাঙ্গেরি এই পাঁচ দেশের নিযুক্ত রাষ্ট্রদূতকে বরখাস্ত করেছেন দেশটির প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি। সূত্রঃ যুগান্তর



- সরকারবিরোধী বিক্ষোভকারীদের দমনে শ্রীলঙ্কার রাজধানী কলম্বোয় কারফিউ জারি করেছে দেশটির প্রশাসন। সূত্রঃ ভোরের কাগজ

**১০ জুলাই**

- সারাদেশে পবিত্র ঈদুল আজহা উদ্‌যাপিত। দেশবাসীকে ঈদুল আজহা উপলক্ষ্যে শুভেচ্ছা জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। সূত্রঃ যুগান্তর
- একুশে ও স্বাধীনতা পদকপ্রাপ্ত প্রত্নতাত্ত্বিক অধ্যাপক ড. এনামুল হক ইন্তেকাল করেছেন। সূত্রঃ সমকাল
- দক্ষিণ আফ্রিকার জোহানেসবার্গের সোয়েটো শহরতলীর একটি বারে ও দেশটির পূর্বাঞ্চলে আরেক বারে অস্ত্রধারীর এলোপাতাড়ি গুলির ঘটনায় ১৯ জন নিহত হয়েছে। সূত্রঃ ইত্তেফাক

**১১ জুলাই**

- ঠাকুরগাঁওয়ের ভাষা আন্দোলনের অন্যতম সংগ্রামী সৈনিক, মুক্তিযুদ্ধের সংগঠক ও ঠাকুরগাঁও পৌরসভার সাবেক চেয়ারম্যান আকবর হোসেন (৮৮) ইন্তেকাল করেন। সূত্রঃ যুগান্তর
- শ্রীলঙ্কায় আগামী ২০ জুলাই নতুন প্রেসিডেন্ট নির্বাচনের ঘোষণা দিয়েছেন দেশটির স্পিকার মাহিন্দা ইয়াপা আবেবর্ধনে। সূত্রঃ ইত্তেফাক
- ইউরোপের কেন্দ্রীয় ব্যাংকের কড়াকড়ি এবং বিশ্বব্যাপী অর্থনীতি নিয়ে শঙ্কা দেখা দেওয়ার পর ২০ বছরের মধ্যে প্রথমবারের মতো ডলারের মানের সমতায় পৌঁছেছে ইউরোর দাম। সূত্রঃ যুগান্তর
- রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে তুর্কি প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ান দু'দেশের দ্বিপক্ষীয় অর্থনৈতিক সহযোগিতা জোরদার এবং ইউক্রেন পরিস্থিতি নিয়ে ফোনালাপ করেছেন। সূত্রঃ ইত্তেফাক
- রাশিয়ার রাজধানী মস্কোয় পারমাণবিক শক্তি বৃদ্ধির লক্ষ্যে মিয়ানমারের স্টেট অ্যাডমিনিস্ট্রেশন কাউন্সিলের চেয়ারম্যান ও সিনিয়র জেনারেল মিন অং হ্লাইং এবং রোসাটমের ডিরেক্টর জেনারেল অ্যালেক্সি লিখাচেভের মধ্যে বৈঠকের পর মিয়ানমারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় ও রোসাটমের মধ্যে চুক্তি সই হয়েছে। সূত্রঃ যুগান্তর (১৭ জুলাই প্রকাশিত)

**১২ জুলাই**

- ৯৯৯ টাকায় 'পদ্মা সেতু এবং ভাঙ্গা এলিভেটেড এক্সপ্রেসওয়ে' ভ্রমণের আয়োজন করেছে বাংলাদেশ পর্যটন করপোরেশন। সূত্র: ইত্তেফাক
- বিশ্বের সবচেয়ে শক্তিশালী টেলিস্কোপ জেমস ওয়েব স্পেস টেলিস্কোপের তোলা গ্যালাক্সিগুলোর ১ হাজার ৩০০ কোটি বছর আগে মহাবিশ্বের রঙিন ছবি প্রকাশ করেছে মার্কিন মহাকাশ গবেষণা সংস্থা নাসা। সূত্র: জনকণ্ঠ
- শ্রীলঙ্কায় চলমান অর্থনৈতিক সংকট ও গণআন্দোলনের বিক্ষোভকারীরা রাষ্ট্রীয় টেলিভিশন কার্যালয়ে ভিড় জমালে জাতীয় টেলিভিশন রুপাভিহিনির সম্প্রচার স্থগিত করা হয়। সূত্র: সমকাল
- প্রধানমন্ত্রী রনিল বিক্রমাসিংহেকে শ্রীলঙ্কার ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট হিসেবে নিয়োগ দিয়েছে দেশটির পার্লামেন্ট। সূত্র: যুগান্তর

**১৩ জুলাই**

- ওয়েস্ট ইন্ডিজের মাঠে দেশটির বিপক্ষে ওয়ানডে সিরিজে ৯ উইকেটে জয় পেয়েছে বাংলাদেশ। জয়ের জন্য জাতীয় ক্রিকেট দল, কোচ ও বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) কর্মকর্তাদেরকে অভিনন্দন জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: যুগান্তর
- সাইবার চুরির ঘটনায় নাম জড়িয়ে বাংলাদেশ ব্যাংকের বিরুদ্ধে 'মানহানির' অভিযোগে দায়ের করা রিজল কমার্শিয়াল ব্যাংকিং করপোরেশনের (আরসিবিসি) মামলা খারিজ করে দিয়েছেন ফিলিপিন্সের আদালত। সূত্র: ইত্তেফাক
- যুক্তরাষ্ট্রের খাদ্য ও ওষুধ প্রশাসন দেশটিতে কোভিড-১৯ এর ভ্যাকসিন 'নোভাভ্যাক্স' ব্যবহারের অনুমতি দিয়েছে। এর ফলে মহামারি করোনা নিয়ন্ত্রণে যুক্তরাষ্ট্রে তিনটি ভ্যাকসিনের ব্যবহারের অনুমতি পেয়েছে। সূত্র: ইত্তেফাক
- মহানবী হযরত মুহাম্মদ (সা.)-এর রওজা মুবারক ৪০ বছরের বেশি সময় দেখভাল করা প্রবীণতম অভিভাবক আগা হাবীব মুহাম্মদ আল আফারি ইন্তেকাল করেছেন। সূত্র: সমকাল



- ইউক্রেনে চলমান সংঘাত পরিস্থিতিতে বিশ্বে খাদ্য নিরাপত্তা নিয়ে ইউক্রেনীয় শস্য রপ্তানির বিষয়ে তুরস্ক, রাশিয়া ও ইউক্রেনের প্রতিনিধিরা জাতিসংঘের প্রতিনিধিদের সঙ্গে ইস্তাম্বুলে আলোচনা করেছেন। সূত্র: যুগান্তর
- যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব নেওয়ার পর জো বাইডেন প্রথমবার 'মধ্যপ্রাচ্য ও ইসরাইল' চারদিনের সফরে ইসরাইল পৌঁছান। সূত্র: ইত্তেফাক
- দ্য ডেমোক্র্যাটিক পিপলস রিপাবলিক অব কোরিয়া দোনেৎস্ক পিপলস রিপাবলিককে (ডিপিআর) 'স্বাধীন রাষ্ট্র' হিসেবে স্বীকৃতি দিয়েছে। সূত্র: জনকণ্ঠ

**১৪ জুলাই**

- নারী-পুরুষের মধ্যে ব্যবধান ঘোচানোর ক্ষেত্রে বিশ্ব অর্থনৈতিক ফোরামের ডব্লিউইএফ-এর ২০২২ সালের 'গ্লোবাল জেন্ডার গ্যাপ' প্রতিবেদনে বাংলাদেশ ৬ ধাপ পিছিয়ে বিশ্বের ১৪৬টি দেশের মধ্যে ৭১ নম্বরে নেমে গেছে। সূত্র: যুগান্তর
- রাশিয়ার বাইরে রুশ সেনাদের 'জঙ্গিবিরোধী এবং যে কোনো ধরনের অভিযানে' সহায়তা করতে সরকার বিশেষ অর্থনৈতিক ব্যবস্থা গ্রহণ করতে পারবে। এ সংক্রান্ত নতুন আইনে স্বাক্ষর করেছেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। সূত্র: যুগান্তর
- শ্রীলঙ্কায় চলমান অর্থনৈতিক সংকট ও গণআন্দোলনে দেশটির প্রেসিডেন্ট গোটাবায়া রাজাপাকসে পদত্যাগ করেছেন। সূত্র: জনকণ্ঠ
- জেরুজালেমে অনুষ্ঠিত বৈঠকে ইসরাইলের প্রধানমন্ত্রী ইয়ার ল্যাপিদ এবং সফররত যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন ইরানের পরমাণু অস্ত্র বানানো ঠেকাতে যৌথ ঘোষণাপত্রে স্বাক্ষর করেছেন। সূত্র: যুগান্তর

**১৫ জুলাই**

- কানাডাভিত্তিক সংবাদ প্রতিষ্ঠান ভিজুয়্যাল ক্যাপিটালিস্টের জরিপ : মোট দেশজ উৎপাদনে (জিডিপি) বাংলাদেশ বিশ্বের ৪১তম স্থানে এবং দক্ষিণ এশিয়ায় বাংলাদেশের অবস্থান দ্বিতীয়। সূত্র: জনকণ্ঠ

- সুপ্রিম কোর্টের আপিল বিভাগের সাবেক বিচারপতি ও ভাষাসৈনিক কাজী এবাদুল হক ইন্তেকাল করেছেন। সূত্র: সমকাল
- 'বন্ধুসুলভ নয়' বা 'রাশিয়াবিরোধী অবস্থান' নেওয়ায় জাপানের পার্লামেন্টের ৩৮৪ জন সদস্যের বিরুদ্ধে নিষেধাজ্ঞা আরোপ করেছে রাশিয়া। সূত্র: ইত্তেফাক
- শ্রীলঙ্কার ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট হিসেবে শপথ নিয়েছেন দেশটির প্রধানমন্ত্রী রনিল বিক্রমাসিংহে। সূত্র: জনকণ্ঠ
- সৌদি নাগরিকদের জন্য ভ্রমণ ও বাণিজ্য ভিসার মেয়াদ ৫ বছর থেকে ১০ বছর মেয়াদি করে সৌদি আরব এবং যুক্তরাষ্ট্র যৌথ বিবৃতি প্রকাশ করেছে। সূত্র: যুগান্তর

**১৬ জুলাই**

- বাংলাদেশের ১৪টি বন্যা উপদ্রুত জেলায় দুর্যোগ প্রস্তুতি বিষয়ক উন্নতির জন্য বিশ্বব্যাংক ৫০ কোটি ডলারের ঋণ অনুমোদন করেছে। সূত্র: সমকাল
- জাতিসংঘের শিশুবিষয়ক সংস্থা ইউনিসেফ, শিক্ষা কমিশন ও ওয়ার্ল্ড ডাটা ল্যাবের সমন্বয়ে গঠিত দ্য ওয়ার্ল্ড স্কিলস ক্লকের সমীক্ষায় : দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে মাধ্যমিক পর্যায়ের শিক্ষার সমতুল্য দক্ষতা আছে এমন ১৫-২৪ বছর বয়সী ৪২ শতাংশ তরুণ-তরুণীর সংখ্যা সবচেয়ে বেশি আছে বাংলাদেশেই। সূত্র: ভোরের কাগজ
- নিহত সৌদি-মার্কিন সাংবাদিক জামাল খাসোগির সাবেক আইনজীবী অসীম গফুরকে অর্থ পাচারের অভিযোগে গ্রেপ্তার করেছে সংযুক্ত আরব আমিরাত কর্তৃপক্ষ। সূত্র: যুগান্তর
- সন্ত্রাসবাদী সংগঠন মুজাহিদিনে খাল্ককে সমর্থন ও মদদ দেওয়ার অভিযোগে ৬১ মার্কিন (বর্তমান এবং সাবেক সরকারের) কর্মকর্তাকে কালো তালিকাভুক্ত করেছে ইরান। সূত্র: ইত্তেফাক

**১৭ জুলাই**

- দেশীয় ওষুধ প্রস্তুতকারী প্রতিষ্ঠান গ্লোব বায়োটেক লিমিটেডের তৈরি করোনাভাইরাসের টিকা 'বঙ্গভ্যাক্স' মানুষের শরীরে পরীক্ষামূলক প্রয়োগের অনুমতি দিয়েছে ঔষধ প্রশাসন অধিদপ্তর। সূত্র: যুগান্তর



- রাজধানীর বিজিবি সদর দপ্তরের সম্মেলন কক্ষে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) ও ভারতের বর্ডার সিকিউরিটি ফোর্সের (বিএসএফ) মহাপরিচালক পর্যায়ের পাঁচ দিনব্যাপী ৫২তম সীমান্ত সম্মেলন শুরু। সূত্র: ইত্তেফাক
- সার্বিয়ার বানানো প্রশিক্ষণ মর্টার শেলবাহী ইউক্রেনীয় কার্গো উড়োজাহাজ বাংলাদেশে আসার পথে গ্রিসের উত্তরাঞ্চলীয় শহর কাভালার কাছে বিধ্বস্ত হয়েছে। উড়োজাহাজটি বিধ্বস্তের ঘটনায় ৮ ক্রুর সবাই প্রাণ হারান। সূত্র: সমকাল
- ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি দেশটির নিরাপত্তা বিষয়ক সংস্থার (এসবিইউ) প্রধান ইভান বাকানভ ও প্রসিকিউটর জেনারেল ইরিনা ভেনেডিকটোভাকে ইউক্রেন-রাশিয়ার চলমান যুদ্ধে রাশিয়ার সঙ্গে সহযোগিতার অভিযোগে বরখাস্ত করেছেন। সূত্র: ইত্তেফাক
- অনুষ্ঠান চলাকালীন যুদ্ধবিরোধী মন্তব্য করায় রাশিয়ার টেলিভিশন সাংবাদিক মারিনা ওভসিওনিকোভাকে গ্রেপ্তার করেছে রাশিয়ার পুলিশ। সূত্র: ইত্তেফাক

**১৮ জুলাই**

- মুন্সীগঞ্জের মাওয়া থেকে শরীয়তপুরের জাজিরা পর্যন্ত রেলপথ স্থাপনের কাজ শুরু করার অনুমতি দিয়েছে সেতু কর্তৃপক্ষ। সূত্র: জনকণ্ঠ
- শ্রীলঙ্কার ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট রনিল বিক্রমাসিংহে দেশটিতে নির্বাচনের পূর্বে পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে সংবিধানের ধারা ৪০ (১) (সি) অনুযায়ী জরুরি অবস্থা জারি করেছেন। সূত্র: সমকাল
- বলিউডের গজলসম্রাট খ্যাত ভূপিন্দ্র সিংয়ের (৮২) মৃত্যু হয়েছে। সূত্র: প্রথম আলো
- ভারতের সংবিধানের ৬২ অনুচ্ছেদ অনুযায়ী দেশটির পরবর্তী প্রেসিডেন্ট বেছে নেওয়ার জন্য নির্বাচন সম্পন্ন। ২১ জুলাই ভোট গণনা। সূত্র: যুগান্তর
- ব্রিটেনের ১০০ বছরের ইতিহাসে রেকর্ড ভেঙে তাপমাত্রা ৪০ ডিগ্রি সেলসিয়াস হওয়ার কারণে 'রেড এলার্ট' জারি করা হয়েছে দেশটিতে। সূত্র: যুগান্তর

## ১৯ জুলাই

- দেশব্যাপী ১৮ বছর ও জনগোষ্ঠীকে কোভিড-১৯ প্রতিরোধী টিকাদান ক্যাম্পেইন শুরু হয়েছে। বেশি সংখ্যক মানুষকে টিকার ২য় ও বুস্টার (৩য়) ডোজের আওতায় আনতেই সরকারের উদ্যোগ। দেশের ৭৫ লাখ মানুষকে টিকার ২য় ও বুস্টার ডোজ দেওয়ার লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে সরকার। সূত্র: ভোরের কাগজ
- অস্ট্রেলিয়াভিত্তিক থিংকট্যাংক ইনস্টিটিউট ফর ইকোনমিকস অ্যান্ড পিস বিশ্ব শান্তি বিষয়ক প্রতিবেদন : বৈশ্বিক শান্তি সূচক-২০২১ এ ৭ ধাপ এগিয়ে বিশ্বের ১৬৩টি দেশের মধ্যে বাংলাদেশের বর্তমান অবস্থান ৯১তম। সূত্র: যুগান্তর
- যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তর প্রকাশিত ২০২২ সালের 'ট্র্যাফিকিং ইন পারসন্স' (টিপ) প্রতিবেদনের তথ্য : মানবপাচার রোধে ভূমিকা এবং পাচারের শিকারদের পুনর্বাসনের জন্য বাংলাদেশি নাগরিক মোহাম্মদ তারিকুল ইসলামকে 'টিপ রিপোর্ট হিরো' হিসেবে ঘোষণা করেছে যুক্তরাষ্ট্র। সূত্র: সমকাল
- রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন সিরিয়ার সংকট নিয়ে ত্রিদেশীয় শীর্ষ সম্মেলনে অংশ নিতে ইরান পৌঁছেছেন। সূত্র: ইত্তেফাক

## ২০ জুলাই

- লন্ডনভিত্তিক বৈশ্বিক নাগরিকত্ব ও আবাসিক উপদেষ্টা সংস্থা 'হেনলি অ্যান্ড পার্টনার্স'র প্রতিবেদন : ২০২২ সালে শক্তিশালী পাসপোর্টের তালিকায় চার ধাপ এগিয়ে ১০৪তম অবস্থানে বাংলাদেশ। সূত্র: যুগান্তর
- বাংলাদেশের শিশুদের জন্য নির্মিত জনপ্রিয় শিশুতোষ অনুষ্ঠান 'সিসিমপুর' 'বেস্ট মিক্সড মিডিয়া সিরিজ' ক্যাটাগরিতে শিশুদের অস্কারখ্যাত কিডস্ক্রিন অ্যাওয়ার্ড জিতেছে। মার্কিন যুক্তরাষ্ট্রের মায়ামিতে কিডস্ক্রিন অ্যাওয়ার্ড প্রদান করা হয়। সূত্র: সমকাল
- শ্রীলঙ্কার পার্লামেন্টে ২১৯ ভোটের মধ্যে ১৩৪টি ভোট পেয়ে দেশটির নতুন প্রেসিডেন্ট হিসেবে নির্বাচিত হয়েছেন ছয়বারের প্রধানমন্ত্রী রনিল বিক্রমাসিংহে। সূত্র: ইত্তেফাক



- ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূতরা ইউক্রেনের বিরুদ্ধে রাশিয়ার আগ্রাসনের প্রতিক্রিয়া হিসেবে রাশিয়ায় স্বর্ণ আমদানির ওপর নিষেধাজ্ঞা অনুমোদন করেছেন। সূত্র: যুগান্তর

## ২১ জুলাই

- মুজিব জন্মশতবর্ষে গৃহহীন ও ভূমিহীনদের জন্য আশ্রয়ণ প্রকল্পের অধীনে তৃতীয় পর্যায়ে আরও ২৬ হাজার ২২৯টি পরিবারকে পাঁচটি আশ্রয়ণ প্রকল্পের অধীনে ঘর হস্তান্তর করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী গণভবন থেকে ভার্চুয়ালি যুক্ত হয়ে দেশের ৫২টি উপজেলাকে ভূমিহীন ও গৃহহীনমুক্ত ঘোষণা করেন। সূত্র: সমকাল
- এডিবির প্রকাশিত 'এশিয়ান ডেভেলপমেন্ট আউটলুক সাপ্লিমেন্ট' শিরোনামের প্রতিবেদন : এক ডোজ, দুই ডোজ এবং বুস্টার ডোজ মিলিয়ে বাংলাদেশে প্রায় ৭৪ শতাংশ মানুষ টিকা নিয়েছে। এর মধ্যে বুস্টার ডোজ নিয়েছে প্রায় ১৭ শতাংশ। দুই ডোজ নিয়েছে ৫৪ শতাংশ। সার্বিক হিসেবে টিকা দেওয়ায় এশিয়ায় বাংলাদেশের অবস্থান ১৯তম। সূত্র: সমকাল
- ভারতের আদিবাসী নারী দ্রৌপদী মুর্মু সে দেশের ১৫তম রাষ্ট্রপতি হিসেবে নির্বাচিত হয়েছেন। সূত্র: জনকণ্ঠ
- রোহিঙ্গাদের ওপর সামরিক বাহিনীর নিষ্ঠুর দমন-পীড়নের বিরুদ্ধে দায়ের করা গণহত্যা মামলায় মিয়ানমারের প্রাথমিক আপত্তি খারিজ করে দিয়েছেন নেদারল্যান্ডসে অবস্থিত আন্তর্জাতিক অপরাধ আদালত (আইসিজে)। এর ফলে জাতিসংঘের আদালতে সংখ্যালঘু রোহিঙ্গাদের ওপর গণহত্যা ও নির্যাতনের অভিযোগে গাম্বিয়ার দায়ের করা মামলার বিচার কাজ এগিয়ে নিতে আর কোনো বাধা থাকলো না। সূত্র: ইত্তেফাক

## ২২ জুলাই

- জাতীয় সংসদের ডেপুটি স্পিকার, বীর মুক্তিযোদ্ধা ও গাইবান্ধা-৫ আসনের সংসদ সদস্য অ্যাডভোকেট ফজলে রাব্বী মিয়া (৭৬) ইন্তেকাল করেছেন। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার শোক প্রকাশ। সূত্র: সমকাল

- প্রথম বাংলাদেশি হিসেবে ওয়াসফিয়া নাজরীন কে-টু জয় করেন। ১৭ জুলাই রাতে ওয়াসফিয়া কে-টু'র চূড়ায় ওঠার জন্য যাত্রা করেন। ২২ জুলাই তিনি কে-টু'র চূড়ায় ওঠেন। এটি বিশ্বের দ্বিতীয় সর্বোচ্চ পর্বতশৃঙ্গ। সূত্র: প্রথম আলো
- ইউক্রেনের শস্য রপ্তানির জন্য কৃষ্ণসাগরের বন্দরগুলো খুলে দিতে তুরস্কের মধ্যস্থতায় ইস্তাম্বুলে চুক্তি স্বাক্ষর করেছে রাশিয়া ও ইউক্রেন। এ সময় জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস ও তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ান উপস্থিত ছিলেন। সূত্র: প্রথম আলো
- শ্রীলঙ্কার নতুন প্রধানমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন রাজাপাকসের দল শ্রীলঙ্কা পদুজানা পেরামুনার (এসএলপিপি) নেতা দিনেশ গুনাবর্ধনে। একইদিন দেশটির ১৭ জন মন্ত্রী শপথ নিয়েছেন। সূত্র: যুগান্তর
- ইউক্রেনকে আরও ২৭ কোটি ডলারের সামরিক সহায়তার অনুমোদন দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। সূত্র: ইত্তেফাক

**২৩ জুলাই**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে জনপ্রশাসন মন্ত্রণালয় আয়োজিত 'পাবলিক সার্ভিস দিবস' উদ্‌যাপন এবং 'বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক ২০২২' প্রদান অনুষ্ঠানে ভার্চুয়ালি অংশ নেন। অনুষ্ঠানে প্রথমবারের মতো সাধারণ প্রশাসন ও ব্যবস্থাপনা শ্রেণিতে পররাষ্ট্র মন্ত্রণালয়, উন্নয়ন প্রশাসন শ্রেণিতে পানিসম্পদ মন্ত্রণালয় এবং ভূমি তথ্য ব্যাংকের জন্য সংস্কার শ্রেণিতে ভূমি মন্ত্রণালয় পদক পেয়েছে। সূত্র: ইত্তেফাক
- বাংলাদেশ বেতারের মহাপরিচালক আহম্মদ কামরুজ্জামান (৫৯) ইন্তেকাল করেছেন। সূত্র: জনকণ্ঠ
- বিশ্বের ৭০টিরও বেশি দেশে মাঙ্কিপক্স ভাইরাস 'অস্বাভাবিক' পর্যায়ে ছড়িয়ে পড়ায় বিশ্ব স্বাস্থ্য সংস্থা 'মাঙ্কিপক্স' নিয়ে বিশ্বব্যাপী জরুরি অবস্থা ঘোষণা করেছে । সূত্র: যুগান্তর
- ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির সঙ্গে কিয়েভে ইউক্রেনে নিযুক্ত মার্কিন দূত অ্যাডাম স্মিথের নেতৃত্বে সাক্ষাৎ করেছেন মার্কিন কংগ্রেসের প্রতিনিধি দল। সূত্র: যুগান্তর



**২৪ জুলাই**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে 'জাতীয় মৎস্য সপ্তাহ-২০২২' উদ্‌যাপন এবং 'জাতীয় মৎস্য পদক ২০২২' প্রদান অনুষ্ঠানে ভার্চুয়ালি যুক্ত হন। সূত্র: ইত্তেফাক
- শ্রীলঙ্কার অর্থনৈতিক সংকটের জেরে গত ৯ জুলাই হাজার হাজার বিক্ষোভকারী প্রেসিডেন্ট ভবনে প্রবেশ করলে সেখান থেকে গোল্ড-প্লেটের সকেটসহ বেশ কিছু জিনিস চুরি করার পর সেগুলো বিক্রি করতে গেলে মালপত্র চুরির অভিযোগে তিনজনকে আটক করেছে দেশটির পুলিশ। সূত্র: ইত্তেফাক
- যুক্তরাষ্ট্রের সরবরাহ করা উন্নত প্রযুক্তির হিমার্স রকেট সিস্টেম দিয়ে রাশিয়ার ৫০টি অস্ত্র গুদাম ধ্বংস করেছে ইউক্রেন। সূত্র: যুগান্তর

**২৫ জুলাই**

- সচিবালয়ে মন্ত্রিসভার বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি সভাপতিত্ব করেন। সভায় সরকারি ব্যয় কমাতে কম গুরুত্বপূর্ণ জিনিসপত্র ক্রয় এড়ানোর নির্দেশ দেওয়া হয়। সূত্র: ইত্তেফাক
- সাঁওতাল আদিবাসী সম্প্রদায়ের দ্রৌপদী মুর্মু ভারতের ১৫তম এবং প্রথম 'আদিবাসী নারী' রাষ্ট্রপতি নির্বাচিত হওয়ায় দিনাজপুরে ফুলবাড়ী উপজেলা আদিবাসী উন্নয়ন সমিতি ও বাংলাদেশ সারি সারণা গাঁওতার আয়োজনে শোভাযাত্রা ও মিষ্টি বিতরণ করা হয়। সূত্র: জনকণ্ঠ
- ডি-৮ চেম্বারস অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (ডি-৮ সিসিআই) সম্মেলন শুরুর আগে ডি-৮ ভুক্ত (মিসর, ইন্দোনেশিয়া, ইরান, মালয়েশিয়া, নাইজিরিয়া, পাকিস্তান, তুরস্ক ও বাংলাদেশ) দেশগুলোর ৩৫৬টি পণ্য আমদানিতে ১৫ শতাংশ থেকে শুল্ক ছাড় দিয়ে ১০ শতাংশ করেছে বাংলাদেশ। সূত্র: সমকাল
- দিনাজপুরের হাকিমপুরের আলীহাট লোহার খনির প্রকৃত অবস্থা জানতে প্রাথমিক সমীক্ষার জন্য জার্মান কোম্পানি ডিএমটি কনসাল্টিংয়ের সঙ্গে চুক্তি সই করেছে বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানি (বিসিএমসিএল)। সূত্র: সমকাল

- মিয়ানমারের সামরিক বাহিনীর বিরুদ্ধে সন্ত্রাসী কর্মকাণ্ড চালাতে সহায়তার অভিযোগে চার গণতন্ত্রপন্থি আন্দোলনকারীর মৃত্যুদণ্ড কার্যকর করেছে দেশটির জান্তা সরকার। এটি কয়েক দশকের মধ্যে মিয়ানমারে প্রথম মৃত্যুদণ্ড কার্যকরের ঘটনা। সূত্র: জনকণ্ঠ

**২৬ জুলাই**

- ডি-৮ চেম্বারস অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (ডি-৮ সিসিআই) প্রতিষ্ঠার রজতজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষ্যে ঢাকার প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে বৈশ্বিক অর্থনৈতিক মন্দার মধ্যে প্রথমবারের মতো মুসলিম দেশসমূহের ৮ দেশের ব্যবসায়ীদের নিয়ে দুই দিনব্যাপী 'ডি-৮ সিসিআই বিজনেস ফোরাম অ্যান্ড এক্সপো-২০২২' শুরু হয়। সূত্র: ভোরের কাগজ
- বার্মিংহামে অনুষ্ঠিত আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিলের (আইসিসি) বার্ষিক সভায় নতুন সদস্যপদ পেয়েছে এশিয়ার দেশ কম্বোডিয়া ও উজবেকিস্তান এবং আফ্রিকা থেকে আইভরি কোস্ট। সূত্র: ইত্তেফাক
- ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) সদস্যভুক্ত দেশের সরকারগুলো রাশিয়ার গ্যাস সরবরাহ কমানো বা বন্ধের হাত থেকে নিজেদের রক্ষা করতে 'আগস্ট থেকে মার্চ মাস পর্যন্ত গ্যাসের চাহিদা ১৫ শতাংশ কমানোর পরিকল্পনার' খসড়া ইউরোপীয় আইন অনুমোদন করেছে। সূত্র: সমকাল
- ইউক্রেনীয় আহত সেনাদের চিকিৎসা সহায়তা দিতে জার্মানিতে অবস্থিত যুক্তরাষ্ট্রের সামরিক হাসপাতালের অনুমোদন দিয়েছে পেন্টাগন। সূত্র: যুগান্তর
- ইংল্যান্ডের বার্মিংহামে চলমান বার্ষিক বোর্ড সভায় ক্রিকেটের নিয়ন্ত্রক সংস্থা আইসিসির সিদ্ধান্ত অনুযায়ী আগামী ২০২৪ সালের সেপ্টেম্বর-অক্টোবরে নারীদের টি-টোয়েন্টি বিশ্বকাপ আয়োজন করবে বাংলাদেশ। এতে অংশ নেবে মোট ১০টি দল। আসরে ম্যাচ হবে ২৩টি। সূত্র: সমকাল

**২৭ জুলাই**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে আয়োজিত অর্থনৈতিক সহযোগিতামূলক আন্তর্জাতিক



জোট ডি-৮-এর ২৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন এবং ডি-৮ পররাষ্ট্রমন্ত্রীদের ২০তম অধিবেশনের উদ্‌বোধন করেন। সূত্র: সমকাল

- রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে (বিআইসিসি) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) প্রথম ডিজিটাল 'জনশুমারি ও গৃহগণনা ২০২২' এর প্রাথমিক প্রতিবেদন প্রকাশ। বাংলাদেশের জনসংখ্যা এখন ১৬ কোটি ৫১ লাখ ৫৮ হাজার ৬১৬ জন। এর মধ্যে পুরুষ আট কোটি ১৭ লাখ ১২ হাজার ৮২৪ জন ও নারীর সংখ্যা আট কোটি ৩৩ লাখ ৪৭ হাজার ২০৬ জন এবং তৃতীয় লিঙ্গের জনগোষ্ঠী ১২ হাজার ৬২৯ জন। সূত্র: যুগান্তর
- বাংলাদেশের ব্র্যাক বিশ্ববিদ্যালয় দক্ষিণ এশিয়ার প্রথম দল হিসেবে বিশ্বকাপখ্যাত 'ওয়ার্ল্ড ইউনিভার্সিটি ডিবেটিং চ্যাম্পিয়নশিপ (ডব্লিউইউডিসি) ২০২২' প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছে। সূত্র: ইত্তেফাক
- ইউক্রেনের প্রসিকিউটর জেনারেল হিসেবে প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির সার্ভেন্ট অব দ্য পিপল পার্টির সদস্য ও আইন প্রণেতা আন্দ্রি কোস্টিনকে নিয়োগের অনুমোদন দিয়েছে দেশটির পার্লামেন্ট। সূত্র: যুগান্তর
- শ্রীলঙ্কার অর্থনৈতিক ও রাজনৈতিক চলমান সংকটে 'জরুরি অবস্থা'র মেয়াদ আগামী একমাসের জন্য বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে দেশটির পার্লামেন্ট। সূত্র: ইত্তেফাক

**২৮ জুলাই**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো আয়োজিত অনুষ্ঠানে 'বঙ্গবন্ধু শেখ মুজিব সেন্টেনিয়াল কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র'সহ দেশের বিভিন্ন উপজেলায় নির্মিত ২৪টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের উদ্‌বোধনী অনুষ্ঠানে ভার্চুয়ালি যুক্ত হন। সূত্র: যুগান্তর
- মুক্তিযুদ্ধমন্ত্রী আ ক ম মোজাম্মেল হক 'বীর মুক্তিযোদ্ধাদের ডিজিটাল সার্টিফিকেট ও স্মার্ট আইডি কার্ড' বিতরণ কার্যক্রমের প্রথম পর্যায়ের আনুষ্ঠানিক কার্যক্রম উদ্‌বোধন করেন। সূত্র: ইত্তেফাক

- দৈনিক দেশ রূপান্তর সম্পাদক অমিত হাবিবের (৫৯) ইন্তেকাল। সূত্র: সমকাল
- শ্রীলঙ্কায় চলমান রাজনৈতিক অস্থিরতার কারণে '২০২২ এশিয়া কাপ' শ্রীলঙ্কা থেকে সরে অনুষ্ঠিত হবে সংযুক্ত আরব আমিরাতে। সূত্র: ভোরের কাগজ
- জার্মানিতে জ্বালানি সংকট মোকাবিলায় বিদ্যুতের ব্যবহার কমাতে শহরটির আবাসিক ভবনগুলোতে গরম পানির সরবরাহ বন্ধ করে দিয়েছে কর্তৃপক্ষ। সূত্র: যুগান্তর
- মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন ও চীনের প্রেসিডেন্ট শি জিনপিং প্রথমবারের মতো মুখোমুখি বৈঠকে বসতে সম্মত হয়েছেন। সূত্র: যুগান্তর

**২৯ জুলাই**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে সফররত উজবেকিস্তান প্রজাতন্ত্রের বিনিয়োগ ও বৈদেশিক বাণিজ্যমন্ত্রী জামশিদ আবদুরাখিমোভিচ খোদজায়েভ সৌজন্য সাক্ষাৎ করেন। সূত্র: যুগান্তর
- শ্রীলঙ্কায় চলমান সংকটে খাদ্য, ওষুধ ও জ্বালানির মতো জরুরি পণ্য কিনতে দেশটিকে ১৬ কোটি টাকা সহায়তা দিয়েছে বিশ্বব্যাংক। সূত্র: ভোরের কাগজ
- যুক্তরাষ্ট্রের মেরিল্যান্ডে আলেকজান্ডার হিস্টরিক্যাল অকশনে জার্মানির নাৎসি বাহিনীর প্রধান ও দেশটির সাবেক চ্যান্সেলর এডলফ হিটলারের 'দ্য হুবার' নামে কোম্পানির তৈরি হিটলারের নামের আদ্যাক্ষর 'এ এইচ' খোদাই করা হাতঘড়িটি ১১ লাখ ডলারে বিক্রি হয়েছে। সূত্র: ইত্তেফাক

**৩০ জুলাই**

- করোনা সংক্রমণ প্রতিরোধে ৫ থেকে ১১ বছর বয়সী শিশুদের জন্য কোভ্যাক্স ফ্যাসিলিটির আওতায় বিশেষভাবে তৈরি ফাইজারের করোনা টিকার প্রথম চালান দেশে পৌঁছেছে। সূত্র: ইত্তেফাক



- মার্কিন কংগ্রেসের নিম্নকক্ষ কয়েক দশকের মধ্যে প্রথমবার আধা-স্বয়ংক্রিয় রাইফেলের বহনে নিষেধাজ্ঞা বিল পাস করেছে। সূত্র: যুগান্তর
- রাশিয়াবিরোধী প্রচার চালানোর অভিযোগে নিউজিল্যান্ডের ৩২ জন কর্মকর্তা-সাংবাদিককে নিষিদ্ধ করেছে রাশিয়া। সূত্র: ইত্তেফাক
- ভারতের বাংলা গানের জনপ্রিয় শিল্পী নির্মলা মিশ্রের (৮১) মৃত্যু হয়েছে। সূত্র: জনকণ্ঠ

**৩১ জুলাই**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তার কার্যালয়ে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের (এনএসডিএ) গভর্নিং বোর্ডের সভা অনুষ্ঠিত হয়। সূত্র: সমকাল
- প্রিন্স চার্লসের 'প্রিন্স অব ওয়েলস চ্যারিটেবল ফান্ডে' এক মিলিয়ন পাউন্ড দিয়েছে ৯/১১ হামলার মূল পরিকল্পনাকারী ওসামা বিন লাদেনের পরিবার। সূত্র: ইত্তেফাক
- তাইওয়ান ইস্যুতে যুক্তরাষ্ট্রকে দফায় দফায় চীনের হুঁশিয়ারি ও হুমকি দেওয়ার পর মার্কিন প্রতিনিধি পরিষদের স্পিকার ন্যান্সি পেলোসি সিঙ্গাপুর, মালয়েশিয়া, দক্ষিণ কোরিয়া ও জাপানে দ্বিপক্ষীয় সফর শুরু করছেন। সূত্র: যুগান্তর
- পাকিস্তানে প্রথমবার হিন্দু নারী সহকারী পুলিশ সুপার (ডিএসপি) হিসেবে মনীষা রুপেতাকে নিয়োগ দিয়েছে দেশটির কর্তৃপক্ষ। সূত্র: যুগান্তর
- স্বাগতিক কলম্বিয়াকে ১-০ গোলে হারিয়ে অষ্টমবার এবং টানা চতুর্থবারের মতো কোপা আমেরিকা চ্যাম্পিয়ন হয়েছে ব্রাজিল। সূত্র: জনকণ্ঠ

## আগস্ট

### ১ আগস্ট

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা শোকাবহ আগস্টের প্রথম দিনে গণভবন থেকে ভার্চুয়ালি রাজধানীর ধানমণ্ডি ৩২-এর বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর সংলগ্ন এলাকায় কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে কৃষক লীগ আয়োজিত স্বেচ্ছায় রক্তদান কর্মসূচির উদ্‌বোধনী অনুষ্ঠানে অংশ নেন। সূত্র: সংবাদ
- অর্থনৈতিক সহযোগিতা সংস্থা ডি-৮ এর অন্যতম প্রতিষ্ঠাতা সদস্য হিসেবে 'আন্তর্জাতিক শান্তি পুরস্কার' পেয়েছে বাংলাদেশ। তুরস্কের সাবেক প্রধানমন্ত্রী অধ্যাপক ড. নাজমুদ্দিন এরবাকান স্মরণে এই পুরস্কার দেওয়া হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে গণভবনে পুরস্কারের ক্রেস্ট ও চিঠি তুলে দেন জর্জিয়া, তুর্কমেনিস্তান এবং ডি-৮-এর দায়িত্ব পালনকারী তুরস্কে বাংলাদেশের রাষ্ট্রদূত মসয়ূদ মান্নান। সূত্র: ইত্তেফাক
- রাশিয়া-ইউক্রেন যুদ্ধ শুরুর পর প্রথম 'এম ভি কামিলা' নামের রুশ পণ্যবাহী জাহাজ রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের ৩৩২৮.২৩৭ মেট্রিক টন মালামাল নিয়ে মোংলা বন্দরে পৌঁছেছে। সূত্র: ইত্তেফাক
- মিয়ানমারের অর্থনৈতিক ও রাজনৈতিক সংকট মোকাবিলায় চলমান জরুরি অবস্থার মেয়াদ আরও ছয় মাস বাড়িয়েছে দেশটির সেনাশাসকরা। সূত্র: ইত্তেফাক
- রাশিয়ার সামরিক অভিযান শুরুর পর জাতিসংঘের আহ্বানে ইস্তাম্বুলে অনুষ্ঠিত 'শস্য পরিবহন' চুক্তি অনুযায়ী ইউক্রেনের শস্যবাহী প্রথম জাহাজটি তুরস্কের উদ্দেশে দেশটির গুরুত্বপূর্ণ ওডেসা বন্দর ছেড়ে গেছে। সূত্র: যুগান্তর
- ইউক্রেনের সেনারা গুরুত্বপূর্ণ খেরসনে রুশ সেনাদের দখল থেকে ৪৬টি স্থান পুনর্দখল করেছে। সূত্র: যুগান্তর

### ২ আগস্ট

- প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে জাতীয় অর্থনৈতিক



পরিষদের নির্বাহী কমিটির (একনেক) ভার্চুয়াল বৈঠকে মোট ২ হাজার ৭ কোটি ৫৭ লাখ টাকার সাত প্রকল্প অনুমোদন। সূত্র: যুগান্তর
- ১৯৯৪ সালে আনসার বিদ্রোহের ঘটনায় অভিযোগ প্রমাণিত না হওয়া নিরপরাধীদের মধ্যে (দুই হাজার ৩৬০ জন) রিটকারী যাদের বয়স ও শারীরিক মানসিক সক্ষমতা আছে তাদের চাকরিতে পুনর্বহালে হাইকোর্টের রায় সুপ্রিম কোর্টের আপিল বিভাগে বহাল রয়েছে। সূত্র: ভোরের কাগজ
- সৌদি আরব ও সংযুক্ত আরব আমিরাতের কাছে ৫০০ কোটি ডলারের বেশি মূল্যের ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষা ব্যবস্থা বিক্রির ঘোষণা দিয়েছে যুক্তরাষ্ট্র। সূত্র: যুগান্তর
- আফগানিস্তানের কাবুলে মার্কিন ড্রোন থেকে শব্দহীন ক্ষেপণাস্ত্র হামলায় আল কায়দার শীর্ষ নেতা আয়মান আল-জাওয়াহিরি নিহত হয়েছেন। সূত্র: সমকাল

### ৩ আগস্ট

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির নবনির্বাচিত বোর্ড সদস্যরা সৌজন্য সাক্ষাৎ করেন। সূত্র: যুগান্তর
- বাংলাদেশের আবেদনের পরিপ্রেক্ষিতে অর্থনীতির ঝুঁকি কমাতে আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) সংস্থা 'রেজিলিয়েন্স অ্যান্ড সাসটেনেবল ট্রাস্ট (আরএসটি)' থেকে ঋণ প্রদানে সম্মত হয়েছে। সূত্র: ইত্তেফাক
- বীর মুক্তিযোদ্ধা মেজর জেনারেল মুহাম্মদ আইন উদ্দিন, বীরপ্রতীক (৭৭) ইন্তেকাল করেছেন। সূত্র: ইত্তেফাক
- ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় মানবতাবিরোধী অপরাধের অভিযোগে দুটি মামলায় তিন জেলার ২২ রাজাকারের বিরুদ্ধে তদন্ত প্রতিবেদন চূড়ান্ত করেছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের তদন্ত সংস্থা। সূত্র: সমকাল
- জাতিসংঘে ভারতের প্রথম নারী স্থায়ী প্রতিনিধি হিসেবে রুচিরা কম্বোজ দায়িত্ব নিয়েছেন। সূত্র: যুগান্তর

**৪ আগস্ট**

- বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিবের জীবনী নিয়ে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র 'বঙ্গমাতা'র অফিসিয়াল পোস্টার প্রকাশ। খোরশেদ বাহারের উপন্যাস 'বঙ্গমাতা : ইতিহাসের নিভৃত সৈনিক' অবলম্বনে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় গৌতম কৈরীর পরিচালনা ও নাসরীন মুস্তফার চিত্রনাট্যে ২৮ মিনিটের এই স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মিত হয়েছে। সূত্র: যুগান্তর
- বার্মিংহাম কমনওয়েলথ গেমসে টেবিল টেনিসে ১১-৯ পয়েন্টে জয় পেয়েছে বাংলাদেশের নারী প্রতিনিধিরা। সূত্র: জনকণ্ঠ
- চীন সরকার নিষেধ করার পরও বিরোধপূর্ণ তাইওয়ান দ্বীপে সফর করায় যুক্তরাষ্ট্রের হাউস অব রিপ্রেজেন্টেটিভের স্পিকার ন্যান্সি পেলোসির ও তার পরিবারের ওপর নিষেধাজ্ঞা আরোপ করেছে। সূত্র: যুগান্তর

**৫ আগস্ট**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে নেপালের সফররত সংসদীয় প্রতিনিধি দল সৌজন্য সাক্ষাৎ করেন। সূত্র: ইত্তেফাক
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ক্রীড়া ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব শহিদ ক্যাপ্টেন শেখ কামালের জন্মবার্ষিকী উপলক্ষ্যে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় আয়োজিত 'শেখ কামাল জাতীয় ক্রীড়া পরিষদ পুরস্কার ২০২২' প্রদান অনুষ্ঠানে ভার্চুয়ালি যুক্ত হন। সূত্র: ইত্তেফাক
- রাশিয়া-ইউক্রেন যুদ্ধের পর দেশের চলমান রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের মূল যন্ত্রাংশ নিয়ে লাইবেরিয়ান জাহাজ এমভি ড্রাগনবল মোংলা বন্দর পৌঁছেছে। সূত্র: ইত্তেফাক
- দিল্লির বাসভবনে প্রধানমন্ত্রী মোদির সঙ্গে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় গুডস অ্যান্ড সার্ভিসেস ট্যাপের বকেয়া এবং কেন্দ্রীয় স্কিমগুলোর অধীনে অন্যান্য বকেয়াসহ একাধিক বিষয় নিয়ে বৈঠক করেন। সূত্র: সমকাল



**৬ আগস্ট**

- ২০২১ সালের ২৯ নভেম্বর প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে দক্ষিণ কোরিয়ার চুক্তির ধারাবাহিকতায় 'বঙ্গবন্ধু শেখ মুজিব রেল সেতু' নির্মাণ প্রকল্পের মালামাল নিয়ে দক্ষিণ কোরিয়ার জাহাজ এমভি উহইওন হোপ মোংলা বন্দরে পৌঁছেছে। সূত্র: যুগান্তর
- রাশিয়ার কর্মকর্তা, সাংবাদিক, সামরিক বিশেষজ্ঞ ও গির্জার প্রধান ধর্মযাজকদের ওপর কানাডা নিষেধাজ্ঞা দেওয়ায় পাল্টা ব্যবস্থা হিসেবে ৬২ নাগরিকের ওপর নিষেজ্ঞা আরোপ করেছে রাশিয়া। সূত্র: যুগান্তর
- সংক্রামক ভাইরাস মাঙ্কিপক্স ছড়িয়ে পড়ার কারণে স্বাস্থ্য বিষয়ক জরুরি অবস্থা ঘোষণা করেছে যুক্তরাষ্ট্র। দেশটিতে এ পর্যন্ত ৬ হাজার ৬০০ ব্যক্তি মাঙ্কিপক্সে আক্রান্ত হয়েছে। সূত্র: সমকাল
- মিয়ানমারের সামরিক অভ্যুত্থানের ফলে সৃষ্ট সংকট মোকাবিলায় মিয়ানমারের সামরিক নেতৃত্বের জন্য আসিয়ানের দুয়ার বন্ধের বিষয়ে নমপেনে অনুষ্ঠিত আসিয়ানের আঞ্চলিক বৈঠকে একমত হয়েছেন সংস্থাটির পররাষ্ট্রমন্ত্রীরা। সূত্র: সমকাল
- যুক্তরাষ্ট্রের পূর্ব উপকূল অঞ্চলে ঝড়বৃষ্টি-বজ্রপাত ও বিমানকর্মী সংকটের কারণে একদিনে সাত হাজার সাতশ'র বেশি ফ্লাইট বাতিল করা হয়েছে। সূত্র: ভোরের কাগজ

**৭ আগস্ট**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে সফররত চীনের পররাষ্ট্রমন্ত্রী ওয়াং ই সৌজন্য সাক্ষাৎ করেন। বৈঠকে রাশিয়া-ইউক্রেন যুদ্ধ নিষেধাজ্ঞা-অবরোধ ও পাল্টা নিষেধাজ্ঞা-অবরোধের কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, এসব কারণে সারাবিশ্বের মানুষকে দুর্ভোগ পোহাতে হচ্ছে। উদ্ভূত পরিস্থিতিতে অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে দক্ষিণ এশিয়া, দক্ষিণ-পূর্ব এশিয়া ও চীন একসঙ্গে কাজ করতে পারে। সূত্র: ইত্তেফাক
- দেশের শহরাঞ্চলের মানুষের কোভিড-১৯ মহামারি মোকাবিলায় স্থানীয় সরকার প্রতিষ্ঠানের সক্ষমতা অর্জনে বিশ্বব্যাংক থেকে ৩০ কোটি ডলারের ঋণ নিতে বিশ্বব্যাংক ও পরিকল্পনা কমিশনের অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সঙ্গে চুক্তি স্বাক্ষরিত হয়। সূত্র: সমকাল

- দেশে সাশ্রয়ী মূল্যের করোনাভাইরাস শনাক্তের আরটিপিসিআর কিট তৈরি করেছে বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)। সূত্র: সমকাল
- দুর্যোগ ব্যবস্থাপনা, কচা নদীর ওপর নির্মিত সেতু হস্তান্তর, সাংস্কৃতিক বিনিময় চুক্তি নবায়ন এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে মেরিন সায়েন্সেস শিক্ষা বিষয়ে সহযোগিতার বিষয়ে ঢাকায় দ্বিপক্ষীয় বৈঠকে চুক্তি ও সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে বাংলাদেশ ও চীন। সূত্র: যুগান্তর
- ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র আতিকুল ইসলাম ও ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) মেয়র শেখ ফজলে নূর তাপসকে 'মন্ত্রী'র পদমর্যাদা দিতে প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে মন্ত্রিপরিষদ সচিবকে নির্দেশনা দেওয়া হয়েছে। সূত্র: যুগান্তর
- মার্কিন কংগ্রেসের উচ্চকক্ষ সিনেটে জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াই, ওষুধের দাম কমানো ও কিছু করপোরেট ট্যাক্স বাড়ানোর লক্ষ্যে ৪৩০ বিলিয়ন ডলারের বিল পাস হয়েছে। সূত্র: ইত্তেফাক
- গুস্তাভো পেট্রো কলম্বিয়ার প্রেসিডেন্ট হিসেবে শপথ নিয়েছেন। সূত্র: সমকাল

**৮ আগস্ট**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আয়োজনে 'বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব পদক ২০২২' অনুষ্ঠানে ভার্চুয়ালি যুক্ত হন। রাজনীতি, অর্থনীতি, শিক্ষা সমাজসেবা এবং স্বাধীনতা ও মুক্তিযুদ্ধে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ পাঁচ বিশিষ্ট নারীকে এই পদক দেওয়া হয়। সূত্র: ইত্তেফাক
- বাংলাদেশে ৫-১১ বছর বয়সী শিশুদের করোনা-১৯ সুরক্ষায় ফাইজারের আরও ১৫ লাখ ডোজ করোনা টিকা অনুদান দিয়েছে যুক্তরাষ্ট্র; ঢাকায় মার্কিন দূতাবাসের বিজ্ঞপ্তি। সূত্র: ইত্তেফাক
- ট্রানজিট চুক্তির আওতায় ভারতের কলকাতা বন্দর থেকে এম ভি রিশাদ রায়হান নামের কার্গো জাহাজটি ভারতীয় পণ্যের পরীক্ষামূলক প্রথম চালান নিয়ে মোংলা সমুদ্রবন্দরে পৌঁছেছে। সূত্র: ভোরের কাগজ



- সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের অফিসিয়াল কাগজপত্র নিয়ে তদন্তের জন্য তার ফ্লোরিডার বাড়িতে অভিযান চালিয়েছে যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা এফবিআই। সূত্র: যুগান্তর

**৯ আগস্ট**

- গাজার বর্তমান পরিস্থিতি নিয়ে আলোচনা করতে জাতিসংঘ নিরাপত্তা পরিষদ জরুরি বৈঠক করেছে।
- তথ্য ও সম্প্রচারমন্ত্রী ড. হাছান মাহমুদ চট্টগ্রামের রাঙ্গুনিয়ায় 'কৃষি প্রযুক্তি মেলার' উদ্‌বোধন অনুষ্ঠানে ভার্চুয়ালি সংযুক্ত হন। সূত্র: সমকাল
- সরকারি নিয়ন্ত্রক সংস্থা পাবলিক ইউটিলিটি কমিশন অব শ্রীলঙ্কা (পিইউসিএসএল) সবচেয়ে কম বিদ্যুৎ ব্যবহারকারীদের বিলের হার ২৬৪ শতাংশ বাড়ানোর ঘোষণা করেছে। সূত্র: ইত্তেফাক
- রাশিয়ার ইউক্রেন আক্রমণের জবাবে পশ্চিমা জোটের সম্প্রসারণ এক ধাপ এগিয়ে নিতে মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন ফিনল্যান্ড এবং সুইডেনের ন্যাটোতে প্রবেশে আনুষ্ঠানিক অনুমোদন চুক্তিতে স্বাক্ষর করেছেন। সূত্র: ইত্তেফাক

**১০ আগস্ট**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গণভবনে 'জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্ট' এর নিয়মিত সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সূত্র: সমকাল
- সিন্ডিকেটের ৮৩তম সভায় খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সরকার ও রাজনীতি বিভাগের প্রাক্তন অধ্যাপক ড. খুরশীদা বেগমকে কুয়েটের 'বঙ্গবন্ধু চেয়ার প্রফেসর' হিসেবে নিয়োগ দিয়েছে। সূত্র: জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রের প্রতিনিধি পরিষদের স্পিকার ন্যান্সি পেলোসির সফর ইস্যুতে তাইওয়ানের চারপাশে শুরু করা সপ্তাহব্যাপী সামরিক মহড়ার সমাপ্তি ঘোষণা করেছে চীন। সূত্র: সমকাল
- শ্রীলঙ্কায় চলমান অর্থনৈতিক সংকটে কলম্বোতে হাজার হাজার মানুষ গোটাবায়া রাজাপাকসের কার্যালয় দখলে নেওয়ার ৪ মাস পর বিক্ষোভের স্থান ত্যাগ করেন বিক্ষোভকারীরা। সূত্র: ভোরের কাগজ

- চীনের সেন্টার ফর ডিজিস কন্ট্রোল (সিডিসি) জানিয়েছে, দেশটিতে পশুদেহ থেকে মানুষের মধ্যে 'ল্যাঙ্গিয়া হেনিপাভাইরাস' নামক নতুন সংক্রমিত ভাইরাসে আক্রান্ত হয়েছেন ৩৫ জন। সূত্র: ভোরের কাগজ

**১১ আগস্ট**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গণভবন থেকে সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষে অনুষ্ঠিত ভার্চুয়াল মন্ত্রিসভা বৈঠকে 'ওষুধ আইন ২০২২' এর খসড়ায় নীতিগত অনুমোদন দিয়েছে। সূত্র: ইত্তেফাক
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলকের সভাপতিত্বে আগারগাঁওয়ের বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের সভাকক্ষে 'স্মার্ট সোসাইটি' ও 'ডিজিটাল আইল্যান্ড মহেশখালী' শীর্ষক প্রস্তাবিত প্রকল্প নিয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় মহেশখালী ও সেন্টমার্টিনের সঙ্গে সন্দীপ ও ভাসানচর এলাকাকে প্রস্তাবিত 'স্মার্ট সোসাইটি' প্রকল্পের আওতাভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। সূত্র: সমকাল
- রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ৫ থেকে ১১ বছর বয়সী শিশুদের ফাইজারের তৈরি টিকা দিয়ে পরীক্ষামূলক টিকা কার্যক্রমের আনুষ্ঠানিকভাবে শুরু হয়। সূত্র: জনকণ্ঠ
- সিরীয় হস্তশিল্পী মুহাম্মদ মাহির হাজিরি সুঁই-সুতা ব্যবহার করে এক যুগ সময়ে বিশ্বের প্রথম সম্পূর্ণ 'কুরআন শরিফ'-এর এমব্রয়ডারি প্রতিলিপির কাজ সম্পন্ন করেছেন। সূত্র: যুগান্তর
- যুক্তরাজ্যের পাঠানো অস্ত্রের নতুন চালান দূরপাল্লার 'মাল্টিপল রকেট লঞ্চার সিস্টেম (এমএলআরএস)' ইউক্রেন পৌঁছেছে। সূত্র: যুগান্তর

**১২ আগস্ট**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে শ্রদ্ধা নিবেদন করেন। সূত্র: যুগান্তর
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার হিসেবে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতিধন্য পায়জামা, পাঞ্জাবি, মুজিব কোট এবং একটি টোব্যাকো পাইপসহ সংরক্ষিত নিদর্শন জাতীয় জাদুঘর কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা হয়। সূত্র: জনকণ্ঠ



- যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ফ্লোরিডার বাসায় তল্লাশি চালিয়ে ১১ সেট অতি গোপন নথি পেয়েছে কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা (এফবিআই)। সূত্র: সমকাল
- নিউইয়র্কে বক্তৃতা দেওয়ার মঞ্চে ভারতীয় বংশোদ্ভূত বিতর্কিত ব্রিটিশ ঔপন্যাসিক সালমান রুশদির (৭৫) ওপর হামলা হয়েছে। সূত্র: ইত্তেফাক
- সাকিব আল হাসানকে অধিনায়ক করে ১৭ সদস্যের এশিয়া কাপ দল ঘোষণা করেছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। সূত্র: জনকণ্ঠ

**১৩ আগস্ট**

- বাংলাদেশ সরকারের আমন্ত্রণে জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাইকমিশনার মিশেল ব্যাচলেট ঢাকায় পৌঁছেন। সূত্র: জনকণ্ঠ
- ভূমি মন্ত্রণালয় ঢাকা মহানগরীর ভূমি অফিসগুলোকে ক্যাশলেস ঘোষণা করেছে। এসব অফিসে ভূমি উন্নয়ন কর ছাড়াও অন্যান্য ফি অনলাইনে পরিশোধ করতে হবে। সূত্র: সমকাল
- ইসরাইল ইউজম্যান ইনস্টিটিউট অব সায়েন্সের বিজ্ঞানীরা 'অ্যাসিসটেড রিপ্রোডাকশন টেকনোলজি' পদ্ধতিতে নিষিক্ত ডিম্বাণু-শুক্রাণু ছাড়াই শুধু সেল থেকে বিশ্বের প্রথম 'কৃত্রিম ইঁদুরের ভ্রূণ' তৈরি করেছেন। সূত্র: যুগান্তর
- সৌদি সরকার ক্রাউন প্রিন্সের ভিশন ২০৩০ এর আওতায় নানা সংস্কারের অংশ হিসেবে দেশটির শ্রম আইন পরিবর্তন করেছে। সূত্র: যুগান্তর
- সামরিক স্থাপনায় গুপ্তচরবৃত্তির সন্দেহে ভারতের আনুষ্ঠানিক নিষেধাজ্ঞার পরও 'বিতর্কিত' চীনা গবেষণা জাহাজকে শ্রীলঙ্কা সরকার তাদের বন্দরে ভেড়ার অনুমতি দিয়েছে। সূত্র: ইত্তেফাক

**১৪ আগস্ট**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবনে আওয়ামী লীগের ৮টি বিভাগের সাংগঠনিক সম্পাদকদের সঙ্গে আলোচনা সভা করেছেন। সূত্র: ইত্তেফাক

- সরকারি চাকরি থেকে অবসরের তিন বছর আগে জাতীয় সংসদ নির্বাচনে অংশ নিতে পারবেন না- গণ প্রতিনিধিত্ব আদেশের (আরপিও) এমন বিধান চ্যালেঞ্জ করে দায়ের করা রিট খারিজ করে দিয়েছেন হাইকোর্ট। সূত্র: সমকাল
- ঢাকায় রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় সফররত জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাইকমিশনার মিশেল ব্যাচলেট স্বরাষ্ট্র, আইন ও পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে পৃথক বৈঠক করেন। বৈঠকে বিচারবহির্ভূত হত্যা, গুম, গণমাধ্যমের স্বাধীনতা ও রোহিঙ্গা ইস্যুসহ সার্বিক মানবাধিকার পরিস্থিতি নিয়ে আলোচনা করেছেন। সূত্র: ইত্তেফাক
- জন্মনিবন্ধন নিয়ে জনভোগান্তির বিষয় বিবেচনায় নিয়ে মা-বাবার জন্মনিবন্ধনের বাধ্যবাধকতা তুলে দেওয়া হয়েছে বলে জানিয়েছে রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়। এখন থেকে হাসপাতালে জন্ম নেওয়ার পর দেওয়া ছাড়পত্র বা টিকার কাগজ যে কোনো একটি প্রমাণ দেখিয়ে শিশুর জন্মনিবন্ধন করা যাবে। সূত্র: যুগান্তর
- উত্তর কোরিয়ার সঙ্গে দ্বিপক্ষীয় সম্পর্ক জোরদার করার প্রত্যয় ব্যক্ত করে কিম জং উনকে চিঠি লিখেছেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। সূত্র: যুগান্তর

**১৫ আগস্ট**

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'শাহাদাৎবার্ষিকী ও জাতীয় শোক দিবস' উপলক্ষ্যে টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: ইত্তেফাক
- দুর্নীতির মামলায় মিয়ানমারের ক্ষমতাচ্যুত নেত্রী অং সান সুচিকে আরও ছয় বছরের কারাদণ্ড দিয়েছেন দেশটির সেনা শাসিত আদালত। সূত্র: ইত্তেফাক
- রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন লাতিন অ্যামেরিকা, এশিয়া এবং আফ্রিকার দেশগুলোতে সর্বাধুনিক অস্ত্র বিক্রি করার লক্ষ্যে মস্কোয় আধুনিক সব অস্ত্রের 'আর্মি ২০২২ মিলিটারি এক্সপো' প্রদর্শনীর উদ্‌বোধন করেন। সূত্র: ইত্তেফাক



- কেনিয়ার ডেপুটি প্রেসিডেন্ট উইলিয়াম রুতো দেশটির নতুন প্রেসিডেন্ট হিসেবে নির্বাচিত হয়েছেন। সূত্র: যুগান্তর
- তাইওয়ানের স্বাধীনতাকে সমর্থন করায় স্বায়ত্তশাসিত অঞ্চলটির সাত কর্মকর্তার ওপর নিষেধাজ্ঞা দিয়েছে চীন। সূত্র: সমকাল

**১৬ আগস্ট**

- প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনার সভাপতিত্বে শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) ভার্চুয়াল বৈঠকে দুই হাজার ৪৭১ কোটি ৭৫ লাখ টাকার ৬টি প্রকল্প অনুমোদন। সূত্র: যুগান্তর
- বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) এর 'ওয়ান স্টপ সার্ভিসে'র কিছু ক্ষেত্রে সহযোগিতার জন্য আন্তর্জাতিক শ্রম সংস্থার (আইএলও) সঙ্গে বিডার সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। সূত্র: ইত্তেফাক
- মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন ধনীদের ট্যাক্স বাড়িয়ে 'জলবায়ু পরিবর্তন মোকাবিলা, স্বাস্থ্যসেবার এবং করপোরেট ট্যাক্স সংক্রান্ত' ব্যয় নির্বাহ করার লক্ষ্যে ৭৫০ বিলিয়ন ডলারের বিলে সই করেন। সূত্র: ইত্তেফাক
- থাইল্যান্ডে বিশ্ব গার্ল গাইডস ও গার্ল স্কাউটস সংস্থার (ডব্লিউএজিজিএস) এর ১৪তম এশিয়া প্যাসিফিক আঞ্চলিক কনফারেন্স অনুষ্ঠিত। অনুষ্ঠানে ডব্লিউএজিজিএস এর এশিয়া প্যাসিফিক অঞ্চলের নির্বাহী কমিটির সদস্য হয়েছেন বাংলাদেশের মাহনাজ হোসেন ফারিবা। সূত্র: ভোরের কাগজ
- তৃতীয় পক্ষের প্রভাব খাটানোর অভিযোগে অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশনকে (এআইএফএফ) ফুটবল ম্যাচে অনির্দিষ্টকালের জন্য নিষিদ্ধ করেছে বিশ্ব ফুটবলের নিয়ন্ত্রক সংস্থা ফিফা। সূত্র: ভোরের কাগজ

**১৭ আগস্ট**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে বঙ্গভবনে প্রধান বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকীর নেতৃত্বে বিচারপতিদের প্রতিনিধি দল সাক্ষাৎ করেন। এ সময় সুপ্রিম কোর্টের ২০২১ সালের বার্ষিক প্রতিবেদন পেশ করা হয়। সূত্র: সমকাল

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাইকমিশনার মিশেল ব্যাচলেট সৌজন্য সাক্ষাৎ করেন। সূত্র: ইত্তেফাক
- দৈনিক মজুরি ১২০ থেকে বাড়িয়ে ৩০০ টাকা করার দাবিতে অনির্দিষ্টকালের শ্রমিক ধর্মঘটে হবিগঞ্জের চুনারুঘাটের ২৪টি চা-বাগানে উৎপাদন বন্ধ রয়েছে। সূত্র: যুগান্তর
- বিদ্যুৎ ও জ্বালানি সংকট মোকাবিলায় সরকারি অফিস বা ভবনে বিদ্যুৎ-জ্বালানি ব্যবহারে কিছু বিধিনিষেধ আরোপ করেছে সরকার। সূত্র: জনকণ্ঠ
- কোনো ব্যক্তি পাবলিক প্লেসে উচ্চস্বরের কথার দরুন ওই স্থানে থাকা অন্য ব্যক্তিদের অসুবিধা বা বিরক্তির সৃষ্টি হলে অভিযুক্ত ব্যক্তিকে ১০০ রিয়েল জরিমানার বিধান রেখে আইন অনুমোদন করেছে সৌদি আরব। সূত্র: যুগান্তর
- আফগানিস্তানের উত্তর কাবুলে মসজিদে বোমা বিস্ফোরণের ঘটনায় ২১ জন নিহত ও ৩৩ জন আহত হয়েছে। সূত্র: যুগান্তর
- চীনের কিংহাই প্রদেশে আকস্মিক বন্যায় ১৬ জনের মৃত্যু। নিখোঁজ ৩৬ জন। ছয়টি গ্রামের ৬ হাজারের বেশি মানুষ বন্যার কারণে ক্ষতিগ্রস্ত হয়েছে। সূত্র: জনকণ্ঠ

**১৮ আগস্ট**

- জন্মাষ্টমী উপলক্ষ্যে হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্টের প্রতিনিধি দল বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে সাক্ষাৎ করেন। সূত্র: যুগান্তর
- খাদ্য নিরাপত্তায় বাংলাদেশ সরকারের নেওয়া নানা পদক্ষেপের প্রশংসা করে বিশ্বব্যাংকের প্রধান কার্যালয় ওয়াশিংটন থেকে সংবাদ বিজ্ঞপ্তি প্রকাশ করে। সূত্র: জনকণ্ঠ
- যুদ্ধবিধ্বস্ত ইউক্রেনের রাস্তা ও ব্রিজ নির্মাণসহ বিভিন্ন অবকাঠামো পুনর্নির্মাণে তুরস্ক ও ইউক্রেন নতুন চুক্তি স্বাক্ষর করেছে। সূত্র: যুগান্তর
- ইসরাইলের গুপ্তচর সংস্থা 'মোসাদ' এর শীর্ষস্থানীয় পদে 'কে' আদ্যাক্ষরের নারীকে প্রধান এবং তার সহকারী হিসেবে 'এইচ' আদ্যাক্ষরের দুই নারীকে নিয়োগ দিয়েছে। সূত্র: যুগান্তর



- ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির সঙ্গে যুদ্ধের রাজনৈতিক সমাধানের পথ নিয়ে দেশটির পশ্চিমাঞ্চলীয় শহর লভিভে তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ান ও জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস বৈঠক করেন। সূত্র: সমকাল
- ইন্দোনেশিয়ায় ২০০ বছরের পুরানো খেজুর পাতায় 'কাভি' লিখন পদ্ধতিতে পবিত্র কুরআনের পাণ্ডুলিপির সন্ধান লাভ। সূত্র: যুগান্তর

**১৯ আগস্ট**

- সাবেক রাষ্ট্রপতি ও প্রধান বিচারপতি সাহাবুদ্দিন আহমদের (৯২) ইন্তেকাল। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও প্রধান বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকীর শোক প্রকাশ। সূত্র: ভোরের কাগজ
- মিয়ানমারে সামরিক অভ্যুত্থানে ক্ষমতাচ্যুত গৃহবন্দি নেত্রী অং সান সুচির বিরুদ্ধে আইনি প্রক্রিয়া শেষ হওয়ার পর চলমান সংকটের অবসান ঘটাতে সুচির সঙ্গে আলোচনায় রাজি হয়েছেন দেশটির সেনাপ্রধান জেনারেল মিন অং হ্লাইং। সূত্র: ইত্তেফাক
- রাশিয়ার প্যাট্রিয়ট এক্সিবিশন সেন্টারে ইউক্রেন-রাশিয়ার সামরিক অভিযান শুরুর পর এখন পর্যন্ত ইউক্রেন থেকে আটক কিংবা উদ্ধার করা বিদেশি অস্ত্র ও সামরিক সরঞ্জামের মধ্যে সাঁজোয়াযান এবং সেনা বহনকারী গাড়ি প্রদর্শন করেছে রাশিয়ার প্রতিরক্ষা মন্ত্রণালয়। সূত্র: যুগান্তর
- শ্রীলঙ্কায় চলমান আর্থিক সংকটে কাগজ ও কালি আমদানি করার টাকা না থাকায় প্রায় ৩০ লাখ ছাত্রছাত্রীর পরীক্ষা অনির্দিষ্টকালের জন্য স্থগিত। সূত্র: ভোরের কাগজ

**২০ আগস্ট**

- পদ্মা সেতুর জাজিরা প্রান্তে রেললাইন বসানোর কার্যক্রম উদ্‌বোধন করেন রেলমন্ত্রী নুরুল ইসলাম। সূত্র: যুগান্তর
- রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের দ্বিতীয় ইউনিটের রিয়্যাক্টর ভবনের অভ্যন্তরীণ কন্টেইনমেন্ট নির্মাণ শুরু হয়েছে। প্রকল্প পরিচালক ড. শৌকত আকবর এই তথ্য জানান। সূত্র: ইত্তেফাক

- প্রধানমন্ত্রীর কার্যালয়ের পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) কর্তৃপক্ষ 'পতেঙ্গা কনটেইনার টার্মিনাল নির্মাণ, পরিচালনা এবং রক্ষণাবেক্ষণ' প্রকল্পের জন্য ইন্টারন্যাশনাল ফাইন্যান্স করপোরেশনের (আইএফসি) সঙ্গে চুক্তি স্বাক্ষর করেছে। সূত্রঃ যুগান্তর
- সংযুক্ত আরব আমিরাতে অনুষ্ঠিতব্য এশিয়া কাপ টি-টোয়েন্টি টুর্নামেন্টের ট্রফি উন্মোচন করেন আমিরাত ক্রিকেট বোর্ডের চেয়ারম্যান শেখ নাহিয়ান বিন মুবারক আল নাহিয়ান। সূত্রঃ যুগান্তর

**২১ আগস্ট**

- আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ের সামনে নির্মিত শহিদ বেদিতে একুশে আগস্ট গ্রেনেড হামলায় নিহতদের প্রতি শ্রদ্ধা জানান। সূত্রঃ যুগান্তর
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বৈঠকের পর তাঁর আশ্বাসের প্রেক্ষিতে সারাদেশের চা বাগানে অনির্দিষ্টকালের ধর্মঘট প্রত্যাহার করে কাজে ফিরছেন চা শ্রমিকরা। সূত্রঃ ইত্তেফাক
- চলমান অর্থনৈতিক সংকটে উত্তরণের জন্য চীন-পাকিস্তান অর্থনৈতিক করিডর (সিপিইসি) প্রকল্পের মোট ব্যয়ের ২০ শতাংশ (সাত বিলিয়ন মার্কিন ডলার) পাবে পাকিস্তান। সূত্রঃ ইত্তেফাক

**২২ আগস্ট**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি সাভারে লোকপ্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে (বিপিএটিসি) আয়োজিত বিসিএস ৭৩তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সনদ বিতরণ ও সমাপনী অনুষ্ঠানে অংশ নেন। সূত্রঃ ইত্তেফাক
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে কাতারের শ্রমমন্ত্রী ড. আলী বিন সাঈদ বিন স্মাইখ আল মারি সৌজন্য সাক্ষাৎ করেন। সূত্রঃ সমকাল
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মেলন কক্ষে মন্ত্রিসভার নিয়মিত বৈঠক ভার্চুয়ালি অনুষ্ঠিত হয়। বৈঠকে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ের লক্ষ্যে ২৪ আগস্ট থেকে পরবর্তী নির্দেশ না দেওয়া



পর্যন্ত দেশের সব সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের দৈনিক কর্মঘণ্টা এক ঘণ্টা কমিয়ে সকাল ৮টা থেকে বিকেল ৩টা পর্যন্ত নির্ধারণ। পাশাপাশি দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠানে সাপ্তাহিক ছুটি 'শুক্রবার ও শনিবার' দুদিন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সূত্রঃ যুগান্তর

- মেট্রোরেলের একাদশ চালান বাগেরহাটের মোংলা বন্দরের ৭ নম্বর জেটিতে পৌঁছেছে। সূত্রঃ ইত্তেফাক
- নারায়ণগঞ্জ সিটি করপোরেশনের মেয়র সেলিনা হায়াৎ আইভীকে 'প্রতিমন্ত্রী'র পদমর্যাদা দিয়ে মন্ত্রিপরিষদ বিভাগ প্রজ্ঞাপন জারি। সূত্রঃ ইত্তেফাক
- চীনে উইঘুর নির্যাতন নিয়ে ইলাস্ট্রেটেড প্রতিবেদন তৈরি করে চলতি বছর বাংলাদেশি-আমেরিকান হিসেবে ফাহমিদা আজিম পুলিৎজার পুরস্কার জিতেছেন। সূত্রঃ ভোরের কাগজ

**২৩ আগস্ট**

- বাংলাদেশ ও ভারতের মধ্যে পানিসম্পদ বিষয়ক বিভিন্ন ইস্যুতে দিল্লিতে যৌথ নদী কমিশনের (জেআরসি) তিন দিনব্যাপী বৈঠক শুরু হয়েছে। সূত্রঃ যুগান্তর
- বিশ্বব্যাংকের সাম্প্রতিক খাদ্য নিরাপত্তা বিষয়ক এক প্রতিবেদনে এ তথ্য প্রকাশ : বিশ্বের ১০টি দেশ- লেবানন, জিম্বাবুইয়ে, ভেনিজুয়েলা, তুরস্ক, শ্রীলঙ্কা, ইরান, আর্জেন্টিনা, সুরিনাম, ইথিওপিয়া ও মলদোভায় খাদ্যের সর্বোচ্চ মূল্য বৃদ্ধি পেয়েছে। দক্ষিণ এশিয়ার দেশগুলোতে খাদ্যের মূল্যবৃদ্ধি অনেক বছর ধরে উচ্চ। তবে এ বছর জুলাই মাসে বাংলাদেশ ও নেপালে বড় ধরনের খাদ্য সংকট দেখা দেয়নি। সূত্রঃ যুগান্তর
- করোনা মোকাবিলায় বাংলাদেশকে আরও ১ কোটি ডোজ ফাইজারের টিকা দিয়েছে যুক্তরাষ্ট্র। সূত্রঃ ইত্তেফাক
- কানাডা থেকে গ্রিন হাইড্রোজেন কেনার জন্য কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডোর সঙ্গে জার্মান চ্যান্সেলর ওলাফ শুলৎজের চুক্তি স্বাক্ষর। সূত্রঃ ইত্তেফাক

- মালয়েশিয়ার জাতীয় তহবিল ‘ওয়ান মালয়েশিয়া ডেভেলপমেন্ট বারহাদ’ এ প্রায় শতকোটি ডলার অর্থ কেলেঙ্কারিতে দোষী সাব্যস্ত হওয়ার পর সাবেক প্রধানমন্ত্রী নাজিব রাজাককে ১২ বছরের কারাদণ্ডের আদেশ দিয়েছেন দেশটির সুপ্রিম কোর্ট। সূত্র: ভোরের কাগজ

**২৪ আগস্ট**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে বিশ্বব্যাংকের বিদায়ী কান্ট্রি ডিরেক্টর মার্সি মিয়াং টেম্বন সৌজন্য সাক্ষাৎ করেন। সূত্র: সমকাল
- সরকারি কর্মচারীদের গ্রেপ্তারে পূর্বানুমতির বিধান বিশেষ সুবিধা সংক্রান্ত আইনের ৪১(১) ধারাটি সংবিধান পরিপন্থি বলে তা বাতিল করেছেন হাইকোর্ট। একইসঙ্গে বিধানটিকে সংবিধানের মৌলিক অধিকারের সঙ্গে সাংঘর্ষিক বলেছেন আদালত। সূত্র: সমকাল
- সাবেক নির্বাচন কমিশনার ও মুক্তিযোদ্ধা মাহবুব তালুকদারের (৮০) ইন্তেকাল। সূত্র: যুগান্তর
- ইউক্রেনের চলমান সংকটপূর্ণ অবস্থায়ও দেশটির নাগরিকরা কঠোর নিরাপত্তা ব্যবস্থার মধ্যে সীমিত আকারে ‘স্বাধীনতা দিবস’-এর কর্মসূচি পালন করেছে। সূত্র: ইত্তেফাক
- ইউক্রেনের ‘স্বাধীনতা দিবস’ উপলক্ষ্যে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন ইউক্রেনকে আরও ২.৯৮ বিলিয়ন ডলারের সহায়তা দেওয়ার ঘোষণা দিয়েছেন। সূত্র: যুগান্তর

**২৫ আগস্ট**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে জাতিসংঘ মহাসচিবের মিয়ানমার বিষয়ক বিশেষ দূত নোলিন হাইজার সৌজন্য সাক্ষাৎ করেন। সূত্র: সমকাল
- ২০২০ সালে প্রেসিডেন্ট নির্বাচনে প্রচারাভিযানের সময় প্রতিশ্রুতি অনুযায়ী মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন যুক্তরাষ্ট্রের লাখ লাখ সাবেক কলেজ শিক্ষার্থীর ঋণ মওকুফের ঘোষণা দিয়েছেন। সূত্র: সংবাদ
- ৪০ বছর পর ইরানের আজাদী স্টেডিয়ামে বসে ফুটবল ম্যাচ দেখার সুযোগ পেয়েছেন ইরানি নারীরা। সূত্র: জনকণ্ঠ



- ভারত প্রথমবারের মতো জাতিসংঘের নিরাপত্তা পরিষদে ইউক্রেন ইস্যুতে রাশিয়ার বিরুদ্ধে ভোট দিয়েছে। সূত্র: ভোরের কাগজ
- বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের প্রধান কোচ রাসেল ডোমিঙ্গোকে অপসারণের পর বিসিবির কাছে পদত্যাগপত্র জমা দেন তিনি। সূত্র: ইত্তেফাক

**২৬ আগস্ট**

- বাংলাদেশ ২০২২-২৪ মেয়াদের জন্য কমনওয়েলথ বোর্ড অব গভর্নরসের কার্যনির্বাহী কমিটির সদস্য এবং ২০২২-২৩ মেয়াদের জন্য অ্যাক্রিডিটেশন কমিটির সদস্য নির্বাচিত হয়েছে। সূত্র: সমকাল
- বাংলাদেশের ক্রীড়াঙ্গনে বিশেষ অবদানের জন্য ভারতে মাদার তেরেসা পুরস্কারে ভূষিত হয়েছেন সাইফ পাওয়ারটেক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক তরফদার মো. রুহুল আমীন। সূত্র: ইত্তেফাক
- যুক্তরাজ্যের ইমপিরিয়্যাল কলেজের গবেষকরা আন্তর্জাতিক জনস্বাস্থ্য বিষয়ক সাময়িকী ‘দ্য ল্যানসেট’-এর গবেষণা প্রবন্ধে প্রকাশ : করোনাভাইরাস প্রতিরাধী টিকা দেওয়ার ফলে বিশ্বের ১ কোটি ৪৪ লাখ মানুষের মৃত্যু ঠেকানো সম্ভব হয়েছে। টিকা নিয়ে বেশি সুরক্ষা পেয়েছেন উচ্চ ও উচ্চমধ্যম আয়ের দেশের মানুষ। সূত্র: যুগান্তর
- করোনার টিকা নিয়ে প্যাটেন্ট লঙ্ঘনের অভিযোগ এনে ফাইজার-বায়োএনটেক কোম্পানির বিরুদ্ধে ম্যাসাচুসেটসের ডিস্ট্রিক্ট কোর্ট এবং জার্মানির ডুসেলডর্ফের আঞ্চলিক আদালতে মামলা দায়ের করেছে যুক্তরাষ্ট্রের কোম্পানি মডার্না। সূত্র: ইত্তেফাক
- মার্কিন সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বাড়িতে পাওয়া নথির হলফনামা প্রকাশ করেছে দেশটির বিচার বিভাগ। সূত্র: ইত্তেফাক

**২৭ আগস্ট**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে চা বাগান মালিকদের সঙ্গে বৈঠক অনুষ্ঠিত। চা বাগান মালিকরা শ্রমিকদের মজুরি বাড়িয়ে ন্যূনতম দৈনিক ১৭০ টাকা করতে সম্মত হয়েছে। সূত্র: ইত্তেফাক

- জার্মানে বিশ্বের প্রথম হাইড্রোজেনচালিত পরিবেশবান্ধব ট্রেনের বাণিজ্যিক যাত্রা শুরু। সূত্র: যুগান্তর
- ইউক্রেন ছেড়ে রাশিয়ায় আসা পেনশনভোগী, অন্তঃসত্ত্বা, প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য আর্থিক সুবিধার ঘোষণা দিয়েছেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। সূত্র: যুগান্তর
- আফগানিস্তানের তথ্য নেওয়ার জন্য মার্কিন ড্রোনকে আকাশসীমা ব্যবহারের অনুমতি দিয়েছে পাকিস্তান। সূত্র: ইত্তেফাক

**২৮ আগস্ট**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ সংসদ ভবনে রাষ্ট্রপতির অফিস কক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপস্থিতিতে নবনির্বাচিত ডেপুটি স্পিকার হিসেবে পাবনা-১ আসনের সংসদ সদস্য শামসুল হক টুকুকে শপথ বাক্য পাঠ করান। সূত্র: ইত্তেফাক
- বাংলাদেশ দূতাবাস ও ইরাকের উদ্যোগে ইরাকের কুর্দিস্তান আঞ্চলিক সরকারের রাজধানী আরবিলে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থের কুর্দিস সংস্করণের প্রকাশনা ও মোড়ক উন্মোচন করেছে আরবিলের গভর্নর ওমেদ খোশনাও। সূত্র: ইত্তেফাক
- ভেনিজুয়েলার রাজধানী কারাকাসে অনুষ্ঠিত দ্বিপক্ষীয় বৈঠকের পর কূটনৈতিক সম্পর্ক পুনঃপ্রতিষ্ঠা করল লাতিন আমেরিকার দেশ কলম্বিয়া ও ভেনিজুয়েলা। সূত্র: সমকাল
- রাশিয়ায় প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ইউক্রেন ছেড়ে রাশিয়ায় চলে আসা প্রত্যেক ব্যক্তিকে ১০ হাজার রুবল করে আর্থিক সুবিধা দেওয়ার নির্দেশ দিয়েছেন। সূত্র: সমকাল
- ভারতের বর্ষীয়ান অভিনেতা প্রদীপ মুখোপাধ্যায় মারা গেছেন। সূত্র: ইত্তেফাক

**২৯ আগস্ট**

- জাতীয় সংসদ অধিবেশনে অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল দেশের সব নাগরিককে পেনশন সুবিধার আওতায় আনতে 'সর্বজনীন পেনশন ব্যবস্থাপনা বিল ২০২২' উত্থাপন করেন। একইদিনে রাষ্ট্রীয়ভাবে



রাজাকার, আল-বদর, আল-শামস বাহিনীসহ স্বাধীনতাবিরোধীদের তালিকা তৈরির বিধান রেখে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল (জামুকা) আইন সংসদে পাস হয়েছে। সূত্র: জনকণ্ঠ

- বান্দরবানের নাইক্ষ্যংছড়ির ঘুমধুম সীমান্তের তুমব্রু বাজার এলাকায় মিয়ানমার থেকে নিক্ষেপ করা মর্টার শেল পড়ার ঘটনায় ঢাকায় নিযুক্ত দেশটির রাষ্ট্রদূত অং কিউ মোয়েকে তলব করে সতর্ক করেছে পররাষ্ট্র মন্ত্রণালয়। সূত্র: ইত্তেফাক
- রাশিয়ার পূর্বাঞ্চলে যৌথ সামরিক মহড়ায় অংশ নিতে বিশ্বের বিভিন্ন দেশের সেনারা রাশিয়া পৌঁছেছে। সূত্র: যুগান্তর

**৩০ আগস্ট**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'জাতীয় শোক দিবস' উপলক্ষ্যে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণ আওয়ামী লীগ আয়োজিত স্মরণ সভায় প্রধান অতিথির ভাষণ দেন। সূত্র: ইত্তেফাক
- সমাজতান্ত্রিক সোভিয়েত ইউনিয়নের সর্বশেষ নেতা ও সাবেক রাষ্ট্রপ্রধান মিখাইল গর্বাচেভের (৯১) মৃত্যু হয়েছে। সূত্র: ইত্তেফাক
- ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি কিয়েভে সফররত জাতিসংঘের পারমাণবিক নজরদারি সংস্থার (আইএইএ) প্রধান রাফায়েল গ্রোসির সঙ্গে সাক্ষাৎ করেছেন। সূত্র: কালের কণ্ঠ

**৩১ আগস্ট**

- বাংলাদেশ-ভারত অংশীদারিত্বের অংশ হিসেবে বাগেরহাটের রামপালে নির্মাণাধীন মৈত্রী সুপার থার্মাল পাওয়ার প্লান্টের প্রথম ইউনিটের কাজ সম্পন্ন হয়েছে। সূত্র: ইত্তেফাক
- অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামালের সভাপতিত্বে ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে রাশিয়া থেকে জিটুজি ভিত্তিতে পাঁচ লাখ টন গম আমদানির অনুমোদন। বৈঠকে ১৬টি ক্রয় প্রস্তাব অনুমোদন করা হয়। সূত্র: সমকাল

- ইউক্রেন সংঘাতকে কেন্দ্র করে 'নর্ড স্ট্রিম-১' পাইপলাইন দিয়ে জার্মানিতে গ্যাস সরবরাহ সম্পূর্ণভাবে বন্ধ করে দিয়েছে রাশিয়া। সূত্র: ইত্তেফাক
- অনলাইনে 'র‍্যামন ম্যাগসাইসাই পুরস্কার ২০২২' পুরস্কার বিজয়ীদের নাম ঘোষণা করেছে র‍্যামন ম্যাগসাইসাই অ্যাওয়ার্ড ফাউন্ডেশন। পুরস্কারপ্রাপ্তরা হলেন: কম্বোডিয়ার খেমাররুজ শাসনামলে গণহত্যা থেকে বেঁচে যাওয়াদের মনোচিকিৎসক সথেরা চিহিম (৫৪), ফিলিপিন্সের শিশু অধিকারকর্মী ও চিকিৎসক বারমাদেত্তে জে মাদ্রিদ (৬৪), জাপানের চক্ষু বিশেষজ্ঞ তাদাশি হাত্তোরি (৫৮) এবং ফ্রান্সের পরিবেশ বিষয়ক আন্দোলনকারী ও ইন্দোনেশিয়ার নদী রক্ষায় অগ্রণী ভূমিকা পালনকারী গ্যারি বেনচেগহিব (২৭)। সূত্র: ভোরের কাগজ
- পাকিস্তানে ভয়াবহ বন্যা : সংকট মোকাবিলায় বৈশ্বিক সহায়তা চেয়েছে ইসলামাবাদ কর্তৃপক্ষ। এই পরিস্থিতিতে পাকিস্তানের বন্যাকে সর্বোচ্চ স্তরের স্বাস্থ্য জরুরি অবস্থা হিসেবে ঘোষণা করেছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও)। সূত্র: ভোরের কাগজ
- মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন তাইওয়ানকে ১১০ কোটি ডলারের অস্ত্র দেওয়ার ঘোষণা দিয়েছে। সূত্র: ইত্তেফাক



## সেপ্টেম্বর

**১ সেপ্টেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ওসমানী স্মৃতি মিলনায়তনে ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশের (আইডিইবি) ২৪তম জাতীয় সম্মেলন ও ৪৩তম কাউন্সিলের উদ্‌বোধনী অনুষ্ঠানে ভার্চুয়ালি যোগ দেন। সূত্র: যুগান্তর
- জাতীয় সংসদে অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামালের প্রস্তাবিত জাতীয় সঞ্চয়পত্র কেনার সময় মিথ্যা তথ্য দিলে সর্বোচ্চ ছয় মাসের জেল এবং একলাখ টাকা জরিমানার বিধান রেখে 'সরকারি ঋণ বিল-২০২২' কণ্ঠভোটে পাস। সূত্র: যুগান্তর
- স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল জাতিসংঘ সদর দপ্তরে গাম্বিয়ার স্বরাষ্ট্রমন্ত্রী সেইয়াকা সনকো এবং জাতিসংঘের সন্ত্রাস দমন বিভাগের আন্ডার সেক্রেটারি জেনারেল ভ্লাদিমির ভরনকভের সঙ্গে পৃথক দ্বিপক্ষীয় বৈঠক করেন। সূত্র: সমকাল
- পর্তুগালে ৩৪ বছর বয়সী গর্ভবতী ভারতীয় পর্যটকের মৃত্যুর ঘটনায় দেশটির স্বাস্থ্যমন্ত্রী মারতা তেমিদো পদত্যাগ করেছেন। সূত্র: ভোরের কাগজ

**২ সেপ্টেম্বর**

- সরকারি কর্মচারীদের গ্রেপ্তারে সরকারের পূর্বানুমতি নেওয়ার বিধান বাতিল করে হাইকোর্টের দেওয়া পূর্ণাঙ্গ রায়ের অনুলিপি সুপ্রিম কোর্টের ওয়েবসাইটে রায় প্রকাশ করা হয়েছে। রায়ে সরকারি চাকরি আইন, ২০১৮-এর ৪১(১) ধারা বেআইনি, সংবিধান পরিপন্থি ও মৌলিক অধিকার পরিপন্থি ঘোষণা করা হয়েছে। সূত্র: সমকাল
- ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশীয় প্রযুক্তিতে নির্মিত প্রথম বিমানবাহী রণতরী 'আইএনএস বিক্রান্ত' এর আনুষ্ঠানিক উদ্‌বোধন করেন। পরে আনুষ্ঠানিকভাবে 'আইএনএস বিক্রান্ত'র দায়িত্ব দেশটির নৌসেনার হাতে প্রদান করেন। একই সময় ভারতের নৌবাহিনীর নতুন পতাকারও উদ্‌বোধন করা হয়। সূত্র: সমকাল

- ২০২০ সালের সাধারণ নির্বাচনে জালিয়াতি ও নির্বাচনী কর্মকর্তাদের হুমকি এবং আইন বহির্ভূত কর্মকাণ্ডে জড়িত থাকার অভিযোগে দোষী সাব্যস্ত করে মিয়ানমারের ক্ষমতাচ্যুত নেত্রী অং সান সুচিকে আরও ৩ বছরের সশ্রম কারাদণ্ড দিয়েছে দেশটির সামরিক আদালত। সূত্র: সমকাল
- তাইওয়ানের কাছে ১১০ কোটি ডলারের সম্ভাব্য সামরিক সরঞ্জাম বিক্রিতে অনুমোদন দিয়েছে মার্কিন পররাষ্ট্র মন্ত্রণালয়। সূত্র: ইত্তেফাক
- যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ফ্লোরিডার বাড়ি থেকে গত মাসে কেন্দ্রীয় তদন্ত সংস্থা এফবিআই যেসব জিনিস জব্দ করেছিল, দেশটির আদালত তার বিস্তারিত তালিকা প্রকাশ করেছে। সূত্র: ইত্তেফাক

**৩ সেপ্টেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি সিলেট, মৌলভীবাজার ও হবিগঞ্জে চা-বাগান শ্রমিকদের সঙ্গে পৃথক মতবিনিময় সভায় অংশ নেন। এ সময় প্রধানমন্ত্রী চা শ্রমিকদের ভূমির অধিকার, চিকিৎসা, বাসস্থান, অ্যাম্বুলেন্স, চা-শ্রমিক সন্তানদের উচ্চ শিক্ষার ব্যবস্থা, শ্রমিকদের গ্র্যাচুইটি, মাতৃত্বকালীন পূর্ণ ছুটি ও পুষ্টিকর খাদ্য নিশ্চিত করার আশ্বাস দেন। সূত্র: ইত্তেফাক
- যুদ্ধবিধ্বস্ত মারিওপোলের ছবি তুলে মর্যাদাপূর্ণ আন্তর্জাতিক পুরস্কার 'ভিসা ডিওর' জিতলেন ইউক্রেনের ফটোসাংবাদিক এভজেনিয়ে মালোলেখা। সূত্র: যুগান্তর
- চেক প্রজাতন্ত্রের রাজধানী প্রাগে সরকারবিরোধী বিক্ষোভে অংশ নেওয়া প্রায় ৭০ হাজার মানুষ ওয়েনসেসলেস চত্বরে জ্বালানি-বিদ্যুতের ক্রমবর্ধমান দাম নিয়ন্ত্রণে ক্ষমতাসীন জোটের প্রতি দাবি জানিয়েছে। সূত্র: জনকণ্ঠ

**৪ সেপ্টেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি পিরোজপুরের কচা নদীর ওপর নির্মিত বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব অষ্টম বাংলাদেশ চীন-মৈত্রী সেতুর উদ্‌বোধন করেন। সূত্র: যুগান্তর



- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তার কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে বিশ্ব অর্থনীতির চলমান সংকটের মধ্যে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে রাশিয়া, ভারত, মিয়ানমার, ভিয়েতনাম ও থাইল্যান্ড থেকে খাদ্যশস্য আমদানি করার নির্দেশ দিয়েছেন। সূত্র: সমকাল
- বাগেরহাটের মোংলায় ৫৫ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন বায়ু বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করতে মোংলা গ্রিন পাওয়ার কোম্পানির সঙ্গে বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (পিডিবি) বিদ্যুৎ ক্রয়সংক্রান্ত চুক্তি স্বাক্ষর করেছে। সূত্র: সমকাল
- জনপ্রিয় সংগীত রচয়িতা, চলচ্চিত্র পরিচালক, প্রযোজক গাজী মাজহারুল আনোয়ার ইন্তেকাল করেন। দীর্ঘ ছয় দশক ধরে বেতার, টেলিভিশন ও সিনেমায় অসংখ্য গান লিখেছেন তিনি। সূত্র: কালের কণ্ঠ
- যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামা নেটফ্লিক্স ডকুমেন্টারি সিরিজ 'আওয়ার গ্রেট ন্যাশনাল পার্কস' এর জন্য সেরা কথক বিভাগে এমি অ্যাওয়ার্ড জিতেছেন। সূত্র: যুগান্তর

**৫ সেপ্টেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আমন্ত্রণে চার দিনের রাষ্ট্রীয় সফরে নয়াদিল্লিতে পৌঁছেছেন। সূত্র: সমকাল
- সরকারি কর্মচারীদের গ্রেপ্তারে কর্তৃপক্ষের পূর্বানুমতি নেওয়া-সংক্রান্ত সরকারি চাকরি আইনের ৪১ (১) ধারা বাতিল ঘোষণা করে হাইকোর্টের দেওয়া রায় স্থগিত করেছেন আপিল বিভাগ। একই সঙ্গে আবেদন শুনানি আগামী ২৩ অক্টোবর পর্যন্ত মুলতবি করা হয়েছে। সূত্র: ইত্তেফাক
- ব্রিটেনের প্রধানমন্ত্রী হিসেবে কনজারভেটিভ পার্টির নেতা ও সাবেক পররাষ্ট্রমন্ত্রী লিজ ট্রাস নির্বাচিত হয়েছেন। সূত্র: সমকাল
- আফগানিস্তানের রাজধানী কাবুলে রুশ দূতাবাসের সামনে আত্মঘাতী বোমা হামলার ঘটনায় দুই কূটনীতিকসহ ২০ জন নিহত ও ১০ জন আহত হয়েছেন। সূত্র: যুগান্তর

**৬ সেপ্টেম্বর**

- বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির উপস্থিতিতে নয়াদিল্লির হায়দরাবাদ হাউসে দুদেশের কর্মকর্তারা সাতটি সমঝোতা স্মারকে স্বাক্ষর করেছেন। সূত্র: যুগান্তর

- ভারতে সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি নয়াদিল্লির হায়দরাবাদ হাউস থেকে যৌথভাবে বাংলাদেশের খুলনার রামপালে নির্মিত ১ হাজার ৩২০ মেগাওয়াটের মৈত্রী বিদ্যুৎ কেন্দ্রটির ইউনিট-১ ভার্চুয়ালি উদ্‌বোধন করেন। সূত্র: ইত্তেফাক
- ভারতে সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে দেশটির জাতির জনক এবং অহিংস আন্দোলনের নেতা মহাত্মা গান্ধীর ভাস্কর্য ও বই উপহার দিয়েছেন সমাধিসৌধের সচিব। সূত্র: ইত্তেফাক
- ভারত বায়োটেকের তৈরি করোনার ন্যাসাল ভ্যাকসিন ব্যবহারের অনুমতি দিয়েছে দেশটির স্বাস্থ্য মন্ত্রণালয়ের ওষুধ নিয়ন্ত্রক অধিদপ্তর। সূত্র: ইত্তেফাক
- রাশিয়ার গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান গ্যাজপ্রম ডলারের বদলে ইউয়ান এবং রুবল ব্যবহার করে গ্যাস আমদানি-রপ্তানি করতে চীনের জাতীয় পেট্রোলিয়াম করপোরেশনের সঙ্গে চুক্তি করেছে। সূত্র: যুগান্তর
- স্কটল্যান্ডের বালমোরাল প্রাসাদে রানি দ্বিতীয় এলিজাবেথ ৭০ বছরের প্রথা ভেঙে নতুন প্রধানমন্ত্রীকে বরণ করার পর আনুষ্ঠানিকভাবে দায়িত্ব বুঝিয়ে দেন। সূত্র: যুগান্তর

**৭ সেপ্টেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভারতের নয়াদিল্লিতে তার অবস্থানকালীন হোটেলের বলরুমে ১৯৭১ সালে মুক্তিযুদ্ধে শহিদ বা গুরুতর আহত ভারতীয় প্রতিরক্ষা বাহিনীর সৈনিক বা কর্মকর্তাদের বংশধরদের 'মুজিব বৃত্তি' প্রদান করেন। সূত্র: সমকাল
- ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ভাষণের অনুবাদ সংবলিত বই উপহার দেন দেশটিতে সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: ভোরের কাগজ
- জেনেভায় আইএলওর সদর দপ্তর থেকে প্রকাশিত 'সোশ্যাল প্রোটেকশন ফর অল ইন এশিয়া অ্যান্ড দ্য প্যাসিফিক' শীর্ষক প্রতিবেদন অনুযায়ী সামাজিক সুরক্ষা কর্মসূচিতে জনসংখ্যার অংশ বিবেচনায় দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে দ্বিতীয় অবস্থানে রয়েছে বাংলাদেশ। বাংলাদেশের মোট জনসংখ্যার ২৮ দশমিক ৪ শতাংশ মানুষ সামাজিক সুরক্ষার আওতায় রয়েছে। অন্যদিকে এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের ৪০টি দেশের মধ্যে সামাজিক সুরক্ষা কর্মসূচিতে জনসংখ্যার অংশ বিবেচনায় বাংলাদেশের অবস্থান ২২তম। সূত্র: সমকাল



- ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় হত্যা, গণহত্যা, নির্যাতনসহ অপরাধের মামলায় সাতক্ষীরার শ্যামনগরের ৪ আসামিকে কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। সূত্র: ইত্তেফাক
- ভারতে করোনা ভাইরাস প্রতিরোধে প্রথম ন্যাসাল ভ্যাকসিন জরুরি প্রয়োগের জন্য অনুমতি দিয়েছে ডিসিজিআই। সূত্র: জনকণ্ঠ

**৮ সেপ্টেম্বর**

- ব্রিটেনের রানি দ্বিতীয় এলিজাবেথের (৯৬) বালমোরাল ক্যাসল প্রাসাদে মৃত্যু হয়েছে। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার শোক প্রকাশ। বাংলাদেশে তিন দিনের রাষ্ট্রীয় শোক পালন। সূত্র: ইত্তেফাক
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভারতে চারদিনের সরকারি সফর শেষে দেশে ফিরেছেন। সূত্র: যুগান্তর
- জাতিসংঘ উন্নয়ন কর্মসূচির (ইউএনডিপি) 'মানব উন্নয়ন প্রতিবেদন ২০২১-২২' প্রকাশ। প্রকাশিত সূচকে বাংলাদেশের অবস্থান ১২৯তম। ইউএনডিপির মানব উন্নয়ন সূচকে বাংলাদেশ চার ধাপ এগিয়েছে। সূত্র: জনকণ্ঠ
- সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা, অর্থনীতিবিদ, ইতিহাসবিদ, গবেষক ও শিক্ষক ড. আকবর আলি খান (৭৮) ইন্তেকাল করেছেন। সূত্র: যুগান্তর
- ইউক্রেনকে আরও ২৬০ কোটি ডলারের বেশি সামরিক সহায়তা দেওয়ার ঘোষণা দিয়েছে যুক্তরাষ্ট্র। জার্মানির রামস্টেইন বিমান ঘাঁটিতে মিত্রদের সঙ্গে বৈঠকে মার্কিন প্রতিরক্ষামন্ত্রী লয়েড অস্টিন। সূত্র: জনকণ্ঠ

**৯ সেপ্টেম্বর**

- 'ডিজিটাল ও স্মার্ট' ভূমি সেবা কার্যক্রমে পরীক্ষামূলকভাবে 'ই নামজারি' পদ্ধতি স্মার্ট করার পরিকল্পনা হাতে নিয়েছে সরকার। এর অংশ হিসেবে প্রশ্নভিত্তিক গাইডেড 'স্মার্ট ই নামজারি' ফরম ডিজাইন করেছে। অনলাইনে নামজারি আবেদনের সময় সরকারের সার্ভারে রক্ষিত প্রযোজ্য ডাটা ও ফাইল আপলোড হওয়ার ব্যবস্থা করেছে ভূমি মন্ত্রণালয়। সূত্রঃ সমকাল
- রানি দ্বিতীয় এলিজাবেথের মৃত্যুর পর তাঁর বড় ছেলে প্রিন্স চার্লস (৭৩) নিয়ম অনুযায়ী 'রাজা তৃতীয় চার্লস' উপাধি নিয়ে সিংহাসনে বসেছেন। একই সঙ্গে ব্রিটেনসহ ১৫টি কমনওয়েলথ রাষ্ট্রের প্রধান হয়েছেন প্রিন্স চার্লস। তাঁর স্ত্রী ক্যামিলা 'কুইন কনসর্ট' হয়েছেন। নিয়ম অনুযায়ী রাজা চার্লসের বড় ছেলে প্রিন্স উইলিয়াম সিংহাসনের উত্তরাধিকারী হয়েছেন এবং প্রিন্স অব ওয়েলস বা 'ডিউক অব কর্নওয়াল' উপাধি পেয়েছেন। অন্যদিকে তাঁর স্ত্রী কেট মিডলটন, যিনি আগে 'ডাচেস অব কেমব্রিজ' ছিলেন, তিনি উত্তরাধিকার সূত্রে 'ডাচেস অব কর্নওয়াল' উপাধি গ্রহণ করেছেন। সূত্রঃ সমকাল
- কোরিয়ার শীর্ষ নেতা কিম জং উন নিজেদেরকে আইন পাস করার মাধ্যমে উত্তর কোরিয়াকে পারমাণবিক অস্ত্রধারী রাষ্ট্র হিসেবে ঘোষণা করেছে। এ সিদ্ধান্তকে 'অপরিবর্তনযোগ্য' বলে অভিহিত করেছেন এবং পরমাণু নিরস্ত্রীকরণের বিষয়ে কোনো আলোচনার সম্ভাবনা নাকচ করে দিয়েছেন। সূত্রঃ ইত্তেফাক
- নিউইয়র্কজুড়ে পোলিও ভাইরাস ছড়িয়ে পড়ার তথ্যপ্রমাণ পাওয়ার পর যুক্তরাষ্ট্রের উত্তর-পূর্বাঞ্চলীয় এ অঙ্গরাজ্যে জরুরি অবস্থা জারি করেছেন গভর্নর। সূত্রঃ সমকাল

**১০ সেপ্টেম্বর**

- আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গণভবনে দলের সংসদীয় ও স্থানীয় সরকার জনপ্রতিনিধি মনোনয়ন বোর্ডের যৌথসভা অনুষ্ঠিত হয়। সূত্রঃ ইত্তেফাক



- বিশ্বব্যাংকের কেন্দ্রীয় কার্যালয় থেকে পাঠানো সংবাদ বিজ্ঞপ্তি; বাংলাদেশে জলবায়ু ঝুঁকি মোকাবিলায় ও নানা উন্নয়ন প্রকল্পে ২০২১-২২ অর্থবছরে ৩১ দশমিক ৭ বিলিয়ন ডলার অর্থায়ন করেছে বিশ্বব্যাংক। সূত্রঃ ভোরের কাগজ
- মালিতে জঙ্গিগোষ্ঠী ইসলামিক স্টেটের (আইএস) সমর্থিত সশস্ত্র সংগঠনের হামলার ঘটনায় ৩০ জন বেসামরিক লোক নিহত হয়েছেন। সূত্রঃ যুগান্তর

**১১ সেপ্টেম্বর**

- জাতীয় সংসদের উপনেতা, আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য, বীর মুক্তিযোদ্ধা সৈয়দা সাজেদা চৌধুরীর (৮৭) ইন্তেকাল। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার শোক প্রকাশ। সূত্রঃ ইত্তেফাক
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ওসমানী স্মৃতি মিলনায়তনে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আয়োজনে 'শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২২' বিতরণ অনুষ্ঠানে যুক্ত হন। সূত্রঃ যুগান্তর
- ভারতে ইলিশ রপ্তানি বন্ধে বাণিজ্য সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ সচিব, পররাষ্ট্র সচিব, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন সচিব, জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান, আমদানি ও রপ্তানি দপ্তরের প্রধান নিয়ন্ত্রক এবং বাংলাদেশ পর্যটন করপোরেশনের চেয়ারম্যানকে আইনি নোটিস পাঠিয়েছে সুপ্রিম কোর্টের আইনজীবী মো. মাহমুদুল হাসান। সূত্রঃ যুগান্তর
- ডেনমার্কে থাকতে চাওয়া রাজনৈতিক আশ্রয়প্রার্থী ও শরণার্থীদের আফ্রিকার রুয়ান্ডায় পাঠাতে রুয়ান্ডায় সফররত ডেনমার্কের অভিবাসন বিষয়ক মন্ত্রী কারে ডিবভাদ বেক এবং সহায়তা বিষয়কমন্ত্রী ফ্লেমিং মোলার মরটেনসেন দ্বিপক্ষীয় চুক্তি স্বাক্ষর করেছেন। সূত্রঃ কালের কণ্ঠ

**১২ সেপ্টেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে স্বরাষ্ট্র মন্ত্রণালয় আয়োজিত অনুষ্ঠানে ভার্চুয়ালি যুক্ত হয়ে তিন দিনব্যাপী বিশ্বের বিভিন্ন দেশের পুলিশ প্রশিক্ষণ অ্যাকাডেমির প্রধানদের ১১তম সম্মেলন উদ্‌বোধন করেন। সূত্রঃ ভোরের কাগজ

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি নগরীর র‍্যাডিসন ব্লু হোটেলে ২৭টি দেশের সঙ্গে যৌথভাবে আয়োজনে ৪৬তম ইন্দো-প্যাসিফিক আর্মিজ ম্যানেজমেন্ট সেমিনার (আইপিএএমএস) ২০২২ এর উদ্‌বোধনী অনুষ্ঠানে অংশ নেন। সূত্র: যুগান্তর
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে দ্বিপক্ষীয় বৈঠক করেছেন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত পিটার ডি হাস। বৈঠকে বাংলাদেশের সঙ্গে যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা সহযোগিতা বাড়ানোর বিষয়ে আশাবাদ ব্যক্ত করেন মার্কিন রাষ্ট্রদূত। সূত্র: সমকাল
- রানি দ্বিতীয় এলিজাবেথের মৃত্যুর পর যুক্তরাজ্যের নতুন রাজা হিসেবে লন্ডনের ব্রিটিশ পার্লামেন্টের উভয় কক্ষের যৌথ অধিবেশনে ভাষণ দেন রাজা তৃতীয় চার্লস। সূত্র: যুগান্তর

**১৩ সেপ্টেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রয়াত ব্রিটিশ রানি দ্বিতীয় এলিজাবেথের জন্য শোক জানাতে ঢাকায় ব্রিটিশ হাইকমিশনে যান এবং শোক বইতে স্বাক্ষর করেন। সূত্র: ইত্তেফাক
- প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনার সভাপতিত্বে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) ভার্চুয়াল বৈঠকে চট্টগ্রাম এলিভেটেড এক্সপ্রেসওয়ের সংশোধনী প্রস্তাবসহ মোট ৮ হাজার ৭৩৯ কোটি ৬৮ লাখ টাকার ৬ প্রকল্প অনুমোদন। সূত্র: সমকাল
- বিশ্বের বিভিন্ন দেশের পুলিশ প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলোর ঢাকায় শুরু হওয়া সম্মেলনের সাধারণ সভায় আন্তর্জাতিক সংগঠন ইন্টারপার ভাইস প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছে বাংলাদেশ। সূত্র: যুগান্তর
- বিশ্বখ্যাত ফরাসি চলচ্চিত্র পরিচালক জ্যঁ লুক গদার (৯১) মৃত্যু। সূত্র: যুগান্তর

**১৪ সেপ্টেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি ১৩ তলাবিশিষ্ট বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের অধীনে দেশের প্রথম সুপার স্পেশালাইজড হাসপাতালের উদ্‌বোধন করেন। সূত্র: যুগান্তর



- জাতিসংঘের মানবাধিকার বিষয়ক কমিশন চীনের জিনজিয়ান প্রদেশের মুসলিম সংখ্যালঘু উইঘুরদের নিয়ে রিপোর্ট প্রকাশ করেছে। উইঘুর জনগোষ্ঠীর ওপর 'শিক্ষার' নামে বিভিন্ন দমন-পীড়ন চালানোর বিষয় খুঁজে পায় কমিশন। সূত্র: যুগান্তর
- নির্বাচন কমিশন (ইসি) অডিটোরিয়ামে আয়োজিত এক অনুষ্ঠানে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের কর্মপরিকল্পনা প্রকাশ করেছে ইসি। আগামী ২০২৩ সালের ডিসেম্বর থেকে ২০২৪ সালের ৩১ জানুয়ারির মধ্যে জাতীয় নির্বাচন শেষ করার পরিকল্পনা স্থান পেয়েছে এ রোডম্যাপে। সর্বোচ্চ ১৫০টি আসনে ইলেক্ট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) ব্যবহারের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সংলাপে অংশ নেওয়া ২৯টি রাজনৈতিক দলের মধ্যে ১৭টি ইভিএমের পক্ষে এবং ১২টি বিপক্ষে মত দেয় বলে উল্লেখ করা হয়। সূত্র: যুগান্তর
- বিএনপির ভাইস-চেয়ারম্যান ও সাবেক উপপ্রধানমন্ত্রী শাহ মোয়াজ্জেম হোসেন (৮৩) ইন্তেকাল করেছেন। সূত্র: যুগান্তর
- সুইডেনের সাধারণ নির্বাচনে ক্ষমতাসীনদের তুলনায় রক্ষণশীল দলগুলোর এগিয়ে থাকায় চূড়ান্ত ফলাফল ঘোষণার আগেই দেশটির প্রথম নারী প্রধানমন্ত্রী মাগডালেনা অ্যান্ডারসন পদত্যাগ করার ঘোষণা দিয়েছেন। সূত্র: ইত্তেফাক
- ২০২০ সালের পর নাগরনো-কারাবাখ ইস্যুতে আবারও যুদ্ধে লিপ্ত হয়েছে আর্মেনিয়া ও আজারবাইজান। ইতোমধ্যে এই লড়াইয়ে উভয় পক্ষের ১৫৫ জন সেনা নিহত হয়েছেন। এমন পরিস্থিতিতে যুদ্ধবিরতির ঘোষণা দিয়েছে আর্মেনিয়া। যদিও এ বিষয়ে আনুষ্ঠানিকভাবে কিছু জানায়নি আজারবাইজান। সূত্র: ভোরের কাগজ

**১৫ সেপ্টেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা রানি দ্বিতীয় এলিজাবেথের শেষকৃত্যে এবং জাতিসংঘ সাধারণ পরিষদের ৭৭তম অধিবেশনে যোগ দিতে লন্ডন ও নিউইয়র্কের উদ্দেশে ঢাকা ত্যাগ করেন। সূত্র: যুগান্তর
- ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির সঙ্গে কিয়েভে ইউরোপীয় কমিশনের প্রেসিডেন্ট আরসুলা ভন ডার লেয়েন সাক্ষাৎ করছেন। সূত্র: ইত্তেফাক

- উজবেকিস্তানের সমরখন্দে সাংহাই কো-অপারেশন অর্গানাইজেশনের (এসসিও) দুই দিনব্যাপী সম্মেলন শুরু হয়। সম্মেলনের ফাঁকে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন চলতি বছরের ফেব্রুয়ারি ইউক্রেনে রাশিয়া বিশেষ অভিযান শুরুর পর প্রথম ইরানের প্রেসিডেন্ট ইব্রাহিম রইসি এবং চীনের প্রেসিডেন্ট শি জিনপিং সঙ্গে পৃথকভাবে সৌজন্য সাক্ষাৎ করেন। সূত্র: যুগান্তর
- বাংলাদেশ ও মিয়ানমারের মধ্যে মাদকদ্রব্য ও সাইকোট্রপিক সাবসট্যান্সের অবৈধ পাচার রোধে ভার্চুয়ালি অনুষ্ঠিত পঞ্চম দ্বিপক্ষীয় সভায় শান্তি, স্থিতিশীলতা ও নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে সীমান্ত পথে মাদক পাচার ঠেকাতে একসঙ্গে কাজ করার অঙ্গীকার করেছে দু'দেশ। সূত্র: সমকাল

**১৬ সেপ্টেম্বর**

- লন্ডনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন কমনওয়েলথ সেক্রেটারি জেনারেল প্যাট্রিসিয়া স্কটল্যান্ড কিউসি। সূত্র: জনকণ্ঠ
- ঢাকার প্রথম মেয়র ও বিএনপির সাবেক স্থায়ী কমিটির সদস্য ব্যারিস্টার আবুল হাসনাত (৮২) ইন্তেকাল করেন। সূত্র: জনকণ্ঠ
- বিবিসির সংবাদ প্রতিবেদন; ৩৭ বছরের মধ্যে মার্কিন ডলারের বিপরীতে ব্রিটিশ পাউন্ডের সর্বোচ্চ দরপতন হয়েছে। বর্তমানে ১ পাউন্ডে ১ দশমিক ১৩ ডলার মিলছে। সূত্র: সমকাল
- বাকিংহ্যাম প্যালেসে রাজা তৃতীয় চার্লসের আয়োজনে বিশ্বনেতা ও সম্মানিত ব্যক্তিদের রাষ্ট্রীয় অভ্যর্থনা অনুষ্ঠানে প্রিন্স হ্যারি ও তার স্ত্রী মেগানের আমন্ত্রণ বাতিল করা হয়েছে। সূত্র: যুগান্তর
- তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ানের সঙ্গে ভারতীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি উজবেকিস্তানের সমরখন্দে অনুষ্ঠিত সাংহাই সামিট সম্মেলনে সাইড লাইন বৈঠক করেছেন। সূত্র: যুগান্তর
- ইরানের নীতি পুলিশের নির্যাতনে ১৬ সেপ্টেম্বর কুর্দি তরুণী মাহসা আমিনির (২২) মৃত্যু হয়। ঠিকমতো হিজাব না পরাই ছিল তার অপরাধ। সূত্র: প্রথম আলো



**১৭ সেপ্টেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে যুক্তরাজ্যের ক্ল্যা রিজ হোটেলের মিটিং রুমে যুক্তরাজ্যের বিরোধী দলীয় ও লেবার পার্টির নেতা স্যার কেয়ার স্টারমার সৌজন্য সাক্ষাৎ করেন। সূত্র: ইত্তেফাক
- ব্রিটেনের রাজা তৃতীয় চার্লস বাকিংহাম প্যালেস থেকে টেলিফোন করে তার মা প্রয়াত ব্রিটিশ রানি দ্বিতীয় এলিজাবেথের অনুষ্ঠেয় অন্ত্যেষ্টিক্রিয়ায় ব্যক্তিগতভাবে উপস্থিত থাকার জন্য দেশটিতে সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ধন্যবাদ জানিয়েছেন। সূত্র: ইত্তেফাক
- ইউক্রেনের রাশিয়ার অধিকৃত শহর ইজিয়ামের বাইরে একটি গণকবর খুঁজে পাওয়ার পর রাশিয়ার বিরুদ্ধে যুদ্ধাপরাধ ট্রাইব্যুনাল গঠনের আহ্বান জানিয়েছে ইউরোপীয় ইউনিয়ন (ইউ)। সূত্র: যুগান্তর

**১৮ সেপ্টেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রয়াত রানি দ্বিতীয় এলিজাবেথকে শ্রদ্ধা জানাতে যুক্তরাজ্যে অবস্থানকালে বিবিসিকে দেওয়া সাক্ষাৎকারে বলেছেন, বাংলাদেশে গণতান্ত্রিক প্রক্রিয়া ও অবাধ, সুষ্ঠু নির্বাচন প্রতিষ্ঠার জন্য তিনি নিজে সংগ্রাম করেছেন এবং অবাধ ও সুষ্ঠু নির্বাচন শুধু আওয়ামী লীগ শাসন আমলেই হয়েছে। সূত্র: ইত্তেফাক
- চীন-রাশিয়া কৌশলগত নিরাপত্তা পরামর্শের ১৭তম রাউন্ড এবং চীন-রাশিয়া আইন-প্রয়োগকারী ও নিরাপত্তা সহযোগিতা ব্যবস্থার সপ্তম বৈঠকে অংশ নিতে রাশিয়ান ফেডারেশনের নিরাপত্তা পরিষদের সেক্রেটারি নিকোলাই পাত্রুশেভ দুই দিনের সফর চীন পৌঁছান। সূত্র: ইত্তেফাক
- ইউক্রেনের মাইকোলাইভের পিভদোনেক্রাইস্কক নিউক্লিয়ার প্লান্টে হামলা চালিয়েছে রাশিয়ার সেনারা। সূত্র: যুগান্তর

**১৯ সেপ্টেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা রানি দ্বিতীয় এলিজাবেথের শেষকৃত্যে যোগদান শেষে জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেস আয়োজিত সংবর্ধনা এবং জাতিসংঘ সাধারণ পরিষদের ৭৭তম অধিবেশনের উদ্‌বোধনী অনুষ্ঠানে যোগ দিতে লন্ডন থেকে নিউইয়র্কে পৌঁছান। সূত্র: সমকাল

- বান্দরবানের নাইক্ষ্যংছড়ির ঘুমধুম কোনারপাড়া নো মেনস ল্যান্ডে মিয়ানমার বাহিনীর মর্টারশেল ও গোলাবর্ষণের ঘটনায় রোহিঙ্গা শরণার্থীরা চরম আতঙ্ক এবং নিরাপত্তাহীনতায় দিন কাটাচ্ছেন। রোহিঙ্গা শরণার্থীরা নিজেদের জীবনের নিরাপত্তা চেয়ে জাতিসংঘে চিঠি মেইল করেছেন; গণমাধ্যকে নিশ্চিত করেছেন শূন্যরেখার রোহিঙ্গা ক্যাম্প ব্যবস্থাপনা কমিটির সর্দার দিল মোহাম্মদ। সূত্র: ভোরের কাগজ
- যুক্তরাষ্ট্রের সঙ্গে আফগানিস্তানের তালেবান প্রশাসন প্রথমবারের মতো বন্দি বিনিময় চুক্তি করেছে। এ চুক্তির মাধ্যমে যুক্তরাষ্ট্রে কয়েক দশকের বন্দিদশা শেষে কাবুলে পৌঁছেছেন তালেবানের অন্যতম শীর্ষস্থানীয় সদস্য হাজি বাশার নুরজাই। বিনিময়ে তালেবানরা তাদের হাতে ২২ বছর ধরে বন্দি মার্কিন প্রকৌশলী মার্ক ফ্রেরিকসকে যুক্তরাষ্ট্রের কাছে হস্তান্তর করেছে। সূত্র: যুগান্তর
- নিউইয়র্কে জাতিসংঘের সাধারণ পরিষদে ১৪ বছরের মধ্যে প্রথমবারের মতো তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ানের সঙ্গে সাক্ষাৎ করেছেন ইসরাইলের প্রধানমন্ত্রী ইয়ার ল্যাপিদ। সূত্র: ইত্তেফাক
- দক্ষিণ এশিয়ার সাফ চ্যাম্পিয়নশিপের ফাইনালে নেপালের দশরথের রঙ্গশালা স্টেডিয়ামে স্বাগতিকদের সঙ্গে ৩-১ গোলে জয়ী হয়েছে বাংলাদেশ নারী ফুটবল দল। সূত্র: ইত্তেফাক

**২০ সেপ্টেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে হোটেল লোটে প্যালেস নিউইয়র্কের মিটিং রুমে জাতিসংঘের শরণার্থী সংস্থা ইউএনএইচসিআর-এর হাইকমিশনার ফিলিপো গ্রান্ডি সৌজন্য সাক্ষাৎ করেন। সূত্র: ইত্তেফাক
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘ সদর দপ্তরের ট্রাস্টিশিপ কাউন্সিলে সাধারণ পরিষদের সভাপতি কাসাবা কোরোসির ডাকা ইউএনজিএ 'প্ল্যাটফর্ম অব উইমেন লিডারর্সে'র উচ্চ পর্যায়ের বৈঠকে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় নারীদের যুক্ত করার ওপর গুরুত্ব দেওয়ার আহ্বান জানিয়ে বলেছেন, দেশে ২০২১ সালের মধ্যে প্রতিটি সেক্টরে ৪০ শতাংশ এবং ২০৩০ সালের মধ্যে সব খাতে ৫০ শতাংশ নারীর অংশগ্রহণ নিশ্চিত করা হবে। সূত্র: সমকাল



- রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন জাতির উদ্দেশে টেলিভিশনে দেওয়া ভাষণে, নিজেদের ভূখণ্ড রক্ষায় দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর প্রথম 'সেনাসমাবেশে'র ঘোষণা দিয়েছেন। পুতিনের এই ঘোষণাকে 'দুর্বলতার' প্রতীক হিসেবে অভিহিত করেছে যুক্তরাষ্ট্র। সূত্র: যুগান্তর
- মিয়ানমারে সামরিক জান্তা সরকারের বিরোধিতা কিংবা প্রতিরোধ গোষ্ঠীগুলোর প্রতি সমর্থন জানিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে যে কোনো পোস্ট শেয়ার করা– এমনকি এ ধরনের পোস্টে লাইক দিলেই ভোগ করতে হবে ১০ বছরের কারাদণ্ড; দেশটির টেলিভিশনে ব্রিফিংয়ে জান্তা সরকারের তথ্যমন্ত্রী ও মুখপাত্র জও মিন তিন। সূত্র: যুগান্তর

**২১ সেপ্টেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে 'টেকসই ও সাশ্রয়ী আবাসন' বিষয়ক অনুষ্ঠানে ভাষণদানকালে বলেন, গত ১৮ বছরে আমার প্রধানমন্ত্রিত্বকালে আমরা ৫ লাখেরও বেশি ঘরে ৩৫ লাখ গৃহহীন লোকের থাকার ব্যবস্থা করেছি। এছাড়া বর্তমানে আরও ৪০ হাজার ঘর নির্মাণের কাজ চলছে। সূত্র: যুগান্তর
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিউইয়র্কে গ্লোবাল ক্রাইসিস রেসপন্স গ্রুপ (জিসিআরজি) চ্যাম্পিয়নদের সঙ্গে মহাসচিব আয়োজিত গোলটেবিল বৈঠকে রাশিয়া-ইউক্রেন যুদ্ধের কারণে সৃষ্ট সংকট মোকাবিলায় ছয় দফা প্রস্তাব উত্থাপন করেছেন। সূত্র: যুগান্তর
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘ সদর দপ্তরের লেভেল-১ এ আয়োজিত 'পদ্মা সেতু'র ওপর আলোকচিত্র প্রদর্শনী পরিদর্শন করেন। সূত্র: ইত্তেফাক
- একুশে পদকপ্রাপ্ত ভাষাসৈনিক, পরমাণুবিজ্ঞানী ও লেখক ড. জসীম উদ্দিন আহমেদ (৯১) ইন্তেকাল করেছেন। সূত্র: সমকাল
- ইরানের প্রেসিডেন্ট ইব্রাহিম রইসি জাতিসংঘের ৭৭তম সাধারণ অধিবেশনে প্রথমবারের মতো বক্তব্যে বলেন, ইরান পরমাণু অস্ত্র চায় না এবং পরমাণু নিরস্ত্রীকরণের বিষয়ে মার্কিন গ্যারান্টি চান। সূত্র: যুগান্তর

**২২ সেপ্টেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও কম্বোডিয়ার প্রধানমন্ত্রী হুন সেন নিউইয়র্কে প্রধানমন্ত্রীর বাসস্থানে দ্বিপক্ষীয় বৈঠকে বাণিজ্যিক সহযোগিতার ক্ষেত্র সম্প্রসারণে মুক্ত বাণিজ্য চুক্তি (এফটিএ) স্বাক্ষরে সম্মত হয়েছেন। সূত্র: ইত্তেফাক
- কুর্দি তরুণী মাহসা আমিনির মৃত্যুকে ঘিরে শুরু হওয়া আন্দোলনের ঘটনায় দেশটিতে ৩১ জন বেসামরিক মানুষ মারা গেছেন বলে জানিয়েছে ইরান হিউম্যানস রাইটস (আইএইচআর)। সূত্র: যুগান্তর
- নিউইয়র্কে জাতিসংঘের সাধারণ অধিবেশনের সাইডলাইনে তাইওয়ানে উত্তেজনা নিয়ে মার্কিন পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিনকেন ও চীনের পররাষ্ট্রমন্ত্রী ওয়াং ই বৈঠক করেন। সূত্র: ইত্তেফাক
- চীনে ১৬ মিলিয়ন ডলারের দুর্নীতির দায়ে সাবেক আইনমন্ত্রী ফু ঝেংহুয়াকে মৃত্যুদণ্ডাদেশ দিয়েছে দেশটির আদালত। সূত্র: যুগান্তর

**২৩ সেপ্টেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘ সাধারণ পরিষদে ভাষণ দেন। ভাষণে প্রধানমন্ত্রী বলেছেন, শান্তি ও স্থিতিশীলতা নিশ্চিত করা ব্যতীত আর্থসামাজিক উন্নয়ন সম্ভব নয়। যুদ্ধ বা অর্থনৈতিক নিষেধাজ্ঞা, পাল্টা নিষেধাজ্ঞার মতো বৈরী পন্থা কখনও কোনো জাতির মঙ্গল বয়ে আনতে পারে না। সূত্র: সমকাল
- করোনা মহামারির কারণে দুই বছর বন্ধ থাকার পর ভুটান আন্তর্জাতিক সীমানা পর্যটকদের জন্য আবার খুলে দেওয়ার ঘোষণা দিয়েছে দেশটি। সূত্র: ইত্তেফাক
- মিয়ানমারের অভ্যন্তরে ও বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের জন্য মানবিক সহায়তা হিসেবে আরও ১৭০ মিলিয়ন ডলার দেওয়ার ঘোষণা দিয়েছে যুক্তরাষ্ট্র; ঢাকার যুক্তরাষ্ট্র দূতাবাসের সংবাদ বিজ্ঞপ্তি। সূত্র: ইত্তেফাক
- ইরানে হিজাবকাণ্ডে মাহসা আমিনির (২২) মৃত্যুর ঘটনায় দেশটিতে 'নৈতিকতা পুলিশে'র বিরুদ্ধে ক্ষমতার অপব্যবহার, সুশীল সমাজ, ভিন্ন মতাবলম্বী, নারী অধিকারকর্মী ও বাহাই সম্প্রদায়ের ওপর সহিংস দমনপীড়নের অভিযোগ এনে নিষেধাজ্ঞা আরোপ করেছে যুক্তরাষ্ট্র। একই সঙ্গে নিষেধাজ্ঞা দিয়েছে দেশটির নিরাপত্তা সংস্থার সাত নেতার ওপর। সূত্র: যুগান্তর



**২৪ সেপ্টেম্বর**

- বাংলাদেশ ও চীনের মধ্যে বাণিজ্য ও অর্থনৈতিক সম্পর্ক জোরদারের লক্ষ্যে ঢাকার পূর্বাচলে বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশিপ এক্সিবিশন সেন্টারে বাংলাদেশ-চায়না চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (বিসিসিসিআই) এবং চায়নিজ এন্টারপ্রাইজেস অ্যাসোসিয়েশন ইন বাংলাদেশের (সিইএবি) মধ্যে সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষর হয়েছে। সূত্র: সমকাল
- বাংলাদেশের অর্থনীতি ও সমাজে অসামান্য অবদানের জন্য নিউইয়র্কে আয়োজিত অনুষ্ঠানে ইতিহাসে প্রথম কোনো বাংলাদেশী ব্যবসায়ী নেতা হিসেবে এফবিসিসিআই সভাপতি মো. জসিম উদ্দিনকে মর্যাদাপূর্ণ সম্মাননা প্রদান করেছে নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলি। সূত্র: ভোরের কাগজ
- ন্যাশনাল ডিফেন্স ম্যানেজমেন্ট সেন্টারের প্রধান কর্নেল জেনারেল মিখাইল মিজিনসেভকে নতুন উপ-প্রতিরক্ষামন্ত্রী হিসেবে নিয়োগ দিয়েছে রাশিয়া। সূত্র: যুগান্তর
- বিদেশি নাগরিক যারা রাশিয়ার জন্য কমপক্ষে এক বছরের সামরিক চুক্তিতে স্বাক্ষর করবেন তারা পাঁচ বছরের জন্য রাশিয়ায় আনুষ্ঠানিকভাবে নাগরিকত্বের জন্য আবেদন করতে পারবেন। এ সংক্রান্ত আইনে স্বাক্ষর করেছেন দেশটির প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। সূত্র: যুগান্তর
- যেসব রুশ সেনা যুদ্ধক্ষেত্র ছেড়ে যাবে, যুদ্ধ করতে অস্বীকার করবে, আদেশ অমান্য করবে কিংবা শত্রুপক্ষের কাছে আত্মসমর্পণ করবে, তাদের জন্য ১০ বছরের সাজা দেওয়ার আইন প্রণয়ন। রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন আইনে স্বাক্ষর করেন। সূত্র: যুগান্তর
- সৌদি আরবের নারীরা প্রথমবারের মতো নিজ দেশে আভা শহরে সুলতান বিন আবদুল আজিজ স্টেডিয়ামে ফুটবল খেলেছেন। প্রীতি ম্যাচে সৌদি-ভুটানের মধ্যে ৩-৩ গোলে ড্র হয়। সূত্র: যুগান্তর

**২৫ সেপ্টেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিউইয়র্কে তার অবস্থানকালীন হোটেল থেকে যুক্তরাষ্ট্রে প্রবাসী বাংলাদেশীদের দেওয়া নাগরিক সংবর্ধনা অনুষ্ঠানে ভার্চুয়ালি অংশ নেন। সূত্র: সমকাল
- সংগীতে বিশেষ অবদানের জন্য 'মহাত্মা গান্ধী অ্যাওয়ার্ড-২০২২' পেয়েছে বাংলাদেশের সংগীতশিল্পী আনিসা বিনতে আবদুল্লাহ। ভারত-বাংলাদেশের সমন্বয়ে কলকাতার শিশির মঞ্চ অডিটোরিয়ামে মহাত্মা গান্ধী কম্পিউটার সায়েন্স অ্যান্ড টেকনোলজি কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে এ অ্যাওয়ার্ড তুলে দেন কলকাতার ডিআইজি রবীন্দ্রনাথ সরকার এবং এমপি ইমরান সরকার। সূত্র: ভোরের কাগজ
- চীনে দুর্নীতির দায়ে সাবেক উপ-জননিরাপত্তা মন্ত্রী সান লিজুনকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন দেশটির আদালত। সূত্র: ইত্তেফাক
- জার্মানি ও সংযুক্ত আরব আমিরাত দুই দেশের মধ্যে জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করা এবং শিল্পোন্নয়ন ত্বরান্বিত করার লক্ষ্যে জার্মানির চ্যান্সেলর ওলাফ শুলৎজের সঙ্গে সংযুক্ত আরব আমিরাতের প্রেসিডেন্ট শেখ মোহাম্মদ বিন জায়েদ আল-নাহিয়ান জ্বালানি চুক্তি স্বাক্ষর করেন। সূত্র: ভোরের কাগজ
- আফগানিস্তানে ইসলামিক আমিরাত পুনঃপ্রতিষ্ঠিত হওয়ার পর চাকরি হারানো অধিকাংশ নারী পুলিশ অফিসারদের মধ্যে শতাধিক মহিলা পুলিশ অফিসারকে পুনর্নিয়োগ করেছে দেশটির প্রশাসন। সূত্র: ইত্তেফাক

**২৬ সেপ্টেম্বর**

- ২৮ সেপ্টেম্বর প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্মবার্ষিকী উপলক্ষ্যে প্রযোজনা প্রতিষ্ঠান বৈষ্টমী ইউটিউব পেজে 'শেখ হাসিনা : অ্যা ট্রু লিজেন্ড' শীর্ষক প্রামাণ্যচিত্র উন্মুক্ত করেছে। সূত্র: ইত্তেফাক
- ভাষা সংগ্রামী, মহান মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক, একুশে পদকপ্রাপ্ত সাংবাদিক রণেশ মৈত্রের (৯০) মৃত্যু । সূত্র: সমকাল
- রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন যুক্তরাষ্ট্রে গুপ্তচরবৃত্তির অভিযোগে পালিয়ে রাশিয়ায় আশ্রয় নেওয়া যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তা সংস্থার সাবেক পরামর্শক এডওয়ার্ড স্নোডেনকে রাশিয়ার নাগরিকত্ব দিয়েছেন। সূত্র: যুগান্তর



- দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর ডানপন্থি (ফার-রাইট) দলের প্রতিনিধি হিসেবে ইতালির প্রথম নারী প্রধানমন্ত্রী হয়েছেন জর্জিয়া মেলোনি। সূত্র: সমকাল
- কোরীয় উপদ্বীপের কাছে গত পাঁচ বছরের মধ্যে প্রথম যৌথ নৌমহড়া শুরু করেছে দক্ষিণ কোরিয়া ও যুক্তরাষ্ট্র। সূত্র: ইত্তেফাক

**২৭ সেপ্টেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘের ৭৭তম অধিবেশনে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে অবস্থানকালে ভয়েস অব আমেরিকাকে সাক্ষাৎকার প্রদান করেন। সাক্ষাৎকারটি ভয়েস অব আমেরিকার ওয়েবসাইট ও ফেসবুক পেজে প্রচার করা হয়। সূত্র: ইত্তেফাক
- বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও) আনুষ্ঠানিকভাবে করোনা ভাইরাসের প্রতিষেধকের চতুর্থ ডোজ প্রয়োগের জন্য বাংলাদেশকে অনুমোদন দিয়েছে। সূত্র: সমকাল
- ১৯৭১ সালে মুক্তিযুদ্ধকালে মানবতাবিরোধী অপরাধের দায়ে মৃত্যুদণ্ডপ্রাপ্ত পলাতক আসামি খলিলুর রহমানকে ঢাকার সাভার থেকে গ্রেপ্তার করেছে র‍্যাব। সূত্র: ভোরের কাগজ
- সৌদি আরবের বাদশাহ সালমান বিন আবদুল আজিজ দেশের নতুন প্রধানমন্ত্রী হিসেবে তার ছেলে ও উত্তরসূরি প্রিন্স মোহাম্মদ বিন সালমানের নাম ঘোষণা করেছেন। এছাড়া নিজের দ্বিতীয় পুত্র প্রিন্স খালিদকে প্রতিরক্ষা মন্ত্রী হিসেবে নিযুক্ত করেছেন বাদশাহ। সূত্র: ইত্তেফাক
- সৌদি আরব আল সৌদ হালা আল-তুওয়াইজরিকে মানবাধিকার কমিশনের প্রধান হিসেবে নিয়োগের জন্য রাজকীয় আদেশ জারি করেছে। সূত্র: যুগান্তর
- রাশিয়ার কাছ থেকে পেট্রোল, ডিজেল, গ্যাস এবং গম সরবরাহের জন্য অস্থায়ী চুক্তি স্বাক্ষর করেছে আফগানিস্তানের তালেবান সরকার। সূত্র: যুগান্তর
- ইসরাইলের এভিয়েশন এয়ারক্রাফট কোম্পানির নির্মিত বিশ্বের প্রথম 'অ্যালিস' নামের বিদ্যুৎচালিত যাত্রীবাহী বিমান সফলভাবে ওয়াশিংটনের গ্রান্ট কাউন্টি আন্তর্জাতিক বিমানবন্দর থেকে আকাশে উড়াতে সক্ষম হয়েছে। সূত্র: যুগান্তর

**২৮ সেপ্টেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে তার ৭৫তম জন্মদিনে শুভেচ্ছা জানিয়েছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।
- ভাসানচরে ৫১২টি রোহিঙ্গা পরিবারকে ১২ ধরনের জীবিকা নির্বাহ সামগ্রী দিয়েছে সরকার। রোহিঙ্গারা জীবন ধারনের সহায়ক সামগ্রী পেয়ে বাংলাদেশ সরকারের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেছে। সূত্র: ইত্তেফাক
- দিল্লিতে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সভাপতিত্বে কুশিয়ারায় পানি নিয়ে সম্পাদিত সমঝোতা স্মারকটি অনুমোদন করে। সমঝোতা স্মারক অনুযায়ী বাংলাদেশ ও ভারত প্রত্যেকে কুশিয়ারা নদী থেকে ১৫৩ কিউসেক পানি উত্তোলন করতে পারবে। সূত্র: যুগান্তর
- যুক্তরাষ্ট্রের ফ্লোরিডা অঙ্গরাজ্যে শক্তিশালী হারিকেন ইয়ানের আঘাতে রাজ্যটির রাস্তা ও ভবন বন্যায় প্লাবিত হয়েছে। বিদ্যুৎহীন হয়েছেন ২০ লাখের বেশি মানুষ। আলজাজিরা ও বিবিসির প্রতিবেদন। সূত্র: ইত্তেফাক

**২৯ সেপ্টেম্বর**

- যুক্তরাষ্ট্র সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনা ওয়াশিংটন ডিসিতে প্রবাসী বাংলাদেশিদের সঙ্গে মতবিনিময় সভায় অংশ নেন। সূত্র: যুগান্তর
- রাজধানীতে আনুষ্ঠানিকভাবে 'দ্য কান্ট্রি ইকোনমিক মেমোরেন্ডাম : চেঞ্জ অব ফেব্রিক আইডেন্টিফাইস' শীর্ষক বিশ্বব্যাংকের প্রতিবেদন প্রকাশ : বাংলাদেশ গত পাঁচ দশকে উল্লেখযোগ্য অর্থনৈতিক ও উন্নয়ন অগ্রগতি করেছে। এখন দেশে প্রবৃদ্ধির গতিপথ ধরে রাখতে এবং দীর্ঘমেয়াদে প্রবৃদ্ধির হারকে আরও ত্বরান্বিত করতে একটি শক্তিশালী সংস্কার এজেন্ডা প্রয়োজন। সূত্র: ইত্তেফাক
- যুক্তরাজ্যের উচ্চ মূল্যস্ফীতি ও ক্রমবর্ধমান ব্যয়ের সমন্বিত চাপের ফলে আট দশক পর বাংলাসহ ১০ ভাষার রেডিও সম্প্রচার বন্ধ করার ঘোষণা দিয়েছে দেশটির জাতীয় গণমাধ্যম ব্রিটিশ ব্রডকাস্টিং করপোরেশন (বিবিসি)। সূত্র: ইত্তেফাক



- মিয়ানমারের গণতন্ত্রপন্থি নেত্রী অং সান সুচিকে সরকারি গোপনীয়তা আইন লঙ্ঘনের অভিযোগে আরও তিন বছরের কারাদণ্ড দিয়েছে দেশটির সামরিক শাসিত আদালত। সূত্র: ইত্তেফাক
- ভারতে ১৯৭১ সালের মেডিক্যাল টার্মিনেশন অব প্রেগনেন্সি (এমটিপি) আইন অনুসারে দেশটির সুপ্রিম কোর্টের ঐতিহাসিক রায়ে ২৪ সপ্তাহ পর্যন্ত গর্ভপাতের অধিকার পেলেন ভারতের সব নারীরা। সূত্র: জনকণ্ঠ

**৩০ সেপ্টেম্বর**

- জাতিসংঘের 'ই-গভর্নমেন্ট উন্নয়ন' সূচকে আট ধাপ এগিয়ে ১৯৩টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ১১১তম; নিউইয়র্কের জাতিসংঘ সদর দপ্তরে সূচক প্রকাশ। সূত্র: ভোরের কাগজ
- মেক্সিকো সিটির লস পিনোসেতে বাংলাদেশ ও মেক্সিকো সরকারের মধ্যে সাংস্কৃতিক সহযোগিতা বিষয়ক সমঝোতা স্মারক স্বাক্ষর হয়েছে। সূত্র: সূত্র: সমকাল
- ইউক্রেনের দখলকৃত অঞ্চল লুহানস্ক, দোনেৎস্ক, জাপোরিঝিয়া, খেরসনকে রাশিয়াভুক্ত করতে গণভোটের পর অঞ্চলগুলোর স্বাধীনতার ঘোষণাপত্রে স্বাক্ষর করেছে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। সূত্র: যুগান্তর
- ইউক্রেনের চার অঞ্চল রুশভুক্ত হওয়ার পরই রাশিয়ার ওপর আরও নিষেধাজ্ঞা দিয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র। সূত্র: ইত্তেফাক
- ইউক্রেনকে স্বাস্থ্য, শিক্ষা ও সামাজিক উন্নয়নে আরও ৫৩০ মিলিয়ন ডলার দেওয়ার ঘোষণা দিয়েছে বিশ্বব্যাংক। সূত্র: যুগান্তর
- টি-টোয়েন্টি বিশ্বকাপের জন্য লাল ও সবুজ রঙের মিশেলে বাংলাদেশ দলের জার্সি সামাজিক যোগাযোগমাধ্যমে ভিডিও প্রকাশের মধ্য দিয়ে উন্মোচন করেছে বিসিবি। সূত্র: সমকাল

**১ অক্টোবর**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা চীনের ৭২তম প্রতিষ্ঠাবার্ষিকীতে দেশটির প্রেসিডেন্ট শি জিনপিংকে পৃথক চিঠিতে অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন। সূত্র: ভোরের কাগজ
- একুশে পদকপ্রাপ্ত সাংবাদিক, দৈনিক বাংলার সম্পাদক, সরকারের সাবেক প্রধান তথ্য কর্মকর্তা ও প্রেস ইনস্টিটিউট বাংলাদেশের (পিআইবি) সাবেক মহাপরিচালক তোয়াব খান (৮৮) ইন্তেকাল করেছেন। তাঁর মৃত্যুতে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা শোক প্রকাশ করেছেন। সূত্র: যুগান্তর
- খ্রিস্টিয়ান কমিশন ফর ডেভেলপমেন্ট ইন বাংলাদেশ (সিসিডিবি) নামে একটি প্রতিষ্ঠান দেশে লো-কার্বন প্রযুক্তি খুঁজে বের করার মাধ্যমে জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় গাজীপুরে দেশের প্রথম ক্লাইমেট সেন্টার স্থাপনের প্রক্রিয়া শুরু করেছে। সূত্র: সমকাল
- ইউক্রেন-রাশিয়ায় চলমান যুদ্ধে ইউক্রেনের দোনেৎস্ক, জাপোরিঝিয়া, মাইকোলাইভ ও খেরসন অঞ্চলের ৭টি অস্ত্রাগার ধ্বংস করে দিয়েছে রাশিয়া। সূত্র: যুগান্তর
- ইন্দোনেশিয়ার পূর্ব জাভা প্রদেশে স্টেডিয়ামে ফুটবল ম্যাচ নিয়ে সংঘর্ষের ঘটনায় পদদলিত হয়ে ১২৯ জনের মৃত্যু ও আহত হয়েছেন ১৮০ জন। সূত্র: যুগান্তর

**২ অক্টোবর**

- তেল ও গ্যাস অনুসন্ধান সম্প্রসারণে রাজধানী প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে জ্বালানি ও খনিজসম্পদ বিভাগ, পেট্রোবাংলা ও যুক্তরাষ্ট্রভিত্তিক কোম্পানি শেভরনের সঙ্গে সম্পূরক চুক্তি স্বাক্ষর হয়েছে। একইসঙ্গে দুটি চুক্তির সংশোধনও হয়েছে। সূত্র: ইত্তেফাক
- জলবায়ু পরিবর্তন, অর্থনৈতিক উন্নয়ন এবং নিরাপত্তা সহযোগিতামূলক কর্মকাণ্ড বাড়ানোর লক্ষ্যে প্যাসিফিক অঞ্চলের বাকি ১৩টি দেশের সঙ্গে



যোগ দিয়ে যুক্তরাষ্ট্রের সঙ্গে চুক্তিতে স্বাক্ষর করেছে সোলোমন দ্বীপপুঞ্জ। সূত্র: যুগান্তর

- ইউক্রেনের সেনাবাহিনীর অগ্রাভিযানের মুখে রুশ সেনারা দোনেৎস্ক অঞ্চলের লিম্যান শহরটি ছেড়ে চলে যাওয়ার পর দেশটির প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি রুশনিয়ন্ত্রিত লিম্যান শহরের পূর্ণ স্বাধীনতা ঘোষণা করেছেন। সূত্র: যুগান্তর
- ইরানের সঙ্গে জ্বালানি তেলের ব্যবসা থাকার অভিযোগে ভারতের মুম্বাইভিত্তিক টিবালাজি পেট্রোকেম প্রাইভেট লিমিটেডের ওপর মার্কিন নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে। সূত্র: ভোরের কাগজ
- কাতারে অনুষ্ঠেয় বিশ্বকাপের ২২তম আসরে পুরুষদের খেলায় ম্যাচ পরিচালনায় ফ্রান্সের নারী রেফারি স্টেফানি ফ্র্যাপাটকে নির্বাচন করেছেন ফিফা এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। এছাড়াও তিন জন নারী সহকারী রেফারি থাকছেন এবারের বিশ্বকাপে। সূত্র: ভোরের কাগজ

**৩ অক্টোবর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্রে ১৮ দিনের রাষ্ট্রীয় সফর শেষে দেশে ফিরেছেন। সূত্র: ইত্তেফাক
- প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে নিয়ে যুক্তরাষ্ট্রভিত্তিক সংবাদপত্র দ্য ওয়াশিংটন পোস্টে নিবন্ধ প্রকাশ। সেখানে প্রধানমন্ত্রীর ব্যক্তিগত, পারিবারিক, রাজনৈতিক জীবন, নারীর ক্ষমতায়ন, বাংলাদেশের অভাবনীয় অগ্রগতি, শিক্ষার প্রসার ও দারিদ্র্য নিরসনে নেতৃত্বের প্রশংসা করেন কলামিস্ট পেটুলা ডভোরাক। সূত্র: সমকাল
- পদ্মা সেতু চালু হওয়ার পর প্রথম ১০০ দিনে টোল আদায় হয়েছে ২১৫ কোটি ৫০ লাখ টাকারও বেশি। এই সময়ে সেতু দিয়ে যান চলাচল করেছে ১৫ লাখ ৪০ হাজারের বেশি। প্রতিদিনের গড় টোল আদায় সোয়া ২ কোটি টাকারও বেশি। প্রতিদিন গড়ে ১৫ হাজার ৪০০ যান চলাচল করছে; বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ। সূত্র: সমকাল
- ফেনীর বিলোনিয়া স্থলবন্দর দিয়ে এক যুগ পর দ্বিমুখী বাণিজ্যের অংশ হিসেবে নিষিদ্ধ পণ্য ছাড়া সব ধরনের পণ্য আমদানি চালু করেছে সরকার। সূত্র: ভোরের কাগজ

- মানব বিবর্তনের জিনোম সম্পর্কিত আবিষ্কারের জন্য চিকিৎসাবিজ্ঞান ও শরীরতত্ত্বে 'নোবেল পুরস্কার-২০২২' পেয়েছেন সুইডেনের জিনবিজ্ঞানী সান্তে প্যাবো। সূত্র: সমকাল
- দক্ষিণ আফ্রিকায় অনুষ্ঠেয় নারী টি-২০ বিশ্বকাপের পূর্ণাঙ্গ সূচি প্রকাশ করেছে ইন্টারন্যাশনাল ক্রিকেট কাউন্সিল (আইসিসি)। সূত্র: ইত্তেফাক

**৪ অক্টোবর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ঢাকেশ্বরী জাতীয় মন্দির প্রাঙ্গণে দুর্গাপূজা উপলক্ষ্যে হিন্দু সম্প্রদায়ের সঙ্গে মতবিনিময় সভায় ভার্চুয়ালি যুক্ত হন। সূত্র: সমকাল
- ২০২২ সালে পদার্থ বিজ্ঞানে নোবেল বিজয়ী হিসেবে ফরাসি পদার্থবিজ্ঞানী অ্যালাইন অ্যাসপেক্ট, মার্কিন পদার্থবিজ্ঞানী জন এফ ক্লজার ও অস্ট্রিয়ার পদার্থবিজ্ঞানী অ্যান্টন জেলিঙ্গার নাম ঘোষণা করা হয়। সূত্র: ইত্তেফাক
- জাতিসংঘের শরণার্থী বিষয়ক সংস্থা (ইউএনএইচসিআর) সিরিয়ার শরণার্থীদের আশ্রয় দেওয়ায় সুইজারল্যান্ডের জেনেভায় 'নানসেন শরণার্থী' পুরস্কারের জন্য জার্মানির সাবেক চ্যান্সেলর অ্যাঞ্জেলা মেরকেলের নাম ঘোষণা করেছে। সূত্র: ভোরের কাগজ
- ফ্রান্সের সরকার বিদ্যুৎ খরচ সাশ্রয়ের লক্ষ্যে সরকারি ভবনের টয়লেটে গরম পানি সরবরাহ বন্ধ ও পাবলিক সুইমিং পুলগুলোতে পানির তাপমাত্রা ১ ডিগ্রি সেলসিয়াসে কমিয়ে আনার উদ্যোগ নিয়েছে। সূত্র: যুগান্তর
- ইউক্রেনকে হাই মোবিলিটি আর্টিলারি রকেট সিস্টেম (হিমার্স) লঞ্চারসহ অন্যান্য অস্ত্রের জন্য আরও ৬২৫ মিলিয়ন মার্কিন ডলার মূল্যের সামরিক সহায়তার ঘোষণা দিয়েছে যুক্তরাষ্ট্র। সূত্র: সমকাল
- জাপানের ওপর দিয়ে পাঁচ বছরের মধ্যে প্রথমবারের মতো ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করেছে উত্তর কোরিয়া। সূত্র: সমকাল
- ভারতের উত্তরাখণ্ডে ভয়াবহ তুষারপাতের ঘটনায় ১০ প্রশিক্ষণার্থী পর্বতারোহীর মৃত্যু হয়েছে। আটজনকে উদ্ধার করা গেলেও নিখোঁজ রয়েছেন আরও ১১ জন। সূত্র: যুগান্তর



**৫ অক্টোবর**

- বঙ্গোপসাগরে বাংলাদেশ জলসীমায় অনুপ্রবেশ ও মাছ শিকারের দায়ে টানা তিন মাস কারাভোগ শেষে ট্রলারসহ মুক্তি পেয়েছেন ১৩৫ ভারতীয় জেলে। সূত্র: যুগান্তর
- বাংলাদেশের ঠাকুরগাঁওয়ের মোহাম্মদ রাসেল ইসলাম মাত্র ৩০ সেকেন্ডে ১১৭টি বাম স্কিপ করে গিনেস ওয়ার্ল্ড বুকে রেকর্ড গড়েছেন। সূত্র: ইত্তেফাক
- কুয়েতি আমিরের ছেলে শেখ আহমাদ নাওয়াফ আল-সাবাহ দ্বিতীয়বারের মতো দেশটির প্রধানমন্ত্রী নিযুক্ত হয়েছেন। সূত্র: সমকাল
- হিমালয়ে তুষার ধসের ঘটনায় নেহরু ইনস্টিটিউট অব মাউন্টেনিয়ারিংয়ের প্রশিক্ষক এভারেস্টজয়ী সবিতা কাঁসওয়ালই (২৬)-এর মৃত্যু হয়েছে। এ ঘটনায় সবিতাসহ মোট চারজনের মৃতদেহ ও ১২ জনকে জীবন্ত উদ্ধার করেছে সেনা এবং ইন্দো-টিবেটান সীমান্তরক্ষীরা। সূত্র: ইত্তেফাক
- মিয়ানমারের ইয়াঙ্গুনে অভ্যুত্থানবিরোধী বিক্ষোভের বিষয়ে ভুয়া খবর ছড়ানোর অভিযোগে গ্রেপ্তার হওয়া জাপানি তথ্যচিত্র নির্মাতা তোরু কুবোতকে গণবিক্ষোভ ইস্যুতে তিন বছরের এবং টেলিযোগাযোগ আইন লঙ্ঘনের জন্য সাত বছরের কারাদণ্ড দিয়েছেন দেশটির সেনা শাসিত জান্তা আদালত। সূত্র: সমকাল
- যুক্তরাষ্ট্রের জাতীয় ঋণের পরিমাণ প্রথমবারের মতো ৩১ লাখ কোটি ডলার ছাড়িয়েছে। এদিকে মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে দেশটির কেন্দ্রীয় ব্যাংক সুদের হার বাড়িয়ে সর্বোচ্চ করেছে। এতে অর্থনৈতিক অনিশ্চয়তা আরও বেড়েছে। সূত্র: সমকাল

**৬ অক্টোবর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবনে জাতিসংঘ সম্মেলনে অংশগ্রহণ ও যুক্তরাজ্যে রানী দ্বিতীয় এলিজাবেথের রাষ্ট্রীয় অন্ত্যেষ্টিক্রিয়ায় যোগদান সম্পর্কে সংবাদ সম্মেলন করেন। সূত্র: ইত্তেফাক
- যুক্তরাষ্ট্রের জর্জটাউন বিশ্ববিদ্যালয়ে আলোচনা সভায় আন্তর্জাতিক অর্থ তহবিলের (আইএমএফ) 'ওয়ার্ল্ড ইকোনমিক আউটলুক' শীর্ষক প্রতিবেদনে বলা হয়, বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশকেও

চলতি ও আগামী বছরে অর্থনৈতিক মন্দার ঢেউ মোকাবিলা করতে হবে। দক্ষিণ এশিয়ার মধ্যে প্রবৃদ্ধিতে বাংলাদেশ থাকবে শীর্ষ অবস্থানে। সূত্র: যুগান্তর

- ঢাকায় উন্নত পয়ঃনিষ্কাশন পরিষেবা নিশ্চিত করতে ২০২৩ সালের ৩০ জুলাইয়ের মধ্যে প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) অর্থায়নে টোকিও মেট্রোপলিটন গভর্নমেন্টের ব্যুরো অব স্যুয়ারেজ এবং ঢাকা ওয়াটার সাপ্লাই অ্যান্ড স্যুয়ারেজ অথরিটির (ডিডব্লিউএএসএ) মধ্যে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। সূত্র: সমকাল
- ২০২২ সালে সাহিত্যে নোবেল পুরস্কারের জন্য ফরাসি লেখক অধ্যাপক আনি এরনাক্স'র নাম ঘোষণা। সূত্র: যুগান্তর
- থাইল্যান্ডের উত্তর-পূর্বের নংবুয়া লামফু নামক এলাকার উথাই সাওয়ান শহরে প্রি-স্কুল ডে কেয়ার সেন্টারে সাবেক পুলিশ কর্মকর্তার এলোপাতাড়ি গুলিতে নিহত হয়েছে ৮ মাসের অন্তঃসত্ত্বা নারী ও শিশুসহ ৩৮ জন। সূত্র: যুগান্তর

**৭ অক্টোবর**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ প্রথমবারের মতো বঙ্গভবন থেকে মোটর শোভাযাত্রা সহকারে পদ্মা সেতু পার হয়ে গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে শ্রদ্ধা নিবেদন করেছেন। সূত্র: যুগান্তর
- যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরে বাংলাদেশের পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলমের সঙ্গে মার্কিন উপপররাষ্ট্রমন্ত্রী ওয়েন্ডি আর শেরম্যানের বৈঠক। পরে ওয়াশিংটনে বাংলাদেশ দূতাবাসে শাহরিয়ার আলমের সঙ্গে সাক্ষাৎ করেন মার্কিন প্রেসিডেন্টের বিশেষ সহকারী এবং হোয়াইট হাউসের জাতীয় নিরাপত্তা কাউন্সিলের দক্ষিণ এশিয়া বিষয়ক জ্যেষ্ঠ পরিচালক রিয়ার অ্যাডমিরাল ইলিন লবেশার। সূত্র: ইত্তেফাক
- শান্তিতে নোবেল ২০২২ পুরস্কারের জন্য বেলারুশের কারাবন্দি মানবাধিকারকর্মী অ্যালেস বিয়ালিয়াৎস্কি (৬০) এবং রাশিয়ার মানবাধিকার সংগঠন মেমোরিয়াল ও ইউক্রেনের মানবাধিকার সংগঠন সেন্টার ফর সিভিল লিবার্টিস'র নাম ঘোষণা। সূত্র: সমকাল



- নেদারল্যান্ডসভিত্তিক ভার্চুয়াল প্রাইভেট নেটওয়ার্ক (ভিপিএন) পরিষেবা কোম্পানি সার্ফশার্ক সূচকে বিশ্বের ১১৭টি দেশের মধ্যে (ই-গভর্ন্যান্স, সাধারণ জনগণের ইন্টারনেট ডাটা ক্রয়ের ক্ষমতা, ইন্টারনেট পরিষেবার গুণাগুণ, ইন্টারনেট সম্পর্কিত নিরাপত্তা এবং এ সম্পর্কিত অবকাঠামো) বা ডিজিটাল জীবনযাত্রা সম্পর্কিত বৈশ্বিক সূচক 'ডিজিটাল কোয়ালিটি অব লাইফ ইনডেক্সে (ডিকিউএল)' চলতি বছর ২৭ ধাপ এগিয়ে ৭৬তম অবস্থানে বাংলাদেশ। সূত্র: যুগান্তর
- যুক্তরাষ্ট্র-মেক্সিকো সীমান্তে নিউইয়র্ক শহরে অভিবাসন প্রত্যাশীদের সংখ্যা বেড়ে যাওয়ায় 'সংকটজনক পরিস্থিতি' মোকাবিলায় দেশটিতে জরুরি অবস্থা ঘোষণা করেছেন মেয়র এরিক অ্যাডামস। সূত্র: ইত্তেফাক
- ইসরাইল ও মিয়ানমারের মধ্যে গভীর সম্পর্কের বিষয়ে গোপন নথি প্রকাশিত হয়েছে। ইসরাইলের পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২৫ হাজার পৃষ্ঠা সংবলিত নথিতে রোহিঙ্গা মুসলিমদের ওপর মিয়ানমারের সেনাবাহিনী যে নিধন চালিয়েছে সেটির সম্পৃক্ততা পাওয়া গেছে। সূত্র: ভোরের কাগজ
- ইউক্রেনের পূর্বাঞ্চলীয় লিম্যান শহরে গণকবরে ১৮০ মরদেহের সন্ধান পাওয়া গেছে; দেশটির পূর্বাঞ্চলীয় দোনেৎস্ক প্রদেশের গভর্নর কিরিলেনকো টেলিগ্রাম পোস্টে এই তথ্য জানিয়েছেন। সূত্র: ইত্তেফাক

**৮ অক্টোবর**

- ঈদে মিলাদুন্নবী (সা.) উপলক্ষ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাণী দিয়েছেন। সূত্র: জনকণ্ঠ
- রাশিয়ার সঙ্গে ক্রিমিয়ার একমাত্র সংযোগস্থল সেতুতে জ্বালানি ট্যাংকে বিস্ফোরণের পর চলমান ইউক্রেন যুদ্ধক্ষেত্রে বিপর্যয় ঠেকাতে নতুন জেনারেল হিসেবে সের্গেই সুরোভিকিনকে (৫৫) নিয়োগ দিয়েছে রাশিয়ার পুতিন প্রশাসন। সূত্র: ইত্তেফাক
- ভারতের ওষুধ প্রস্তুতকারক কোম্পানির মাধ্যমে আমদানি করা কাশির সিরাপ সেবনের পর আফ্রিকার দেশ গাম্বিয়ায় ৬৬ শিশুর মৃত্যুর ঘটনার অভিযোগ তদন্তে নেমেছে গাম্বিয়ার পুলিশ। সূত্র: ভোরের কাগজ

- পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রী রানা সানাউল্লাহর পত্নীর ঘুষ নেওয়ার দুর্নীতি মামলায় স্বরাষ্ট্রমন্ত্রীর বিরুদ্ধে জামিন অযোগ্য গ্রেপ্তারি পরোয়ানা জারি করেছেন রাওয়ালপিন্ডির আদালত। সূত্র: যুগান্তর

**৯ অক্টোবর**

- ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) বাংলাদেশে রোহিঙ্গা শরণার্থী ও তাদের আশ্রয় প্রদানকারী স্থানীয় জনগণের জন্য ইউরোপীয় কমিশনের নাগরিক সুরক্ষা ও মানবিক সহায়তা বিভাগের (একো) প্রধান কার্যালয়ের মাধ্যমে ৬২ লাখ ইউরো অনুদান দিয়েছে। এজন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেছে জাতিসংঘের শরণার্থী বিষয়ক সংস্থা ইউএনএইচসিআর। সূত্র: সমকাল
- বিটিআরসির ডিজিটাল নিরাপত্তা সেলের নিয়মিত নজরদারির অংশ হিসেবে বাংলাদেশের অভ্যন্তরীণ নেটওয়ার্ক থেকে ৩৩১টি জুয়ার সাইট বন্ধ করে দিয়েছে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)। সূত্র: ইত্তেফাক
- একুশে পদকপ্রাপ্ত চিত্রশিল্পী ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের অধ্যাপক সমরজিৎ রায় চৌধুরীর (৮৫) মৃত্যু। সূত্র: সমকাল
- চলমান ইউক্রেন-রাশিয়া যুদ্ধ ইস্যুতে সৌদি আরব এবং সংযুক্ত আরব আমিরাত পুতিনকে সাহায্য করার আশ্বাস দেওয়ায় শাস্তিস্বরূপ সৌদি আরব এবং সংযুক্ত আরব আমিরাত থেকে ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষা ব্যবস্থা ও সেনা প্রত্যাহারের বিষয়ে মার্কিন কংগ্রেসে বিল উত্থাপন করেছেন দেশটির ডেমোক্র্যাট কংগ্রেসম্যান সিম কাস্টেন, টম ম্যালিনভস্কি এবং সুসান ওয়াইল্ড নামক তিন আইনপ্রণেতা। সূত্র: যুগান্তর

**১০ অক্টোবর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার কার্যালয় থেকে ভার্চুয়ালি নড়াইলে মধুমতি নদীর ওপর নির্মিত দেশের প্রথম ছয় লেনের মধুমতি সেতু এবং নারায়ণগঞ্জে তৃতীয় শীতলক্ষ্যা সেতুর উদ্বোধন করেন। সূত্র: ইত্তেফাক
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তার কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে জন্মের পরই জাতীয় পরিচয়পত্র (এনআইডি) দেওয়ার বিধান



রেখে 'জাতীয় পরিচয়পত্র নিবন্ধন আইন, ২০২২' এর খসড়া অনুমোদন। সূত্র: যুগান্তর

- শিকাগো বিশ্ববিদ্যালয়ের অর্থনীতিবিদ ডগলাস ডব্লিউ ডায়মন্ড, সেন্ট লুইসের ওয়াশিংটন ইউনিভার্সিটির অর্থনীতিবিদ ফিলিপ এইচ ডিবভিগ ও ওয়াশিংটনের ব্রুকিংস ইনস্টিটিউশনের অর্থনীতিবিদ বেন বার্নান ২০২২ সালে অর্থনীতিতে নোবেল পুরস্কার পেয়েছেন। সূত্র: সমকাল
- সৌদি আরব ও সংযুক্ত আরব আমিরাত থেকে ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষা ব্যবস্থা ও সেনা প্রত্যাহারের বিষয়ে মার্কিন কংগ্রেসে বিল উত্থাপন। সূত্র: জনকণ্ঠ
- ইউক্রেন-রাশিয়া যুদ্ধ ইস্যুতে রাজধানী কিয়েভে অবস্থিত জার্মান কনস্যুলেট ভবনে ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে রাশিয়া। সূত্র: ইত্তেফাক
- ভারতের বর্ষীয়ান রাজনীতিবিদ, উত্তরপ্রদেশের সাবেক মুখ্যমন্ত্রী এবং সমাজবাদী পার্টির প্রতিষ্ঠাতা মুলায়েম সিং যাদবের (৮২) মৃত্যু। সূত্র: যুগান্তর
- ভারতে রয়েল বেঙ্গল টাইগারের পরিবর্তে গরুকে জাতীয় পশু হিসেবে ঘোষণা করার দাবিতে দায়ের করা মামলা খারিজ করে দিয়েছেন দেশটির সুপ্রিম কোর্ট। সূত্র: ভোরের কাগজ

**১১ অক্টোবর**

- প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনার সভাপতিত্বে শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে ভার্চুয়ালি অনুষ্ঠিত একনেক বৈঠকে সাত হাজার ১৮ কোটি ৭৩ লাখ টাকার ৬টি প্রকল্প অনুমোদন। সূত্র: সমকাল
- জাতিসংঘ মানবাধিকার কাউন্সিলের (ইউএনএইচআরসি) ২০২৩-২৫ মেয়াদের জন্য সদস্য নির্বাচিত হয়েছে বাংলাদেশ। সূত্র: ইত্তেফাক
- দেশের জেলা উপজেলা পর্যায়ে একযোগে ৫ থেকে ১১ বছরের শিশুদের করোনা টিকাদান কর্মসূচি শুরু। সূত্র: সংবাদ
- গ্যাস সমৃদ্ধ ভূমধ্যসাগরের সমুদ্রসীমা নিয়ে দীর্ঘদিনের বিরোধের অবসান ঘটিয়ে আমেরিকার মধ্যস্থতায় 'ঐতিহাসিক' চুক্তিতে সম্মত ইসরাইল ও লেবানন। সূত্র: ইত্তেফাক

## ১২ অক্টোবর

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে ভার্চুয়ালি কৃষিক্ষেত্রে বিশেষ অবদানের স্বীকৃতি হিসেবে ১৪২৫ বঙ্গাব্দের জন্য ১৫ ব্যক্তি ও প্রতিষ্ঠান এবং ১৪২৬ বঙ্গাব্দের জন্য ২৯ ব্যক্তি ও প্রতিষ্ঠানকে বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার প্রদান করেন। সূত্র: সমকাল
- মিয়ানমারের ক্ষমতাচ্যুত নেত্রী অং সান সুচিকে দুর্নীতির দুই মামলায় ছয় বছরের কারাদণ্ড দিয়েছেন দেশটির আদালত। সূত্র: ইত্তেফাক
- ইউক্রেন-রাশিয়ায় চলমান যুদ্ধ ইস্যুতে দু'পক্ষের মধ্যে শান্তি আলোচনায় মধ্যস্থতার জন্য কাজাখস্তানে অনুষ্ঠিত শীর্ষ সম্মেলনের ফাঁকে তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ান ও রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন বৈঠক করেছেন। সূত্র: সমকাল

## ১৩ অক্টোবর

- আয়ারল্যান্ডভিত্তিক মানবিক সংস্থা কনসার্ন ওয়ার্ল্ডওয়াইড এবং জার্মানির ওয়েল্ট হাঙ্গার হিলফ যৌথভাবে অনলাইন ইভেন্টের মাধ্যমে বিশ্বব্যাপী 'গ্লোবাল হাঙ্গার ইনডেক্স (জিএইচআই) বা ক্ষুধা সূচক-২০২২' প্রতিবেদন প্রকাশ। প্রতিবেদন অনুযায়ী, ১২১টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ৮৪তম। সূত্র: সমকাল
- ইউনিসেফের 'মাদার্স অ্যাট ওয়ার্ক' কর্মসূচির অধীনে তৈরি পোশাক খাতের নারী শ্রমিকদের মাতৃত্বকালীন সেবায় সহায়তা নিশ্চিত করার লক্ষ্যে রাজধানীর হোটেল ওয়েস্টিনে বিজিএমইএর পক্ষে সংগঠনের সভাপতি ফারুক হাসান, বিকেএমইএর নির্বাহী সভাপতি মোহাম্মদ হাতেম এবং ইউনিসেফের পক্ষে বাংলাদেশে সংস্থার প্রতিনিধি শেলডন ইয়েট চুক্তি স্বাক্ষর করেন। সূত্র: সমকাল
- ইউক্রেনের চার অঞ্চলকে সীমানাভুক্ত করায় রাশিয়ার বিরুদ্ধে নিন্দা জানিয়ে জাতিসংঘের সাধারণ পরিষদে প্রস্তাবের পক্ষে ভোট দিয়েছে বাংলাদেশসহ ১৪৩টি দেশ। তবে ভোটদানে বিরত ছিল ভারত, পাকিস্তান, চীনসহ ৩৫টি দেশ। আর এ প্রস্তাবের বিপক্ষে ভোট দিয়েছে উত্তর কোরিয়া-সিরিয়াসহ মোট পাঁচ দেশ। সূত্র: জনকণ্ঠ



- কুর্দিস রাজনীতিবিদ আবদুল লতিফ রশিদকে (৭৮) ইরাকের নতুন প্রেসিডেন্ট হিসেবে নির্বাচিত করেছে দেশটির পার্লামেন্ট। প্রেসিডেন্ট হওয়ার পর তাৎক্ষণিকভাবে মোহাম্মদ শিয়া আল-সুদানিকে দেশটির প্রধানমন্ত্রী মনোনীত করেছেন নতুন রাষ্ট্রপতি। সূত্র: যুগান্তর
- যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় ২০১৮ সালে পার্কল্যান্ডের মারজোরি স্টোনম্যান ডগলাস হাইস্কুলে গুলি চালিয়ে ১৭ জনকে হত্যার দায়ে অভিযুক্ত ২৪ বছর বয়সি নিকোলাস কার্জকে মৃত্যুদণ্ডের পরিবর্তে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন দেশটির আদালত। সূত্র: যুগান্তর

## ১৪ অক্টোবর

- ১৯৭১ সালে পাকিস্তান সেনাবাহিনীর বাংলাদেশে চালানো নৃশংস হত্যাযজ্ঞকে গণহত্যা হিসেবে স্বীকৃতি দেওয়ার দাবিতে ভারতীয় বংশোদ্ভূত কংগ্রেসম্যান রো খান্না এবং কংগ্রেসম্যান স্টিভ চ্যাবোট মার্কিন পার্লামেন্টের নিম্নকক্ষ প্রতিনিধি পরিষদে প্রস্তাব উত্থাপন করেন। সূত্র: সমকাল
- যুক্তরাজ্যের অর্থনৈতিক পরিস্থিতিতে বিপর্যয়ের কারণে যুক্তরাজ্যের অর্থমন্ত্রী কাওয়াসি কোয়ারতেংকে বরখাস্ত করেন প্রধানমন্ত্রী লিজ ট্রাস। একইদিনে দেশটির সাবেক পররাষ্ট্রমন্ত্রী জেরেমি হান্টকে অর্থমন্ত্রী হিসেবে নিয়োগ দিয়েছেন। সূত্র: জনকণ্ঠ
- ইউক্রেন-রাশিয়ায় চলমান যুদ্ধ ইস্যুতে ইউক্রেনকে আরও ৭২ কোটি ৫০ লাখ ডলারের সামরিক সহায়তা দেওয়ার ঘোষণা দিয়ে হোয়াইট হাউসের বিবৃতি। সূত্র: ইত্তেফাক
- সৌদি যুবরাজ মোহাম্মদ বিন সালমান ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির সঙ্গে ফোনে কথা বলেছেন। ফোনালাপে যুদ্ধবিধ্বস্ত ইউক্রেনকে ৪০০ মিলিয়ন ডলার আর্থিক সহায়তা দেওয়ার ঘোষণা দিয়েছে সৌদি আরব। সূত্র: যুগান্তর
- যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসিতে আইএমএফ-এর বার্ষিক সম্মেলনে আগামী ২০২৩ সালে খাদ্য, জ্বালানি তেলসহ নিত্যপণ্যের চাহিদা ও সরবরাহের তারতম্যের জন্য বিশ্বে মহামন্দা হতে পারে বলে শঙ্কা

প্রকাশ। মহামন্দা ঠেকাতে ও দুর্ভিক্ষ কাটাতে ১৭০ বিলিয়ন ডলারের তহবিল গঠন করা হয়েছে বলে জানিয়েছে বিশ্বব্যাংক প্রধান ও আইএমএফ এমডি। সূত্র: ভোরের কাগজ

- জনপ্রিয় সিরিজ চলচ্চিত্র হ্যারি পটার হ্যাগ্রিড চরিত্রের অভিনেতা রবি কোলট্রান ৭২ বছর বয়সে মৃত্যুবরণ করেন। সূত্র: ইত্তেফাক

**১৫ অক্টোবর**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার আমন্ত্রণে প্রথমবার ব্রুনাইয়ের সুলতান হাজি হাসানাল বলকিয়াহ তিন দিনের রাষ্ট্রীয় সফরে ঢাকা পৌঁছান। সূত্র: যুগান্তর
- জাতীয় রাজস্ব বোর্ড ২০২২-২৩ অর্থবছরের বাজেটে আয়করের ক্ষেত্রে আনা বিভিন্ন পরিবর্তন একত্র করে আয়কর পরিপত্র জারি করেছে। সূত্র: সমকাল
- রাশিয়ার বেলগোরোদ অঞ্চলের সেনা প্রশিক্ষণ কেন্দ্রে সাবেক সোভিয়েত রিপাবলিক আমলের দুই সেনা কর্মকর্তার গুলিতে ১১ জন নিহত হয়েছেন ও আহত হয়েছেন ১৫ প্রশিক্ষণার্থী। সূত্র: যুগান্তর

**১৬ অক্টোবর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপস্থিতিতে তার কার্যালয়ে সফররত ব্রুনাই সুলতান হাজি হাসানাল বলকিয়াহর সঙ্গে বাংলাদেশ ও ব্রুনাইয়ের মধ্যে তরলীকৃত প্রাকৃতিক গ্যাস এবং অন্যান্য পেট্রোলিয়াম সরবরাহে সহযোগিতা করতে একটি চুক্তি ও তিনটি সমঝোতা স্মারক স্বাক্ষর হয়েছে। সূত্র: ইত্তেফাক
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ‘অসমাপ্ত আত্মজীবনীগ্রন্থ’টি ত্রিপুরার ককবরক ভাষায় ‘পাইথাকয়া লাংমা’ নামে অনুবাদ করেছেন কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের নৃবিজ্ঞান বিভাগের সপ্তম ব্যাচের সাবেক শিক্ষার্থী যুবরাজ দেববর্মা। সূত্র: ভোরের কাগজ
- তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সচিব মো. মকবুল হোসেনকে সরকারি চাকরি থেকে অবসর প্রদান করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন জারি। সূত্র: ইত্তেফাক



- চীনের প্রেসিডেন্ট শি জিন পিং রাজধানী বেজিংয়ের ‘গ্রেট হল অব দ্য পিপল’ মিলনায়তনে ক্ষমতাসীন কমিউনিস্ট পার্টির (সিপিসি) ২০তম কংগ্রেসের সপ্তাহব্যাপী অনুষ্ঠানের উদ্‌বোধন করেন। সূত্র: কালের কণ্ঠ

**১৭ অক্টোবর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে কৃষি মন্ত্রণালয় আয়োজিত ‘বিশ্ব খাদ্য দিবস-২০২২’ উদ্‌যাপন উপলক্ষ্যে অনুষ্ঠানে ভার্চুয়ালি অংশ নেন। সূত্র: ইত্তেফাক
- একুশে পদকপ্রাপ্ত অভিনয়শিল্পী ও নাট্যকার মাসুম আজিজ (৭০) ইন্তেকাল করেছেন। সূত্র: জনকণ্ঠ
- লুক্সেমবার্গে অনুষ্ঠিত পররাষ্ট্রমন্ত্রীদের বৈঠকে ইউরোপীয় ইউনিয়ন ইরানি তরুণী মাহসা আমিনি মৃত্যুর ঘটনায় চলমান ‘হিজাববিরোধী’ বিক্ষোভে মানবাধিকার লঙ্ঘনের অভিযোগে দেশটির ওপর নতুন নিষেধাজ্ঞা আরোপ করে। সূত্র: প্রথম আলো

**১৮ অক্টোবর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে শেখ রাসেলের জন্মদিন উপলক্ষ্যে আয়োজিত ‘শেখ রাসেল পদক-২০২২’ প্রদান অনুষ্ঠানে ভার্চুয়ালি যুক্ত হন। সূত্র: ইত্তেফাক
- ইউক্রেনের প্রেসিডেন্ট দপ্তরের প্রধান স্টাফ অ্যান্দ্রি ইয়ারমাক সামাজিক যোগাযোগ মাধ্যমে দেওয়া পোস্টে বলেন, প্রায় আট মাস যুদ্ধের পর মস্কোর সঙ্গে বন্দি বিনিময়ের কার্যক্রমের প্রথম অংশ হিসেবে রাশিয়া থেকে ১০৮ নারীকে তাদের বন্দিদশা থেকে মুক্তি দেওয়া হয়েছে। সূত্র: জনকণ্ঠ
- ব্রিটিশ ব্রডকাস্টিং করপোরেশন (বিবিসি)-এর যাত্রার ১০০ বছর উদ্‌যাপিত। সূত্র: কালের কণ্ঠ
- শ্রীলঙ্কার লেখক শেহান করুনাতিলক তার উপন্যাস ‘দ্য সেভেন মুনস অব মালি আলমেইদা’ এর জন্য আন্তর্জাতিক বুকার পুরস্কার পেয়েছেন। সূত্র: সমকাল

**১৯ অক্টোবর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি পাবনার ঈশ্বরদীতে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের (আরএনপিপি) ইউনিট-২ এর রিঅ্যাক্টর প্রেসার ভেসেল (পারমাণবিক চুল্লির মূল কাঠামো) স্থাপন উদ্‌বোধন করেন। সূত্র: সমকাল
- অর্থমন্ত্রী আ হ ম মোস্তফা কামালের সভাপতিত্বে সচিবালয়ে ভার্চুয়ালি অনুষ্ঠিত সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় ২০২৩ সালের জন্য বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশনের ৫৫ লাখ টন জ্বালানি তেল ক্রয়ের প্রস্তাব অনুমোদন। সূত্র: সমকাল
- রাশিয়ার নিরাপত্তা কাউন্সিলের বৈঠকে প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন দেশটির রাষ্ট্রীয় টেলিভিশনে ভাষণে ইউক্রেনে দখল করা লুহানস্ক, দোনেৎস্ক, জাপোরিঝিয়া ও খেরসন এই চার অঞ্চলে সামরিক আইন জারি করেছে। সূত্র: ইত্তেফাক

**২০ অক্টোবর**

- দেশে চলতি বছরের সেপ্টেম্বরে ১৪ দশমিক ৭৪ মিলিয়ন কেজি চা উৎপাদিত হয়েছে, যা অতীতের যে কোনো মাসের উৎপাদন রেকর্ডকে ছাড়িয়ে গেছে; বাংলাদেশ চা বোর্ড। সূত্র: যুগান্তর
- ডেঙ্গু নিধনে সপ্তাহব্যাপি বিশেষ মশক নিধন অভিযান শুরু করে ঢাকা উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি)। সূত্র: ভোরের কাগজ
- যুক্তরাজ্যের ইতিহাসে সবচেয়ে কম সময়ের প্রধানমন্ত্রী লিজ ট্রাস দায়িত্ব নেওয়ার পর ১০ নম্বর ডাউনিং স্ট্রিটের সামনে জাতির উদ্দেশে ভাষণে প্রধানমন্ত্রী হিসেবে পদত্যাগের ঘোষণা দিয়েছেন। সূত্র: সমকাল
- ইউরোপীয় ভোক্তাদের জ্বালানি মূল্যের ঊর্ধ্বগতি থেকে রক্ষা করার জন্য নতুন 'রোডম্যাপ' ঘোষণা করেছে ফ্রান্স, জার্মানিসহ ইউরোপীয় ইউনিয়নের নেতারা। নতুন চুক্তির আওতায় ভবিষ্যতে রাষ্ট্রজোট হিসেবে গ্যাস কিনবে ইইউ। সূত্র: যুগান্তর
- বিশ্বের সর্ববৃহৎ টিকা উৎপাদক প্রতিষ্ঠান সেরাম ইনস্টিটিউট অব ইন্ডিয়া মেয়াদোত্তীর্ণ হওয়ায় করোনা টিকা ধ্বংস করেছে । সূত্র: সমকাল



- রাশিয়ার ব্যাপক ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলায় বেশ কয়েকটি উৎপাদন কেন্দ্র ধ্বংস হওয়ার পর দেশজুড়ে বিদ্যুতের ব্যবহার সীমিত করেছে ইউক্রেন। সূত্র: সমকাল

**২১ অক্টোবর**

- শ্রীলঙ্কায় অর্থনৈতিক সংকটে বিক্ষোভকারীদের দাবির মুখে প্রেসিডেন্টে প্রেসিডেন্ট রনিল বিক্রমাসিংহের ক্ষমতা কমানোর জন্য দেশটির পার্লামেন্টে বিল পাস হয়েছে। সূত্র: প্রথম আলো
- যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষামন্ত্রী লয়েড অস্টিনের সঙ্গে রাশিয়ার প্রতিরক্ষামন্ত্রী সের্গেই সোইগু আন্তর্জাতিক নিরাপত্তা সমস্যা ও ইউক্রেনে বর্তমান পরিস্থিতি নিয়ে ফোনালাপ করেন। সূত্র: যুগান্তর
- রাষ্ট্রীয় উপহার তোশাখানায় জমা না দিয়ে বিক্রির অভিযোগে পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী ইমরান খানকে পাঁচ বছরের জন্য পার্লামেন্ট সদস্য হওয়ার অযোগ্য ঘোষণা করেছে দেশটির নির্বাচন কমিশন। সূত্র: সমকাল
- ইতালির প্রথম নারী প্রধানমন্ত্রী হিসেবে মনোনীত হয়েছেন দেশটির উগ্র ডানপন্থী নেতা জর্জিয়া মেলোনি। সূত্র: ইত্তেফাক
- ইউরোপীয় ইউনিয়ন রুশ আগ্রাসন প্রতিহত করতে ইউক্রেনকে ২০২৩ সাল থেকে প্রতি মাসে দেড় বিলিয়ন ইউরো সহায়তার ঘোষণা দিয়েছে। সূত্র: ভোরের কাগজ
- 'ইন্টারন্যাশনাল ফেডারেশন অব ফিল্ম ক্রিটিকস'-এর পক্ষ থেকে ভারতীয় চলচ্চিত্র নির্মাতা সত্যজিৎ রায়ের নির্মিত সিনেমা 'পথের পাঁচালী' দেশটির সর্বকালের সেরা চলচ্চিত্রের স্বীকৃতি পেয়েছে। সূত্র: যুগান্তর

**২২ অক্টোবর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'জাতীয় নিরাপদ সড়ক দিবস' উপলক্ষ্যে দেয়া বাণীতে সড়ক দুর্ঘটনা রোধে, ব্যাপকভাবে জনসচেতনতা সৃষ্টির ক্ষেত্রে সবাইকে এগিয়ে আসার এবং ট্রাফিক আইন মেনে চলার সংস্কৃতি গড়ে তোলার আহ্বান জানিয়েছেন। সূত্র: যুগান্তর

- চীনের কমিউনিস্ট পার্টির ২০তম কংগ্রেস সম্পন্ন। পার্টির বর্তমান সাধারণ সম্পাদক ও চীনের বর্তমান প্রেসিডেন্ট শি জিন পিংয়ের তৃতীয় মেয়াদে ক্ষমতা বাড়িয়ে সংশোধিত দলীয় গঠনতন্ত্র অনুমোদন দেওয়া হয়। সূত্র : যুগান্তর
- ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি 'রোজগার মেলা'র মাধ্যমে একদিনে ৭৫ হাজার মানুষকে চাকরি দিয়েছেন। সূত্রঃ সমকাল
- বাংলাদেশের সাবেক সংসদ সদস্য কাজী শহিদুল ইসলাম পাপুলের বিরুদ্ধে দায়ের অর্থপাচার মামলায় তার ২ সহযোগী কুয়েতের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী আন্ডার সেক্রেটারি শেখ মাজেন আল-জাররাহ এবং পার্লামেন্টের প্রার্থী নাওয়াফ আল-শালাহিকে ৫ বছর করে কারাদণ্ড ও তাদের প্রত্যেককে এক দশমিক ৩৬ মিলিয়ন কুয়েতি দিনার জরিমানা করেছেন কুয়েতের উচ্চ আদালত। সূত্রঃ ভোরের কাগজ

**২৩ অক্টোবর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা চীনের কমিউনিস্ট পার্টির কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক হিসেবে তৃতীয় মেয়াদে নির্বাচিত হওয়ায় দেশটির প্রেসিডেন্ট শি জিনপিংকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। সূত্র : সমকাল
- রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে সড়ক, পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরের উপস্থিতিতে জাপানের নিপ্পন কোয়ি কোম্পানি লিমিটেডের সঙ্গে দেশের প্রথম পাতাল রেল নির্মাণ চুক্তি স্বাক্ষর। সূত্রঃ ভোরের কাগজ
- আইসিডিডিআর,বির বিজ্ঞপ্তিঃ দেশে করোনাভাইরাসের ওমিক্রন ভ্যারিয়েন্টের আরও একটি নতুন সাব-ভ্যারিয়েন্ট 'এক্স বি বি' শনাক্ত হয়েছে। সূত্র : যুগান্তর
- সরকারি কর্মচারীদের গ্রেপ্তারে সরকারের পূর্বানুমতি নেওয়ার বিধান বাতিল করে হাইকোর্টের দেওয়া রায় লিভ টু আপিল নিস্পত্তি না হওয়া পর্যন্ত স্থগিত থাকবে বলে আদেশ দিয়েছেন প্রধান বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকীর নেতৃত্বাধীন ৫ বিচারপতির পূর্ণাঙ্গ আপিল বিভাগ। সূত্রঃ যুগান্তর



- ইউক্রেনের পূর্বাঞ্চলে পাওয়ার গ্রিডে রাশিয়ার ক্ষেপণাস্ত্র হামলায় ১৫ লাখ মানুষ বিদ্যুৎ বিচ্ছিন্ন হয়ে অন্ধকারে রয়েছে। সূত্রঃ সংবাদ

**২৪ অক্টোবর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘূর্ণিঝড় সিত্রাংয়ের কারণে উদ্ভূত পরিস্থিতি মোকাবিলায় উপকূলীয় এলাকার সংসদ সদস্য এবং আওয়ামী লীগ নেতাকর্মীসহ সংশ্লিষ্ট সবাইকে সর্বাত্মক প্রস্তুতি নেওয়ার নির্দেশ দেন। সূত্রঃ ইত্তেফাক
- ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় পাকিস্তানি হানাদার বাহিনীর নির্যাতনের শিকার হয়ে জন্ম নেওয়া 'যুদ্ধশিশু'দের পূর্ণ মর্যাদা (জাতীয় পরিচয়পত্র) দেওয়ার বিষয়ে সরকারের কাছে সুপারিশের জন্য জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের (জামুকা) ৮১তম সভায় সিদ্ধান্ত নিয়েছে। সূত্রঃ সমকাল
- প্রধান বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকীর নেতৃত্বাধীন আপিল বিভাগের বেঞ্চ সরকারি চাকরি থেকে স্বেচ্ছায় পদত্যাগের পর পেনশন সুবিধা না পাওয়া সংক্রান্ত বিধানের অংশ বিশেষ সংবিধানের সঙ্গে সাংঘর্ষিক ঘোষণা করা হাইকোর্টের রায়ের বিরুদ্ধে রাষ্ট্রপক্ষকে আপিল (লিভ টু আপিল) করার অনুমতি দিয়েছেন। সূত্রঃ সংবাদ
- প্রখ্যাত চলচ্চিত্র প্রযোজক, পরিচালক ও পরিবেশক সমিতির সাবেক সভাপতি আজিজুর রহমান বুলি (৭৭) ইন্তেকাল করেছেন। সূত্রঃ জনকণ্ঠ
- মিয়ানমারের উত্তরাঞ্চলীয় রাজ্য কাচিনে সংগীত উৎসবে দেশটির সামরিক বাহিনীর বিমান হামলায় ৬০ জনের বেশি নিহত হয়েছেন। সূত্রঃ যুগান্তর

**২৫ অক্টোবর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে সৌজন্য সাক্ষাৎ করেন নেপালের রাষ্ট্রদূত ঘনশ্যাম ভান্ডারি। সূত্র : ইত্তেফাক
- ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্সেস অ্যান্ড হাসপাতাল সুইজারল্যান্ডের নোভার্টিসের উদ্যোগে দেশে প্রথমবারের মতো 'স্পাইনাল মাস্কুলার অ্যাট্রফি (এসএমএ)' নামক জটিল স্নায়ুরোগ রোগে আক্রান্ত শিশুকে বিনামূল্যে জিন থেরাপি দিয়েছে। সূত্রঃ ইত্তেফাক

- ব্রিটেনের প্রধানমন্ত্রী লিজ ট্রাস ১০ নং ডাউনিং স্ট্রিট থেকে বিদায়ী ভাষণ দেন। তিনি প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব পালনের ৫০তম দিনে আনুষ্ঠানিকভাবে পদত্যাগ করেন। সূত্র: ইত্তেফাক
- ব্রিটেনে ক্ষমতাসীন কনজারভেটিভ পার্টির ভারতীয় বংশোদ্ভূত নেতা এবং সাবেক অর্থমন্ত্রী ঋষি সুনাক (৪২) বিনা প্রতিদ্বন্দ্বিতায় প্রধানমন্ত্রী হিসেবে নির্বাচিত হয়েছেন। সূত্র: ইত্তেফাক

**২৬ অক্টোবর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবনে ভোগ্যপণ্য আমদানিকারক ও রপ্তানিকারকদের সঙ্গে মতবিনিময় করেন। সূত্র: সংবাদ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইতালির প্রথম নারী প্রধানমন্ত্রী জর্জিয়া মেলোনিকে অভিনন্দন জানিয়েছেন। সূত্র: ইত্তেফাক
- বৈশ্বিক সংকট মোকাবিলায় আন্তর্জাতিক মুদ্রা তহবিল (আইএমএফ) থেকে ঋণ নিয়ে আলোচনা করতে আইএমএফের দক্ষিণ এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের প্রধান রাহুল আনন্দের নেতৃত্বে ১০ সদস্যের প্রতিনিধি দল ঢাকা পৌঁছান। সূত্র: যুগান্তর
- যুদ্ধে বিধ্বস্ত ইউক্রেন পুনর্গঠনের জন্য 'মার্শাল প্ল্যান' করার বিষয়ে আলোচনার জন্য জার্মানির চ্যান্সেলর ওলাফ শুলজ ও ইউরোপীয় কমিশনের আহ্বানে বার্লিনে বিশ্বের নেতৃবৃন্দ, উন্নয়ন বিশেষজ্ঞ ও বিভিন্ন সংস্থার প্রধান কর্মকর্তারা বৈঠক করেন। সূত্র: সংবাদ
- চীনের সাংহাইতে ইতোমধ্যে যারা দুটি টিকা নিয়েছেন তাদের 'বুস্টার' হিসেবে বিশ্বের প্রথম মুখে নেওয়ার করোনা টিকা প্রদান শুরু হয়েছে। সূত্র: ইত্তেফাক

**২৭ অক্টোরব**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের কাছে বঙ্গভবনে ঢাকাস্থ ভারতীয় নতুন হাইকমিশনার প্রণয় ভার্মা পরিচয়পত্র পেশ করেছেন। সূত্র: যুগান্তর
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি পায়রা সমুদ্রবন্দরে বেশ কয়েকটি উন্নয়ন প্রকল্পের উদ্‌বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। প্রকল্পগুলোর মধ্যে রয়েছে বন্দরের ক্যাপিটাল ড্রেজিং, আটটি জাহাজের



উদ্‌বোধন, প্রথম টার্মিনাল, ছয় লেনের সংযোগ সড়ক ও একটি সেতু নির্মাণ। সূত্র: যুগান্তর

- শ্রম খাতের উন্নয়নে একসঙ্গে কাজ করার লক্ষ্যে বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যে শ্রম সংক্রান্ত ওয়ার্কিং গ্রুপের ভার্চুয়াল বৈঠক অনুষ্ঠিত। সূত্র: যুগান্তর
- যুক্তরাষ্ট্রভিত্তিক ওয়ার্ল্ড জাস্টিস প্রজেক্টের 'আইনের শাসন সূচক ২০২২' প্রতিবেদনে; আইনের শাসনে বিশ্বের ১৪০ দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ১২৭তম। সূত্র: সমকাল
- ইসরাইল এবং লেবানন যুক্তরাষ্ট্রের মধ্যস্থতায় দু'দেশের সমুদ্রের তলদেশের বিরোধপূর্ণ গ্যাস ক্ষেত্রগুলো থেকে গ্যাস আহরণের লক্ষ্যে সমুদ্রসীমা চুক্তিতে স্বাক্ষর করেছেন ইসরাইলের প্রধানমন্ত্রী ইয়াইর ল্যাপিদ এবং লেবাননের প্রেসিডেন্ট মিশেল আওন। সূত্র: সমকাল
- দক্ষিণ আফ্রিকান এয়ারলাইনে (ঝঅঅ) প্রথমবারের মতো দুই কৃষ্ণাঙ্গ নারী ক্যাপ্টেন ভন্ডলা (৪২) ও ফার্স্ট অফিসার মুরেতসি (৩৫) জোহানেসবার্গ থেকে কেপটাউন পর্যন্ত লোকাল ফ্লাইট পরিচালনা করেন। সূত্র: যুগান্তর

**২৮ অক্টোবর**

- প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা গণভবনে অনুষ্ঠিত আওয়ামী লীগের কার্যনির্বাহী সংসদের সঙ্গে বৈঠক করেন। সূত্র: যুগান্তর
- বঙ্গবন্ধুর স্মৃতিবিজড়িত ভারতের কলকাতার বেকার হোস্টেল পরিদর্শন করেছেন দেশটিতে সফররত প্রধান বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকী। সূত্র: সমকাল
- যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সদর দপ্তর পেন্টাগন থেকে রাশিয়ার বিরুদ্ধে লড়াইয়ে ইউক্রেনকে অত্যাধুনিক প্রযুক্তিগত সুবিধা দেওয়ার জন্য ৪টি স্যাটেলাইট উৎক্ষেপণ করবে যুক্তরাষ্ট্র। একইসঙ্গে ইউক্রেনকে মার্কিন ক্ষেপণাস্ত্র ব্যবস্থা হিমার্সসহ অত্যাধুনিক সমরাস্ত্র কিনতে আরও ২৭৫ মিলিয়ন ডলার অর্থ সহায়তা দেওয়ার ঘোষণা দিয়েছে। সূত্র: যুগান্তর

- চলমান যুদ্ধে নিজেদের লক্ষ্য অর্জনে ইউক্রেনে ৮২ হাজার রিজার্ভ সেনা পাঠিয়েছে রাশিয়া; দেশটির প্রেসিডেন্ট পুতিনের সঙ্গে বৈঠকে প্রতিরক্ষামন্ত্রী সের্গেই সোইগু এ তথ্য জানিয়েছেন। সূত্র: ইত্তেফাক

**২৯ অক্টোবর**

- ‘আবু রুশদ সাহিত্য পুরস্কার ২০২১’ পুরস্কার পেয়েছেন আনোয়ারা সৈয়দ হক, ওয়াসি আহমেদ এবং উদীয়মান শাখায় পাপড়ি রহমান ও মাহমুদ আখতার শরীফ। আবু রুশদ স্মৃতি পর্ষদের পক্ষ থেকে ছায়ানট সংস্কৃতি-ভবনের রমেশ চন্দ্র দত্ত স্মৃতি মিলনায়তন কেন্দ্রে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইমেরিটাস অধ্যাপক সিরাজুল ইসলাম চৌধুরীর সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে পুরস্কার তুলে দেওয়া হয়েছে। সূত্র: যুগান্তর
- ভারতের নয়াদিল্লিতে দুই দিনব্যাপী সন্ত্রাসবিরোধী বৈঠকে জাতিসংঘের সদস্য দেশগুলোর সন্ত্রাস দমনের সক্ষমতা বৃদ্ধি করতে সংঘের ট্রাস্ট ফান্ডে ৫ লাখ ডলার দেওয়ার ঘোষণা দিয়েছে ভারত। সূত্র: সমকাল
- কৃষ্ণসাগরে অবস্থিত রাশিয়ার নৌবহরে ড্রোন হামলার ঘটনায় ক্ষুব্ধ হয়ে খাদ্যশস্য রপ্তানির চুক্তি স্থগিত করেছে রাশিয়া। সূত্র: যুগান্তর
- মার্কিন যুক্তরাষ্ট্রে মধ্যবর্তী নির্বাচন শুরু। প্রেসিডেন্ট জো বাইডেন পূর্বাঞ্চলীয় ডেলাওয়্যার রাজ্যের নিজ শহর উইলমিংটনে ভোট দিয়েছেন। সূত্র: ইত্তেফাক
- দক্ষিণ কোরিয়ায় রাজধানী সিউলের ইতায়ুনের হ্যালোইন উৎসবের অনুষ্ঠানে পদদলিত হয়ে ১৪৬ জন নিহত ও ১৫০ জন আহত হয়েছেন। সূত্র: যুগান্তর
- ইউক্রেন-রাশিয়ার মধ্যে যুদ্ধবন্দি বিনিময় চুক্তির ধারাবাহিকতায় দুই দেশের আরও ৫০ বন্দি বিনিময় হয়েছে। সূত্র: ইত্তেফাক

**৩০ অক্টোবর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতীয় সংসদের ২০তম অধিবেশনে চলমান সংসদের উপনেতা প্রয়াত সৈয়দা সাজেদা চৌধুরী এবং সংরক্ষিত আসনের সংসদ সদস্য শেখ এ্যানী রহমানের ওপর আনা শোক প্রস্তাবের ওপর আলোচনায় অংশ নেন। সূত্র: যুগান্তর



- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিয়ো টেলিকনফারেন্সের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে বাংলাদেশ নৌবাহিনীতে ২টি মেরিটাইম প্যাট্রোল এয়ারক্রাফট (এমপিএ) সংযোজন এবং নৌবাহিনীর রীতি অনুযায়ী নামফলক উন্মোচন করেন। সূত্র: ইত্তেফাক
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে প্রয়াত মার্কিন সিনেটর এডওয়ার্ড এম কেনেডির ছেলে টেড কেনেডি জুনিয়র এবং তার পরিবারের তিন সদস্য সৌজন্য সাক্ষাৎ করেন। যুক্তরাষ্ট্র-বাংলাদেশ সম্পর্কের ৫০তম বার্ষিকী উদ্‌যাপনের অংশ হিসেবে কানেটিকাট স্টেট সিনেটের সাবেক সদস্য টেড কেনেডি জুনিয়র সাত দিনের সফরে ঢাকা পৌঁছান। সূত্র: সমকাল
- রাজধানীর সেগুনবাগিচায় জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) নীতিনির্ধারকদের সঙ্গে রাজস্ব আহরণের বর্তমান পরিস্থিতি ও চলমান অর্থনৈতিক সংকট মোকাবিলায় বাড়তি রাজস্ব আহরণের পরিকল্পনা সম্পর্কে জানতে সফররত আন্তর্জাতিক মুদ্রা তহবিল (আইএমএফ) প্রতিনিধি দল বৈঠক করেন। সূত্র: ইত্তেফাক
- টেকনাফের শাহপরীর দ্বীপ বিওপি সংলগ্ন সাউদার্ন পয়েন্টে বাংলাদেশ বর্ডার গার্ড (বিজিবি) ও মিয়ানমার বর্ডার গার্ড (বিজিপি) ব্যাটালিয়ন অধিনায়ক পর্যায়ে ‘পতাকা বৈঠক’ অনুষ্ঠিত হয়। বৈঠকে মিয়ানমার সীমান্তরক্ষী বাহিনীর (বিজিপি) ব্যাটালিয়ন কমান্ডার মিয়ানমারের অভ্যন্তরে চলমান সংঘাত চলাকালে বাংলাদেশ সীমান্তে মর্টারশেল ও গুলি আসাসহ সম্প্রতি ঘটে যাওয়া বিভিন্ন ঘটনায় আনুষ্ঠানিকভাবে দুঃখ প্রকাশ করেন। সূত্র: ইত্তেফাক
- সোমালিয়ার রাজধানী মোগাদিসুতে শিক্ষা মন্ত্রণালয়ের বাইরে দুটি গাড়ি বোমা বিস্ফোরণের ঘটনায় ১০০ জন নিহত ও ৩০০ জন আহত হয়েছেন। সূত্র: ইত্তেফাক

**৩১ অক্টোবর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তার কার্যালয়ে মন্ত্রিসভার বৈঠক অনুষ্ঠিত হয়। সভায় প্রতিবছরের ৪ নভেম্বর ‘জাতীয় সংবিধান দিবস’ হিসেবে পালনের সিদ্ধান্ত নেওয়া হয়। এ ছাড়া ‘অত্যাবশ্যক পরিষেবা

আইন-২০২২’ এবং ‘বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা (সংশোধন) আইন ২০২২’ আইনের খসড়ায় চূড়ান্ত অনুমোদন দেওয়া হয়। ২০২৩ সালের সরকারি ছুটির তালিকাও অনুমোদন করা হয় এই সভায়। সূত্র: ভোরের কাগজ

- সৌদি আরবের রিয়াদে বাংলাদেশ ও সৌদি আরবের মধ্যে যৌথ অর্থনৈতিক কমিশনের ১৪তম সভা অনুষ্ঠিত হয়। সভায় বাংলাদেশের নৌ-পরিবহন মন্ত্রণালয় এবং সৌদি আরবের যোগাযোগ মন্ত্রণালয়ের মধ্যে নৌ পেশাজীবী নিয়োগ, প্রশিক্ষণ, জ্বালানি সহযোগিতা বৃদ্ধিতে একটি টাস্কফোর্স গঠন এবং সম্ভাব্য সব ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতা বাড়াতে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। সূত্র: সমকাল
- ইরানের দক্ষিণাঞ্চলীয় প্রদেশ হরমোজগানের উপকূল থেকে চুরি করা তেল নিয়ে যাওয়ার সময় ১ কোটি ১০ লাখ লিটার তেলসহ ট্যাংকার জাহাজ আটক করেছে দেশটির ইসলামি বিপ্লবী গার্ড বাহিনী (আইআরজিসি)। সূত্র: ইত্তেফাক
- ইরানের সাম্প্রতিক দাঙ্গায় উসকানি, মানবাধিকার লঙ্ঘন ও সন্ত্রাসবাদে সমর্থন দেওয়ার দায়ে যুক্তরাষ্ট্রের ১০ ব্যক্তি ও চার প্রতিষ্ঠানকে নতুন করে নিষেধাজ্ঞা আরোপ করে বিবৃতি দিয়েছে দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়। সূত্র: যুগান্তর



## নভেম্বর

**১ নভেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে জাতীয় যুব দিবস উপলক্ষ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় আয়োজিত ‘জাতীয় যুব পুরস্কার ২০২২’ প্রদান অনুষ্ঠানে অংশ নেন। সূত্র: জনকণ্ঠ
- তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সচিবের দায়িত্ব পেলেন নির্বাচন কমিশন সচিবালয়ের সচিব মো. হুমায়ুন কবীর খোন্দকার। জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি। সূত্র: ইত্তেফাক
- পদ্মা সেতুর ওপর দিয়ে চলল পরীক্ষামূলক ‘ট্র্যাক কার’ বা ‘গ্যাংকার’ ট্রেন। বেলা ১১টায় ভাঙ্গা রেলস্টেশনের কাছ থেকে রওয়ানা দিয়ে বিশেষ আকৃতির রেল ইঞ্জিনটি (গ্যাংকার) দুপুর ১টায় পদ্মা সেতুর জাজিরা প্রান্তে পৌঁছে। সূত্র: প্রথম আলো
- উপসচিব পদে পদোন্নতি পেলেন ২৮০ জন কর্মকর্তা। জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি। সূত্র: যুগান্তর
- জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জনের অভিযোগে দুর্নীতি দমন কমিশনের (দুদক) করা মামলায় বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ও তার স্ত্রী ডা. জোবায়দা রহমানের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেছেন আদালত। সূত্র: ইত্তেফাক
- ৪০তম বিসিএসের চূড়ান্ত ফলের গেজেট প্রকাশ। উত্তীর্ণদের মধ্যে ১ হাজার ৯২৯ জনকে বাংলাদেশ সিভিল সার্ভিসের বিভিন্ন ক্যাডারে নিয়োগের সুপারিশ। সূত্র: ইত্তেফাক
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ৯৮৩ জন হাসপাতালে ভর্তি। ৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- সেনাবাহিনীতে বাধ্যতামূলক নিয়োগ বা সেনা সংগ্রহ সমাপ্ত ঘোষণা করল রাশিয়া। রুশ প্রতিরক্ষা মন্ত্রণালয়ের পক্ষ থেকে এ তথ্য নিশ্চিত করা হয়। সূত্র: জনকণ্ঠ

**২ নভেম্বর**

- জাতীয় সংসদ ভবনে সরকারি দলের সম্মেলন কক্ষে আওয়ামী লীগ সংসদীয় দলের বৈঠক অনুষ্ঠিত। সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: ইত্তেফাক
- যুগ্মসচিব পদে পদোন্নতি পেলেন ১৭৯ জন কর্মকর্তা। জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি। সূত্র: যুগান্তর
- কলাপাড়ার মহিপুরে প্রধানমন্ত্রীর ছবি বিকৃত করে ফেসবুকে পোস্ট দেওয়ায় আরিফুল ইসলাম (১৮) নামের এক যুবক গ্রেপ্তার। সূত্র: যুগান্তর
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ১ হাজার ৯৪ জন হাসপাতালে ভর্তি। ৪ জনের মৃত্যু। সূত্র: সংবাদ
- জালিয়াতি ও প্রতারণার মামলায় দৈনিক ভোরের পাতার সম্পাদক ও প্রকাশক ড. কাজী এরতেজা হাসানের একদিনের রিমান্ড মঞ্জুর। ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মোশাররফ হোসেন রিমান্ডের এ আদেশ দেন। সূত্র: ইত্তেফাক

**৩ নভেম্বর**

- জেলহত্যা দিবস উপলক্ষ্যে রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বাংলাদেশ আওয়ামী লীগ আলোচনা সভার আয়োজন করে। প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: ইত্তেফাক
- দুর্নীতির মামলায় দোষী সাব্যস্ত হয়ে চাকরি থেকে বরখাস্ত হলেন অতিরিক্ত পুলিশ কমিশনার (ডিআইজি) মিজানুর রহমান। সূত্র: সংবাদ
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ৮৮২ জন হাসপাতালে ভর্তি। ৯ জনের মৃত্যু। সূত্র: সংবাদ
- পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী ইমরান খানসহ সাতজন গুলিবিদ্ধ এবং একজন নিহত। আহতদের মধ্যে দুজনের অবস্থা গুরুতর। সূত্র: জনকণ্ঠ
- চট্টগ্রামে এক দশক আগে কুকুর লেলিয়ে হিমাদ্রি হত্যার ঘটনায় করা মামলায় নিম্ন আদালতে মৃত্যুদণ্ডপ্রাপ্ত ৫ আসামির মধ্যে ৩ জনের মৃত্যুদণ্ডের রায় ঘোষণা। সূত্র: ইত্তেফাক



**৪ নভেম্বর**

- গণভবনে আওয়ামী লীগের স্থানীয় সরকার জনপ্রতিনিধি মনোনয়ন বোর্ডের সভা অনুষ্ঠিত। সভায় সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: ইত্তেফাক
- রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউট মিলনায়তনে চতুর্থ শিল্প বিপ্লব নিয়ে আওয়ামী লীগের বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক উপকমিটি আয়োজিত আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত। সূত্র: ইত্তেফাক
- জাপানের সর্বোচ্চ রাষ্ট্রীয় খেতাবে ভূষিত হলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. আবুল বারকাত। সূত্র: ইত্তেফাক
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ৪৯৮ জন হাসপাতালে ভর্তি। একজনের মৃত্যু। সূত্র: সংবাদ
- সারাদেশে করোনা ভাইরাসে গত ২৪ ঘণ্টায় নতুন রোগী শনাক্ত ৮৮ জন। সূত্র: সংবাদ

**৫ নভেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আয়োজিত ৫১তম জাতীয় সমবায় দিবসের অনুষ্ঠানে ভার্চুয়ালি যুক্ত হন। সূত্র: ইত্তেফাক
- কুমিল্লা টাউন হল মাঠে মহানগর আওয়ামী লীগের ত্রিবার্ষিক সম্মেলনের উদ্‌বোধন করেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। সূত্র: ইত্তেফাক
- বরিশালের বঙ্গবন্ধু উদ্যানে বিএনপির গণসমাবেশ অনুষ্ঠিত। দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সূত্র: সংবাদ
- সারাদেশে এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু। ১১টি শিক্ষা বোর্ডের অধীনে এ বছর পরীক্ষায় অংশ নিচ্ছে ১২ লাখ ৩ হাজার ৪০৭ জন শিক্ষার্থী। সূত্র: সমকাল
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ৫ জনের মৃত্যু। নতুন রোগী ভর্তি ৭৮৮ জন। সূত্র: প্রথম আলো

- ২৪ ঘণ্টায় সারাদেশে ১ হাজার ৮৯২টি নমুনা পরীক্ষা করা হয়। শনাক্ত ৩৭ জন। সূত্র: প্রথম আলো
- রাশিয়ায় ড্রোন সরবরাহের কথা স্বীকার করল ইরান। সূত্র: ইত্তেফাক
- পাকিস্তানের কাছে হেরে বিশ্বকাপ ক্রিকেট থেকে বাংলাদেশের বিদায়। সেমিফাইনালে ভারত ও পাকিস্তান। সূত্র: সংবাদ

**৬ নভেম্বর**

- জাতীয় জাদুঘর মিলনায়তনে আওয়ামী লীগ আয়োজিত 'অগ্নি সন্ত্রাসের আর্তনাদ : বিএনপি-জামায়াতের অগ্নি সন্ত্রাস, নৈরাজ্য ও মানবাধিকার লঙ্ঘনের খণ্ডচিত্র' শীর্ষক অনুষ্ঠান। প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: সংবাদ
- রাজধানীর শেরেবাংলা নগরে জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতালে 'কমিউনিটি পর্যায়ে মানসিক স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণে পর্যালোচনা' শীর্ষক কর্মশালায় যুক্তরাষ্ট্র থেকে ভার্চুয়ালি যুক্ত হন সূচনা ফাউন্ডেশনের চেয়ারপারসন ও জাতিসংঘ মহাসচিবের মানসিক স্বাস্থ্য বিষয়ক উপদেষ্টা সায়মা ওয়াজেদ পুতুল। সূত্র: জনকণ্ঠ
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ৩ জনের মৃত্যু। হাসপাতালে ভর্তি ৯০৮ জন। সূত্র: সংবাদ
- সিলেটে দুর্বৃত্তদের ছুরিকাঘাতে বিএনপি নেতা আ ফ ম কামাল নিহত। সূত্র: সমকাল
- তানজানিয়ায় ভিক্টোরিয়া লেকে যাত্রীবাহী বিমান ডুবে ১৯ যাত্রী নিহত। সূত্র: ইত্তেফাক

**৭ নভেম্বর**

- গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে ২৫ জেলায় একযোগে ১০০টি সেতু উদ্‌বোধন করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: জনকণ্ঠ
- টাঙ্গাইল স্টেডিয়ামে জেলা আওয়ামী লীগের ত্রিবার্ষিক সম্মেলন। প্রধান অতিথি ছিলেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এমপি। সূত্র: ইত্তেফাক



- নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন 'আনসার আল ইসলামের' সক্রিয় দুই সদস্য গ্রেপ্তার। ঢাকা মেট্রোপলিটন পুলিশের কাউন্টার টেরোরিজম ইনভেস্টিগেশন বিভাগের একটি টিম তাদের গ্রেপ্তার করে। সূত্র: ইত্তেফাক
- জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (এনএসআই) ও র‌্যাবের যৌথ অভিযানে প্রধানমন্ত্রীর পরিবারের প্রটোকল অফিসারের পরিচয়ে প্রতারণার মাধ্যমে কোটি কোটি টাকা আত্মসাৎ চক্রের হোতা হরিদাস চন্দ্র ওরফে তাওহীদ ও তার এক সহযোগী রাজধানীর বনানী থেকে গ্রেপ্তার। সূত্র: ইত্তেফাক
- মানহানির অভিযোগে ঢাকা ও নড়াইলে দায়ের হওয়া মামলায় জামিনের মেয়াদ বাড়ল বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার। সূত্র: জনকণ্ঠ
- বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) নিখোঁজ হওয়া ছাত্র ফারদিন নূর পরশের (২৪) মরদেহ নারায়ণগঞ্জের শীতলক্ষ্যা নদী থেকে উদ্ধার। সূত্র: ইত্তেফাক
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ৮৭৫ জন হাসপাতালে ভর্তি। ৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ

**৮ নভেম্বর**

- রাজধানীর শেরেবাংলানগরে এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বৈশ্বিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে মিতব্যয়ী হওয়ার পাশাপাশি অপচয় বন্ধের নির্দেশ প্রদান করেন। সূত্র: জনকণ্ঠ
- বিশ্ব নগর পরিকল্পনা দিবস উদ্‌যাপন। এ বছর দিবসটির প্রতিপাদ্য 'পরিকল্পিত জনঘনত্ব, বাসযোগ্য নগর ও আগামীর বাংলাদেশ'। সূত্র: জনকণ্ঠ
- ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষায় বাংলা প্রথমপত্রে বিতর্কিত প্রশ্নপত্র তৈরির ঘটনায় যশোর শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শক কে এম রাব্বানিকে প্রধান করে তিন সদস্যের একটি তদন্ত কমিটি গঠন। সূত্র: ইত্তেফাক
- শীতলক্ষ্যা নদী থেকে উদ্ধার হওয়া প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ফারদিন নূর পরশের ময়না তদন্তকারী চিকিৎসকের দেওয়া তথ্য। তার মাথা ও বুকে একাধিক আঘাতের চিহ্ন রয়েছে। সূত্র: যুগান্তর

- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ৮২০ জন হাসপাতালে ভর্তি। ৫ জনের মৃত্যু। সূত্র: সংবাদ
- মুজিবনগর সরকারকে গার্ড অব অনার দেওয়া আনসার সদস্য হামিদুল হকের ইন্তেকাল। সূত্র: প্রথম আলো

**৯ নভেম্বর**

- 'সাফ উইমেন্স চ্যাম্পিয়নশিপ ২০২২' এ শিরোপাজয়ী বাংলাদেশ জাতীয় মহিলা ফুটবল দলকে সংবর্ধনা ও আর্থিক সম্মাননা প্রদান করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: জনকণ্ঠ
- আইএমএফ-এর কাছ থেকে ৪৫০ কোটি ডলার ঋণ পেতে প্রাথমিক সমঝোতায় পৌঁছেছে বাংলাদেশ সরকার। আইএমএফের সফররত প্রতিনিধি দলের সঙ্গে বৈঠক শেষে অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেন, আইএমএফ কঠিন কোনো শর্ত দেয়নি। তবে রাজস্ব আয় বাড়ানো, খেলাপি ঋণ, ভর্তুকি ইত্যাদি বিষয়ে তাদের কিছু পরামর্শ আছে বলে জানান অর্থমন্ত্রী। সূত্র: সংবাদ
- দেশের ৬৪ জেলায় ও ৪২১ উপজেলায় মুক্তিযোদ্ধা কমপ্লেক্স নির্মাণ কাজ সম্পন্ন। প্রায় ১৫৩ কোটি টাকা ব্যয়ে ৬৪ জেলা ও প্রায় ১ হাজার ৪৬ কোটি টাকা ব্যয়ে ৪২১ উপজেলায় মুক্তিযোদ্ধা কমপ্লেক্স নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। এ ছাড়াও চলমান রয়েছে ২২ উপজেলার নির্মাণ কাজ। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভায় এসব তথ্য জানানো হয়। সূত্র: জনকণ্ঠ
- জঙ্গি সম্পৃক্ততার অভিযোগে জামায়াতে ইসলামীর আমির ডা. মো. শফিকুর রহমানের ছেলে ডা. রাফাত চৌধুরীকে সিলেট থেকে গ্রেপ্তার। সূত্র: ইত্তেফাক
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ৭৯৬ জন হাসপাতালে ভর্তি। ৫ জনের মৃত্যু। সূত্র: সংবাদ
- সরকারের পরিচালন ও উন্নয়ন বাজেটের আওতায় সরকারি কর্মকর্তাদের সব ধরনের বিদেশ ভ্রমণ বন্ধ ঘোষণা। অর্থ বিভাগের জারি করা এক আদেশে এ সিদ্ধান্তের কথা জানানো হয়। সূত্র: প্রথম আলো



**১০ নভেম্বর**

- মালদ্বীপের রাজধানী মালের মাফান্নুর ইস্কান্দার মাগু এলাকায় প্রবাসী কর্মীদের একটি আবাসিক ভবনে আগুন লেগে দুই বালাদেশিসহ ১১জন নিহত। সূত্র: ইত্তেফাক
- বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ছাত্র ফারদিন নূর পরশ হত্যা মামলায় তার বান্ধবী আমাতুল্লাহ বুশরার পাঁচ দিনের রিমান্ড আবেদন মঞ্জুর। দ্রুত তদন্তের মাধ্যমে এই ঘটনায় জড়িতদের আইনের আওতায় আনা হবে বলে জানান স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। সূত্র: সংবাদ
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ৮৮৮ জন হাসপাতালে ভর্তি। ৫ জনের মৃত্যু। সূত্র: কালের কণ্ঠ
- ৪১তম বিসিএসের লিখিত পরীক্ষার ফল প্রকাশ। পরীক্ষায় উত্তীর্ণ ১৩ হাজার শিক্ষার্থী। সূত্র: যুগান্তর

**১১ নভেম্বর**

- সোহরাওয়ার্দী উদ্যানে যুবলীগের সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষ্যে মহাসমাবেশের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: ইত্তেফাক
- কুমিল্লার ময়নামতি ওয়ার সিমেট্রিতে সমাহিত দ্বিতীয় বিশ্বযুদ্ধে নিহত সৈনিকদের স্মরণে ৭ দেশের কূটনীতিকদের শ্রদ্ধা নিবেদন। সূত্র: সমকাল
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ২৬৬ জন হাসপাতালে ভর্তি। এক জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ২৪ ঘণ্টায় করোনা শনাক্ত ৪৮ জন। সূত্র: প্রথম আলো
- টাকার বিনিময়ে শিশু পর্নোগ্রাফি সরবরাহ করায় তিনজনকে গ্রেপ্তার করে কাউন্টার টেরোরিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম ইউনিট। সূত্র: সংবাদ
- ভারতের সাবেক প্রধানমন্ত্রী রাজীব গান্ধী হত্যা মামলার ছয় আসামির মুক্তি। সুপ্রিম কোর্ট বিশেষ ক্ষমতায় তাদের মুক্তির আদেশ দেন। সূত্র: জনকণ্ঠ

**১২ নভেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ কাজ উদ্‌বোধনী অনুষ্ঠানে অংশ নেন। সূত্র: ইত্তেফাক

- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ৯১৮ জন হাসপাতালে ভর্তি। ৬ জনের মৃত্যু। সূত্র: সংবাদ
- 'হুমায়ূন আহমেদ সাহিত্য পুরস্কার ২০২২' পেলেন আনোয়ারা সৈয়দ হক ও মৌরি মরিয়ম। সূত্র: ইত্তেফাক
- তিন দিনের সফরে ঢাকায় আসেন বিশ্বব্যাংকের দক্ষিণ এশিয়া অঞ্চলের ভাইস প্রেসিডেন্ট মার্টিন রাইজার। সূত্র: যুগান্তর
- সৌদি আরবের উপস্বরাষ্ট্রমন্ত্রী ড. নাসের বিন আবদুল আজিজ আল দাউদ দুই দিনের সফরে ঢাকায় আসেন। সূত্র: ইত্তেফাক

**১৩ নভেম্বর**

- রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি (বিজিএমইএ) আয়োজিত 'মেইড ইন বাংলাদেশ উইক ২০২২' উদ্‌বোধনী অনুষ্ঠানে পোশাক রপ্তানিতে বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ তৈরি পোশাক প্রস্তুতকারকদের সম্মাননা প্রদান করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: জনকণ্ঠ
- অপহরণের মাধ্যমে হত্যাচেষ্টা ষড়যন্ত্রের মামলায় সাংবাদিক শফিক রেহমানসহ ৫ জনের বিরুদ্ধে সাক্ষ্য দিতে আদালতে হাজির হন তথ্যপ্রযুক্তি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়। সূত্র: সংবাদ
- স্কয়ার গ্রুপের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান স্যামসন এইচ চৌধুরীর সহধর্মিণী অনিতা চৌধুরী স্কয়ার হাসপাতালে পরলোকগমন করেন। সূত্র: ইত্তেফাক
- সামাজিক যোগাযোগমাধ্যমে ধর্মীয় উস্কানিমূলক বক্তব্য ও পোস্ট দেওয়ার অভিযোগে ডিজিটাল নিরাপত্তা আইন মামলায় কারাগারে থাকা সুনামগঞ্জের শাল্লা উপজেলার ঝুমন দাস ছয় মাসের জন্য জামিন পেলেন। সূত্র: প্রথম আলো
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ৮৫৯ জন হাসপাতালে ভর্তি। ৩ জনের মৃত্যু। সূত্র: সংবাদ
- ইরানের সঙ্গে দ্বিপক্ষীয় সম্পর্ক জোরদার করার ঘোষণা দিলেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। সূত্র: ইত্তেফাক
- অষ্টম টি-২০ বিশ্বকাপে চ্যাম্পিয়ন হলো ইংল্যাণ্ড। সূত্র: ইত্তেফাক



**১৪ নভেম্বর**

- প্রধানমন্ত্রীর কার্যালয়ে মন্ত্রিসভার বৈঠকে দেশের সম্ভাব্য সংকট মোকাবিলায় ছয়টি নির্দেশনা দিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ছয় নির্দেশনা হলো: খাদ্য উৎপাদন বৃদ্ধি, রেমিটেন্স বৃদ্ধির পদক্ষেপ নেওয়া, বিদেশে দক্ষ শ্রমিক প্রেরণ, সরাসরি বিদেশি বিনিয়োগ আনা, পর্যাপ্ত খাদ্য মজুদ এবং শুল্ক ও করহার নমনীয় রাখা। সূত্র: ইত্তেফাক
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তার কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন বিশ্বব্যাংকের দক্ষিণ এশীয় অঞ্চলের ভাইস প্রেসিডেন্ট মার্টিন রাইজার। সূত্র: ইত্তেফাক
- বান্দরবানের নাইক্ষ্যংছড়ির তুমব্রু সীমান্তে মাদক চোরাচালানকারী সন্ত্রাসীদের সঙ্গে র‍্যাব ও ডিজিএফআইয়ের সংঘর্ষ চলাকালে সন্ত্রাসীদের গুলিতে ডিজিএফআইয়ের এক কর্মকর্তা নিহত হয় এবং এক র‍্যাব সদস্য আহত হয়। সূত্র: জনকণ্ঠ
- বিচারপতি গোলাম রাব্বানীর ইন্তেকাল। সূত্র: কালের কণ্ঠ
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ৭৬০ জন হাসপাতালে ভর্তি। ৩ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ

**১৫ নভেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সে রাজধানীর মিরপুরে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহ অনুষ্ঠানের উদ্‌বোধনীতে ভার্চুয়ালি যুক্ত হন। সূত্র: ইত্তেফাক
- বান্দরবানের নাইক্ষ্যংছড়ি উপজেলার তুমব্রু সীমান্তে র‍্যাবের একটি দলের ওপর মাদক চোরাকারবারি রোহিঙ্গাদের সশস্ত্র সংগঠন আল ইয়াকিন সদস্যদের গুলিতে ডিজিএফআই কর্মকর্তা বাংলাদেশ বিমান বাহিনীর স্কোয়াড্রন লিডার রিজুওয়ান রুশদীসহ এক রোহিঙ্গা নারী নিহত এবং একজন র‍্যাব সদস্য আহত। সূত্র: জনকণ্ঠ
- শপথ নিলেন ফরিদপুর-২ আসনের উপনির্বাচনে বিজয়ী আওয়ামী লীগ দলীয় সংসদ সদস্য শাহদাব আকবর। প্রয়াত সংসদ উপনেতা ও আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য সৈয়দা সাজেদা চৌধুরীর ছোট ছেলে তিনি। সূত্র: সংবাদ

- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ৬৯২ জন হাসপাতালে ভর্তি। ৮ জনের মৃত্যু। সূত্র: সংবাদ
- রাজধানীতে ১০ ডিসেম্বর গণসমাবেশের অনুমতি চেয়ে ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি) কমিশনার খন্দকার গোলাম ফারুককে বিএনপির চিঠি। সূত্র: জনকণ্ঠ
- বিশ্বের জনসংখ্যা ৮০০ কোটি স্পর্শ করলো। জাতিসংঘের মতে, গত ১১ বছরে ১০০ কোটি জনসংখ্যা বেড়ে আজ এই সংখ্যা স্পর্শ করেছে। সূত্র: প্রথম আলো

**১৬ নভেম্বর**

- পুলিশি সেবা জনগণের দোড়গোড়ায় পৌঁছে দিতে চালু হলো পুলিশের বিশেষ শাখার (স্পেশাল ব্রাঞ্চ এসবি) মোবাইল অ্যাপ 'হ্যালো এসবি'। সূত্র: জনকণ্ঠ
- দুদকের দায়ের করা অর্থ আত্মসাতের মামলায় চীনা নাগরিক দি সিনফা নিটার্স লিমিটেডের চেয়ারম্যান ইয়াং ওয়াং চুং ও এমডি খসরু আল রহমানকে পৃথক তিন ধারায় ১৩ বছর করে কারাদণ্ড দিলেন আদালত। সূত্র: জনকণ্ঠ
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ৭৬৭ জন হাসপাতালে ভর্তি। ৩ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ

**১৭ নভেম্বর**

- বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে (বিআইসিসি) হজ এজেন্সিস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (হাব) আয়োজিত জাতীয় পর্যায়ের হজ ও ওমরাহ ব্যবস্থাপনা সম্মেলন ২০২২ এবং হজ ও ওমরাহ মেলার উদ্‌বোধনী অনুষ্ঠানে গণভবন থেকে ভার্চুয়ালি যোগদান করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: ইত্তেফাক
- বাংলাদেশে পেট্রোলিয়াম শোধনাগার নির্মাণে কুয়েতের প্রস্তাব অনুযায়ী কাজ করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: ইত্তেফাক



- দুর্নীতির অভিযোগে শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের আন্দোলনের মুখে বিদায় নিলেন বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক সৈয়দ সামসুদ্দিন আহমেদ। সূত্র: জনকণ্ঠ
- ৪০ লাখ টাকা ঘুষ লেনদেনের মামলায় দণ্ডিত দুদকের বরখাস্তকৃত উপপরিচালক খন্দকার এনামুল বাছির জামিন পেলেন। বিচারপতি মো. রইস উদ্দিনের একক হাইকোর্ট বেঞ্চ ছয় মাসের জন্য তাকে জামিন দেন। সূত্র: ইত্তেফাক
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ৬৮৫ জন হাসপাতালে ভর্তি। একজনের মৃত্যু। সূত্র: কালের কণ্ঠ

**১৮ নভেম্বর**

- প্রধানমন্ত্রীর ছবি বিকৃত করে উপস্থাপন এবং ফেসবুকে সরকারবিরোধী বিভিন্ন পোস্ট দেওয়ার অভিযোগে মানিকগঞ্জ পৌর এলাকা থেকে নাহিদ ইসলাম নামে স্বেচ্ছাসেবক দলের এক কর্মী গ্রেপ্তার। সূত্র: প্রথম আলো
- ইউটিউবে সরকারের বিরুদ্ধে নানা ধরনের উদ্দেশ্যমূলক বক্তব্য উপস্থাপন করায় ব্লগার পিনাকী ভট্টাচার্যের বিরুদ্ধে মামলা। পুলিশের কাউন্টার টেরোরিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম ইউনিটের (সিটিটিসি) পক্ষ থেকে এ মামলা করা হয়। সূত্র: সংবাদ
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ২৫০ জন হাসপাতালে ভর্তি। ৩ জনের মৃত্যু। সূত্র: প্রথম আলো
- ২৪ ঘণ্টায় করোনা শনাক্ত ১৯ জন। সূত্র: সংবাদ

**১৯ নভেম্বর**

- ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫৩তম সমাবর্তন অনুষ্ঠানে নোবেলজয়ী ফরাসি অর্থনীতিবিদ অধ্যাপক ড. জ্যঁা তিরোলকে 'ডক্টর অব লজ' ডিগ্রি প্রদান করেন রাষ্ট্রপতি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর মো. আবদুল হামিদ। সূত্র: সংবাদ

- গণভবনে আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের সভা অনুষ্ঠিত। সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: ইত্তেফাক
- বিভিন্ন ক্ষেত্রে অবদানের স্বীকৃতি হিসেবে দশ নারী পেলেন অনন্যা শীর্ষ দশ সম্মাননা। বাংলা একাডেমির আব্দুল করিম সাহিত্য বিশারদ মিলনায়তনে এক অনুষ্ঠানের মাধ্যমে এই সম্মাননা প্রদান করেন জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। সূত্র: সংবাদ
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ৫৫৯ জন হাসপাতালে ভর্তি। ৬ জনের মৃত্যু। সূত্র: ইত্তেফাক
- ২৪ ঘণ্টায় করোনা শনাক্ত ১৮ জন। সূত্র: প্রথম আলো
- নির্ধারিত ছুটি শেষে বিভাগে যোগদান না করায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের চার শিক্ষককে চাকরি থেকে অব্যাহতি। সূত্র: ইত্তেফাক
- সাভারে একটি হাউজিং কোম্পানির ভেতরে গোপন বৈঠক করার সময় জামায়াত-শিবিরের ৬৬ নেতাকর্মী গ্রেপ্তার। সূত্র: ইত্তেফাক
- জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক কৃষি খামারি দুরন্ত বিপ্লব নৌদুর্ঘটনায় নিহত । সূত্র: জনকণ্ঠ
- মালয়েশিয়ার পার্লামেন্ট নির্বাচনে ৫৩ বছর পর নিজ আসনে হেরে গেলেন সাবেক প্রধানমন্ত্রী মাহাথির মোহাম্মদ। সূত্র: ইত্তেফাক

**২০ নভেম্বর**

- স্বাধীনতার সুবর্ণজয়ন্তী এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে সারাদেশের অর্থনৈতিক অঞ্চলে ৫০টি শিল্প ও অবকাঠামোর উদ্‌বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গণভবন থেকে ভার্চুয়ালি এই অনুষ্ঠানে যুক্ত হন তিনি। সূত্র: ইত্তেফাক
- জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক কৃষি খামারি দুরন্ত বিপ্লবের মৃত্যুর ঘটনায় লঞ্চচালকসহ ৬ জন গ্রেপ্তার । সূত্র: ইত্তেফাক
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ৬৪৬ জন হাসপাতালে ভর্তি। ৪ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ২৪ ঘণ্টায় করোনা শনাক্ত ২৪ জন। সূত্র: প্রথম আলো



- কাতারের দোহার আল বাইত স্টেডিয়ামে ফিফা আয়োজিত বিশ্বকাপ ফুটবল কাতার ২০২২ উদ্‌বোধন। উদ্‌বোধনী ম্যাচে স্বাগতিক দেশ কাতারকে ২-০ গোলে হারিয়ে অন্যরকম রেকর্ড ইকুয়েডরের। সূত্র: ইত্তেফাক

**২১ নভেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষ্যে ঢাকা সেনানিবাসে খেতাবপ্রাপ্ত ১০১ বীর মুক্তিযোদ্ধা ও তাদের পরিবারকে সংবর্ধনা প্রদান করেন। সূত্র: ইত্তেফাক
- জনস্বার্থে চাকরি থেকে বাধ্যতামূলক অবসরে পাঠানো হয়েছে পুলিশ সুপার (এসপি) ব্যারিস্টার মো. জিল্লুর রহমানকে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ থেকে জারি করা এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়। সূত্র: ইত্তেফাক
- শিশু সাহিত্যিক আলী ইমাম ৭২ বছর বয়সে শেষ নিশ্বাস ত্যাগ করেন। তিনি বাংলাদেশ টেলিভিশনের মহাব্যবস্থাপক ছিলেন এবং ২০০৬ সালে চাকরি থেকে অবসর গ্রহণ করেন। সূত্র: কালের কণ্ঠ
- বিদ্যুতের দাম পাইকারি পর্যায়ে বাড়ল ১৯.৯২ শতাংশ। ভার্চুয়াল সংবাদ সম্মেলনে এই দাম বাড়ানোর ঘোষণা দেন বিইআরসির চেয়ারম্যান আবদুল জলিল। সূত্র: কালের কণ্ঠ
- গাজীপুরের টঙ্গীতে সাইফুল ইসলাম নামে এক যুবলীগ নেতা সন্ত্রাসী হামলায় নিহত। সূত্র: যুগান্তর
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ৫৫৯ জন হাসপাতালে ভর্তি। ৬ জনের মৃত্যু। সূত্র: ইত্তেফাক
- ২৪ ঘণ্টায় করোনা শনাক্ত ২৬ জন। একজনের মৃত্যু। সূত্র: সংবাদ
- ইন্দোনেশিয়ার পশ্চিম জাভায় ৫ দশমিক ৬ মাত্রার ভূমিকম্পে ১৬২ জন নিহত এবং প্রায় শতাধিক আহত। সূত্র: জনকণ্ঠ

**২২ নভেম্বর**

- রাজধানীর শেরেবাংলা নগরে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত। সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: ইত্তেফাক

- বঙ্গবন্ধুর দ্বিতীয় পুত্র বীর মুক্তিযোদ্ধা শেখ জামালের 'রণাঙ্গনের ডায়েরি' এবং 'শহিদ লেফটেন্যান্ট শেখ জামাল : দেশপ্রেম ও তারুণ্যের দীপ্ত শিখা' শীর্ষক দুটি গ্রন্থের মোড়ক উন্মোচন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: ইত্তেফাক
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ৫১৫ জন হাসপাতালে ভর্তি। ৩ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ২৪ ঘণ্টায় করোনা শনাক্ত ২৩ জন। সূত্র: প্রথম আলো

**২৩ নভেম্বর**

- দেশের ২৩ জেলায় নতুন জেলা প্রশাসক নিয়োগ করল সরকার। জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়। সূত্র: কালের কণ্ঠ
- ঢাকার চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত প্রাঙ্গণ থেকে পুলিশের চোখে-মুখে পিপার স্প্রে করে দুই জঙ্গি ছিনিয়ে নেওয়ার মামলার আসামি জঙ্গি মেহেদী হাসান অমি ওরফে রাফি গ্রেপ্তার। সূত্র: জনকণ্ঠ
- নারী নির্যাতনের অভিযোগ প্রমাণিত হওয়ায় বাধ্যতামূলক অবসরে উপসচিব এ কে এম রেজাউল করিম। তাকে বাধ্যতামূলক অবসর দিয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রজ্ঞাপন জারি করা হয়। সূত্র: জনকণ্ঠ
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ৪৭৭ জন হাসপাতালে ভর্তি। ৩ জনের মৃত্যু। সূত্র: সংবাদ
- ২৪ ঘণ্টায় করোনা শনাক্ত ৩৩ জন। সূত্র: প্রথম আলো
- কক্সবাজারের টেকনাফে আত্মসমর্পণ করা ১০১ ইয়াবা কারবারিকে অস্ত্র মামলায় বেকসুর খালাস এবং ইয়াবা মামলায় প্রত্যেককে দেড় বছরের সশ্রম কারাদণ্ডের রায় ঘোষণা। কক্সবাজার জেলা ও দায়রা জজ আদালতের বিচারক মোহাম্মদ ইসমাঈল এ রায় ঘোষণা করেন। সূত্র: জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রের ভার্জিনিয়া অঙ্গরাজ্যের বহুজাতিক প্রতিষ্ঠান ওয়ালমার্টের একটি স্টোরে বন্দুক হামলায় ১০ জন নিহত। সূত্র: সংবাদ



**২৪ নভেম্বর**

- যশোরের শামস-উল হুদা স্টেডিয়ামে আওয়ামী লীগ আয়োজিত জনসভায় নৌকা মার্কায় ভোট চেয়ে আনুষ্ঠানিক নির্বাচনী প্রচারের কাজ শুরু করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: জনকণ্ঠ
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ৫১৯ জন হাসপাতালে ভর্তি। ১ জনের মৃত্যু। সূত্র: যুগান্তর
- ২৪ ঘণ্টায় করোনা শনাক্ত ২০ জন। সূত্র: প্রথম আলো
- মালয়েশিয়ার প্রধানমন্ত্রী হিসেবে শপথ নিলেন আনোয়ার ইব্রাহিম। সূত্র: ইত্তেফাক

**২৫ নভেম্বর**

- রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে স্বাধীনতা চিকিৎসক পরিষদের (স্বাচিপ) পঞ্চম জাতীয় সম্মেলন অনুষ্ঠিত। প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: ইত্তেফাক
- মালয়েশিয়ার নতুন প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমকে অভিনন্দন বার্তা পাঠালেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: জনকণ্ঠ
- ইন্ডিয়ান ওশান রিম অ্যাসোসিয়েশনের (আইওআর) সদস্য দেশগুলোর পররাষ্ট্রমন্ত্রী, প্রতিমন্ত্রী, উপমন্ত্রী এবং সংলাপ অংশীদাররা প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে সাক্ষাৎ করেন। সূত্র: সমকাল
- পাবনার ঈশ্বরদী উপজেলায় ২৫ থেকে ৩০ হাজার টাকা ঋণ নিয়ে ফেরত না দেওয়ার অভিযোগে করা মামলায় ৩৭ কৃষকের নামে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেন পাবনার সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত। সূত্র: প্রথম আলো
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ২২১ জন হাসপাতালে ভর্তি। একজনের মৃত্যু। সূত্র: যুগান্তর
- ২৪ ঘণ্টায় করোনা শনাক্ত ১৯ জন। সূত্র: সংবাদ

**২৬ নভেম্বর**

- ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে মহিলা আওয়ামী লীগের ষষ্ঠ জাতীয় সম্মেলন অনুষ্ঠিত। প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

মহিলা আওয়ামী লীগের সভাপতির দায়িত্ব পেলেন সাবেক মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি এবং সাধারণ সম্পাদক হলেন শবনম জাহান। সূত্র: ইত্তেফাক

- ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে চট্টগ্রামের কর্ণফুলী নদীর তলদেশে নির্মিত বঙ্গবন্ধু টানেলের ১ম টিউবের পূর্ত কাজের সমাপ্তি উদ্‌যাপন অনুষ্ঠানে যোগ দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: জনকণ্ঠ
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ৪৬২ জন হাসপাতালে ভর্তি। ২ জনের মৃত্যু। সূত্র: ইত্তেফাক
- ২৪ ঘণ্টায় করোনা শনাক্ত ২৩ জন। সূত্র: যুগান্তর
- ব্রাজিলে দুটি স্কুলে বন্দুকধারীর হামলায় ৩ জন নিহত। সূত্র: জনকণ্ঠ

**২৭ নভেম্বর**

- প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে সচিব সভা অনুষ্ঠিত। সূত্র: সমকাল
- ব্রাহ্মণবাড়িয়ার আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানির (এপিএসসিএল) কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্লান্ট (ইস্ট) নামে ৪২০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন নতুন একটি ইউনিটে বাণিজ্যিকভাবে বিদ্যুৎ উৎপাদন শুরু। এই ইউনিটটি চালু হওয়ার মাধ্যমে জাতীয় গ্রিডে যোগ হলো ৪২০ মেগাওয়াট বিদ্যুৎ। সূত্র: ইত্তেফাক
- দেশের পাঁচ পৌর নির্বাচনে মেয়র এবং ৫১ ইউনিয়নে চেয়ারম্যান পদে আওয়ামী লীগের দলীয় প্রার্থী চূড়ান্ত। সূত্র: যুগান্তর
- কক্সবাজারে শিশুবান্ধব ১১০টি শ্রেণিকক্ষ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কাছে হস্তান্তর ইউনিসেফের। শিশুবান্ধব এসব শ্রেণিকক্ষে ৮ হাজারেরও বেশি শিক্ষার্থী নানামুখী সুবিধা পাবে। সূত্র: সমকাল
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ৫২৪ জন হাসপাতালে ভর্তি। ৩ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- সৌদি আরবের কাছে অপ্রত্যাশিত হারের পর মেক্সিকোর বিপক্ষে কাতার বিশ্বকাপে প্রথম জয়ের দেখা মিলল আর্জেন্টিনার। নিজেদের দ্বিতীয় ম্যাচে মেক্সিকোকে ২-০ গোলে হারালো আর্জেন্টিনা। সূত্র: ইত্তেফাক



**২৮ নভেম্বর**

- ইন্টারন্যাশনাল উইমেন পিস অ্যান্ড সিকিউরিটি-এর সেমিনার ২০২২ অনুষ্ঠিত। সেমিনারে প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাশিয়া-ইউক্রেন যুদ্ধ বন্ধ করতে বিশ্বনেতাদের প্রতি আহ্বান জানান । সূত্র: ইত্তেফাক
- সারাদেশে মাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশ। পাসের হার ৮৭.৪৪ শতাংশ। সূত্র: জনকণ্ঠ
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ৩৬৬ জন হাসপাতালে ভর্তি। সূত্র: ইত্তেফাক
- ২৪ ঘণ্টায় করোনা শনাক্ত ২৯ জন। ১ জনের মৃত্যু। সূত্র: যুগান্তর
- ইবোলা ভাইরাসে আক্রান্ত হয়ে পূর্ব আফ্রিকার দেশ উগান্ডায় ৫৫ জনের মৃত্যু। সূত্র: ইত্তেফাক
- ইতালিতে ভূমিধসে নিহত ৭ জন। জরুরি অবস্থা ঘোষণা। সূত্র: জনকণ্ঠ

**২৯ নভেম্বর**

- রাজধানীর জাতীয় চক্ষুবিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতালে সাধারণ রোগীদের মতো দশ টাকায় টিকিট কেটে চোখ পরীক্ষা করালেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: ইত্তেফাক
- বাংলাদেশ পুলিশের সহকারী পুলিশ সুপার (এএসপি) পদমর্যাদার ২৫ কর্মকর্তাকে বদলি। পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) চৌধুরী আবদুল্লাহ আল-মামুন স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ বদলির আদেশ দেওয়া হয়। সূত্র: ইত্তেফাক
- জাতীয় পার্টির চেয়ারম্যান হিসেবে গোলাম মোহাম্মদ কাদেরের (জি এম কাদের) দায়িত্ব পালনে নিষেধাজ্ঞার আদেশ স্থগিত করেন হাইকোর্ট। বিচারপতি শেখ আবদুল আউয়ালের একক বেঞ্চ এ আদেশ দেন। সূত্র: যুগান্তর
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ৪৩৬ জন হাসপাতালে ভর্তি। ৩ জনের মৃত্যু। সূত্র: ইত্তেফাক
- ২৪ ঘণ্টায় করোনা শনাক্ত ১১ জন। ১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলি খামেনির ভাগনি ফারিদা মোরাদখানি গ্রেপ্তার। সূত্র: সমকাল

**৩০ নভেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে সৌজন্য সাক্ষাৎ করেন বাংলাদেশে নবনিযুক্ত ভারতীয় হাইকমিশনার প্রণয় ভার্মা। সূত্র: ইত্তেফাক
- আলঝেইমার্সের যুগান্তকারী ওষুধ আবিষ্কার করলেন বিজ্ঞানীরা। জাপানি ওষুধ কোম্পানি ইসাই ও মার্কিন কোম্পানি বায়োজেন মিলে লিকেনেমাব নামে এই ওষুধ আবিষ্কার করে। সূত্র: জনকণ্ঠ
- আফগানিস্তানে একটি স্কুলে বোমা হামলায় ১৬ জন নিহত এবং আহত ২৬ জন। সূত্র: ইত্তেফাক
- চীনের সাবেক প্রেসিডেন্ট জিয়াং জেমিনের জীবনাবসান। সূত্র: ইত্তেফাক



## ডিসেম্বর

**১ ডিসেম্বর**

- চীনের সাবেক প্রেসিডেন্ট জিয়াং জেমিনের মৃত্যুতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার শোক ও দুঃখ প্রকাশ। সূত্র: জনকণ্ঠ
- গাইবান্ধা-৫ আসনের উপনির্বাচনে অনিয়মের ঘটনায় রিটার্নিং অফিসারসহ ১৩৪ কর্মকর্তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিলেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কাজী হাবিবুল আউয়াল। সূত্র: সংবাদ
- বিইআরসি (বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন) অধ্যাদেশ ২০২২ সংশোধনের কারণে সংশ্লিষ্ট বিষয়ে সিদ্ধান্ত নেয়ার ক্ষমতা পেল সরকার। সূত্র: জনকণ্ঠ
- রংপুর সিটি করপোরেশন (রসিক) নির্বাচনে মেয়র পদে ১০ প্রার্থীর মনোনয়নপত্র বৈধ ঘোষণা। নির্বাচনের দায়িত্বে থাকা রিটার্নিং কর্মকর্তা ও নির্বাচন কমিশনের যুগ্ম সচিব আবদুল বাতেন এ ঘোষণা দেন। সূত্র: জনকণ্ঠ
- রাজধানীর রামপুরা এলাকা থেকে জঙ্গিবাদে প্ররোচনার অভিযোগে আনসারুল্লাহ বাংলা টিমের (এবিটি) এক সদস্য গ্রেপ্তার। সূত্র: সংবাদ

**২ ডিসেম্বর**

- বাংলাদেশের পরিবেশ ব্যবস্থাপনা ও সবুজ প্রবৃদ্ধি অর্জনে বেসরকারি খাতকে ২৫ কোটি ডলার ঋণ অনুমোদন করেছে বিশ্বব্যাংক। সংস্থার প্রধান কার্যালয় থেকে প্রেস বিজ্ঞপ্তির তথ্য। সূত্র: জনকণ্ঠ
- ঐতিহাসিক পার্বত্য চট্টগ্রাম শান্তিচুক্তির রজতজয়ন্তী উদ্‌যাপন। সম্প্রীতি বাংলাদেশ এই উপলক্ষ্যে আলোচনা সভার আয়োজন করে। সূত্র: ইত্তেফাক
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ১২০ জন হাসপাতালে ভর্তি। সূত্র: ইত্তেফাক
- ২৪ ঘণ্টায় করোনা শনাক্ত ১৫ জন। ১ জনের মৃত্যু। সূত্র: ইত্তেফাক

**৩ ডিসেম্বর**

- ময়মনসিংহ সার্কিট হাউস মাঠে ময়মনসিংহ জেলা ও মহানগর শাখা আওয়ামী লীগের ত্রিবার্ষিক সম্মেলন অনুষ্ঠিত। সম্মেলনে প্রধান অতিথি ছিলেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সেতু ও সড়ক যোগাযোগমন্ত্রী ওবায়দুল কাদের। সূত্র: জনকণ্ঠ
- ভারতের অসম রাজ্যের শিলচরে ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনোলজির (এনআইটি) ভারতরত্ন ড. এ পি জে আবদুল কালাম লার্নিং অ্যান্ড রিসোর্স সেন্টারে 'বঙ্গবন্ধু কর্নার' এবং লাইব্রেরি প্রাঙ্গণে 'বঙ্গবন্ধু গার্ডেন' উদ্‌বোধন। সূত্র: সমকাল
- মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক শেখ ফজলুল হক মনির ৮৩তম জন্মবার্ষিকী পালিত। সূত্র: ইত্তেফাক
- রাজশাহীর মাদ্রাসা ময়দানে বিএনপির বিভাগীয় গণসমাবেশ অনুষ্ঠিত। প্রধান অতিথি ছিলেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। সূত্র: ইত্তেফাক
- ২৪ ঘণ্টায় করোনা শনাক্ত ১০ জন। সূত্র: প্রথম আলো

**৪ ডিসেম্বর**

- চট্টগ্রাম মহানগরের পলোগ্রাউন্ড মাঠে আওয়ামী লীগের জনসভা অনুষ্ঠিত। জনসভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: ইত্তেফাক
- চট্টগ্রামের ভাটিয়ারিতে বাংলাদেশ মিলিটারি অ্যাকাডেমিতে (বিএমএ) ৮৩তম বিএমএ দীর্ঘ মেয়াদি কোর্সের রাষ্ট্রপতি কুচকাওয়াজ পরিদর্শন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: যুগান্তর
- এলপি গ্যাসের ১২ কেজি সিলিন্ডারের দাম ৪৬ টাকা বাড়িয়ে ১ হাজার ২৯৭ টাকা নির্ধারণ করেছে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি)। যা আগে ১ হাজার ২৫১ টাকা ছিল। সূত্র: যুগান্তর
- জগন্নাথ বিশ্ববিদ্যালয় আওয়ামীপন্থি শিক্ষকদের নতুন কমিটি জগন্নাথ বিশ্ববিদ্যালয় স্বাধীনতা শিক্ষক সমাজ এর আত্মপ্রকাশ। কমিটির সভাপতি হলেন বাংলা বিভাগের অধ্যাপক ড. হোসনে আরা বেগম ও



সাধারণ সম্পাদক হলেন একাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের অধ্যাপক ড. কাজী মো. নাসির উদ্দীন। সূত্র: ইত্তেফাক

- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ৪১০ জন হাসপাতালে ভর্তি। ৩ জনের মৃত্যু। সূত্র: যুগান্তর
- কাতার বিশ্বকাপে নক আউট পর্বে পোল্যান্ডকে ৩-১ গোলে হারিয়ে কোয়ার্টার ফাইনালে পা রাখল বর্তমান চ্যাম্পিয়ন ফ্রান্স। সূত্র: ইত্তেফাক

**৫ ডিসেম্বর**

- মিরপুর সেনানিবাসের ডিফেন্স সার্ভিসেস কমান্ড অ্যান্ড স্টাফ কলেজে (ডিএসসিএসসি) 'ন্যাশনাল ডিফেন্স কোর্স-২০২২' ও 'আমর্ড ফোর্সেস ওয়ার কোর্স'-এর গ্র্যাজুয়েশন অনুষ্ঠানে যোগ দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: জনকণ্ঠ
- নোয়াখালীর শহীদ ভুলু স্টেডিয়ামে জেলা আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত। সম্মেলনে প্রধান অতিথির বক্তব্য রাখেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। সূত্র: ইত্তেফাক
- নতুন জঙ্গি সংগঠন জামায়াতুল আনসারের পাঁচ সদস্যকে নারায়ণগঞ্জের সোনারগাঁও ও রাজধানীর গুলিস্তান থেকে গ্রেপ্তার। সূত্র: যুগান্তর
- আফ্রিকার সর্বাধিক জনবহুল দেশ নাইজিরিয়ার উত্তরাঞ্চলের একটি মসজিদে বন্দুকধারীদের হামলায় ইমামসহ অন্তত ১২ জন মুসল্লি নিহত। ১৯ মুসল্লিকে অপহরণ করে বন্দুকধারীরা। সূত্র: যুগান্তর

**৬ ডিসেম্বর**

- সোহরাওয়ার্দী উদ্যানে বাংলাদেশ ছাত্রলীগের ৩০তম কাউন্সিলে প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজারে বাংলাদেশ স্পেশাল ইকোনমিক জোনে (বিএসইজেড) স্থাপিত জাপানিজ অর্থনৈতিক অঞ্চলের আনুষ্ঠানিক কার্যক্রম উদ্‌বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: যুগান্তর

- দুর্নীতির মামলায় ১০ বছর দণ্ডিত আওয়ামী লীগের সংসদ সদস্য হাজী মোহাম্মদ সেলিমকে জামিন দিলেন আপিল বিভাগ। প্রধান বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকীর নেতৃত্বাধীন আপিল বেঞ্চ তাকে আপিলের অনুমতি দিয়ে জামিন মঞ্জুর করেন। সূত্র: যুগান্তর
- বিবিসির তৈরি করা ২০২২ সালের বিশ্বে অনুপ্রেরণাদায়ী এবং প্রভাবশালী শীর্ষ ১০০ নারীর তালিকায় স্থান পেল ময়মনসিংহের নান্দাইলের মেয়ে সানজিদা ইসলাম ছোঁয়া। সূত্র: ইত্তেফাক
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ২৬৯ জন হাসপাতালে ভর্তি। ১ জনের মৃত্যু। সূত্র: প্রথম আলো
- কাতার বিশ্বকাপে নক আউট পর্বের লড়াইয়ে টাইব্রেকারে স্পেনকে ৩-০ গোলে হারিয়ে কোয়ার্টার ফাইনাল নিশ্চিত করলো মরক্কো। সূত্র: ইত্তেফাক

**৭ ডিসেম্বর**

- কক্সবাজারে শেখ কামাল আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে জেলা আওয়ামী লীগ আয়োজিত জনসভা অনুষ্ঠিত। প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: জনকণ্ঠ
- প্রধানমন্ত্রীর নতুন মুখ্য সচিব হলেন প্রধানমন্ত্রী কার্যালয়ের সিনিয়র সচিব মো. তোফাজ্জল হোসেন মিয়া। সূত্র: যুগান্তর
- কমনওয়েলথে প্রথমবারের মতো 'কমনওয়েলথ-বাংলাদেশ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান গ্রিন ইনভেস্টমেন্ট অ্যাওয়ার্ড' প্রদান। মালাউইর কৃষিতে সবুজ প্রযুক্তির প্রসারে বিশেষ অবদান রাখায় 'প্ল্যানেট গ্রিন আফ্রিকা'কে এই পুরস্কার দেওয়া হয়। সূত্র: ইত্তেফাক
- ভূমি আপিল বোর্ডের নতুন চেয়ারম্যান হলেন পরিকল্পনা কমিশনের সদস্য (সচিব) মোসাম্মৎ নাসিমা বেগম। সূত্র: জনকণ্ঠ
- রাজধানীর নয়াপল্টনে পুলিশের সঙ্গে বিএনপির সংঘর্ষে গুলিবিদ্ধ হয়ে মকবুল হোসেন নামে এক ব্যক্তি নিহত। এই ঘটনায় বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী, বিএনপির প্রচার সম্পাদক শহীদ উদ্দিন চৌধুরী এ্যানী ও খালেদা জিয়ার বিশেষ সহকারী শামসুর রহমান শিমুল বিশ্বাসসহ শতাধিক নেতা-কর্মীকে আটক করে পুলিশ। সূত্র: ইত্তেফাক



**৮ ডিসেম্বর**

- বঙ্গবন্ধু এভিনিউয়ে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত কেন্দ্রীয় ও সহযোগী সংগঠনের যৌথসভায় ভার্চুয়ালি যুক্ত হন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে সৌজন্য সাক্ষাৎ করেন বাংলাদেশে নিযুক্ত চীনের বিদায়ী রাষ্ট্রদূত লি জিমিং। সূত্র: যুগান্তর
- সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে নিয়োগ পেলেন তিনজন নতুন বিচারপতি। রাষ্ট্রপতির নির্দেশক্রমে আইন মন্ত্রণালয় থেকে জারি করা এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়। সূত্র: যুগান্তর
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ২৪৬ জন হাসপাতালে ভর্তি। ৩ জনের মৃত্যু। সূত্র: সমকাল

**৯ ডিসেম্বর**

- রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে বেগম রোকেয়া দিবস উপলক্ষে 'বেগম রোকেয়া পদক-২০২২' প্রদান করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: জনকণ্ঠ
- রাজধানীর সায়েদাবাদ সংলগ্ন গোলাপবাগ মাঠে বিএনপিকে ১০ ডিসেম্বর গণসমাবেশের অনুমতি দিল ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)। সূত্র: ইত্তেফাক
- ২৪ ঘণ্টায় করোনা শনাক্ত ৩০ জন। সূত্র: ইত্তেফাক
- কাতার বিশ্বকাপের প্রথম কোয়ার্টার ফাইনালে টাইব্রেকারে ব্রাজিলকে ৪-২ গোলে হারিয়ে সেমিফাইনালে ক্রোয়েশিয়া। সূত্র: ইত্তেফাক

**১০ ডিসেম্বর**

- সাভারের রেডিও কলোনি স্কুল মাঠে সাভার, ধামরাই উপজেলা, সাভার পৌরসভা ও আশুলিয়া থানা আওয়ামী লীগ আয়োজিত জনসভা। প্রধান অতিথি ছিলেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। সূত্র: ইত্তেফাক
- রাজধানীর সায়েদাবাদ সংলগ্ন গোলাপবাগ মাঠে বিএনপির গণসমাবেশ অনুষ্ঠিত। সমাবেশে প্রধান অতিথি ছিলেন দলের স্থায়ী কমিটির সদস্য ড. খন্দকার মোশাররফ হোসেন। সূত্র: ইত্তেফাক

- বাংলাদেশের অভ্যন্তরীণ রাজনৈতিক বিষয়ে বিদেশি কূটনীতিকদের মন্তব্য দৃষ্টিকটু। ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির বিবৃতিতে এই অভিমত প্রকাশ করা হয়। সূত্র: ইত্তেফাক
- রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে পুলিশের সঙ্গে সংঘর্ষের ঘটনায় 'অর্থদাতা' জাবেদ আহমেদ রিমান্ডে। সূত্র: ইত্তেফাক
- 'শ্রেষ্ঠ জয়িতা' সম্মাননা পেলেন শাকিলা আশরাফ। জামালপুর জেলায় প্রথম বিউটি পার্লার এবং ফাস্ট ফুড শপ প্রতিষ্ঠা করে অসামান্য অবদান রাখায় এই জয়িতা পুরস্কার অর্জন করেন তিনি। সূত্র: যুগান্তর
- ২৪ ঘণ্টায় করোনা শনাক্ত ১৭ জন। সূত্র: ইত্তেফাক
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ২৬৫ জন হাসপাতালে ভর্তি। ৩ জনের মৃত্যু। সূত্র: যুগান্তর
- কাতার বিশ্বকাপের তৃতীয় কোয়ার্টার ফাইনালে পর্তুগালকে এক গোলে হারিয়ে প্রথম আফ্রিকার দেশ হিসেবে বিশ্বকাপের সেমিফাইনালে মরক্কো। সূত্র: ইত্তেফাক
- ক্রোয়েশিয়ার বিপক্ষে ট্রাইব্রেকারে ৪-২ গোলের ব্যবধানে হেরে কাতার বিশ্বকাপ থেকে বিদায় নিল ব্রাজিল। সূত্র: যুগান্তর

**১১ ডিসেম্বর**

- প্রভাবশালী মার্কিন সাময়িকী ফোর্বসের বিশ্বের ক্ষমতাধর ১০০ নারীর তালিকায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নাম ৪২তম অবস্থানে। গত বছর একই তালিকার ৪৩তম স্থানে ছিলেন তিনি। সূত্র: সমকাল
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে সৌজন্য সাক্ষাৎ করেন বাংলাদেশে নিযুক্ত জাপানের বিদায়ী রাষ্ট্রদূত ইতো নাওকি। সূত্র: যুগান্তর
- মানিকগঞ্জ সরকারি উচ্চ বিদ্যালয় মাঠে জেলা আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত। সূত্র: জনকণ্ঠ
- হলমার্ক কেলেঙ্কারীর ঘটনায় সোনালী ব্যাংকের সাবেক এমডি হুমায়ুন কবিরসহ ৯ জনের ১৭ বছর করে কারাদণ্ডের রায় ঘোষণা। ঢাকার পাঁচ নম্বর বিশেষ দায়রা জজ আদালতের বিচারক ইকবাল হোসেন এ রায় ঘোষণা করেন। সূত্র: ইত্তেফাক



- নতুন মন্ত্রিপরিষদ সচিব পদে নিয়োগ পেলেন পানিসম্পদ মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ সচিব কবির বিন আনোয়ার। সূত্র: সমকাল
- বিএনপির ৬ সংসদ সদস্য পদত্যাগ করায় তাদের আসন শূন্য ঘোষণা করে গেজেট প্রকাশ। সংসদ সচিবালয় এ গেজেট প্রকাশ করে। সূত্র: সমকাল

**১২ ডিসেম্বর**

- বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে 'ডিজিটাল বাংলাদেশ দিবস-২০২২' উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, আগামী ২০৪১ সালে বাংলাদেশ হবে উন্নত স্মার্ট বাংলাদেশ। সূত্র: যুগান্তর
- দেশের সরকারি মাধ্যমিক বিদ্যালয়গুলোতে ২০২৩ শিক্ষাবর্ষে প্রথম শ্রেণি থেকে নবম শ্রেণিতে ভর্তির জন্য ডিজিটাল লটারির ফল প্রকাশ। রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে এ লটারি কার্যক্রমের উদ্‌বোধন করেন শিক্ষামন্ত্রী দীপু মনি। সূত্র: ইত্তেফাক
- ইসলামী ব্যাংক ও ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংকে দুইজন পর্যবেক্ষক নিয়োগ দিল বাংলাদেশ ব্যাংক। সূত্র: জনকণ্ঠ
- ২৪ ঘণ্টায় করোনা শনাক্ত ১৯ জন। ১ জনের মৃত্যু। সূত্র: যুগান্তর
- কাতার বিশ্বকাপে পেশাগত দায়িত্ব পালনের সময় আকস্মিকভাবে মৃত্যুবরণ করেন ফটো সাংবাদিক খালিদ আল মিসলাম। তিনি কাতারের টেলিভিশন চ্যানেল 'আল কাসের'-এর হয়ে কাজ করছিলেন। সূত্র: ইত্তেফাক

**১৩ ডিসেম্বর**

- মিরপুর সেনানিবাসের ডিফেন্স সার্ভিস কমান্ড অ্যান্ড স্টাফ কলেজের 'ডিএসসিএসসি কোর্স ২০২২' এর গ্র্যাজুয়েশন সেরিমনিতে গ্র্যাজুয়েটদের মধ্যে সনদ বিতরণ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: ইত্তেফাক
- গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন জাতীয় সংসদের বিরোধী দলীয় নেতা বেগম রওশন এরশাদ। সূত্র: জনকণ্ঠ
- বিএনপিকে আবারও নির্বাচনে অংশগ্রহণ করার আহ্বান জানালেন প্রধান নির্বাচন কমিশনার কাজী হাবিবুল আউয়াল। সূত্র: ইত্তেফাক

- রাজশাহীর নিউমার্কেট এলাকায় জামায়াত-শিবিরের মিছিল থেকে পুলিশের ওপর হামলা। দুই পুলিশ সদস্য আহত। সূত্র: ইত্তেফাক
- জঙ্গি সম্পৃক্ততার অভিযোগে সন্ত্রাস দমন আইনের মামলায় গ্রেপ্তার জামায়াতে ইসলামী বাংলাদেশের আমির ডা. মো. শফিকুর রহমানকে জিজ্ঞাসাবাদের জন্য ৭ দিনের রিমান্ড মঞ্জুর আদালতের। সূত্র: ইত্তেফাক
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ২২০ জন হাসপাতালে ভর্তি। ১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ

**১৪ ডিসেম্বর**

- বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বুদ্ধিজীবী দিবস উপলক্ষ্যে আওয়ামী লীগ আয়োজিত আলোচনা সভায় বক্তব্য রাখেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: ইত্তেফাক
- বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) শিক্ষার্থী ফারদিন নূর পরশ স্বেচ্ছায় ব্রিজ থেকে নদীতে ঝাঁপ দেন। সংবাদ সম্মেলনে র‍্যাবের মিডিয়া উইংয়ের পরিচালক কমান্ডার খন্দকার আল মঈন এ তথ্য জানান। সূত্র: ইত্তেফাক
- 'ডিজিটাল বাংলাদেশ অ্যাওয়ার্ড ২০২২' পেলেন ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর খন্দকার আবদুল্লাহ আল মামুন। সূত্র: ইত্তেফাক
- দুর্নীতির মাধ্যমে ১০ কোটি টাকা আত্মসাতের মামলায় বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেডের (বিডিবিএল) প্রধান শাখার সাবেক কর্মকর্তা ওমর ফারুককে ১৬ বছরের কারাদণ্ড। সূত্র: সমকাল
- ২৪ ঘণ্টায় করোনা শনাক্ত ২১ জন। সূত্র: জনকণ্ঠ
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ১৮৪ জন হাসপাতালে ভর্তি। সূত্র: জনকণ্ঠ

**১৫ ডিসেম্বর**

- মহান বিজয় দিবস উপলক্ষ্যে জাতির উদ্দেশে ভাষণ দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: জনকণ্ঠ



- সাভারের আশুলিয়ায় পুলিশের ওপর মাদক কারবারিদের হামলা। গ্রেপ্তার ১১ এবং ডিবির ৩ সদস্যসহ পাঁচজন আহত। সূত্র: ইত্তেফাক
- সোহরাওয়ার্দী উদ্যানে যুব মহিলা লীগের সম্মেলনে নতুন কমিটি ঘোষণা। সভাপতি হলেন আলেয়া সরোয়ার ডেইজি এবং সাধারণ সম্পাদক হলেন শারমিন সুলতানা লিলি। সূত্র: জনকণ্ঠ
- বুয়েট শিক্ষার্থী ফারদিন নূরকে পরিকল্পিতভাবে হত্যা করা হয়েছে বলে পুনরায় দাবি তার বাবা কাজী নূরউদ্দিন রানার। সূত্র:যুগান্তর
- ২৪ ঘণ্টায় করোনা শনাক্ত ১৫ জন। সূত্র: জনকণ্ঠ
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ১৬৩ জন হাসপাতালে ভর্তি। ২ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ভারতের বিহারে বিষাক্ত মদপানে ৩১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- পাকিস্তানে আফগান বাহিনীর গোলাবর্ষণ। নিহত ১ আহত ১৫। সূত্র: ইত্তেফাক

**১৬ ডিসেম্বর**

- মহান বিজয় দিবস উপলক্ষ্যে সাভারে জাতীয় স্মৃতিসৌধে ফুল দিয়ে বীর শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: জনকণ্ঠ
- মহান বিজয় দিবস-২০২২ উপলক্ষ্যে গণভবনে এক অনুষ্ঠানে ১০ টাকার স্মারক ডাকটিকিট, একটি উদ্‌বোধনী খাম এবং একটি ডেটা কার্ড অবমুক্ত করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: যুগান্তর
- ২৪ ঘণ্টায় করোনা শনাক্ত ১৬ জন। সূত্র: জনকণ্ঠ
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ৪৯ জন হাসপাতালে ভর্তি। সূত্র: জনকণ্ঠ

**১৭ ডিসেম্বর**

- গণভবনে বাংলাদেশ আওয়ামী লীগ জাতীয় কমিটির নেতাদের সঙ্গে রুদ্ধদ্বার বৈঠক করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: জনকণ্ঠ
- ২৪ ঘণ্টায় করোনা শনাক্ত ১৪ জন। ১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ১২৫ জন হাসপাতালে ভর্তি। দুই জনের মৃত্যু। সূত্র: ইত্তেফাক

- দলের চেয়ারপারসনের পদ থেকে মালয়েশিয়ার সাবেক প্রধানমন্ত্রী ড. মাহাথির মোহাম্মদের পদত্যাগ। সূত্র: ইত্তেফাক

**১৮ ডিসেম্বর**

- মহান বিজয় দিবস উপলক্ষ্যে রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে আওয়ামী লীগ আয়োজিত আলোচনা সভায় বক্তব্য প্রদান করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: জনকণ্ঠ
- 'প্রধান বিচারপতি পদক' পেলেন ৫ বিচারক। সূত্র: জনকণ্ঠ
- রাজধানীর মতিঝিলস্থ শিল্প মন্ত্রণালয় ভবনে অত্যাধুনিক ই-লাইব্রেরি এবং ডে-কেয়ার সেন্টার উদ্‌বোধন করেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ুন এমপি। সূত্র: জনকণ্ঠ
- ইসলামী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচন-২০২৩ এ আওয়ামীপন্থি ও প্রগতিশীল শিক্ষক সংগঠন শাপলা ফোরামের পূর্ণাঙ্গ প্যানেলের জয়। সভাপতি নির্বাচিত হলেন প্রফেসর ড. জাহাঙ্গীর হোসেন এবং সাধারণ সম্পাদক নির্বাচিত হলেন প্রফেসর ড. তপন কুমার জোদ্দার। সূত্র: যুগান্তর
- ইরাকের তেলসমৃদ্ধ শহর কিরকুকের কাছে কেন্দ্রীয় পুলিশ বাহিনীর গাড়িবহরে বোমা হামলায় ৮ পুলিশ নিহত। সূত্র: জনকণ্ঠ
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ১৪৫ জন হাসপাতালে ভর্তি। সূত্র: ইত্তেফাক
- কাতার বিশ্বকাপে ট্রাইব্রেকারে ফ্রান্সকে হারিয়ে তৃতীয় বিশ্বকাপ শিরোপা জিতল আর্জেন্টিনা। সূত্র: ইত্তেফাক
- আফগানিস্তানের রাজধানীর আলপাইন টানেলে এক দুর্ঘটনায় কমপক্ষে ১২ জন নিহত। সূত্র: যুগান্তর

**১৯ ডিসেম্বর**

- সচিবালয়ে মন্ত্রণালয়ের সভাকক্ষে ঢাকা রিপোর্টার্স ইউনিটির (ডিআরইউ) নবনির্বাচিত কমিটির সঙ্গে মতবিনিময় করেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী ড. হাছান মাহমুদ। সূত্র: যুগান্তর



- পুরান ঢাকার দর্জি দোকানের কর্মচারী বিশ্বজিৎ দাস হত্যাকাণ্ডের ১০ বছর পর যাবজ্জীবন সাজাপ্রাপ্ত পলাতক আসামি মীর মো. নূরে আলম ওরফে লিমন গ্রেপ্তার। সূত্র: জনকণ্ঠ
- সমমনা দলগুলোকে সঙ্গে নিয়ে সরকারবিরোধী যুগপৎ আন্দোলনের ২৭ দফা রূপরেখা ঘোষণা বিএনপির। সূত্র: জনকণ্ঠ
- পদোন্নতি পেলেন ৩ অতিরিক্ত সচিব। জনপ্রশাসন মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়। সূত্র: ইত্তেফাক
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ১১৩ জন হাসপাতালে ভর্তি। সূত্র: ইত্তেফাক
- ২৪ ঘণ্টায় করোনা শনাক্ত ২০ জন। সূত্র: জনকণ্ঠ
- কানাডার অন্টারিও প্রদেশের ভন শহরে বন্দুক হামলায় ৬ জন নিহত। সূত্র: জনকণ্ঠ

**২০ ডিসেম্বর**

- পিলখানাস্থ সদর দপ্তরে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) দিবস ২০২২ উদ্‌যাপন অনুষ্ঠানে বিজিবি সদস্যদের চেইন অব কমান্ড মেনে চলার আহ্বান জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: জনকণ্ঠ
- ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটি ঘোষণা। সভাপতি সাদ্দাম হোসেন ও সাধারণ সম্পাদক হলেন শেখ ওয়ালী আসিফ ইনান। ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের নতুন কমিটির সভাপতি মাজহারুল কবির ও সাধারণ সম্পাদক হলেন তানভীর হাসান সৈকত। সূত্র: ইত্তেফাক
- ঢাকা সাব এডিটরস কাউন্সিলের (ডিএসইসি) 'লেখক সম্মাননা-২০২২' পেলেন দৈনিক ইত্তেফাকের ৬ সাংবাদিক। রাজধানীর জাতীয় প্রেসক্লাবের আবদুস সালাম হলে তাদের হাতে এই সম্মাননা তুলে দেওয়া হয়। সূত্র: ইত্তেফাক
- জাতিসংঘের মানবাধিকার পরিষদের ইরান বিষয়ক তথ্যানুসন্ধান মিশনের প্রধান হিসেবে দায়িত্ব পেলেন বাংলাদেশি মানবাধিকার কর্মী ব্যারিস্টার সারা হোসেন। সূত্র: ইত্তেফাক

- ২০২০ ও ২০২১ সালে কর্মদক্ষতায় স্বীকৃতি হিসেবে বাংলাদেশ ব্যাংক পুরস্কার পেলেন ৩৩ কর্মকর্তা। বাংলাদেশ ব্যাংক এমপ্লয়িজ 'রিকগনিশন অ্যাওয়ার্ড' নামে এ পদক দেওয়া হয়। সূত্র: সমকাল
- রাজধানীসহ সারাদেশে করোনা টিকার চতুর্থ ডোজ দেওয়া শুরু। সূত্র: জনকণ্ঠ
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ১০৮ জন হাসপাতালে ভর্তি। ১ জনের মৃত্যু। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ২৪ ঘণ্টায় করোনা শনাক্ত ১৯ জন। সূত্র: জনকণ্ঠ

**২১ ডিসেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার কার্যালয় থেকে ভার্চুয়ালি যুক্ত হয়ে একযোগে দেশের ৫০টি জেলায় ১০০টি মহাসড়ক উদ্বোধন করেন। সূত্র: জনকণ্ঠ
- জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কার্যনির্বাহী পরিষদ নির্বাচনে সভাপতি হলেন অধ্যাপক মো. আইনুল ইসলাম এবং সাধারণ সম্পাদক হলেন অধ্যাপক আবুল কালাম মো. লুৎফর রহমান। সূত্র: সমকাল
- সরকারি বই বিক্রির অভিযোগে লক্ষ্মীপুরের কমলনগর উপজেলার হাজিপাড়া আল আরাফা দারুল উলুম দাখিল মাদ্রাসার সুপারসহ দুই শিক্ষক কারাগারে। সূত্র: সমকাল
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ১২৬ জন হাসপাতালে ভর্তি। ১ জনের মৃত্যু। সূত্র: ইত্তেফাক
- ঝড়ের কবলে পড়ে থাইল্যান্ডের দক্ষিণ-পূর্ব উপকূলে যুদ্ধজাহাজডুবি। ৬ ক্রু সদস্যের মরদেহ উদ্ধার। সূত্র: ইত্তেফাক
- মালয়েশিয়ার রাজধানী কুয়ালালামপুরের একটি অর্গানিক খামারে ভূমিধসে ২৫ জনের মৃত্যু। সূত্র: ইত্তেফাক

**২২ ডিসেম্বর**

- চট্টগ্রামে বাংলাদেশ নেভাল অ্যাকাডেমির শীতকালীন রাষ্ট্রপতি কুচকাওয়াজ অনুষ্ঠানে যোগ দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: জনকণ্ঠ



- প্রধানমন্ত্রীর উপহারের সাইকেল পেলো শেরপুর ঝিনাইগাতির ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর শিক্ষার্থীরা। সূত্র: ইত্তেফাক
- ২০২২ সালে বিজিবিতে বীরত্বপূর্ণ এবং কৃতিত্বপূর্ণ কাজে অবদানের স্বীকৃতিস্বরূপ 'রাষ্ট্রপতি বর্ডার গার্ড পদক' পেলেন বিজিবির জনসংযোগ কর্মকর্তা মো. শরীফুল ইসলাম। সূত্র: জনকণ্ঠ
- ১৫ অতিরিক্ত সচিবকে বদলি। জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন। সূত্র: ইত্তেফাক
- জাতীয় সংসদ থেকে পদত্যাগ করেন চাঁপাইনবাবগঞ্জ-৩ আসনের বিএনপির সংসদ সদস্য হারুনুর রশীদ। সূত্র: ইত্তেফাক
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ৮৯ জন হাসপাতালে ভর্তি। ১ জনের মৃত্যু। সূত্র: ইত্তেফাক

**২৩ ডিসেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে সপরিবারে সৌজন্য সাক্ষাৎ করেন কৃষক শ্রমিক জনতা লীগের সভাপতি বঙ্গবীর কাদের সিদ্দিকী বীর উত্তম। সূত্র: ইত্তেফাক
- রংপুর সিটি করপোরেশন নির্বাচনে সংবাদ সংগ্রহের জন্য গণমাধ্যমকর্মীদের ১৩টি নির্দেশনা দিলেন নির্বাচন কমিশন সচিবালয়। সূত্র: ইত্তেফাক
- আওয়ামী লীগের জাতীয় সম্মেলনে বিএনপির ৩ নেতাকে আমন্ত্রণ। সূত্র: যুগান্তর
- বাংলাদেশের ফ্যাশন পরিমণ্ডলের পরিচিত ও প্রিয়মুখ এমদাদ হক ৫৭ বছর বয়সে রাজধানীর শ্যামলীর স্পেশালাইজড হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। সূত্র: যুগান্তর
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ৩৯ জন হাসপাতালে ভর্তি। সূত্র: ইত্তেফাক
- ২৪ ঘণ্টায় করোনা শনাক্ত ৮ জন। সূত্র: জনকণ্ঠ
- পাকিস্তানের ইসলামাবাদে বোমা বিস্ফোরণে ১ পুলিশ সদস্য নিহত এবং আহত ৬। সূত্র: ইত্তেফাক

**২৪ ডিসেম্বর**

- রাজধানীর ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে আওয়ামী লীগের ২২তম জাতীয় সম্মেলন অনুষ্ঠিত। সম্মেলনে দশম বারের মতো সভাপতি নির্বাচিত হন প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং সাধারণ সম্পাদক পদে টানা তৃতীয় বারের মতো পুনর্নির্বাচিত হন ওবায়দুল কাদের। সূত্র: ইত্তেফাক
- নাশকতার অভিযোগে কিশোরগঞ্জ জেলা জামায়াতে ইসলামীর নায়েবে আমিরসহ সাত নেতাকর্মী গ্রেপ্তার। সূত্র: সমকাল
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ৮৯ জন হাসপাতালে ভর্তি। ২ জনের মৃত্যু। সূত্র: ইত্তেফাক
- ২৪ ঘণ্টায় করোনা শনাক্ত ৭ জন। সূত্র: জনকণ্ঠ
- রাশিয়ায় বৃদ্ধাশ্রমে অগ্নিকাণ্ড, নিহত ২০। সূত্র: জনকণ্ঠ
- ভারতে প্রথমবারের মতো যুদ্ধবিমানের চালক হিসেবে নির্বাচিত হলেন সানিয়া মির্জা নামের এক মুসলিম নারী পাইলট। সূত্র: ইত্তেফাক

**২৫ ডিসেম্বর**

- শুভ বড়দিন উপলক্ষ্যে দেশের খ্রিস্ট ধর্মাবলম্বীসহ বিশ্ববাসীকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানান রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। সূত্র: ইত্তেফাক
- ২২তম জাতীয় কাউন্সিলে নবনির্বাচিত আওয়ামী লীগ নেতারা ধানমণ্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানান । সূত্র: ইত্তেফাক
- আওয়ামী লীগের সভাপতি নির্বাচিত হওয়ার পর গণভবনে নেতাকর্মীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: সমকাল
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ৪৯ জন হাসপাতালে ভর্তি। সূত্র: ইত্তেফাক
- ২৪ ঘণ্টায় করোনা শনাক্ত ৬ জন। ১ জনের মৃত্যু। সূত্র: সমকাল
- নেপালের নতুন প্রধানমন্ত্রী হলেন সাবেক গেরিলা নেতা পুষ্পকমল দাহাল। সূত্র: সমকাল



**২৬ ডিসেম্বর**

- গণভবনে আওয়ামী লীগের প্রেসিডিয়ামের সভা অনুষ্ঠিত। সভায় সূচনা বক্তব্য রাখেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: ইত্তেফাক
- রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস অ্যাসোসিয়েশনের ৫৯তম বার্ষিক কাউন্সিল অনুষ্ঠিত। প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: জনকণ্ঠ
- আওয়ামী লীগের যুব ও ক্রীড়া সম্পাদকের দায়িত্ব পেলেন বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের সাবেক অধিনায়ক ও নড়াইল-২ আসনের সংসদ সদস্য মাশরাফি বিন মর্তুজা। সূত্র: ইত্তেফাক
- চীন থেকে বাংলাদেশে আসা চার নাগরিকের করোনা শনাক্ত। সূত্র: জনকণ্ঠ
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ১০৬ জন হাসপাতালে ভর্তি। ২ জনের মৃত্যু। সূত্র: ইত্তেফাক
- ২৪ ঘণ্টায় করোনা শনাক্ত ৭ জন। সূত্র: ইত্তেফাক
- দুর্নীতি ও অর্থ পাচার মামলায় মালদ্বীপের সাবেক প্রেসিডেন্ট আবদুল্লাহ ইয়ামিনকে ১১ বছরের কারাদণ্ড। সূত্র: যুগান্তর

**২৭ ডিসেম্বর**

- চারটি সংসদীয় আসনের উপ-নির্বাচনে দলীয় প্রার্থীদের নাম ঘোষণা করে জাতীয় পার্টি। সূত্র: ইত্তেফাক
- রংপুর সিটি করপোরেশন নির্বাচনে আওয়ামী লীগের মেয়র প্রার্থী সাবেক এমপি হোসনে আরা লুৎফা ডালিয়াসহ সাত মেয়র প্রার্থীর জামানত বাজেয়াপ্ত। সূত্র: ইত্তেফাক
- রংপুর সিটি করপোরেশনের ২৬ নম্বর ওয়ার্ডে দুই প্রার্থী সমান ভোট পাওয়ায় সেখানে পুনরায় নির্বাচনের নির্দেশনা। সূত্র: জনকণ্ঠ
- ২৪ ঘণ্টায় করোনা শনাক্ত ১৫ জন। সূত্র: ইত্তেফাক
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ৬২ জন হাসপাতালে ভর্তি। ৩ জনের মৃত্যু। সূত্র: ইত্তেফাক
- যুক্তরাষ্ট্রের টেক্সাসে বাংলাদেশি যুবককে গুলি করে হত্যা। সূত্র: ইত্তেফাক

**২৮ ডিসেম্বর**

- রাজধানী ঢাকায় দেশের প্রথম মেট্রোরেল উদ্‌বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মেট্রোরেল উদ্‌বোধন উপলক্ষ্যে ৫০ টাকা মূল্যমানের একটি স্মারক নোট অবমুক্ত করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: ইত্তেফাক
- নতুন ১১ দলীয় রাজনৈতিক জোটের আত্মপ্রকাশ। এ জোটের ঘোষণা দেন ন্যাশনাল পিপলস পার্টির (এনপিপি) চেয়ারম্যান ড. ফরিদুজ্জামান ফরহাদ। সূত্র: জনকণ্ঠ
- ২৪ ঘণ্টায় করোনা শনাক্ত ২১ জন। সূত্র: ইত্তেফাক
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ৬৭ জন হাসপাতালে ভর্তি। সূত্র: ইত্তেফাক
- ভারতের অন্ধ্রপ্রদেশের সাবেক মুখ্যমন্ত্রী চন্দ্রবাবু নাইডুকে একপলক দেখার জন্য হুড়োহুড়ির সময় সিমেন্টের একটি রেলিং ভেঙে এক নারীসহ ৮ জন নিহত। সূত্র: যুগান্তর

**২৯ ডিসেম্বর**

- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট বালক (অনূর্ধ্ব-১৭)-২০২২ এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট বালিকা (অনূর্ধ্ব-১৭)-২০২২-এর চ্যাম্পিয়ন ও রানার্সআপের মধ্যে ট্রফি এবং পুরস্কার বিতরণ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: জনকণ্ঠ
- মেট্রোরেলের প্রথম দিন আয় প্রায় ৩ লাখ টাকা। সূত্র: ইত্তেফাক
- দীর্ঘ চিকিৎসার পর সুস্থ হয়ে দেশে ফিরলেন স্বাস্থ্য অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক ডা. মীরজাদী সেব্রিনা ফ্লোরা। সূত্র: জনকণ্ঠ
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির নির্বাচনে নীল দলের নিরঙ্কুশ বিজয় লাভ। পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউটের অধ্যাপক ড. নিজামুল হক ভূঁইয়া সভাপতি এবং সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. জিনাত হুদা সাধারণ সম্পাদক নির্বাচিত হন। সূত্র: যুগান্তর
- কৃষি মন্ত্রণালয়ের নতুন সচিব হলেন ওয়াহিদা আক্তার। সূত্র: যুগান্তর



- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ৬৫ জন হাসপালে ভর্তি। সূত্র: ইত্তেফাক
- ব্রাজিলে জন্মগ্রহণকারী কিংবদন্তি ফুটবলার পেলের মৃত্যু। সূত্র: ইত্তেফাক

**৩০ ডিসেম্বর**

- ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির মায়ের মৃত্যুতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার শোক প্রকাশ। সূত্র: ইত্তেফাক
- প্রাথমিক বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত। অংশগ্রহণ করেছে প্রায় ৬ লাখ শিক্ষার্থী। সূত্র: জনকণ্ঠ
- মালিবাগে মৌচাক মার্কেটের পাশে জামায়াতে ইসলামীর হামলায় পুলিশের ১০ সদস্য আহত। সূত্র: জনকণ্ঠ

**৩১ ডিসেম্বর**

- প্রধানমন্ত্রীর কার্যালয়ে ২০২৩ শিক্ষাবর্ষের বিভিন্ন স্তরের শিক্ষার্থীর মধ্যে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ কার্যক্রমের উদ্‌বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: জনকণ্ঠ
- স্থপতি ও বিশিষ্ট ক্রীড়া সংগঠক বীর মুক্তিযোদ্ধা মোবাশ্বের হোসেনের মৃত্যু। সূত্র: ইত্তেফাক
- জাতীয় প্রেসক্লাবের ব্যবস্থাপনা কমিটির সভাপতি হলেন ফরিদা ইয়াসমিন এবং সাধারণ সম্পাদক হলেন শ্যামল দত্ত। সূত্র: জনকণ্ঠ
- সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির সাবেক সভাপতি ও বিএনপির ভাইস চেয়ারম্যান অ্যাডভোকেট খন্দকার মাহবুব হোসেনের মৃত্যু। সূত্র: ইত্তেফাক
- ২৪ ঘণ্টায় করোনা শনাক্ত ২৩ জন। ১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ৪৭ জন হাসপাতালে ভর্তি। সূত্র: জনকণ্ঠ
- খ্রিস্টান ধর্মাবলম্বীদের সাবেক ধর্মগুরু পোপ ষোড়শ বেনেডিক্টের মৃত্যু। সূত্র: ইত্তেফাক

■■■

# ২০২২ সালের উল্লেখযোগ্য ঘটনা

## ■ জাতীয় ■

ডিজিটাল বাংলাদেশ শেষ হওয়ার পর এবার লক্ষ্য 'স্মার্ট বাংলাদেশ'। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০৪১ সালের মধ্যে এই 'স্মার্ট বাংলাদেশ' ভিশন বাস্তবায়নের যাত্রা শুরু করার নির্দেশনা দিয়েছেন। ২০২২ সালে বেশ কয়েকটি মেগা প্রকল্প উদ্‌বোধনের মাধ্যমে নতুন যুগে প্রবেশ করেছে বাংলাদেশ। এর মধ্যে 'পদ্মা সেতু' উদ্‌বোধন মাইলফলক হয়ে থাকবে। এছাড়া বছরের শেষে মেট্রোরেলের যুগে প্রবেশ করেছে বাংলাদেশ। দেশের অর্থনীতিকে জোরদার করার লক্ষ্যেই শুরু হয়েছিল একাধিক মেগা প্রকল্প। সেসব যুগান্তকারী মেগা প্রকল্পের বেশির ভাগই শেষ হয়েছে ২০২২ সালে। সেজন্যই বলা হচ্ছে, ২০২২ সাল যেন মেগা প্রকল্প উদ্‌বোধনের বছর। নানা প্রাপ্তি-অপ্রাপ্তি, সাফল্য-ব্যর্থতা, অনেক মৃত্যু-জন্ম এবং প্রতিশ্রুতি ও সম্ভাবনার নতুন দিগন্তের সাক্ষী হয়ে বিদায় নিয়েছে ২০২২।

**ডিজিটাল বাংলাদেশ থেকে স্মার্ট বাংলাদেশ**

২০০৮ সালে বর্তমান সরকার যে নির্বাচনি ইশতেহার প্রকাশ করেছিল তাতে বলা হয়, ২০২১ সালের লক্ষ্য ডিজিটাল বাংলাদেশ। গতবছর 'রূপকল্প ২০২১' বাস্তবায়ন হয়েছে। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ পর্ব শেষে আবারও নতুন লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। এবারের লক্ষ্যের নাম 'স্মার্ট বাংলাদেশ'। ডিজিটাল বাংলাদেশ টাস্কফোর্সের চেয়ারপারসন ছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তাঁর সভাপতিত্বে ৭ এপ্রিল টাস্কফোর্সের বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৈঠকে ডিজিটাল বাংলাদেশ টাস্কফোর্সের নাম পরিবর্তন করে 'স্মার্ট বাংলাদেশ টাস্কফোর্স' করার সিদ্ধান্ত হয়েছে। ওই বৈঠকেই নির্ধারণ হয়েছে কেমন হবে স্মার্ট বাংলাদেশ।

স্মার্ট বাংলাদেশ বিষয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিভাগের প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক জানান, ২০৩১ সালের মধ্যে এসডিজি লক্ষ্যমাত্রা অর্জন ও উচ্চ-মধ্যবিত্ত আয় নিশ্চিতকরণ এবং ২০৪১ সাল-নাগাদ



জ্ঞানভিত্তিক, উচ্চ অর্থনীতির উন্নত, সমৃদ্ধ দেশে রূপান্তরের লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। এর ফলে মাথাপিছু আয় বেড়ে দাঁড়াবে ১২ হাজার ৫০০ ডলারে। এর মাধ্যমে বাংলাদেশের কৃষি, শিক্ষা, স্বাস্থ্য, পরিবহণ, যোগাযোগের ক্ষেত্রে দ্রুত পরিবর্তন আসবে। গড়ে উঠবে স্মার্ট বাংলাদেশ। ওই বৈঠকে জুনাইদ আহমেদ বলেন, আমরা ইতোমধ্যে ধারণা পেয়েছি আগামী ১০০ বছরের মধ্যে মহাকাশ গবেষণা এবং মাইনিং টেকনোলজি ভবিষ্যৎ বিশ্বের অর্থনীতিকে পাল্টে দিতে পারে। মহাকাশ গবেষণা ও মহাকাশনির্ভর সৌরশক্তি উৎপাদন, স্যাটেলাইটনির্ভর ইন্টারনেট কানেক্টিভিটি এ বিষয়ে ব্যাপক অবদান রাখবে। বাংলাদেশের নিজস্ব প্রযুক্তি ও সক্ষমতা দিয়ে ভবিষ্যতে স্যাটেলাইট উৎক্ষেপণের পরিকল্পনা এখন থেকেই গ্রহণ করতে হবে। তাই এ যাত্রায় আমরা যেন পিছিয়ে না থাকি সেজন্য এজেন্সি ফর নলেজ অন অ্যারোনটিক্যাল অ্যান্ড স্পেস হরাইজন আকাশ প্রতিষ্ঠা করা হবে।

জুনাইদ আহমেদ আরও বলেন, আমরা যেন অনুমান করতে পারি যে ভবিষ্যতে কোন কোন নতুন প্রযুক্তির ব্যবহার বিশ্ব অর্থনীতিতে নেতৃত্ব দেবে এবং ধাপে ধাপে ২০২৫, ২০৩১ কিংবা ২০৪১ সালের জন্য প্রয়োজনীয় ইমার্জিং, ফ্রন্টিয়ার কিংবা ফিউচার টেকনোলজিতে গুরুত্ব প্রদান করতে হবে। তবেই আমরা উন্নত দেশগুলোর মতো জাতীয় জিডিপির প্রায় ২০ শতাংশের বেশি প্রযুক্তি খাত থেকে অবদান রাখতে পারবো।

যেমন হবে স্মার্ট বাংলাদেশ: ডিজিটাল বাংলাদেশের টাস্কফোর্সের বৈঠকে স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত হয়। 'স্মার্ট বাংলাদেশ ভিশন: ২০৪১' বাস্তবায়নে সভায় বিস্তারিত আলোচনাক্রমে বেশ কিছু সিদ্ধান্ত গৃহীত হয়। এর মধ্যে ছিল:

বাংলাদেশকে একটি জ্ঞানভিত্তিক অর্থনীতি ও উদ্ভাবনী জাতি হিসেবে প্রতিষ্ঠার লক্ষ্যে 'স্মার্ট বাংলাদেশ ২০৪১' প্রতিষ্ঠার জন্য প্রধানমন্ত্রীর নেতৃত্বে ডিজিটাল বাংলাদেশ টাস্কফোর্সের পরিবর্তে স্মার্ট বাংলাদেশ টাস্কফোর্স গঠন করতে হবে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ তা বাস্তবায়ন করবে। অন্তর্ভুক্তিমূলক ডিজিটাল সমাজ গড়ে তোলা এবং পিছিয়ে পড়া ও প্রান্তিক জনগোষ্ঠীকে উন্নয়নের মূল ধারায় নিয়ে আসার লক্ষ্যে ডিজিটাল ইনক্লুশন ফর

ভালনারেবল এক্সেপ্রশন (ডাইভ) উদ্যোগের আওতায় আত্মকর্মসংস্থান ভিত্তিক প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করতে হবে।

শিক্ষার্থীদের অনলাইন শিক্ষায় অংশগ্রহণ নিশ্চিতকরণ করতে ওয়ান স্টুডেন্ট, ওয়ান ল্যাপটপ, ওয়ান ড্রিম-এর আওতায় শিক্ষার্থীদের ল্যাপটপ সহায়তা প্রদান কার্যক্রম অব্যাহত থাকবে।

স্মার্ট এবং সব জায়গায় বিরাজমান সরকার গড়ে তোলার লক্ষ্যে ডিজিটাল লিডারশিপ অ্যাকাডেমি স্থাপন করতে হবে। ক্ষুদ্র, কুটির শিল্প, ছোট, মাঝারি ব্যবসাগুলোর জিডিপিতে অবদান বৃদ্ধির জন্য এন্টারপ্রাইজ ভিত্তিক ব্যবসাগুলোকে বিনিয়োগ উপযোগী স্টার্টআপ হিসেবে তৈরি করতে হবে।

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের আওতায় অল্টারনেটিভ স্কুল ফর স্টার্টআপ এডুকেটরস অব টুমোরো (অ্যাসেট) প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করা হবে। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের আওতায় বাংলাদেশ নলেজ ডেভেলপমেন্ট পার্ক তৈরি করা হবে।

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের আওতায় সেন্টার ফর লার্নিং ইনোভেশন অ্যান্ড ক্রিয়েশন অব নলেজ (ক্লিক) স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হবে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতায় এজেন্সি ফর নলেজ অন অ্যারোনটিক্যাল অ্যান্ড স্পেস হরাইজন (আকাশ) প্রতিষ্ঠা করা হবে।

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের আওতায় সেলফ-এমপ্লয়মেন্ট ও এন্ট্রেপ্রেনরশিপ ডেভেলপমেন্ট (সিড) প্ল্যাটফর্ম স্থাপন করা হবে।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের আওতায় কন্টেন্ট ইঞ্জিনিয়ারিং ও লিংকেজ ল্যাব (সেল) স্থাপন করা হবে এবং সার্ভিস এগ্রিগেটর ট্রেনিং (স্যাট) মডেলে সরকারি সেবা ও অবকাঠামোনির্ভর উদ্যোক্তা তৈরির উদ্যোগ গ্রহণ করা হবে। এছাড়া সব ডিজিটাল সেবা কেন্দ্রীয়ভাবে সমন্বিত ক্লাউড'র আওতায় নিয়ে আসা হবে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ১২ ডিসেম্বর 'ডিজিটাল বাংলাদেশ দিবস-২০২২' উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে বলেছেন, আগামী ২০৪১ সালে বাংলাদেশকে উন্নত দেশ হিসেবে গড়ে তুলব। সেই বাংলাদেশ হবে স্মার্ট বাংলাদেশ। ডিজিটাল বাংলাদেশ থেকে স্মার্ট বাংলাদেশে আমরা চলে যাব। শেখ হাসিনা আরও বলেন, 'স্মার্ট



বাংলাদেশের জন্য ৪টা ভিত্তি ঠিক করা হয়েছে। স্মার্ট সিটিজেন অর্থাৎ আমাদের প্রত্যেকটা সিটিজেন প্রযুক্তি ব্যবহারে দক্ষ হবে, স্মার্ট ইকোনমি অর্থাৎ ইকোনমির সমস্ত কার্যক্রম আমরা প্রযুক্তি ব্যবহার করে করবো ও স্মার্ট গভর্নমেন্ট যেটা ইতোমধ্যে আমরা অনেকটা করে ফেলেছি, বাকিটাও করে ফেলব এবং আমাদের পুরো সমাজটাই হবে স্মার্ট সোসাইটি।'

### পদ্মা সেতু

বর্তমান সরকারের বিশেষ অগ্রাধিকারভুক্ত ১০ প্রকল্পের মধ্যে সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ ছিল পদ্মা সেতু। পদ্মা সেতু হচ্ছে বাংলাদেশের পদ্মা নদীর ওপর নির্মিত একটি বহুমুখী সড়ক ও রেল সেতু। প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশে দীর্ঘতম সেতুটি ২৫ জুন উদ্‌বোধন করেন। ইতোমধ্যে উদ্‌বোধনের পর এই সেতু দিয়ে চলছে যানবাহন। পাশাপাশি পদ্মা সেতুর রেলসংযোগের কাজ এগিয়ে চলছে পুরোদমে। আগামী বছরের জুনে ঢাকা থেকে পদ্মা সেতু হয়ে ভাঙা পর্যন্ত ৮২ কিলোমিটার রেললাইন চালুর লক্ষ্যে কাজ চলছে। সেতুটির মোট দৈর্ঘ্য ৬.১৫ কিলোমিটার (৩.৮২ মাইল)। এটি বাংলাদেশের দীর্ঘতম সেতু। পদ্মা সেতুর উদ্‌বোধন ছিল মেগা প্রকল্পগুলো উদ্‌বোধনের মধ্যে সবচেয়ে তাৎপর্যপূর্ণ। পদ্মা সেতু দেশের দক্ষিণে বসবাসরত জনজীবনের জীবনমান উন্নয়নসহ স্বল্প সময়ে বাংলাদেশের মূল ভূখণ্ডে তাদের উৎপাদিত পণ্য বাজারজাত ও বাজার সম্প্রসারিত করার ক্ষেত্রে ভূমিকা রাখছে। এ অঞ্চলের উৎপাদিত কাঁচামাল দ্রুততার সঙ্গে সরবরাহের সুযোগ তৈরি ও উৎপাদন বৃদ্ধিতে সহায়তা করছে এই পদ্মা সেতু। ২০৪১ সালের মধ্যে উচ্চ আয়ের দেশ হওয়ার স্বপ্ন রয়েছে। পদ্মা সেতু নির্মাণের ফলে এ স্বপ্ন বাস্তবায়ন সহজ হবে। পদ্মা বহুমুখী সেতু নির্মাণের ফলে দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ২৯ জেলার সঙ্গে যোগাযোগ তরান্বিত হয়েছে।

### মেট্রোরেল

ঢাকা মহানগরীর মানুষকে সহজে যাতায়াত সুবিধা দিতে সরকারের একটি মেগা প্রকল্প হলো মেট্রোরেল। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০২২ সালের ২৮ ডিসেম্বর মেট্রোরেল প্রকল্প উদ্‌বোধন করেন এবং টিকিট কেটে প্রথম যাত্রী

হিসেবে মেট্রোরেলে চড়েন। প্রাথমিকভাবে উত্তরা দিয়াবাড়ি থেকে আগারগাঁও পর্যন্ত মেট্রোরেল সেবা চালু হয়। ২০৩০ সালের মধ্যে ঢাকায় ছয়টি মেট্রোরেল লাইন নির্মাণ করার পরিকল্পনা রয়েছে সরকারের। এই ছয়টির আওতায় মোট ১২৮ দশমিক ৭৪১ কিলোমিটার দীর্ঘ মেট্রোরেল নির্মাণ করা হবে। তার মধ্যে উড়াল ৬৭ দশমিক ৫৬৯ কিলোমিটার এবং পাতাল ৬১ দশমিক ১৭২ কিলোমিটার মেট্রোরেল নির্মাণ করা হবে। ঢাকায় মেট্রোরেল নির্মাণ ও পরিচালনার জন্য ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) নামে একটি সংস্থা গঠন করেছে সরকার। লাইনগুলোর মধ্যে উত্তরা থেকে মতিঝিল এমআরটি লাইন-৬ এর কাজ প্রায় শেষ পর্যায়ে। আর বাকিগুলো এখনো প্রাথমিক পর্যায়ে রয়েছে। এমআরটি লাইন-৬ উত্তরার দিয়াবাড়ি থেকে মতিঝিল হয়ে কমলাপুর রেলস্টেশন পর্যন্ত হচ্ছে। এমআরটি-৬ এর অধীনে মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত ১.১৬ কিলোমিটার বর্ধিত করার জন্য ভূমি অধিগ্রহণের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে। মেট্রোরেল ঘণ্টায় ৬০ হাজার যাত্রী পরিবহন করতে পারবে।

### পায়রায় দেশের সবচেয়ে বড় ও অত্যাধুনিক তাপ বিদ্যুৎ কেন্দ্র উদ্‌বোধন

প্রধানমন্ত্রী শেখ হাসিনা পটুয়াখালীর কলাপাড়ায় ১ হাজার ৩২০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন পায়রা তাপ বিদ্যুৎ কেন্দ্রের প্রথম পর্যায়ের দেশের সবচেয়ে বড় এবং অত্যাধুনিক তাপ বিদ্যুৎ কেন্দ্র উদ্‌বোধন করেছেন। এর মাধ্যমে দেশকে শতভাগ বিদ্যুতের আওতায় আনার সাফল্য তুলে ধরে প্রধানমন্ত্রী বলেছেন, মুজিববর্ষে দেশের প্রত্যেকটি ঘর আলোকিত করেছে সরকার, এটাই সব থেকে বড় সাফল্য। প্রধানমন্ত্রী রমজান ও ঈদুল ফিতরকে সামনে রেখে এই বিদ্যুৎ কেন্দ্রটিকে জাতির জন্য উপহার হিসেবে উল্লেখ করেন। পায়রা বিদ্যুৎ কেন্দ্র স্থাপনে সহযোগিতার জন্য চীনের প্রেসিডেন্ট ও প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানান শেখ হাসিনা।

### পায়রা সমুদ্রবন্দর

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২৭ অক্টোবর পায়রা সমুদ্রবন্দরে বেশ কয়েকটি উন্নয়ন প্রকল্পের উদ্‌বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। প্রকল্পগুলোর মধ্যে রয়েছে



বন্দরের ক্যাপিটাল ড্রেজিং, আটটি জাহাজের উদ্‌বোধন, প্রথম টার্মিনাল, ছয় লেনের সংযোগ সড়ক ও একটি সেতু নির্মাণ। সমুদ্রবন্দরের রাবনাবাদ চ্যানেলের ক্যাপিটাল ড্রেজিংয়ে ৭৫ কিলোমিটার দীর্ঘ, ১০০ থেকে ১২৫ মিটার চওড়া এবং ১০ দশমিক ৫ মিটার গভীর চ্যানেল তৈরি হবে। যা বন্দরে ৪০ হাজার টন কার্গো বা ৩ হাজার কনটেনার বোঝাই জাহাজ ডক করার সক্ষমতা তৈরি করবে। ক্যাপিটাল ড্রেজিং চ্যানেলে আনুমানিক ৪ হাজার ৯৫০ কোটি টাকা খরচ হবে। বেলজিয়ামভিত্তিক ড্রেজিং কোম্পানি জান ডি নুল ড্রেজিংয়ের কাজ করবে। ২০৯ দশমিক ৭৪ কোটি টাকা ব্যয়ে নির্মিত জাহাজ ও নৌযানগুলো বন্দর কর্তৃপক্ষকে বিদেশি জাহাজের আগমন-গমন পর্যবেক্ষণের পাশাপাশি চ্যানেল রক্ষণাবেক্ষণে সহায়তা করবে। উন্নয়ন প্রকল্পগুলো বন্দরটিকে তার পূর্ণ সক্ষমতায় কাজ করতে সক্ষম করবে। প্রকল্পগুলো দেশের বৈদেশিক বাণিজ্যে নতুন মাত্রা যোগ করবে। যার সুফল জাতি যুগ যুগ ধরে ভোগ করবে।

### রামপাল বিদ্যুৎ কেন্দ্র

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও নরেন্দ্র মোদি ৬ সেপ্টেম্বর খুলনার রামপালে ১৩২০ মেগাওয়াট সুপার ক্রিটিক্যাল কয়লাচালিত তাপ বিদ্যুৎ কেন্দ্রের মৈত্রী পাওয়ার প্লান্টের ইউনিট-১ যৌথভাবে উদ্‌বোধন করেছেন। কনসেশনাল ফাইন্যান্সিং স্কিমের অধীনে ভারতীয় উন্নয়ন সহায়তা হিসেবে ১.৬ বিলিয়ন মার্কিন ডলারসহ প্রায় দুই বিলিয়ন মার্কিন ডলার ব্যয়ে বিদ্যুৎ কেন্দ্রটি স্থাপন করা হচ্ছে। ভার্চুয়ালি বিদ্যুৎ কেন্দ্রটি উদ্‌বোধনের আগে দুই প্রধানমন্ত্রী ভারতের হায়দ্রাবাদ হাউজে দ্বিপক্ষীয় আলোচনার পর ঢাকা ও নয়াদিল্লির মধ্যে স্বাক্ষরিত সাতটি সমঝোতা স্মারক (এমওইউ) বিনিময় প্রত্যক্ষ করেন।

### দক্ষিণ এশিয়ায় প্রথম ও দীর্ঘতম সুড়ঙ্গ পথ বা টানেল

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২৪ ফেব্রুয়ারি চট্টগ্রামের কর্ণফুলী নদীর তলদেশে নির্মাণাধীন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেলের বোরিং কার্যক্রমের উদ্‌বোধন করেন। চীনা প্রতিষ্ঠান চায়না কমিউনিকেশন অ্যান্ড কনস্ট্রাকশন কোম্পানি লিমিটেড (সিসিসিসি) এই সুড়ঙ্গ নির্মাণ প্রকল্প বাস্তবায়ন করছে। চট্টগ্রাম শহরপ্রান্তের নেভাল একাডেমির পাশ দিয়ে শুরু হওয়া এই সুড়ঙ্গ

নদীর দক্ষিণ পাড়ের আনোয়ারা প্রান্তের চিটাগাং ইউরিয়া ফার্টিলাইজার লিমিটেড এবং কর্ণফুলী ফার্টিলাইজার লিমিটেড কারখানার মাঝামাঝি স্থান দিয়ে নদীর দক্ষিণ প্রান্তে পৌঁছাবে। কর্ণফুলী নদীর মধ্যভাগে কর্ণফুলী সুড়ঙ্গ অবস্থান করবে ১৫০ ফুট গভীরে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেল নির্মাণে ব্যয় হবে ৯ হাজার ৮৮০ কোটি টাকা, যার মধ্যে বাংলাদেশ সরকারের অর্থ সহায়তা তিন হাজার ৯৬৭ কোটি টাকা এবং চীন সরকারের অর্থ সহায়তা পাঁচ হাজার ৯১৩ কোটি টাকা।

দুই টিউবের মূল টানেলটি ৩.৪৩ কিলোমিটার। এর সঙ্গে টানেলের পশ্চিম ও পূর্ব প্রান্তে ৫ দশমিক ৩৫ কিলোমিটার সংযোগ সড়ক এবং ৭২৭ মিটার ওভারব্রিজ নির্মাণ করা হবে। ওয়ান সিটি টু টাউন মডেলে দেশের দক্ষিণ-পূর্বাঞ্চলে যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন ও এশিয়ান হাইওয়ে নেটওয়ার্কে সংযুক্তির উদ্দেশে এ টানেল নির্মাণ করা হচ্ছে। প্রকল্পটি বাস্তবায়িত হলে ঢাকা থেকে চট্টগ্রাম শহরকে বাইপাস করে সরাসরি কক্সবাজারের সঙ্গে সহজ যোগাযোগ স্থাপিত হবে। ফলে চট্টগ্রাম শহরের যানজট কমে আসবে।

**প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশ্বের ১০০ জন ক্ষমতাধর নারীর তালিকায়**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশ্বের ১০০ জন ক্ষমতাধর নারীর তালিকায় ৪৩তম স্থানে রয়েছে। মার্কিন ফোর্বসের ৩০টি দেশের ক্ষমতাধর নারীদের বার্ষিক ১৮তম তালিকায় ১০০ জন নারীর তালিকায় উঠে আসে এ বছর।

**নির্বাচন কমিশন গঠন**

বছরের শুরুতে অন্যতম আর্কষণ নতুন নির্বাচন কমিশন গঠন। দেশের প্রথমবারের মতো আইন অনুসারে নির্বাচন কমিশন গঠন করা হয়েছে। এর আগে রাষ্ট্রপতি একটি সার্চ কমিটি গঠন করেন। যে সার্চ কমিটি দেশের রাজনৈতিক দলগুলোসহ বিভিন্ন পেশাজীবী সংগঠনের নেতৃবৃন্দ সহ সুশীল সমাজের প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করেন এবং কমিশন গঠন করতে নাম প্রস্তাব আহ্বান করেন। এর পর সার্চ কমিটি কতগুলো নাম মহামান্য রাষ্ট্রপতির কাছে প্রস্তাব করেন। প্রস্তাবিত নাম থেকে রাষ্ট্রপতি নতুন নির্বাচন কমিশন গঠন করেন।



**বিএনিপর ৬ সংসদ সদস্যের পদত্যাগ**

রাজধানীর গোলাপবাগ মাঠে ১০ ডিসেম্বর বিএনপির ঢাকা বিভাগীয় গণসমাবেশে ঘোষণা করা হয় যে, বিএনপির ছয়জন সংসদ সদস্য পদত্যাগ করবেন। এরপর ১১ ডিসেম্বর সকালে সশরীর স্পিকারের কাছে গিয়ে নিজেদের পদত্যাগপত্র জমা দেন বিএনপির পাঁচ সংসদ সদস্য। পরে বিএনপির অপর সংসদ সদস্যও পদত্যাগ করেন। ছয়জনের সংসদীয় আসনগুলো শূন্য ঘোষণা করা হয়।

**ল্যানসেটে ১০ বিজ্ঞানীর তালিকায় বাংলাদেশের বিজ্ঞানী সেঁজুতি সাহা**

খ্যাতনামা বিজ্ঞান সাময়িকী ল্যানসেট বিশ্বের ১০ বিজ্ঞানীর প্রোফাইল প্রকাশ করেছে। সেখানে স্থান করে নিয়েছে বাংলাদেশি অণুজীববিজ্ঞানী সেঁজুতি সাহা। বাংলাদেশ চাইল্ড হেলথ রিসার্চ ফাউন্ডেশনে কর্মরত আছেন আণবিক জিনতত্ত্বের গবেষক সেঁজুতি সাহা।

**নাসার জেমস ওয়েব টেলিস্কোপ দলের সদস্য বাংলাদেশি বিজ্ঞানী লামীয়া**

এক হাজার ৩০০ কোটি বছর আগে বহুদূরের গ্যালাক্সিগুলো দেখতে যেমন ছিল, সেই ছবি তুলে যুক্তরাষ্ট্রের মহাকাশ গবেষণা সংস্থা নাসা প্রকাশ করেছে। এ ছবিতে ব্যবহার করা হয়েছে জেমস ওয়েব স্পেস টেলিস্কোপ (জেডব্লিউএসটি)। বাংলাদেশি বংশোদ্ভূত লামীয়া আশরাফ মওলা পেশায় একজন অ্যাস্ট্রোফিজিসিস্ট। লামীয়া জেডব্লিউএসটির কানাডিয়ান দলের সঙ্গে ২০২০ সাল থেকে কাজ করছেন। নাসার সেই টেলিস্কোপ দলের একজন গর্বিত সদস্য বাংলাদেশি লামীয়া। এই টেলিস্কোপের মাধ্যমে ধারণকৃত মহাবিশ্বের সবচেয়ে সুস্পষ্ট ও রঙিন ছবি প্রকাশিত হয়েছে। হোয়াইট হাউসের এক অনুষ্ঠানে মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন এই ছবিটি প্রকাশ করেন। তিনি এই ঘটনাকে একটি 'ঐতিহাসিক মুহূর্ত' হিসেবে অভিহিত করে বলেন, এটি আমাদের মহাজাগতিক ইতিহাসে একটি নতুন জানালা খুলে দিয়েছে।

**ওয়াসফিয়া নাজরীনের কে-টু জয়**

প্রথম বাংলাদেশি হিসেবে ওয়াসফিয়া নাজরীন কে-টু জয় করেছেন। এটি বিশ্বের দ্বিতীয় সর্বোচ্চ পর্বতশৃঙ্গ। ১৭ জুলাই রাতে ওয়াসফিয়া কে-টু'র চূড়ায়

ওঠার জন্য যাত্রা শুরু করে। ২২ জুলাই তিনি কে-টু'র চূড়ায় ওঠেন। উচ্চতায় এভারেস্টের পর হলেও পর্বতারোহীদের কাছে সবচেয়ে কঠিন পর্বত কে-টু।

**মেয়েদের সাফ জয়**

নেপালের কাঠমান্ডুর দশরথ স্টেডিয়ামে মেয়েদের সাফ ফাইনালে নেপালকে ৩-১ গোলে হারিয়ে চ্যাম্পিয়নশিপের ট্রফি জিতেছে বাংলাদেশ। এর মধ্য দিয়ে প্রথমবারের মতো দক্ষিণ এশিয়ার ফুটবলের শিরোপা আসে বাংলাদেশের ঘরে।

**ইউক্রেন রকেট হামলায় বাংলাদেশি হাদিসুরের মৃত্যু**

৯ মার্চ ইউক্রেনে রকেট হামলায় বাংলাদেশি নাবিক থার্ড ইঞ্জিনিয়ার হাদিসুর রহমান নিহত হয়েছে। তার মরদেহ ১৫ মার্চ দেশে আসে। ঘটনাটি দেশব্যাপী ব্যাপকভাবে আলোচনায় আসে।

**বিএম কন্টেইনার ডিপোতে অগ্নিকাণ্ড**

গত ৪ জুন রাত ১১টার দিকে চট্টগ্রামের সীতাকুণ্ডে বিএম কনটেইনার ডিপোতে আগুন লাগে। এতে রাসায়নিকের অনেকগুলো কনটেইনার একসঙ্গে বিস্ফোরিত হয়। বিস্ফোরণে আশপাশের বেশ কয়েকটি ভবনের জানালা ভেঙে যায়। অগ্নিকাণ্ডের এই ঘটনায় মারা যায় প্রায় অর্ধ শতাধিক এবং আহত হয় প্রায় দুই শতাধিক মানুষ।

## ■ আন্তর্জাতিক ■

২০২২ সালে প্রকৃতি যেমন দেখিয়েছে তার বৈরী রূপ, তেমনই ক্ষমতার লড়াইয়ে ও নিজেদের আধিপত্য বিস্তারে মানুষও দেখিয়েছে তার হিংস্রতা। ইউক্রেনে রাশিয়ার অভিযানের মধ্যদিয়ে আরম্ভ হওয়া এ বছরটি দেশ-বিদেশে নানা যুদ্ধ-বিগ্রহ, সহিংসতায় প্রাণহানি-গভীর সংকট, অর্থনৈতিক বিপর্যয়, ঘটনা-দুর্ঘটনায় আলোড়ন রেখে গেলো। ইউক্রেন-রাশিয়া যুদ্ধ এখনো চলমান। যুদ্ধের কারণে মহামারিতে বিধ্বস্ত বৈশ্বিক অর্থনীতি আরেক দফায় সংকটে পড়ল বিশ্ববাসী। এ বছরের বিশ্বব্যাপী সবচেয়ে আলোচিত কয়েকটি ঘটনা:



**ইউক্রেন-রাশিয়া যুদ্ধ**

বিদায়ি বছরটিতে আন্তর্জাতিক অঙ্গনে সবচেয়ে আলোচিত ঘটনা ছিল ইউক্রেন-রাশিয়া যুদ্ধ। যুক্তরাষ্ট্র ইউক্রেনকে সামরিক সরঞ্জাম দিয়ে শক্তিশালী করছে- অভিযোগ তুলে রাশিয়া ২৪ ফেব্রুয়ারি দেশটিকে আক্রমণ শুরু করে। এই যুদ্ধ সংক্ষিপ্ত হবে এ ধারণা ভুল প্রমাণ করে বছরের শেষ পর্যন্ত চলে এই যুদ্ধ। বছরের শেষ দিকে রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন যুদ্ধ দীর্ঘায়িত হওয়ার হুমকি দেন। বিশ্ব অর্থনীতি করোনার সংকট কাটিয়ে উঠতে না উঠতেই এ যুদ্ধ শুরু হয়। ফলে অনুন্নত ও উন্নয়নশীল দেশগুলোতে খাদ্যমূল্য বেড়ে যায়। কারণ ইউক্রেন বিশ্বের অন্যতম গম রপ্তানিকারক দেশ। যুদ্ধ শুরুর প্রথম দিকে খাদ্য রপ্তানি একদম বন্ধ হয়ে পড়েছিল। পরে তুরস্কের মধ্যস্থতায় রাশিয়া খাদ্যবাহী জাহাজ চলাচলের অনুমতি দেয়।

**চার্লসের ব্রিটিশ সিংহাসনে আরোহণ**

ব্রিটিশ ইতিহাসে সবচেয়ে দীর্ঘ সময় দেশ শাসনকারী রানি দ্বিতীয় এলিজাবেথ ৮ সেপ্টেম্বর ৯৬ বছর বয়সে মারা যাওয়ার পর ব্রিটিশ রাজ সিংহাসনে আসীন হন প্রিন্স চার্লস। তার নাম হয় রাজা তৃতীয় চার্লস। ফেব্রুয়ারিতে এলিজাবেথ সিংহাসনে আরোহণের ৭০ বছর বা প্লাটিনাম জুবিলি উদ্‌যাপন করেন। ব্রিটিশ রাজন্যবর্গের মধ্যে তিনিই দীর্ঘ সময় সিংহাসনে ছিলেন। এর আগে এই রেকর্ড ছিল রানি ভিক্টোরিয়ার (৬৩ বছর)। ব্রিটেনের রাজা বা রানি গ্রেট ব্রিটেন ছাড়াও কমনওয়েলথভুক্ত ১৪টি দেশের সরকার প্রধানের মর্যাদা ভোগ করেন। অন্যদিকে চার্লসকে সিংহাসনে বসার জন্য সবচেয়ে দীর্ঘ সময় অপেক্ষা করতে হয় (৭৩ বছর)। ২০২৩ সালের ৬ মে ওয়েস্ট মিনস্টার অ্যাবেতে নতুন রাজা চার্লসের আনুষ্ঠানিকভাবে সিংহাসনে অভিষেক ঘটবে।

**ফ্রান্সে প্রেসিডেন্ট নির্বাচন**

চলতি বছর ১০ ও ২৪ এপ্রিল দুই দফায় ফ্রান্সের প্রেসিডেন্ট নির্বাচন হয়। এতে মেরি লিপেনকে হারিয়ে নিজের অবস্থান অক্ষুণ্ন রাখেন প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁ। আগের নির্বাচনেও ম্যাক্রোঁর প্রধান প্রতিদ্বন্দ্বী ছিলেন উগ্র ডানপন্থি ন্যাশনাল পার্টির লিপেন। ২০০২ সালে জ্যাক শিরাকের পর ম্যাক্রোঁই দ্বিতীয় মেয়াদে নিজের পদ ধরে রাখেন। ম্যাক্রোঁর দল পার্লামেন্টে সংখ্যাগরিষ্ঠ আসন ধরে রাখতে পারলেও এবারের নির্বাচনে ডানপন্থিরা আগের চেয়ে ভালো

করে। পার্লামেন্টে ডানপন্থিদের আসন সংখ্যা আট থেকে ৮৯ এ পৌঁছে। এর ফলে তারা এবার বেশ কিছু সাংবিধানিক সুযোগ-সুবিধা ভোগ করবে। এটি আগামী দিনগুলোতে ম্যাক্রোঁর জন্য চ্যালেঞ্জ বাড়বে বলে ধারাণা করা হচ্ছে।

### ব্রিটেনে এক বছরে তিন প্রধানমন্ত্রী

ব্রিটেনে চলতি বছর প্রধানমন্ত্রী দুইবার রদবদল ঘটেছে। বরিস জনসন ৬ সেপ্টেম্বর পর্যন্ত প্রধানমন্ত্রী ছিলেন। এরপর এ পদে আসেন লিজ ট্রাস। মাত্র ৪৪ দিন ওই পদে থাকার পর ইস্তফা দিতে হয়েছে তাকে। এরপর ক্ষমতায় আসেন প্রথম ভারতীয় বংশোদ্ভূত প্রথম ব্রিটিশ প্রধানমন্ত্রী ঋষি সুনাক। মূলত অর্থনৈতিক কর্মসূচিতে ব্যর্থতা এবং নিজের দল কনজারভেটিভ পার্টিতে আস্থা হারানোর পর ২০ অক্টোবর পদত্যাগ করেন ট্রাস। এরপর দলীয় ভোটে জিতে সরকারের হাল ধরেন সুনাক। তিনি মাত্র সাত বছর আগে এমপি হয়েছিলেন। প্রধানমন্ত্রী হওয়ার আগে তিনি দু'বছর অর্থমন্ত্রীর দায়িত্ব পালন করেন।

### ফিলিপিন্সে প্রেসিডেন্ট নির্বাচন

ফিলিপিন্সের জনগণ যে একনায়ক ফার্ডিনান্ড মার্কোসকে এক সময় গণআন্দোলনের মুখে দেশ ছাড়তে বাধ্য করেছিল, তারই ছেলে এ বছর দেশটিতে ক্ষমতার শীর্ষ পদে ফিরে এসেছেন। ৯ মে সে দেশে প্রেসিডেন্ট নির্বাচন হয়। এতে প্রধান প্রতিদ্বন্দ্বী ছিলেন ফার্ডিনান্ড মার্কোস জুনিয়র (বংবং মার্কোস) ও রেনি রোব্রেদোর। রোব্রেদো বিদায়ি প্রেসিডেন্ট রড্রিগো দুর্তেতের ভাইস প্রেসিডেন্ট ছিলেন। অনেকে মনে করে দুতের্তে মাদক নিয়ন্ত্রণে নির্বিচারে মানুষ হত্যা করায় তার প্রতি জনগণের মন বিষিয়ে গিয়েছিল। এছাড়া করোনার সময় তিনি উপযুক্ত ব্যবস্থা নিতে ব্যর্থ হন বলেও অভিযোগ আছে। তার প্রশাসনের চালানো অভিযানে কত লোক নিহত হয়েছে তার কোনো হিসাব নেই। আন্তর্জাতিক অপরাধ আদালত (আইসিসি) এসব হত্যাকাণ্ডের সুষ্ঠু তদন্ত ও পদক্ষেপ দাবি করেছিল।

### হংকংয়ে প্রধান নির্বাহী নির্বাচন

হংকংয়ের প্রধান নির্বাহী নির্বাচন স্বাভাবিকভাবে আন্তর্জাতিক গণমাধ্যমের মনোযোগের বিষয়বস্তু না হলেও ৮ মে অনুষ্ঠিত ওই নির্বাচনে মূলত দুটি কারণে সবার নজর ছিল। একটি হলো গণতন্ত্রপন্থিদের দীর্ঘ আন্দোলনের



প্রভাব পর্যবেক্ষণ করা। ২০১৯ সালে শুরু হওয়া ওই আন্দোলন যদিও পরের বছর করোনার থাবায় থিতিয়ে পড়েছিল কিন্তু তার রেশ এখনো রয়ে গেছে বলে মনে করা হয়। আরেকটি কারণ হলো, স্বশাসিত অঞ্চলটি চীনের কাছে হস্তান্তরের ২৫ বছরের মাথায় এ নির্বাচন হয়। এ সময়ে সেখানে চীনের প্রভাব কতটা বেড়েছে সে সম্পর্কে ধারণা পাওয়া আরেকটি উদ্দেশ্য ছিল। নির্বাচনে চীনপন্থি সাবেক শীর্ষ নির্বাহী ক্যারি লামের স্থলাভিষিক্ত হয়েছেন তারই নিরাপত্তা প্রধান জন লি। পারিবারিক কারণ দেখিয়ে লাম নির্বাচনে দাঁড়াননি। ফলে লি বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন।

### শ্রীলঙ্কার অর্থনৈতিক সংকট ও রাজাপাকসে পরিবারের বিদায়

চরম অর্থনৈতিক সংকটে বিক্ষোভের মুখে শ্রীলঙ্কার প্রেসিডেন্ট গোটাবায়া রাজপাকসে দেশত্যাগ করেন। ৯ জুলাই প্রেসিডেন্টের প্রাসাদে সাধারণ জনতা ঢুকে পড়ার দৃশ্যগুলো সামাজিক মাধ্যমে আলোড়ন তোলে। ১৪ জুলাই তিনি পদত্যাগপত্র পাঠিয়ে দেন। এর দুমাস আগে প্রধানমন্ত্রী (তার ভাই) মাহিন্দা রাজাপাকসে বিক্ষোভের মুখে দেশত্যাগ করেন। তার দলের বহু এমপিও হেনস্তার শিকার হয়েছেন। দুর্নীতি ও অব্যবস্থাপনার ফলে সৃষ্ট অর্থনৈতিক সংকটের জেরে এপ্রিলের দ্বিতীয় সপ্তাহ থেকে দেশটিতে গণবিক্ষোভ শুরু হয়। মাহিন্দা প্রধানমন্ত্রীর পদ ছাড়ার পর বিক্রমাসিংয়ে ওই পদে বসেন এবং পরে তিনি প্রেসিডেন্ট হন। এসব কিছুর পরও পার্লামেন্টে রাজাপাকসেপন্থিরাই সংখ্যাগরিষ্ঠ থেকে যায়। অর্থনৈতিক সংকট থেকে বিক্ষোভের সূচনা। এছাড়া বৈদেশিক মুদ্রার ঘাটতিও ছিল এর আরেকটি কারণ।

### দ্রৌপদী মুর্মু

ভারতের ১৫তম রাষ্ট্রপতি পদে নির্বাচিত হয়েছেন দ্রৌপদী মুর্মু। তিনি দলিত সম্প্রদায়ের মানুষ। এর আগে ২০১৫ থেকে ২০২১ সাল পর্যন্ত ঝাড়খণ্ডের নবম রাজ্যপাল হিসেবে দায়িত্ব পালন করেছেন। ওড়িশা রাজ্য থেকে আসা মুর্মু হলেন ঝাড়খণ্ডের প্রথম রাজ্যপাল যিনি পাঁচ বছরের মেয়াদ পূর্ণ করেন।

### ইরানে হিজাব বিদ্রোহ

ইরানের নীতি পুলিশের নির্যাতনে ১৬ সেপ্টেম্বর কুর্দি তরুণী মাহসা আমিনির (২২) মৃত্যু হয়েছে। ঠিকমতো হিজাব না পরাই ছিল তার

অপরাধ। ওই ঘটনার পর থেকেই প্রতিবাদী মিছিলে উত্তাল হয়ে ওঠে ইরান। হিজাববিরোধী সেই আন্দোলনে শামিল হয় পুরুষদের একাংশও। এ বিষয়ে নানা প্রতিকূল পরিস্থিতিতে পড়লেও অবস্থান বদলে নারাজ ইরানের সরকার। তেহরানের দাবি, এই বিক্ষোভের পেছনে হাত রয়েছে আমেরিকার। প্রতিবাদ দমনে নির্বিচারে বিক্ষোভকারীদের ওপর গুলি চালানো হয়েছে। দেওয়া হচ্ছে ফাঁসির সাজা।

**জলবায়ু সহায়তা**

মিসরের শার্ম আল-শেখে জাতিসংঘের জলবায়ু পরিবর্তন বিষয়ক সম্মেলন (কপ-২৭) অনুষ্ঠিত হয়। সম্মেলনে ধনী দেশগুলো জলবায়ু ক্ষতিগ্রস্ত দরিদ্র দেশগুলোতে অর্থ সহায়তার তহবিলের জন্য ২৩ কোটি ডলার সংগ্রহের চুক্তি স্বাক্ষরিত হয়।

**ইন্দোনেশিয়ার ফুটবল মাঠে পদদলন**

ইন্দোনেশিয়ার পূর্ব জাভা প্রদেশের মালাং শহরের কাঞ্জুরুহান স্টেডিয়ামে ১ অক্টোবর ফুটবল ম্যাচের সমাপ্তি ঘটে ভয়াবহ বিপর্যয়ের মধ্য দিয়ে। ম্যাচ শেষ হওয়ার সঙ্গে সঙ্গে হাজার হাজার সমর্থক মাঠে ঢুকে পড়েন। বেশিরভাগই নিজ দলের হারে হতাশা প্রকাশ করতে মাঠে নামেন। পুলিশ সদস্যরা লাঠিপেটা করে জনতাকে ছত্রভঙ্গ করে দেওয়ার চেষ্টা করে। এ সময় মাঠের চারদিক থেকে পানির বোতল, স্টেডিয়ামের চেয়ার ভেঙে পুলিশকে লক্ষ্য করে নিক্ষেপ করতে শুরু করেন দর্শক। দাঙ্গার শঙ্কায় টিয়ার গ্যাস ছুঁড়ে মাঠ থেকে লোকজনকে বিতাড়িত করার চেষ্টা করে পুলিশ। আতঙ্কিত লোকজনের ছোটাছুটিতে স্টেডিয়ামজুড়ে ভয়াবহ পরিস্থিতি তৈরি হয়। রাতের শেষের দিকে পদদলনে মালাংয়ের ওই স্টেডিয়ামে ১২৯ জনের প্রাণহানি ঘটে।

**উত্তর কোরিয়ার ক্ষেপণাস্ত্রের পরীক্ষা**

দক্ষিণ কোরিয়ায় নতুন প্রধানমন্ত্রী আসার এ বছরের মধ্যে সর্বোচ্চ সংখ্যক ক্ষেপণাস্ত্রের পরীক্ষা চালিয়েছে উত্তর কোরিয়া। এর মধ্যে বেশ কয়েকটি উড়েছে জাপানের ওপর দিয়ে। কয়েকটি আন্তঃমহাদেশীয় ক্ষেপণাস্ত্রও



ছুঁড়েছে তারা, যেগুলো যুক্তরাষ্ট্রের যে কোনো স্থানে আঘাত হানতে সক্ষম বলে ভাষ্য বিশ্লেষকদের। পিয়ংইয়ংয়ের এমন হুংকারের পাল্টা জবাব দিতে 'ওয়াশিংটন-সিউল-টোকিও'ও নানা প্রস্তুতি নিচ্ছে। মার্কিন ও তার মিত্রদের মহড়ায় এ বছর বিমানবাহী রণতরীও যুক্ত হয়েছিল। মিত্রদের সুরক্ষায় এশিয়ায় যুক্তরাষ্ট্রের পারমাণবিক অস্ত্র মোতায়েনের ইঙ্গিতও শঙ্কা বাড়াচ্ছে।

**ইমরান খান রাজপথে**

পাকিস্তানে অনাস্থা ভোটে ক্ষমতা হারালেও নতুন শক্তি সঞ্চয় করে রাজনীতির মাঠে ফেরেন তেহরিক ই ইনসাফ পাকিস্তানের (পিটিআই) প্রধান ইমরান খান। ৯ এপ্রিল তার কোয়ালিশনের পতন ঘটে। এরপর থেকে বলতে গেলে প্রায় পুরোটা বছর তিনি রাজনীতির মাঠ গরম রাখেন। ১১ এপ্রিল দেশটির পার্লামেন্টবিরোধী পিএমএল-এন নেতা শাহবাজ শরিফকে প্রধানমন্ত্রী পদে বসায়। ইমরান খান বছরজুড়ে কয়েকটি লংমার্চে নেতৃত্ব দেন। এসব লংমার্চে বিপুল জনসমাবেশ ঘটে। ৩ নভেম্বর পাঞ্জাবের ওয়াজিরাবাদে সমাবেশ চলাকালে তাকে হত্যার এক ব্যর্থ চেষ্টা চালানো হয়। এছাড়া দেশটির সেনাপ্রধান পদেও রদবদল ঘটে।

**আম আদমি পার্টির উত্থান**

ভারতের দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেরজিওয়ালের নেতৃত্বাধীন আম আদমি পার্টি গুজরাট বিধানসভা নির্বাচনে পাঁচটি আসন পায়। বিজেপি যথারীতি সংখ্যাগরিষ্ঠ আসন ধরে রাখে। আম আদমি পার্টির পাঁচটি আসন পাওয়া বড় কোনো ঘটনা না হলেও উল্লেখযোগ্য বিষয় হলো- এর আগে ২০১৭ সালে তারা পেয়েছিল ১ শতাংশ ভোট। সেটি বেড়ে ১৩ শতাংশ হয়। এর ফলে দলটি নির্বাচন কমিশনের কাছে একটি জাতীয় দলের স্বীকৃতি পায়। নির্বাচনে তাদের অর্জন কংগ্রেসকে ছাপিয়ে যায়। কংগ্রেসের প্রাপ্ত ভোটের হার আগের ৪১ শতাংশ থেকে ২৭ শতাংশে নামে। দিল্লি পৌরসভা নির্বাচনেও ভালো ফল করে আম আদমি পার্টি। বিশ্লেষকরা মনে করেন, আম আদমি পার্টি বিজেপির ভোট ব্যাংকে ভাগ বসাতে না পারলেও কংগ্রেসের ভোট কমিয়ে দিয়েছে। এই ধারা চলতে থাকলে আম আদমি পার্টি দেশটির অন্যতম প্রধান রাজনৈতিক দল হয়ে উঠতে পারে।

**বিশ্বব্যাপী জনসংখ্যা ৮০০ কোটি**

চলতি বছরে বিশ্বের জনসংখ্যা ৮০০ কোটি স্পর্শ করেছে এ বছর ১৫ নভেম্বর। জাতিসংঘের মতে, গত ১১ বছরে ১০০ কোটি জনসংখ্যা বেড়েছে। বিশ্বের জনসংখ্যা ৯০০ কোটি হতে এখন থেকে ১৫ বছর সময় লাগবে। আর হাজার কোটি হতে পারে ২০৮০ সালে।

**কাতার বিশ্বকাপ**

২০ নভেম্বর থেকে ১৮ ডিসেম্বর পর্যন্ত কাতারে অনুষ্ঠিত হয় বিশ্বকাপ ফুটবলের ২২তম আসর। সেই বিশ্বকাপে ৩৬ বছর পর আর্জেন্টিনা চ্যাম্পিয়ন হয় এবং রানার্স আপ হয় ফ্রান্স।



## ২০২২ সালে যাদের হারিয়েছি

### ■ দেশে ■

২০২২ সালে দেশবরেণ্য রাজনৈতিক ব্যক্তিত্ব, শিল্প-সাহিত্য, স্থাপত্য, ব্যবসা-বাণিজ্য, প্রশাসন, আইনশৃঙ্খলা বাহিনী, গণমাধ্যম ও অভিনয়শিল্পীসহ নানা ক্ষেত্রে বিশিষ্টজনদের আমরা হারিয়েছি। জাতীয় ও আন্তর্জাতিক ব্যক্তিত্বদের হারানোয় তৈরি হওয়া শূন্যতা পূরণ হওয়ার নয়। তাদের শূন্যতাও আমরা অনুভব করব চিরদিন। গভীর শ্রদ্ধাভরে এমন কয়েকজনকে স্মরণ করছি।

**সাহাবুদ্দিন আহমদ**

সাবেক রাষ্ট্রপতি ও ষষ্ঠ প্রধান বিচারপতি সাহাবুদ্দিন আহমদ (৯২) ঢাকার সিএমএইচে চিকিৎসাধীন অবস্থায় ১৯ মার্চ ইন্তেকাল করেন। ম্যাজিস্ট্রেট হিসেবে কর্মজীবন শুরু করেছিলেন তিনি। দু'বার রাষ্ট্রপতির আসনে বসেন। রাজনীতিক না হলেও দেশে রাজনীতি ও গণতন্ত্রচর্চার ইতিহাসে অন্যতম আলোচিত নাম সাহাবুদ্দিন আহমদ। তিনি সমাজসেবী ও জনহিতৈষী হিসেবে পরিচিত ছিলেন। ১৯৯০ সালের ৬ ডিসেম্বর থেকে ১৯৯১ সালের ৯ অক্টোবর পর্যন্ত অস্থায়ী রাষ্ট্রপতি হিসেবে এবং ১৯৯৬ সালের ২৩ জুলাই থেকে ২০০১ সালের ১৪ নভেম্বর পর্যন্ত রাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব পালন করেন। ১৯৯১ সালের ২৭ ফেব্রুয়ারি পঞ্চম জাতীয় সংসদ নির্বাচনের পর সাহাবুদ্দিন আহমদ আবার তাঁর মূল পদে সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি হিসেবে যোগদান করেন। তিনি দেশের প্রথম তত্ত্বাবধায়ক সরকারপ্রধান।

**আবুল হোসেন**

ঐতিহাসিক আগরতলা ষড়যন্ত্র মামলার বৈরী সাক্ষীদের মধ্যে সর্বশেষ আবুল হোসেন (৮৫) হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। নিভৃতে জীবন কাটালেও আবুল হোসেন ছিলেন বিরাট এবং গৌরবোজ্জ্বল এক ইতিহাসের অংশ। বাংলাদেশ রাষ্ট্র গঠনের একেবারে প্রাথমিক পরিকল্পনার

সঙ্গে যুক্ত হয়েছিলেন তিনি। স্বায়ত্তশাসনের দাবিতে ১৯৬৬ সালে ছয়দফা কর্মসূচি ঘোষণা করেন আওয়ামী লীগ প্রধান বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। ১৯৬৭ সালের দিকে বিদেশি একটি প্রতিষ্ঠানে কর্মরত অবস্থায় আবুল হোসেন ছয়দফা কর্মসূচির পক্ষে কাজ শুরু করেন। পাকিস্তানিদের চোখ ফাঁকি দিয়ে গোপনে ছদ্মবেশে জরুরি তথ্য সংগ্রহ ও সরবরাহ করার দায়িত্ব ছিল তার। বঙ্গবন্ধুসহ অন্য নেতাদের কাছে নিয়মিতভাবে এসব তথ্য সরবরাহ করতেন তিনি। কিন্তু বঙ্গবন্ধুর পরিকল্পনা সম্পর্কে একসময় ঠিকই জেনে যায় পাকিস্তানিরা। ১৯৬৮ সালের জানুয়ারি মাসে আওয়ামী লীগ প্রধান বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে প্রধান আসামি করে সেনাবাহিনীর কয়েকজন কর্মরত ও প্রাক্তন সদস্য এবং উর্ধ্বতন সরকারি কর্মকর্তার বিরুদ্ধে মামলা দায়ের করা হয়। এ মামলাটিই আগরতলা ষড়যন্ত্র মামলা নামে পরিচিত। একই মামলায় গ্রেপ্তার করা হয়েছিল আবুল হোসেনকে। আবুল হোসেন ছিলেন আগরতলা ষড়যন্ত্র মামলার ২৫ নম্বর বৈরী সাক্ষী। জীবিত সর্বশেষ সাক্ষীর মৃত্যুতে ইতিহাসের তাৎপর্যপূর্ণ একটি অধ্যায়ের সমাপ্তি ইতি ঘটল। তবে তিনি চলে গেলেও তার দেশপ্রেমের বোধ আত্মত্যাগ আগামীর বাংলাদেশকে নিশ্চয়ই পথ দেখাবে।

**আবদুল গাফফার চৌধুরী**

কালজয়ী একুশের গানের রচয়িতা, সাংবাদিক ও লেখক আবদুল গাফফার চৌধুরী ৮৮ বছর বয়সে যুক্তরাজ্যের লন্ডনের একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ১৯ মে ইন্তেকাল করেন। দেশের এই বরেণ্য মানুষের মৃত্যুতে সর্বস্তরে শোকের ছায়া নেমে এসেছে। তিনি ১৯৫৯ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রি অর্জন করেন। তিনি দৈনিক ইত্তেফাক, সংবাদসহ বিভিন্ন সংবাদপত্রে সাংবাদিকতা করেছেন। ১৯৭১ সালে মুক্তিযুদ্ধ চলাকালে তিনি জয় বাংলা, পরে যুগান্তর ও আনন্দবাজার পত্রিকায় কাজ করেন। ১৯৭৪ সালের ৫ অক্টোবর ইংল্যান্ডে যাওয়ার পর সেখানেই স্থায়ী হন আবদুল গাফফার চৌধুরী। যুক্তরাজ্যে তিনি নতুন দিন নামে একটি সংবাদপত্র চালু করেন। এছাড়া সেখান থেকে বাংলাদেশের বিভিন্ন পত্রিকায় নিয়মিত কলাম লিখতেন তিনি। তিনি সাংবাদিকতা জীবনে 'ডানপিটে শওকত', 'চন্দ্রদ্বীপের উপাখ্যান', 'নাম না



জানা ভোরে', 'নীল যমুনা', 'শেষ রজনীর চাঁদ' ও 'পলাশী থেকে ধানমন্ডি'র মতো ৩৫টি গ্রন্থ রচনা করেছেন। তিনি বঙ্গবন্ধুর হত্যাকাণ্ড নিয়ে 'পলাশী থেকে ধানমন্ডি' নামের একটি চলচ্চিত্রও পরিচালনা করেন। সাহিত্যে অবদানের স্বীকৃতি হিসেবে ১৯৬৭ সালে বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার লাভ করেন। ২০০৯ সালে তিনি স্বাধীনতা পদকে ভূষিত হন। এছাড়া তিনি বাংলা একাডেমি পদক, স্বাধীনতা পদক, একুশে পদক, ইউনেস্কো সাহিত্য পুরস্কার, বঙ্গবন্ধু পদক, সংহতি আজীবন সম্মাননা পুরস্কারে ভূষিত হয়েছেন। দেশের প্রগতিশীল রাজনীতি, সংস্কৃতি ও সমাজ বদলের আন্দোলনে আবদুল গাফফার চৌধুরী ছিলেন একজন আলোকিত মানুষ। বাংলাদেশের ইতিহাসের নানা বাঁক বদলের সাক্ষী তিনি। একাত্তরে মুজিবনগর সরকারের মুখপত্র সাপ্তাহিক জয় বাংলার নির্বাহী সম্পাদক ছিলেন। ১৯৭৪ সাল থেকে লন্ডনে বসবাস করলেও মুক্তিযুদ্ধ, বঙ্গবন্ধু ও অসাম্প্রদায়িক চেতনার পক্ষে তার কলম সোচ্চার ছিল বরাবর। ভালোবাসতেন দেশ, মাটি ও মানুষকে। এজন্য লন্ডনে বসেও তিনি তার দায়িত্ব পালন করেছেন। তার লেখায় বারবার সে কথাই উঠে এসেছে। 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি, আমি কি ভুলিতে পারি' একুশের এই কালজয়ী গানের জন্যই আবদুল গাফফার চৌধুরী যুগ যুগ বেঁচে থাকবেন বাংলা ভাষাভাষী মানুষের কাছে। গানটি আমাদের অনুপ্রেরণার উৎস। ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারিতে গানটি রচনা করেন। এতে বাংলা ভাষা আন্দোলনের ইতিহাস ফুটে উঠেছে। ভাষাশহিদের প্রতি শ্রদ্ধা জানাতে একুশে ফেব্রুয়ারির প্রভাতফেরিতে এই গান গেয়ে সবাই শহিদ মিনারে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন। তাঁর কর্ম আগামীতে আমাদের অনুসন্ধানের আলো দেখাবে।

**আবুল মাল আবদুল মুহিত**

সাবেক অর্থমন্ত্রী ও বাংলাদেশ আওয়ামী লীগের উপদেষ্টামণ্ডলীর সদস্য অর্থনীতিবিদ, কূটনীতিক, ভাষাসংগ্রামী ও মুক্তিযোদ্ধা আবুল মাল আবদুল মুহিত ৮৮ বছর বয়সে হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ৩০ এপ্রিল ইন্তেকাল করেন। তিনি বাংলাদেশে সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। ২০০৯ হতে ২০১৮ পর্যন্ত দুই মেয়াদে তিনি অর্থমন্ত্রীর দায়িত্ব সফলতার সঙ্গে পালন করেন। মুক্তিযুদ্ধে অবদানের জন্য মুহিতকে ২০১৬

সালে সর্বোচ্চ বেসামরিক সম্মাননা স্বাধীনতা পদকে ভূষিত করা হয়। মুক্তিযুদ্ধ, অর্থনৈতিক উন্নয়ন, ইতিহাস, জনপ্রশাসন এবং রাজনৈতিক সমস্যাসহ নানা বিষয়ে তাঁর ২২টি বই প্রকাশিত হয়েছে।

**খন্দকার মাহবুব হোসেন**

সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির সাবেক সভাপতি ও বিএনপির ভাইস চেয়ারম্যান অ্যাডভোকেট খন্দকার মাহবুব হোসেন ৩১ ডিসেম্বর ৮৪ বছর বয়সে ইন্তেকাল করেন। তিনি ১৯৬৭ সালের ৩১ জানুয়ারি আইনজীবী হিসেবে অন্তর্ভুক্ত হন। ১৯৭৩ সালে দালাল আইনে যুদ্ধাপরাধীদের বিচারের জন্য গঠিত আদালতের প্রধান কৌঁসুলি ছিলেন। সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির সভাপতি ও সুপ্রিম কোর্ট বার অ্যাসোসিয়েশনের ভাইস চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি বাংলাদেশের ফৌজদারি আইন বিশেষজ্ঞ হিসেবে পরিচিত।

**সৈয়দা সাজেদা চৌধুরী**

বর্ষীয়ান রাজনীতিক, সংসদ উপনেতা, বীর মুক্তিযোদ্ধা সৈয়দা সাজেদা চৌধুরী ৮৭ বছর বয়সে ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতালে ১১ সেপ্টেম্বর ইন্তেকাল করেন। তিনি বাংলাদেশ আওয়ামী লীগ সভাপতিমণ্ডলীর সদস্য ও জাতীয় সংসদের উপনেতা ছিলেন। তিনি পরিবেশ ও বনমন্ত্রী হিসেবেও পূর্বে কর্মরত ছিলেন। তিনি ১৯৭৪ সালে গ্রামীণ উন্নয়ন ও শিক্ষায় বিশেষ অবদানের জন্য ইউনেস্কো ফেলোশিপ পান এবং একই সময়ে তিনি বাংলাদেশ গার্ল-গাইড অ্যাসোসিয়েশনের জাতীয় কমিশনার হিসেবে সর্বোচ্চ সম্মানসূচক সনদ সিলভার এলিফ্যান্ট পদক লাভ করেন। তিনি ২০০০ সালে আমেরিকান বায়োগ্রাফিক্যাল ইনস্টিটিউট কর্তৃক বর্ষসেরা নারী নির্বাচিত হন। ২০১০ সালে বাংলাদেশ সরকার তাকে স্বাধীনতা পুরস্কারে ভূষিত করে।

**ফজলে রাব্বী মিয়া**

ডেপুটি স্পিকার, সংসদ সদস্য ফজলে রাব্বী মিয়া ৭৬ বছর বয়সে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে চিকিৎসাধীন অবস্থায় ২৪ জুলাই ইন্তেকাল করেন। গাইবান্ধা-৫ (সাঘাটা-ফুলছড়ি) আসনে সাতবার সংসদ সদস্য নির্বাচিত হয়েছিলেন।



মুক্তিযুদ্ধে ফজলে রাব্বী মিয়া ১১ নম্বর সেক্টরে যুদ্ধ করেন। ১৯৮৯ সালে তিনি আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রীর দায়িত্ব পালন করেন। পঞ্চম ও সপ্তম সংসদে তিনি বিরোধী দলের হুইপ ছিলেন। দশম জাতীয় সংসদ থেকে তিনি ডেপুটি স্পিকার হিসেবে দায়িত্ব পালন করছিলেন।

**তোয়াব খান**

একুশে পদকপ্রাপ্ত সাংবাদিক তোয়াব খান ১ অক্টোবর ইন্তেকাল করেন। সর্বশেষ তিনি নতুনভাবে প্রকাশিত দৈনিক বাংলা পত্রিকার সম্পাদক ছিলেন। এর আগে দৈনিক জনকণ্ঠের উপদেষ্টা সম্পাদক ছিলেন। ১৯৫৫ সালে তিনি দৈনিক সংবাদে কাজ শুরু করেন। ১৯৬১ সালে এই পত্রিকার বার্তা সম্পাদক হন। ১৯৬৪ সাল থেকে বার্তা সম্পাদক হিসেবে দৈনিক পাকিস্তানে কাজ শুরু করেন। ১৯৭২ সালে দৈনিক পাকিস্তান দৈনিক বাংলা হিসেবে প্রকাশনা শুরু করলে তিনি এই পত্রিকায় সম্পাদক হিসেবে যোগ দেন। ১৯৭৩ থেকে ১৯৭৫ সাল পর্যন্ত রাষ্ট্রপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রেস সচিব ছিলেন। মুক্তিযুদ্ধে স্বাধীন বাংলা বেতার কেন্দ্রে শব্দসৈনিক ছিলেন। তাঁর লেখা ও উপস্থাপনায় স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে নিয়মিত প্রচারিত হতো 'পিণ্ডির প্রলাপ'। সাংবাদিকতায় অনন্য অবদানের স্বীকৃতি হিসেবে তিনি ২০১৬ সালে একুশে পদক পান। তিনি প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) এর মহাপরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

**কাজী রোজী**

একুশে পদকপ্রাপ্ত কবি ও সাবেক সংসদ সদস্য কাজী রোজীর ৭৩ বছর বয়সে হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু হয়েছে। কাজী রোজী তাঁর লেখনীর মাধ্যমে মহান মুক্তিযুদ্ধের চেতনা বিকাশে কাজ করে গেছেন। একাত্তরের মানবতাবিরোধী অপরাধের বিচার প্রক্রিয়ায়ও তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন।

**কাজী আনোয়ার হোসেন**

পাঠকনন্দিত ধারাবাহিক রহস্য উপন্যাস মাসুদ রানার লেখক কাজী আনোয়ার হোসেন ৮৫ বছর বয়সে বারডেম হাসপাতালে চিকিৎসাধীন

অবস্থায় ১৯ জানুয়ারি মারা যান। তার পুরো নাম কাজী শামসুদ্দিন আনোয়ার হোসেন। তার বাবা প্রখ্যাত গণিতবিদ ও সাহিত্যিক কাজী মোতাহার হোসেন ও মা সাজেদা খাতুন। কাজী আনোয়ার হোসেন একাধারে লেখক, অনুবাদক, প্রকাশক। তিনি সেবা প্রকাশনির প্রতিষ্ঠাতা ছিলেন। ছদ্মনাম হিসেবে বিদ্যুৎ মিত্র ও শামসুদ্দীন নওয়াব নামও ব্যবহার করতেন তিনি।

**পীর হাবিবুর রহমান**

সাংবাদিক ও কলামিস্ট পীর হাবিবুর রহমান ৫৮ বছর বয়সে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে চিকিৎসাধীন অবস্থায় ৫ ফেব্রুয়ারি মারা গেছেন। দীর্ঘ কর্মজীবনে পীর হাবিবুর রহমান দৈনিক বাংলাবাজার, যুগান্তর, দৈনিক মানবকণ্ঠ, আমাদের সময় পত্রিকায় কাজ করেছেন। অনলাইন নিউজ পোর্টাল পূর্বপশ্চিমবিডি. নিউজের প্রতিষ্ঠাতা ছিলেন পীর হাবিবুর রহমান। তিনি সর্বশেষ দৈনিক বাংলাদেশ প্রতিদিন পত্রিকার নির্বাহী সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করেন।

**আলী ইমাম**

শিশুসাহিত্যিক আলী ইমাম ৭২ বছর বয়সে ২১ নভেম্বর শেষ নিশ্বাস ত্যাগ করেন। তিনি শিশুদের জন্য গল্প, উপন্যাস, কবিতা, প্রবন্ধ, ফিচার, ভ্রমণকাহিনী, বৈজ্ঞানিক কল্পকাহিনি লিখেছেন। আলী ইমামের গ্রন্থ সংখ্যা ছয় শতাধিক। তাঁর লেখায় শিশু মনস্তত্ত্ব, রোমাঞ্চ ও মানবতা উঠে এসেছে। আলী ইমাম বাংলাদেশ টেলিভিশনের মহাব্যবস্থাপক ছিলেন এবং ২০০৬ সালে চাকরি থেকে অবসরগ্রহণ করেন। তার উল্লেখযোগ্য প্রকাশিত গ্রন্থগুলো হলোঃ সোনালী তোরণ (১৯৮৬); আলোয় ভুবন ভরা (১৯৮৭); দুঃসাহসী অভিযাত্রী (১৯৮৮); প্রিয়-প্রসঙ্গ (১৯৯০); বুনোহাঁসের পালক (১৯৯০); সেসুলয়েডের পাঁচালী (১৯৯০); রক্ত দিয়ে কেনা (গল্প, ১৯৯১); ভিনদেশী কিশোর গল্প (১৯৯১)।

**এমদাদ হক**

বাংলাদেশের ফ্যাশন পরিমণ্ডলের পরিচিত ও প্রিয়মুখ এমদাদ হক ৫৭ বছর বয়সে রাজধানীর শ্যামলীর স্পেশালাইজড হাসপাতালে চিকিৎসাধীন



অবস্থায় ২৩ ডিসেম্বর ইন্তেকাল করেন। বাংলার মেলার ডিজাইনার হিসেবে পরিচিত হয়ে ওঠেন এমদাদ হক। পরে তিনি প্রতিষ্ঠা করেন নিজের প্রতিষ্ঠান স্টুডিও এমদাদ। তার ডিজাইন করা পোশাক দেশে ও বিদেশে প্রদর্শিত হয়েছে। ১৯৬৮ সালে পুরান ঢাকার উর্দু রোডে জন্মগ্রহণ করেন ডিজাইনার এমদাদ হক।

**আকবর আলি খান**

আকবর আলি খান ৭৮ বছর বয়সে ৮ সেপ্টেম্বর ইন্তেকাল করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ে ইতিহাস, কানাডার কুইন্স ইউনিভার্সিটিতে অর্থনীতিতে পড়েছেন। পিএইচডি গবেষণাও অর্থনীতিতে। সরকারি চাকরি থেকে অবসর নিয়েছেন মন্ত্রিপরিষদ সচিব হিসেবে। এর পর দুটি বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা করেছেন। তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা হয়েছিলেন, তবে দায়িত্ব পালনে প্রতিবন্ধকতার মুখে পদত্যাগ করেন। অর্থনীতি, ইতিহাস, সমাজবিদ্যা, সাহিত্যসহ বিচিত্র বিষয়ে তাঁর গবেষণামূলক বই ব্যাপক সমাদৃত হয়। ব্রাহ্মণবাড়িয়ার নবীনগরে বেড়ে ওঠা সাদাসিধে মানুষ আকবর আলি ছিলেন কল্পনাবিলাসী ও অন্তর্মুখী।

**গাজী মাজহারুল আনোয়ার**

জনপ্রিয় সংগীত রচয়িতা, চলচ্চিত্র পরিচালক, প্রযোজক গাজী মাজহারুল আনোয়ার ৪ সেপ্টেম্বর ইন্তেকাল করেন। দীর্ঘ ছয় দশক ধরে বেতার, টেলিভিশন ও সিনেমায় অসংখ্য গান লিখেছেন তিনি। ৪১টি চলচ্চিত্র পরিচালনা ও প্রযোজনা করেছেন। বাংলাদেশ টেলিভিশনের জন্মলগ্ন থেকেই গান লিখছেন বিটিভির জন্য। বিবিসির জরিপে সর্বকালের সর্বশ্রেষ্ঠ ২০টি বাংলা গানের তালিকায় তার লেখা ৩টি গান স্থান পেয়েছে। স্বাধীনতাযুদ্ধে বিশেষ অবদানের জন্য রাষ্ট্রপতি স্বর্ণপদক পেয়েছেন গাজী মাজহারুল আনোয়ার। ৫ বার পেয়েছেন জাতীয় চলচ্চিত্র পুরস্কার। শিল্পে অসামান্য অবদানের জন্য ২০০২ সালে তাকে একুশে পদকে ভূষিত করা হয়। এছাড়া এস এম সুলতান স্মৃতিপদক, একাধিকবার বাচসাস পদকসহ অসংখ্য সম্মাননা পেয়েছেন। তার লেখা উল্লেখযোগ্য গানের মধ্যে রয়েছেঃ গানেরই খাতায় স্বরলিপি লিখে, আকাশের হাতে আছে একরাশ নীল, শুধু গান গেয়ে

পরিচয়, ও পাখি তোর যন্ত্রণা, ইশারায় শীষ দিয়ে, চোখের নজর এমনি কইরা, এই মন তোমাকে দিলাম, চলে আমার সাইকেল হাওয়ার বেগে। এছাড়া তার লেখা কালজয়ী গানগুলো হলো: জয় বাংলা বাংলার জয়, আছেন আমার মোক্তার আছেন আমার ব্যারিস্টার, একতারা তুই দেশের কথা বল রে এবার বল, একবার যেতে দে না আমার ছোট্ট সোনার গাঁয়। তিনি জাতীয়তাবাদী সামাজিক সাংস্কৃতিক সংস্থার (জাসাস) সভাপতি ছিলেন।

**মাহবুব তালুকদার**

সাবেক নির্বাচন কমিশনার, কবি ও শিশুসাহিত্যিক মাহবুব তালুকদার ২৪ আগস্ট ইন্তেকাল করেন। তিনি নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেছেন ২০১৭ থেকে ২০২২ মেয়াদে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭৫ সালে রাষ্ট্রপতি হওয়ার পর মাহবুব তালুকদার তাঁর সহকারী প্রেস সচিবের (উপসচিব) দায়িত্ব পান। তিনি শিল্পকলা একাডেমির মহাপরিচালক ছিলেন। তিনি ১৯৯৯ সালে অতিরিক্ত সচিব হিসেবে চাকুরি থেকে অবসর গ্রহণ করেন।

**আলম খান**

বাংলা গানের কিংবদন্তি সুরকার ও সংগীত পরিচালক আলম খান ৮ জুলাই ইন্তেকাল করেন। ৬ বার জাতীয় চলচ্চিত্র পুরস্কারে ভূষিত হয়েছেন তিনি। এর মধ্যে ৫ বার শ্রেষ্ঠ সংগীত পরিচালক ও একবার শ্রেষ্ঠ সুরকার হিসেবে পেয়েছেন। তার সুরারোপিত গানের মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে: হায়রে মানুষ রঙিন ফানুস দম ফুরাইলে ঠুস, আমি রজনীগন্ধা ফুলের মতো গন্ধ বিলিয়ে যাই, ডাক দিয়াছেন দয়াল আমারে, কি জাদু করিলা পিরিতি শিখাইলা, তুমি যেখানে আমি সেখানে, সবাই তো ভালবাসা চায়, ভালবেসে গেলাম শুধু, চাঁদের সাথে আমি দেবো না তোমার তুলনা, আমি একদিন তোমায় না দেখিলে, তেল গেলে ফুরাইয়া, আমি তোমার বধূ তুমি আমার স্বামী, জীবনের গল্প বাকি আছে অল্প, মনে বড় আশা ছিল, সাথীরে যেও না কখনো দূরে, বেলি ফুলের মালা পরে, কাল তো ছিলাম ভালো, চুমকি চলেছে একা পথে, ভালবাসিয়া গেলাম ফাঁসিয়া, তুমি কি এখন আমারই কথা ভাবছ, আকাশেতে লক্ষ তারা চাঁদ কিন্তু একটাইরে ইত্যাদি।



**শর্মিলী আহমেদ**

খ্যাতিমান অভিনেত্রী শর্মিলী আহমেদ ৭৫ বছর বয়সে ৮ জুলাই ইন্তেকাল করেন। সিনেমা, মঞ্চ, টেলিভিশন নাটকে অভিনয় করেছেন তিনি। প্রায় ৪০০ টেলিভিশন নাটক ও প্রায় ১০০ চলচ্চিত্রে অভিনয় করেছেন শর্মিলী আহমেদ। ১৯৬২ সালে তিনি রেডিওতে ক্যারিয়ার শুরু করেন। এরপর ১৯৬৪ সালে সিনেমায় অভিনয় শুরু করেন। তার অভিনীত উল্লেখযোগ্য সিনেমার মধ্যে রয়েছে: মালঞ্চ, দম্পতি, আগুন, আবির্ভাব, পৌষ ফাগুনের পালা, মেহেরজান, আবার হাওয়া বদল, বৃষ্টির পরে, আমাদের আনন্দ বাড়ি, আঁচল, আগন্তুক, ছেলেটি, উপসংহার ইত্যাদি।

**মাসুম আজিজ**

একুশে পদকপ্রাপ্ত অভিনয়শিল্পী, নাট্যকার মাসুম আজিজ ১৭ অক্টোবর রাজধানীর একটি বেসরকারি হাসপাতালে ইন্তেকাল করেন। 'ঘানি' সিনেমায় অভিনয়ের জন্য জাতীয় চলচ্চিত্র পুরস্কার পেয়েছেন তিনি। অভিনয়কলায় অবদানের জন্য একুশে পদক পেয়েছেন তিনি। প্রায় ৪ শতাধিক নাটকে অভিনয় করেছেন মাসুম আজিজ। তার অভিনীত উল্লেখযোগ্য নাটক: গহীনে শব্দ, এই তো প্রেম, গাড়িওয়ালা। সরকারি অনুদানে নির্মিত চলচ্চিত্র 'সনাতন গল্প' পরিচালনা করেছেন তিনি। এটি ২০১৮ সালে মুক্তি পেয়েছিল।

**কে জি মোস্তফা**

গীতিকার ও সাংবাদিক কে জি মুস্তাফা ৮৫ বছর বয়সে ৮ মে ইন্তেকাল করেন। ১৯৬০ সাল থেকে তার লেখা গান চলচ্চিত্র, রেডিও এবং টেলিভিশনে প্রচারিত হয়। তার লেখা উল্লেখযোগ্য গান হলো: তোমারে লেগেছে এতো যে ভালো চাঁদ বুঝি তা জানে, আয়নাতে ওই মুখ দেখবে যখন। খ্যাতিমান এই গীতিকার বাংলাদেশ শিল্পকলা একাডেমি পদক, ঢাকা বিশ্ববিদ্যালয় সংগীত বিভাগের 'দেশবরেণ্য গীতিকার' পদকে ভূষিত হয়েছেন।

**আজিজুর রহমান**

খ্যাতিমান চলচ্চিত্র নির্মাতা আজিজুর রহমান ৮১ বছর বয়সে ১৫ মার্চ কানাডায় একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন।

আজিজুর রহমান পরিচালিত উল্লেখযোগ্য সিনেমার মধ্যে আছে: ছুটির ঘণ্টা, অশিক্ষিত, মাটির ঘর, জনতা এক্সপ্রেস, সাম্পানওয়ালা, ডাক্তার বাড়ি, গরমিল ও সমাধান ইত্যাদি।

**আরও যাদের হারিয়েছি**

জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাবেক সচিব এবং জাতীয় নদী রক্ষা কমিশনের চেয়ারম্যান এ এস এম আলী কবীর (১০ জানুয়ারি), চিত্রশিল্পী মাহমুদুল হক (১১ জানুয়ারি), সাবেক বিচারপতি তোফাজ্জেল হোসেন খান (১৬ জানুয়ারি), আবৃত্তিশিল্পী হাসান আরিফ (১ এপ্রিল), আপিল বিভাগের সাবেক বিচারপতি কাজী এবাদুল হক (১৪ জুলাই), শিক্ষাবিদ প্রদানেন্দু বিকাশ চাকমা (১৭ আগস্ট), সাংবাদিক রণেশ মৈত্র (২৬ সেপ্টেম্বর), আপিল বিভাগের সাবেক বিচারপতি মোহাম্মদ গোলাম রাব্বানী (১৪ নভেম্বর), সাবেক অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী শাহ মোহাম্মদ আবুল হোসেন (২১ নভেম্বর), বীরবিক্রম শাহজাহান সিদ্দিকী (২৪ নভেম্বর), সাবেক মন্ত্রী ও সচিব এ বি এম গোলাম মোস্তফা (৩ ডিসেম্বর), বীরউত্তম শামসুল আলম (৮ ডিসেম্বর) প্রমুখ।

## ■ বিদেশে ■

**রানি এলিজাবেথ**

সবচেয়ে বেশি সময় ধরে ব্রিটিশ সিংহাসনে থাকা রানি দ্বিতীয় এলিজাবেথ ৮ সেপ্টেম্বর ৯৬ বছর বয়সে স্কটল্যান্ডের বালমোরালে শেষ নিশ্বাস ত্যাগ করেন। রানি এলিজাবেথ তার রাজত্বকালে যুক্তরাজ্য ছাড়াও আরও প্রায় ৩২টি দেশের রানি ছিলেন। মৃত্যুকালেও তার রাজত্ব ছিল ১৪টি কমনওয়েলথ দেশের ওপর। ১৯২৬ সালের ২১ এপ্রিল জন্মগ্রহণকারী রানি দ্বিতীয় এলিজাবেথ ১৯৫২ সালের জুন মাসে মাত্র ২৫ বছর বয়সে ব্রিটিশ সিংহাসনে আরোহণ করেন। মৃত্যুর আগে রানি দ্বিতীয় এলিজাবেথ টানা ৭০ বছর রাজকার্য পরিচালনা করে অনন্য ইতিহাস গড়েন।



**পোপ ষোড়শ বেনেডিক্ট**

খ্রিস্টান ধর্মাবলম্বীদের সাবেক ধর্মগুরু পোপ ষোড়শ বেনেডিক্ট (৯৫) তার ভ্যাটিকানের বাসভবনে মৃত্যু হয়েছে। ২০১৩ সালে ক্যাথলিক চার্চের প্রধান ও একইসঙ্গে ভ্যাটিকান প্রধানের পদ থেকে সাবেক পোপ ষোড়শ বেনেডিক্ট বয়সের কারণে স্বেচ্ছায় ইস্তফা দেন। বেনেডিক্টের পর পোপ হিসেবে আসেন ফ্রান্সিস।

**মিখাইল গর্বাচেভ**

সোভিয়েত রাশিয়ার শেষ প্রেসিডেন্ট, ইতিহাসে গ্লাসনস্ত ও পেরেস্ত্রয়কা নীতির জনক হিসেবে বহুল পরিচিত মিখাইল গর্বাচেভ ৩০ আগস্ট ৯১ বছর বয়সে মৃত্যুবরণ করেন। স্নায়ুযুদ্ধের সময়কার এই রুশ প্রেসিডেন্টের আমলেই স্নায়ুযুদ্ধ শেষ হয়। যার ফলাফল হিসেবে ভেঙে পড়ে সোভিয়েত ইউনিয়ন। সোভিয়েত ইউনিয়নের পতনের সূচনা করে ইতিহাসের গতিপথ পরিবর্তন করা মিখাইল সের্গেয়েভিচ গর্বাচেভ ১৯৩১ সালের ২ মার্চ উত্তর ককেশাস পর্বতমালার পাদদেশের একটি গ্রামে জন্ম নেন। সেই বরফ মোড়ানো গ্রাম থেকে উঠে আসা মিখাইল গর্বাচেভই সোভিয়েত রাশিয়ার ইতিহাসের সমাপ্তি ঘটান। যার ধংসাবশেষের ওপর গড়ে ওঠে আজকের রাশিয়ান ফেডারেশন।

**জিয়াং জেমিন**

৩০ নভেম্বর চীনের সাবেক প্রেসিডেন্ট জিয়াং জেমিন ৯৬ বছর বয়সে মৃত্যুবরণ করেন। ১৯৮৯ সালে তিয়ানআনমেন স্কোয়ার ট্র্যাজেডির পর অনেকটা অপ্রত্যাশিতভাবে প্রেসিডেন্টের দায়িত্ব পান জিয়াং। ১৩ বছর দায়িত্ব পালন করে ২০০২ সালে উত্তরসূরি হিসেবে হু জিনতাওয়ের হাতে ক্ষমতা হস্তান্তর করেন তিনি। চীনের প্রেসিডেন্ট হিসেবে জিয়াং দেশকে বৈশ্বিক কূটনৈতিক বিচ্ছিন্নতা থেকে বের করে নিয়ে আসেন। যুক্তরাষ্ট্রের সঙ্গেও সম্পর্ক মেরামত ব্রতী হন তিনি। চীনের নজিরবিহীন অর্থনৈতিক প্রবৃদ্ধি ও উন্নয়ন তার শাসনামলেই শুরু হয়। তার হাত ধরেই চীন মুক্তবাজার অর্থনীতিতে অংশ নেয়। ১৯৯৭ সালে ব্রিটিশ শাসনের নিগড় থেকে হংকংয়ের প্রত্যাবর্তন ও ২০০১ সালে বিশ্ব বাণিজ্য সংস্থার সদস্য হওয়ার মতো ইতিহাস সৃষ্টিকারী পরিবর্তনের সাক্ষী তার আমলেই হয় চীনারা।

**শিনজো আবে**

আধুনিক জাপানের অন্যতম রূপকার ও সাবেক প্রধানমন্ত্রী শিনজো আবে (৬৭) রাজনৈতিক সমাবেশে ভাষণ দানকালে আততায়ীর গুলিতে ৮ জুলাই নিহত হন। ২০০৮ সালের পর বৈশ্বিক অর্থনৈতিক সংকটের সময় দেশের অর্থনীতিকে সচল রাখতে তার গৃহীত নীতিমালাকে চিহ্নিত করা হয় 'আবেনোমিক্স' হিসেবে।

**ফুটবলের রাজা পেলে**

ব্রাজিলের তিনটি বিশ্বকাপজয়ী বিশ্বের একমাত্র কিংবদন্তি ফুটবলের রাজা পেলে ৮২ বছর বয়সে ক্যান্সারে আক্রান্ত আলবার্ট আইনস্টাইন হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ২৯ ডিসেম্বর মৃত্যুবরণ করেন। বাবার দেওয়া নাম এডসন আরান্তেস দি নাসিমেন্তো। কিন্তু তিনি 'পেলে' নামেই বিশ্ববিখ্যাত হয়েছেন। 'ফিফা' ম্যাগাজিনের পাঠক এবং জুরি বোর্ডের বিচারে তিনিই বিংশ শতাব্দীর 'শ্রেষ্ঠ' ফুটবলার। তবে ইন্টারনেটে সাধারণ ফুটবলপ্রেমীদের ভোট গিয়েছিল দিয়েগো ম্যারাডোনার পক্ষে। ফিফা শেষ পর্যন্ত যুগ্মভাবে দুজনকেই শতাব্দীসেরা ঘোষণা করে।

**মেডেলিন অলব্রাইট**

যুক্তরাষ্ট্রের প্রথম নারী পররাষ্ট্রমন্ত্রী মেডেলিন অলব্রাইট ৮৪ বছর বয়সে ক্যানসারে আক্রান্ত হয়ে ২৪ মার্চ মৃত্যুবরণ করেন। মার্কিন প্রেসিডেন্ট বিল ক্লিনটনের আমলে ১৯৯৭ সালে অলব্রাইট পররাষ্ট্রমন্ত্রী হন। কসোভোয় জাতিগত নির্মূল অভিযান বন্ধ, সোভিয়েত পরবর্তী দুনিয়ায় মার্কিন সামরিক শক্তি প্রতিষ্ঠা এবং ন্যাটোর সম্প্রসারণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন তিনি।

**লতা মুঙ্গেশকর**

ভারতীয় উপমহাদেশের সুরসম্রাজ্ঞী কিংবদন্তি কণ্ঠশিল্পী লতা মুঙ্গেশকর ৬ ফেব্রুয়ারি মুম্বাইয়ে ৯২ বছর বয়সে মৃত্যুবরণ করেন। সাত দশক ধরে দর্শক ও সমালোচকের হৃদয় তৃপ্ত করেছেন ভারতীয় সংগীতের এই কিংবদন্তি। কিন্তু তাঁর সংগীত ভারত ছাপিয়ে তাঁকে পৌঁছে দিয়েছে বিশ্বসংগীতের দরবারে।



**সন্ধ্যা মুখোপাধ্যায়**

ভারতের প্রবাদপ্রতিম সংগীতশিল্পী সন্ধ্যা মুখোপাধ্যায় ৯০ বছর বয়সে ১৫ ফেব্রুয়ারি মৃত্যুবরণ করেন। জনপ্রিয় সংগীতশিল্পী সন্ধ্যা মুখোপাধ্যায় বাংলা সংগীতের একজন বিশেষজ্ঞও ছিলেন। গানে গানে মানুষের মন কেড়েছেন। অসাধারণ সুরের জাদুতে মুগ্ধ করেছেন দর্শকদের। হেমন্ত মুখার্জী-সন্ধ্যা মুখোপাধ্যায় গানের জুটি হিসেবে দারুণ জনপ্রিয় ছিল। ১৯৭১ সালে 'জয় জয়ন্তী' ও 'নিশিপদ্ম' ছবিতে গান গেয়ে শ্রেষ্ঠ গায়িকা হিসেবে জাতীয় পুরস্কার পেয়েছিলেন তিনি। গান দুটি হলো: আমাদের ছুটি ছুটি এবং ওরে সকল সোনা মলিন হলো।

**বাপ্পী লাহিড়ী**

ভারতের জনপ্রিয় সংগীতশিল্পী ও সুরকার বাপ্পী লাহিড়ী ৬৯ বছর বয়সে ১৫ ফেব্রুয়ারি মুম্বাইয়ের একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিশ্বাস ত্যাগ করেন। সত্তর ও আশির দশকে হিন্দি ছায়াছবির জগতে অন্যতম জনপ্রিয় নাম বাপ্পী লাহিড়ী। হিন্দিতে 'ডিস্কো ডান্সার', 'চলতে চলতে', 'শরাবি', বাংলায় অমর সঙ্গী, আশা ও ভালবাসা, আমার তুমি, অমর প্রেম প্রভৃতি ছবিতে সুর দিয়েছেন। গেয়েছেন অনেক জনপ্রিয় গান। ২০২০ সালে তাঁর শেষ গান 'বাগি- ৩'। কিশোর কুমার ছিলেন বাপ্পীর সম্পর্কে মামা। বাবা অপরেশ লাহিড়ী ও মা বাঁশরী লাহিড়ী দুজনেই সংগীত জগতের মানুষ। ফলে একমাত্র সন্তান বাপ্পী ছেলেবেলা থেকেই গানের প্রতি আকৃষ্ট ছিলেন। মা-বাবার কাছেই পান প্রথম গানের তালিম। মা-বাবা নাম দিয়েছিলেন অলোকেশ, কিন্তু জনপ্রিয়তা পান বাপ্পী নামে।

**নারায়ণ দেবনাথ**

ভারতের বাংলা কমিকস জগতের উজ্জ্বল নক্ষত্র নারায়ণ দেবনাথ ৯৭ বছর বয়সে ১৮ জানুয়ারি বেলভিউ হাসপাতালে শেষ নিশ্বাস ত্যাগ করেন। বাঁটুল দি গ্রেট, হাঁদা ভোঁদা, নন্টে ফন্টে, বাহাদুর বেড়াল প্রভৃতি চরিত্রের স্রষ্টা নারায়ণ দেবনাথ সব বয়সের পাঠকের মনে চিরস্থায়ী আসন লাভ করেছেন।

পশ্চিমবঙ্গ সরকার তাকে ২০১৩ সালে ‘বঙ্গবিভূষণ’ সম্মান প্রদান করে। রাষ্ট্রপতি পুরস্কার, পদ্মশ্রী সম্মান, সাহিত্য আকাদেমি পুরস্কার ছাড়াও তিনি রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের ডি লিট ডিগ্রি পান।

**শাঁওলি মিত্র**

পশ্চিমবঙ্গের মঞ্চ আর সিনেমার প্রখ্যাত অভিনেত্রী শাঁওলি মিত্র ৭৪ বছর বয়সে ১২ জানুয়ারি শেষ নিশ্বাস ত্যাগ করেন। জীবনের প্রথম দিকে ভারতীয় গণনাট্য সংঘের সঙ্গে যুক্ত থাকলেও পরে নিজেই ‘পঞ্চম বৈদিক’ নামে একটি দল গড়েন শাঁওলি। নাথবতী অনাথবৎ, একটি রাজনৈতিক হত্যা, পাগলা ঘোড়া, কথা অমৃতসমান-এর মতো বহু জনপ্রিয় নাটক তিনি উপহার দিয়েছেন। তরুণ বয়সেই শাঁওলি মিত্রকে দেখা গিয়েছিল ঋত্বিক ঘটকের ‘যুক্তি, তক্কো আর গল্প’ সিনেমায়। অভিনয়ের পাশাপাশি লেখক হিসেবেও নিজের আরেকটি পরিচয় গড়ে তুলেছিলেন শাঁওলি মিত্র। কাজ করেছেন অভিধান সংস্কারে। দায়িত্ব পালন করেছেন বাংলা আকাদেমির প্রধান হিসেবে। ১৯৯১ সালে নাথবতী অনাথবৎ বইটির জন্য তিনি আনন্দ পুরস্কার পান। ২০০৩ সালে পান সংগীত-নাটক অ্যাকাডেমি পুরস্কার। ২০০৯ সালে ভারত সরকার তাকে পদ্মশ্রী খেতাবে ভূষিত করে। পশ্চিমবঙ্গ রাজ্য সরকার ২০১৩ সালে তাকে বঙ্গবিভূষণ খেতাব দেয়।

**সিডনি পোয়াটি**

বিশ্বের বড় ফিল্ম ইন্ডাস্ট্রি হলিউডের প্রথম কৃষ্ণাঙ্গ তারকা অভিনেতা অস্কারজয়ী সিডনি পোয়াটি ৯৪ বছর বয়সে ৬ জানুয়ারি ক্যালিফোর্নিয়ার লস অ্যাঞ্জেলেসে শেষ নিশ্বাস ত্যাগ করেন। ১৯৬৩ সালে লিলিস অব দ্য ফিল্ড ছবির জন্য শ্রেষ্ঠ অভিনেতা বিভাগে এই সম্মাননা পেয়েছিলেন তিনি। ১৯৫৮ সালে ‘দ্য ডিফায়েন্ট ওয়ানস’ ছবির জন্য প্রথমবার অস্কারের জন্য মনোনয়ন পেয়েছিলেন সিডনি। এদিক থেকে সিডনি প্রথম কৃষ্ণাঙ্গ অভিনেতা, যিনি অস্কারে মনোনয়ন পেয়েছিলেন। মনোনয়ন পাওয়ার পাঁচ বছর পর তার ঝুলিতে ধরা দেয় এই পুরস্কার।



**রবি কোলট্রান**

জনপ্রিয় সিরিজ চলচ্চিত্র হ্যারি পটারে হ্যাগ্রিড চরিত্রের অভিনেতা রবি কোলট্রান ৭২ বছর বয়সে ১৪ অক্টোবর মৃত্যুবরণ করেন। পশ্চিমা বিশ্ব তো বটেই এখন প্রায় বিশ্বের সব প্রান্তেই জনপ্রিয় শিশুতোষ বই হ্যারি পটার সিরিজ। সমান জনপ্রিয় সিরিজটির চলচ্চিত্রও। জনপ্রিয় এই স্কটিশ অভিনেতার আসল নাম অ্যান্থনি রবার্ট ম্যাকমিলান।

■■■